গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত দু' বছরের তুলনায় এবারে পশ্চিমবাংলায় যে গুরুতর অবস্থার সৃষ্টি হয়েছে সেটা সকলেই অনুভব করছেন। আমাদের জেলায় বিশেষ করে উত্তর ২৪ পরগনাতে খরার ফলে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। স্যার, আমাদের জেলাটা বোধহয় অভিশপ্ত হয়ে গিয়েছে। দক্ষিণে সাইক্লোন—বন্যায় ভেসে গেল, আর উত্তরে কমপক্ষে ৪০ পারসেন্ট আমন ধানের ক্ষতি হয়েছে। এখন এই ক্ষতি যে শুধু কৃষকদের হয়েছে তাই নয়, এটা একটা জাতীয় ক্ষতি। এর ফলে খাদ্যের একটা অভাব সৃষ্টি তো হলই, সঙ্গে সঙ্গে বিশেষ করে গরিব কৃষক ও ক্ষেতমজুর তারাও একটা দিশেহারা অবস্থার মধ্যে পড়ল। ক্ষেতমজুর, যারা এই সময় কাজ পায় তাদের এখন কোন কাজ নেই। স্যার, এই অবস্থাটা জাতীয় অর্থনীতিতেও একটা যে গুরুতর আঘাত হানছে এ কথাটা আশা করি মাননীয় সদস্যরা নিশ্চয় বুঝবেন। কিন্তু শুধু বুঝলেই হবে না, এ সম্পর্কে সরকারের কিছু করণীয়ও আছে বা দায়িত্বও আছে। আমি বিশেষ করে রিলিফ মিনিস্টারকে এদিকে নজর দিয়ে এদের জন্য কিছু ব্যবস্থা করার জন্য বলব। স্যার, আমাদের দলের মাননীয় সদস্য শ্রীভূপাল পাণ্ডা মহাশয় সাধারণভাবে বলেছেন, আমিও বলব, খরায় ক্ষতিগ্রস্ত গরিব মানুষ —বিশেষ করে গরিব কৃষক এবং ক্ষেতমজুরদের জন্য ঐ বিধিবদ্ধ রেশন এলাকার মতন রেশন ব্যবস্থা করা হোক। এখন যদি কাজ দিতে না পারেন এবং বলেন গ্রাম ছেড়ে ভিক্ষা করতে বেরিয়ে পড় সেটা আলাদা কথা, মন্ত্রিসভা তা মনে করেন কিনা বলবেন, কিন্তু আমি মনে করি আমাদের প্রধানমন্ত্রী যখন উন্নয়নের কথা বলছেন, মুখ্যমন্ত্রী মহাশয়ও যখন উন্নয়নের কথা বলছেন, তখন খরাপীড়িত এলাকার উন্নয়নের জন্য বিশেষ নজর দেওয়া উচিত। অন্ততঃপক্ষে উত্তর ২৪ পরগনার জন্য ২ কোটি টাকা বরাদ্দ করা হোক এই দাবি আমি রাখছি। পরিশেষে ঋণ আদায় স্থগিত রাখার ব্যাপারে আমি বলব, অন্ততঃ খরাপীড়িত এলাকার গরিব কৃষকদের ঋণ আদায় এই সময়ে স্থগিত রাখুন—এই অনুরোধ রাখছি।

শ্রীনারায়ণ ভট্টাচার্য : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাংবাদিকদের উপর জঘন্য আচরণের একটি ঘটনার কথা আপনার মাধ্যমে এই হাউসের সামনে রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের আমন্ত্রণে কলকাতা থেকে যে সাংবাদিক দলটি জলপাইগুড়ি গিয়েছিলেন তাঁদের সঙ্গে জেলা প্রশাসনের একাংশ পুলিশ ও স্থানীয় চা-বাগান মালিকদের কায়েমী চক্র যে অশালীন আচরণ করেছেন তার নজীর মেলা ভার। এঁরা শুধু সাংবাদিকদের দায়িত্ব পালনে পদে পদে বাধার

সৃষ্টি করেন নি, পরন্তু সাংবাদিক দলটিকে অপদস্থ করার জঘন্যতম ফন্দিফিকিরও এঁটেছিলেন। এমন কি সাংবাদিকদের চোরাই চালানের অভিযোগে ফেলবার হীনতম চক্রান্তও হয়েছিল। কিন্তু সে চক্রান্ত সম্পূর্ণভাবে ব্যর্থ হয়ে গিয়েছে। জলপাইগুড়ি প্রত্যাগত সাংবাদিকরা তাঁদের তিক্ত ও বেদনাময় অভিজ্ঞতা রাজ্যের মুখ্য সচিব শ্রী বি আর গুপ্তকে জানালো তিনি সব শুনে স্তম্ভিত হয়ে যান। শ্রীগুপ্ত দুঃখ প্রকাশ করেন। তিনি জানান, এ বিষয়ে খুব তাড়াতাড়ি উপযুক্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যাপারটি ব্যক্তিগত ভাবে জানি। স্যার, সাংবাদিকদের দলটি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের আমন্ত্রণে সরকারী অতিথি হয়ে একটি মিনিবাসে চেপে জলপাইগুড়িতে গেলেন। কথা ছিল মালদহে তাঁরা বিশ্রাম নেবেন। ১৮ ঘণ্টা ধরে মিনিবাসে চেপে তাঁরা এখান থেকে জলপাইগুড়িতে গেলেন, কিন্তু স্যার, তাঁদের মালদহে জায়গা দেওয়া হল না। জলপাইগুড়িতে তাঁরা গিয়ে পৌঁছালেন রাত্রে। তাঁদের খাবার ব্যবস্থা করা হয়েছিল জলপাইগুড়ি ক্লাবে। স্যার, সেটি চা-বাগানের মালিক এবং কিছু আমলার পাপচক্রের একটি জায়গা। সেখানে সাংবাদিকরা গেলেন এবং সেই সাংবাদিকদের মধ্যে সংখ্যালঘু সম্প্রদায়ের—একটি উর্দু কাগজের একজন মুসলমান সাংবাদিকও ছিলেন। সেই মুসলমান সাংবাদিক ভদ্রলোক, তিনি একটি লুঙ্গি পরে সেখানে গিয়েছিলেন। ১৩ জন সাংবাদিক স্যার, এক ঘণ্টা ধরে বসে রইলেন কিন্তু তাঁদের খাবার এল না। ইতিমধ্যে ঐ ক্লাবের অনারারী সেক্রেটারী এসে বললেন, "এই জানোয়াররা কারা? এদের ঘাড় ধরে বার করে দাও।" স্যার, দুঃখে লজ্জায় সাংবাদিকরা সেখান থেকে না খেয়ে উঠে চলে গেলেন। রাত ১১টার সময় দু'জন প্রবীণ সাংবাদিক মুখ্য-মন্ত্রীর কাছে নালিশ করতে গেলেন। মুখ্যমন্ত্রী মহাশয় তাঁদের খাবার ব্যবস্থা করে দিলেন। রাত ১॥০টার সময় জলপাইগুড়ি থেকে ৫ মাইল দূরে হাইওয়ের ধারে পাঞ্জাবীদের যে-সমস্ত চটি থাকে সেই একটা চটিতে সাংবাদিকরা শুকনো রুটি, ডাল আর তড়কা খেলেন। স্যার, এখানেই কিন্তু শেষ নয়, পরের দিন সাংবাদিকরা দেখলেন তাঁদের টেলিফোন করতে দেওয়া হচ্ছে না। তাঁদের মধ্যে ৪ জন সাংবাদিকের টাইপ রাইটার মেশিন ছিল না, তাঁরা আবার সে কথা মুখ্যমন্ত্রীকে জানালেন, তাঁদের জন্য টাইপ-রাইটার এল, মুখ্যমন্ত্রীর নির্দেশে তাঁদের টেলিফোন ব্যবহারের সুযোগ দেওয়া হল।

রুবী বোর্ডিং হোটেলে সাংবাদিকদের খাবারের ব্যবস্থা করা হয়েছিল, যেখানে তাঁরা থাকতেন সেখান থেকে প্রায় ১॥০ মাইল দূরে। সেখান থেকে তাঁদের চা, খাবারের জন্য রুবী হোটেলে যেতে হত। স্যার, এখানেই শেষ নয়। ১৫ তারিখে

মুখ্যমন্ত্রী জলপাইগুড়ি জেলায় উপস্থিত। সাংবাদিকরা জেলা পরিদর্শনে বেরিয়েছেন। মালবাজারে মুখ্যমন্ত্রীর জনসভা, সেখানে তাঁরা যাবেন। যে অফিসার দায়িত্বে ছিলেন ডি ঘোষ, সাবডিভিশনাল ইনফরমেশান অফিসার, তিনি বললেন যে, ৫॥০টায় জনসভা, কিন্তু সেখানে জনসভা শুরু হয়েছিল ৩॥০ টায়। সমস্ত সাংবাদিকরা ৫॥০টায় সেখানে পৌঁছলেন। তখন সেই অফিসার সাংবাদিকদের বললেন যে, জনসভা শেষ হয়ে গেছে, বিশেষ লোক হয় নি। মুখ্যমন্ত্রী মন খারাপ করে গালে হাত দিয়ে বসে আছেন। অথচ সেখানে হাজার হাজার জনতার স্রোত দেখা গেল। স্যার, আমি বসুমতীকে কোট করে দু'/একটা লাইন বলছি—বসুমতীর সাংবাদিকরা বলছেন, "মজার ব্যাপার হল—ওখানকার পথে রাস্তার মোড়ে হঠাৎ উক্ত শ্রীঘোষ ও জনৈক রথীনবাবুর সঙ্গে সাংবাদিকদের দেখা হয়ে গিয়েছিল। সাংবাদিকরা জিজ্ঞাসা করেছিলেন, জনসভা কোথায়? উত্তর—জনসভা শেষ হয়ে গেছে, বিশেষ লোক হয় নি, মুখ্যমন্ত্রী মনমরা হয়ে চুপচাপ বসে আছেন। রাস্তায় এত লোক ফিরতে দেখে আমাদের সন্দেহ হয়। দ্রুত জনসভা ময়দানে গিয়ে দেখি, তখনও লোকে লোকারণ্য। মুখ্যমন্ত্রী গাড়িতে উঠছেন, পিছনে বিরাট জনতার শ্লোগান 'সিদ্ধার্থশঙ্কর রায় জিন্দাবাদ, ইন্দিরা গান্ধী জিন্দাবাদ।' তখনও মাদল বাজছে।" এই চক্রান্ত কি মুখ্যমন্ত্রীকে হেয় করার জন্য? পশ্চিমবঙ্গ সরকারকে হেয় করার জন্য? সরকারী আমন্ত্রিত সাংবাদিকদের ওপর যে জঘন্য আক্রমণ হয়েছে এখানেই তার শেষ নয়, আরো গুরুতর ঘটনা আছে। স্যার, ১৬ তারিখে রুবী বোর্ডিং হোটেলে তাঁরা ব্রেকফাস্ট করতে গিয়েছেন, উক্ত ঘোষ হোটেলের মালিককে বলে গেছেন, আমি যতক্ষণ পর্যন্ত টেলিফোনে না জানাব ততক্ষণ পর্যন্ত ব্রেকফাস্ট দেবে না। তারপর বিরাট একটা পুলিশ ভ্যান এসে সাংবাদিকদের গাড়ির গতি রোধ করল, তাঁদের বাক্স, হোল্ডল, সুটকেস খুলে সমস্ত কিছু সার্চ করা হল। মিঃ মণ্ডল একজন সিনিয়র অফিসার পশ্চিমবঙ্গ সরকারের, তিনি বললেন, আপনারা কি করছেন, কার নির্দেশে এটা করছেন? তারা বলল, ওপরতলার নির্দেশে করছি। কাজেই এই যে সাংবাদিকদের সার্চ করা হল, এটা কার নির্দেশে করা হয়েছে, এটা আমরা জানতে চাই। সাংবাদিকদের অপমান করা হল। স্যার, এই ঘটনায় আমরা লজ্জায় মরে যাচ্ছি, জলপাইগুড়ির মানুষের কাছে মুখ দেখাতে পারছি না, তাই আপনার কাছে বিচার চাইছি, মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি একটা তদন্ত কমিশন করা হোক এবং এর তদন্ত করে দোষী যারা তাদের শাস্তি দেওয়া হোক, সাসপেণ্ড করা হোক।

শ্রীশিবপদ ভট্টাচার্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি কারণে এই ধরনের ঘটনা ঘটল সেটা আমাদের জানা দরকার। এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। কাজেই আপনি মন্ত্রিসভাকে বলুন যে এই ব্যাপারে অবিলম্বে একটা স্টেটমেণ্ট এখানে দেবার জন্য।

Mr. Deputy Speaker : Kindly take your seat. The Ministers are in th House. If they want they can reply. I cannot ask any of the Ministers fo his reply to satisfy you.

শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে ঘটনা এই মুহূর্তে এখানে মেনশান করা হল সেটা আমাদের কাছে আরো গুরুত্বপূর্ণ এইজন্য যে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী কর্তৃক আমন্ত্রিত সাংবাদিকদেরই যদি এই দুর্দশা হয় তাহলে আমাদের মত সাধারণ মানুষের অবস্থা কি হবে! কাজেই কার নির্দেশে এট হয়েছে সেটা খোঁজ করা দরকার।

Mr. Deputy Speaker ঃ Mr. Sukla, you may have your own comments bu the matter has been mentioned in the House. The Ministers are here, and i they want they may reply to it.

শ্রীকৃষ্ণকুমার শুক্লা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কথা হচ্ছে এখানে মন্ত্রীরা রয়েছেন। তাঁরা কি কোন আশ্বাস হাউসকে দেবেন না?

[2.00—2.10 P. M.]

Mr. Deputy Speaker : Mr. Shukla, I can moreover assure you that th whole communication will be sent to the Minister-in-charge of the Departmen If any reply comes from them, it will be placed in the House.

শ্রীনির্মল কৃষ্ণ সিন্‌হা ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলা সম্পর্কে সকলের যে একটা ধারণা আছে ফসল উৎপাদন সম্পর্কে, সমস্ত কিছু নস্যাৎ করে দিয়ে এবারে বীরভূম জেলার অবস্থা অত্যন্ত শোচনীয় অবস্থায় এসে দাঁড়িয়েছে। ওখানকার তিনটি থানা—যেমন দুবরাজপুর থানা, রাজনগর থানা খয়রাশোল থানা এবারে খরাকবলিত হয়ে রয়েছে, সেখানে ফসল উৎপাদন

যা হয় তার ২৫/৩০ ভাগের বেশি এবারে হবে না। এছাড়া মুরারই (১), নলহাটি ব্লক (১), রামপুরহাট ব্লক (১) এবং সিউড়ি ব্লক (১)—এই চারটি ব্লকের অবস্থা অত্যন্ত শোচনীয়, সেখানে প্রচণ্ডভাবে ফসলহানি ঘটেছে খরাজনিত পরিস্থিতির জন্য। এছাড়া প্রত্যেক থানায় কিছু কিছু গ্রাম আছে, যেখানে খরাজনিত পরিস্থিতি চলছে এবং সেখানে ২৫/৩০ ভাগের বেশি ফসল উৎপাদন হবে না। এই হচ্ছে বীরভূম জেলার পরিস্থিতি। আমার নিজের এলাকার আহমেদপুর, ছাউহাট্টা, মহুদার এই সমস্ত অঞ্চলে ২৫ ভাগের বেশি ফসল উৎপাদন হবে না। এই রকম পরিস্থিতির কারণ হল অনাবৃষ্টি এবং দ্বিতীয় কারণ হচ্ছে ক্যানেল থেকে জল দেওয়া হয় নি। স্যার, এখন সেখানে একটা চক্রান্ত চলছে, সেটা সম্বন্ধে বলছি, গত ২৬শে অক্টোবর অমৃতবাজার পত্রিকার স্টাফ রিপোর্টার গিয়ে খবর নিয়ে কাগজে লিখলেন যে, ময়ূরাক্ষী এলাকায় এক্সেলেন্ট ক্রপ হয়েছে। আমি ঐ স্টাফ রিপোর্টার এবং ডিরেক্টারকে আমন্ত্রণ জানাচ্ছি, তাঁরা যে-কোন জায়গায় বীরভূম জেলার চলুন, সেখানে যদি তাঁরা দেখাতে পারেন ৫০ ভাগ ধান হয়েছে—আমি তাঁদের চ্যালেঞ্জ দিয়ে বলছি। এই জিনিস ঘটেছে এই কারণে যাতে করে বীরভূম থেকে সমস্ত রকম লেভি ধার্য জোরপূর্বক হয়—সরকারী মহল থেকে এই রকম চক্রান্ত চলছে।

শ্রীনিতাইপদ ঘোষঃ এই ব্যাপারে তদন্ত করা হোক, ঐ জেলার লোক অপেক্ষা করে আছে, ত্রাণমন্ত্রী মহাশয় বলুন, তিনি এই বিষয়ে কি ব্যবস্থা নিচ্ছেন।

শ্রীসুনীতি চট্টরাজঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিসভার মধ্যে একটা দারুণ রাজনীতি চলছে, সাধারণ মানুষকে অবহেলা করে নিজেদের ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার চেষ্টা হচ্ছে। আমি একজন বীরভূমের কর্মী হিসাবে, যুবক হিসাবে জানাচ্ছি, মাননীয় নির্মলবাবু যে কথা বললেন, সেটা অত্যন্ত বাস্তব কথা। আমরা জনপ্রতিনিধি হিসাবে এখানে শুধু আমাদের বক্তব্য রেখে যাব, কোন প্রতিকার হবে না, এই জিনিস চলতে পারে না। আমরা এই বিষয়ে প্রতিকার চাই, আমাদের বীরভূমের মানুষ লেভি দিয়েছে, বীরভূমের মানুষ খাদ্য উৎপাদন করেছে। কিন্তু এখন যে খরা অবস্থা চলছে, যার ফলে সেখানকার মানুষ আজকে নিপীড়িত, জর্জরিত। অতএব শুধু এখানে প্রতিশ্রুতি দিলেই হবে না, স্পেশাল অ্যাটেনশন দিয়ে কাজ চাই।

শ্রীশচীনন্দন সাউঃ স্যার, আমরা চাইছি বীরভূমে অবিলম্বে টি আর এবং

জি আর-এর ব্যবস্থা করা হোক। সেখানে এবছর ধান হয় নি, অথচ লেভির নোটিস দেওয়া হচ্ছে।

(গণ্ডগোল)

শ্রীনিতাইপদ ঘোষ ঃ স্যার, বীরভূমের জনসাধারণের ওপর লেভি আদায়ের ব্যবস্থা করা হচ্ছে। অথচ তাদের ত্রাণের কোন ব্যবস্থা হচ্ছে না। তাদের ত্রাণের কি ব্যবস্থা হচ্ছে আমরা জানতে চাইছি।

Mr. Deputy Speaker : Honourable Members, kindly take your seats I am on my legs.

(noise)

The matter has already been ventilated and I feel that the Ministers are already aware of it. If they want to give any reply to solve this problem they will do. The whole thing has been discussed in the House and I will communicate the feeling of the Members to the Ministers for their reply to you and when the reply, if any, comes I will send that reply to you.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন্ততঃ বীরভূমে যে খরা হচ্ছে সেটা এখান থেকে ডিক্লেয়ার করে দেওয়া হোক।

ডাঃ শেখ ওমর আলী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে মাননীয় সদস্যা শ্রীমতী গীতা মুখোপাধ্যায় যে প্রসঙ্গটি উত্থাপন করেছিলেন সেই সমস্যাটাকে আর একটু নির্দিষ্ট করে আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে রাখতে চাইছি। কংসাবতী জলাধার থেকে প্রতি বছর কংসাবতীর নিম্ন কিছু কিছু এলাকায় জল সরবরাহ করা হয়। প্রধানতঃ এই জলটা আসে মেদিনীপুর জেলার ডেবরা, পাঁশকুড়া, তমলুক থানায় এবং ময়না থানার একটা অংশে প্রায় ১৫,০০০ একর বোরো চাষের জমিতে। এ বছর কংসাবতী জলাধার থেকে জল পাওয়া যাবে না, এই ঘোষণার ফলে আমরা দেখছি অন্ততঃপক্ষে এই ১৫,০০০ একর জমিতে বোরো চাষ করা সম্ভব হবে না। এর ফলে হিসাব করে দেখা যাচ্ছে যে, ১৩,৫০০ মেঃ টন ধান কম ফলবে, এর বাজার মূল্য হল ১ কোটি ৩৫ লক্ষ টাকা। সুতরাং এতে সেখানকার কৃষকরাই যে শুধু টাকার দিক থেকে ক্ষতিগ্রস্ত হবে তাই নয়, বিপুল পরিমাণ ধানের উৎপাদন ব্যাহত হবে যদি এই মাসের মধ্যে একটা বিকল্প ব্যবস্থা না করা যায়।

[2.10—2.20 P. M.]

এর বিকল্প ব্যবস্থা হিসাবে শ্রীমতী মুখার্জী কিছু যে প্রস্তাব দিয়েছেন তার পুনরাবৃত্তি আমি করছি না। আমি আশা করব সরকার সে সব প্রস্তাব গ্রহণ করবেন। এর বাইরে আমার কথা হল কংসাবতী জলাধারে যে জল আছে, গেট খুলে দিলে সেই জল নীচের দিকে আসবে, কিন্তু সেখানে যদি বাঁধ কেটে দেওয়া হয় তাহলে জল আসতে পারে এবং নিম্ন কাঁসাইয়ের সঙ্গে যুক্ত হয়ে ১০/১২ হাজার একরে চাষ হতে পারে। তাছাড়া বিহারের তেনুঘাট থেকে জল এনে যদি সেচ-ব্যবস্থা করা যায় তা হলে ভাল হবে। এ বিষয়ে চিন্তা করার জন্য অনুরোধ করছি।

শ্রীশম্ভু নারায়ণ গোস্বামী : ডেপুটি স্পীকার মহোদয়, আপনি জানেন বাঁকুড়া এবং পুরুলিয়া এবার খরার সামনে পড়েছে। আমরা জানি বাঁকুড়া জেলায় প্রতি তিন বছর অন্তর ধান হয়। কিন্তু এবার যে খরা হয়েছে তাতে ভয় হচ্ছে। কারণ এবার তার রূপ অন্য রকম। অন্যবার খরা হলে রবিশস্য—গমের চাষ করা গেছে। কিন্তু এবারে বাঁকুড়া জেলায় মাত্র একবার বৃষ্টি হয়েছে বলে কিছু করা সম্ভব নয়। কোন জায়গায় জল নেই, কংসাবতীও বলছে—কোথাও রবিশস্যের জল দিতে পারব না। বাঁকুড়া ও পুরুলিয়ায় খরার মোকাবিলা করার জন্য যে-ব্যবস্থা করা উচিত ছিল তা হচ্ছে না। কিছুদিন আগে রিলিফ মিনিস্টার সেখানে গিয়ে টি আর-এর কাজ করার প্রতিশ্রুতি দিয়ে এসেছিলেন, কিন্তু তা খুববেশী পালিত হচ্ছে না। সব জায়গায় টি আর-এর কাজ আরম্ভ হয় নি। যেখানে হাজার করা ২ পারসেন্ট—আমাদের ডিমাণ্ড ছিল ৫ পারসেন্ট—জি আর দেওয়া হয় নি। কেয়ার বলে একটি সংস্থা কিছু কিছু কাজ করে এবং তাদের কাজ অ্যাগ্রো-ওরিয়েন্টেড। আজ যদি পুকুরের জল কেটে দেওয়া হয় তা হলে সেখানে গরু, মোষ চাষ করতে পারে—মানুষের কোন কাজে লাগবে না। আমরা চাই লেভি আদায় হোক, কিন্তু সেটা প্রোডাকশন ভিত্তিক হোক। মুখ্যমন্ত্রীকে অনুরোধ তিনি গিয়ে দেখুন বাঁকুড়া জেলায় কি অবস্থা খরার জন্য হয়েছে।

Mr. Deputy Speaker : Honourable Members, please take your seat.

শ্রীমহম্মদ দেদার বক্স : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন

যে আজকে পশ্চিমবঙ্গ বেকার সমস্যায় জর্জরিত—কি শিক্ষিত, কি অশিক্ষিত, কি দক্ষ, কি অদক্ষ মেয়ে পুরুষ বেকার অবস্থায় রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। শিক্ষিত বেকাররা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম লিখিয়ে রেখেছে, কিন্তু তারা চাকরি পাচ্ছে না। যদিও আমাদের সরকার ২৫ থেকে ৩০ বছর পর্যন্ত বয়স বাড়িয়ে দিয়েছেন, তবুও ৩০ বছর অতিক্রান্ত হচ্ছে, অনেকে চাকরি পাচ্ছে না। হয়ত স্পেশাল এমপ্লয়মেণ্ট, অ্যাডিশনাল এমপ্লয়মেণ্ট বা সেল্‌ফ এমপ্লয়মেণ্ট-এর কিছু কিছু সুযোগ হয়েছে, কিন্তু বেকার সমস্যার যা গভীরতা তাতে এই করে সমস্যার সমাধান হবে না। স্যার, আপনি জানেন যে আইড্‌ল্ ব্রেন ইজ ডেভিলস ওয়ার্কশপ। এই যে চাকরি-বাকরি না পেয়ে গ্র্যাজুয়েট,পোস্ট গ্র্যাজুয়েট,স্কুল ফাইনাল, বি এ পার্ট ওয়ান, পার্ট টু পাস করে ছেলেমেয়েরা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, এই বিষয়ে আমি মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি বিষয়টি ভাল করে ভেবে-চিন্তে নতুন একটা সূত্র আবিষ্কার করুন, যাতে করে তারা জীবিকা নির্বাহ করতে পারে। তা না হলে যেখানে সেখানে যেরকম ছিনতাইয়ের ঘটনা ঘটছে সেটা আরো বেড়ে যাবে। পেটে ভাত না থাকলে যতই ভাল ভাল বাণী দেওয়া হোক না কেন, তাতে তারা সান্ত্বনা পাবে না। তাই আপনার মাধ্যমে এই বিষয়টা শ্রমমন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং হাউসের কাছে রাখছি যাতে করে এই বিষয়ে গভীরভাবে চিন্তা-ভাবনা করে একটা নতুন সূত্র আবিষ্কার করা যায় এবং সেটা জরুরী ভিত্তিক মোকাবেলা না করলে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে।

শ্রীএক্রামুল হক বিশ্বাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সমগ্র মন্ত্রিসভার এবং হাউসের একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে সাম্প্রতিককালের দ্রব্যমূল্য বৃদ্ধি। দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য গ্রাম বাংলার হাটে-বাজারে, গ্রামে-গঞ্জে একটা অসহনীয় অবস্থার সৃষ্টি হয়েছে। স্যার, আপনি জানেন গত বছর যখন এমারজেন্সি ঘোষিত হয়, তারপর আমাদের প্রিয় প্রধামন্ত্রীর ২০-দফা কর্মসূচী ঘোষিত হয়েছিল, তার একটা দফার মধ্যে দ্রব্যমূল্যের মান স্থিতাবস্থায় রাখার ব্যবস্থা করা হয়েছিল এবং তার সুফল সারা পশ্চিমবাংলার মানুষ পেয়েছিল। কিন্তু এক বছর অতিক্রান্ত হওয়ার সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে প্রতিটি ক্ষেত্রে দ্রব্যমূল্য হু হু করে বেড়ে যাচ্ছে। ফলে সাধারণ মানুষ, কৃষক, শ্রমিক—সর্ব শ্রেণীর জনসাধারণ এই দ্রব্যমূল্যের আওতার মধ্যে পড়ে হিমসিম খাচ্ছে। গত বছর যেখানে সরষের তেলের দাম ৬ টাকা থেকে ৬৷৷০ টাকা ছিল, সেখানে এবারে সেই তেলের দাম ৯ টাকা থেকে ১০ টাকা। গত বছর চিনির দাম যেখানে

ছিল ৪ টাকা থেকে ৪৷৷০ টাকা, সেখানে সেই চিনির দাম এবারে ৫৷৷০ টাকা থেকে ৬ টাকা।

[2.20—2.30 P.M.]

অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিসের দামও খুব বেড়েছে। যে লবণের কিলো ৪ আনা সেটা আজকে ১ টাকার মত হয়েছে। অর্থাৎ দেখছি প্রতিটি নিত্য-প্রয়োজনীয় জিনিসের দাম উর্ধ্ব দিকে চলেছে। আমরা বলছি, আমরা দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করছি, কিন্তু সে জিনিস মানুষ মানতে চাইছে না। মানুষ চাইছে এই জিনিস প্রত্যক্ষভাবে দেখতে। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগৌতম চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ভারতবর্ষের মানুষের কাছে টুয়ান্টি পয়েন্ট ইকোনমিক প্রোগ্রাম রেখেছেন এবং পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় পশ্চিমবাংলার মানুষের কাছে প্রধানমন্ত্রীর সেই টুয়ান্টি পয়েন্ট ইকোনমিক প্রোগ্রামের কথা বলছেন অনেক ঢাক-ঢোল পিটিয়ে। কিন্তু আমাদের ওয়েস্ট বেঙ্গলে তার এক্‌জিকিউশন কি ভাবে হচ্ছে তার একটা নজির আপনার সামনে তুলে ধরছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন নদীয়া জেলায় আমাদের দলের সদস্য শ্রীকার্তিকচন্দ্র বিশ্বাস ১৯৭২ সালে…

(নয়েজ অ্যাণ্ড ইণ্টারাপশন্স)

শ্রীনরেশচন্দ্র চাকী : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি জানতে চাই পশ্চিমবাংলার সাধারণ মানুষের উপর যে অত্যাচার চলছে তার কি বিচার হবে? আমরা জানি জনৈক মন্ত্রী নদীয়া জেলায় অত্যাচার চালাচ্ছেন। স্যার, আজকে অন্য রকম কথা বলে হাউসকে মিসলিড করা হচ্ছে। আমি নদীয়া জেলার ২২ লক্ষ মানুষের তরফ থেকে বলছি, এই অত্যাচারের জবাব চাই। এখানে মুখ্যমন্ত্রীর নামে মিথ্যা কথা বলা হচ্ছে।

শ্রীপঙ্কজকুমার ব্যানার্জি : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি লক্ষ্য করছি একজন সদস্য যখন কথা বলতে উঠেছেন তখন তাঁর বিরুদ্ধে আর একটা কথা বলার চেষ্টা করা হচ্ছে। আমি মনে করি এতে প্রিভিলেজ ক্ষুণ্ণ করা হচ্ছে।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে দেখছি একটা উত্তেজনার সৃষ্টি হয়েছে। কি হয়েছে না হয়েছে আপনারা সেটা আমাকে জানান, আমি ব্যাপারটা দেখব। এইভাবে আপনারা এখানে উত্তেজনা সৃষ্টি করবেন না।

শ্রীনুরুল ইসলাম মোল্লাঃ অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমরা হাউসে এসেছি আমাদের কথা বলবার জন্য, পশ্চিমবাংলায় কোথায় কি হচ্ছে না হচ্ছে, সাধারণ মানুষ কি ভাবে আছে না আছে এবং তাদের দুঃখ-দুর্দশার কি অবস্থা সেকথা বলবার জন্য। আমাদের প্রধানমন্ত্রীর ২০-দফা কর্মসূচী এবং সঞ্জয় গান্ধীর ৫-দফা কর্মসূচী—এই মোট ২৫ দফা কর্মসূচী কি ভাবে ইম্‌প্লিমেনটেড হচ্ছে না হচ্ছে সে কথা বলবার জন্য আমরা সকলে এখানে এসেছি। সমগ্র পশ্চিমবাংলার ক্ষেত্রে কি ঘটনা ঘটছে সেটা হাউসের মাধ্যমে পশ্চিমবাংলার সমস্ত মানুষের কাছে আমরা তুলে ধরতে চাই। গণতান্ত্রিক মানুষের উপর যে অত্যাচার চলছে সেটা যখন তুলে ধরার চেষ্টা করা হচ্ছে তখন দেখছি সেই অধিকারকে স্তব্ধ করার চেষ্টা হচ্ছে। আমরা এমন কি অপরাধ করেছি যে, পশ্চিমবাংলার মানুষের কথা পশ্চিমবাংলার বিধানসভায় বলতে পারব না। আমরা কি এমন অপরাধ করেছি যে, মানুষের দুঃখ-দুর্দশার কথা এখানে বলতে পারব না? আমরা কি অপরাধ করেছি যে, মাননীয়া প্রধানমন্ত্রীর অর্থনৈতিক ২০-দফা কর্মসূচীর কাজ ঠিকভাবে হচ্ছে কিনা সেই কথা আমরা এখানে বলতে পারব না—সেটা আমি স্যার, আপনার মাধ্যমে জানতে চাইছি যে, আমাদের গণতান্ত্রিক অধিকার এতে ক্ষুণ্ণ হচ্ছে কিনা এবং এখানে ক্ষুণ্ণ করবার চেষ্টা হচ্ছে কিনা।

শ্রীঅসমঞ্জ দেঃ আমি এই কথা ওঠার সঙ্গে সঙ্গে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার কাছে জানতে চেয়েছিলাম যে, ইট ইজ এ সাবজুডিস ম্যাটার, অন দি ফ্লোর অব দি হাউস এটা আলোচনা করার অনুমতি দেওয়া যেতে পারে কিনা, সুতরাং কারো গণতান্ত্রিক অধিকার খর্ব করবার জন্য নয় বা প্রধানমন্ত্রীর ২০-দফা কর্মসূচী রূপায়ণের ক্ষেত্রে যে কথা হচ্ছে সেটাও নয়। পার্লামেন্টারী প্রসিডিওর-এ প্রত্যেকটি সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকার দেখার ক্ষমতা দেওয়া আছে কিন্তু সেই গণতান্ত্রিক অধিকার ঠিকভাবে সদ্ব্যবহার হচ্ছে কিনা তারই ভিত্তিতে আমরা ডেপুটি স্পীকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম।

Mr. Deputy Speaker: If the matter is subjudice I won't allow amy member to discuss about it.

শ্রীগৌতম চক্রবর্তী : স্যার, আমি এখানে যে বক্তব্য রাখতে চেয়েছি সেই বক্তব্য আমি এখনও শেষ করিনি। কোন মাননীয় সদস্যের অধিকার নেই আমাকে বাধা দেওয়া। আমি জানি এটা সাবজুডিস কিনা ?

শ্রীপরেশ গোস্বামী : স্যার, যে-সমস্ত কথা মাননীয় সদস্য অসমঞ্জ দে মহাশয় এখানে বলছেন এবং মাননীয় সদস্য গৌতম চক্রবর্তী মহাশয়কে বাধা দেবার চেষ্টা করছেন তাতে আমি বলতে চাই যে, মাননীয় সদস্য গৌতম চক্রবর্তী মহাশয় একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন এখানে বলছিলেন যে, আমার পাশের জেলার এম এল এ মাননীয় সদস্য শ্রীকার্তিক বিশ্বাস সম্বন্ধে—সেটা মাননীয় সদস্য অসমঞ্জ দে মহাশয় না শুনে এখানে চিৎকার করছেন এবং বাধা দেবার চেষ্টা করছেন, তাতে আমি মনে করি আমাদের গণতান্ত্রিক অধিকার ক্ষুণ্ণ করা হচ্ছে। আমি স্যার, আপনার প্রটেকশান চাইছি। এখানে কারো বিরুদ্ধে কোন কথা বলা হয় নি। আমি মনে করি একজন এম এল এ-র পক্ষে এটা শোভনীয় নয়। ইজ ইট প্রপার টু অবস্ট্রাক্ট এনি মেম্বার ?

Mr. Deputy Speaker: Honourable Members, when the leader of the House has given assurance to look into the matter and has requested you to take to him about it, I think you should not proceed with this matter any further.

শ্রীগৌতম চক্রবর্তী : স্যার, যে স্টেটমেন্ট আমি এখানে করতে চাইছিলাম সেটা না শুনে আমার কণ্ঠরোধ করবার চেষ্টা করা হচ্ছে। স্যার, ৭২-৭৩ সালে নদীয়া জেলায় যে জমি ভেস্ট করা হয়েছে সেই জমির পজেশান দেবার জন্য, সিডিউলড কাস্ট ফিশারম্যানদের পজেশান দেবার জন্য আমাদের এখানকার মাননীয় সদস্য শ্রীকার্তিক বিশ্বাস মহাশয় সেইসব সিডিউলড কাস্ট ফিশারম্যানদের এনেছিলেন—যাতে তারা সেই জমির উপর পজেশান পায়। আমার স্যার, সেই ফিশানম্যানরা জমি পাবে কি না পাবে সে সম্বন্ধে কোন বক্তব্য নেই···

শ্রীনরেশ চন্দ্র চাকী : স্যার, এখানে অসত্য কথা বলা হচ্ছে।

(গোলমাল)

মিঃ ডেপুটি স্পীকার: প্লীজ টেক ইওর সীট। প্লীজ সীট ডাউন।

(গোলমাল)

শ্রীকার্তিক চন্দ্র বিশ্বাস: স্যার আমি বিচার চাই, মাননীয় সদস্য নরেশ চাকী হাউসের মধ্যে আমার দিকে রুখে আসছে। আমি বিচার চাই।

(গোলমাল)

[2.30—3.00 P. M.]

Including adjournment

শ্রীপঙ্কজ কুমার ব্যানার্জী: স্যার, অত্যন্ত দুঃখের সংগে লক্ষ্য করছি যে, এই হাউসকে বানচাল করে দেবার জন্য চেষ্টা চলছে। আমরা এখানে কোন সিন ক্রিয়েট করতে চাই না। আমরা সকলের কথা শুনতে এসেছি এবং তার প্রতিবিধান করতে চাই। আপনি আমাদের রাইট প্রটেক্ট করুন যাতে আমাদের উপর কোন বাধা না আসে।

শ্রীনুরুল ইসলাম মোল্লা: স্যার, আমাদের বক্তব্য রাখার অধিকার আছে, কিন্তু আমরা যাতে তা না দিতে পারি তার চেষ্টা করছেন অনেকে। আমরা এটা বরদাস্ত করব না।

শ্রীসিদ্ধার্থশংকর রায়: আমরা এখানে আজকে উপস্থিত হয়েছি, এখানে জমায়েত হয়েছি একটা গুরুতর বিষয় আলোচনা করব বলে। আমাদের সংবিধানের যে অ্যামেণ্ডমেন্ট হয়েছে সেই অ্যামেণ্ডমেন্টের উপর আজকে বিতর্ক হবে। এখানে কোন্ জেলায় কি হয়েছে সেটা বলা নিয়ে এখানে দুটি অভিমত আছে। এই দুটি অভিমতই আমাকে জানান হোক। এখানে এইভাবে চিৎকার করে কোন লাভ হবে না। তাই আমি অনুরোধ করবো যে কনষ্টিটিউশনাল অ্যামেণ্ডমেণ্ট একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, সেটা নিয়ে আলোচনা করা হোক।

শ্রীগৌতম চক্রবর্তী: অন ঐ পয়েণ্ট অব প্রিভিলেজ, স্যার, আমি যে বক্তব্য রাখতে গিয়েছি তা মাঝপথে থামিয়ে দেওয়া হল কেন ?

Fourteenth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the Fourteenth Report of the Business lvisory Committee which at its meeting held on the 26th November, 1976 in r chamber considered the question of allocation of dates and time for the sposal of the legislative business and recommended as follows :

iday, 26th November, 1976	:	Resolution for Ratification of the Constitution (Fortyfourth Amendment) Bill, 1976. — Two hours.
onday, 29th November, 1976	:	,, ,, ,, — Four hours.
iesday, 30th November, 1976	:	,, ,, ,, — Four hours.

The Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs may now move the otion for acceptance.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Fourteenth Report the Business Advisory Committee, presented this day, be accepted the House.

Mr. Speaker : I think, the motion is adopted.

(Voices : Yes)

The motion is adopted.

(At this stage the House was adjourned for half an hour.)

[3.00—3.10 P.M.]

Mr. Speaker : I have received one notice from Shri Biswanath Mukherjee, ader of the Opposition, under rule 363 of the Rules of Procedure and nduct of Business in the West Bengal Legislative Assembly. I allow him be very brief in making his submission. But before you speak I have some overnment business.

LAYING OF ORDINANCE

The Calcutta Tramways Company (Acquisition of Undertaking) Ordinance, 1976

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to lay the Calcutta Tramways mpany (Acquisition of Undertaking) Ordinance, 1976.

LAYING OF RULES

Rules framed under the West Bengal Primary Education Act, 1973

Dr. Zainal Abedin : Mr. Speaker, Sir, with your permission I beg to la ıe rules issued with :

Notification No. 640 Edn. (P), dated 8th July, 1975,
Notification No. 852 Edn. (P), dated 26th July, 1976,
Notification No. 1100 Edn. (P), dated 21st October, 1975,
Notification No. 2080 Edn. (P), dated 6th December, 1975,
Notification No. 2149 Edn. (P), dated 26th December, 1975,
Notification No. 55 Edn. (P), dated 9th January, 1976, and
Notification No. 56 Edn. (P), dated 9th January, 1976

amed under the West Bengal Primary Education Act, 1973.

Resolution on Ratification of the Constitution (Fortyfourth Amendment) Bill, 1976

Shri Biswanath Mukherjee : Mr. Speaker, Sir, under rule 363 of the Rul f Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembl beg to move that sub-rule(2) of rule 183 of the rules of procedure and condu f business in the West Bengal Legislative Assembly be suspended in its app! ation to the motion ratifying the constitution 44th Amendment Bill, 1976.

স্যার, আমি এটা মুভ করছি আণ্ডার রুল ৩৬৩। স্যার, আমাদের পার্লামেণ্টে প্রাকটিস অ্যাণ্ড প্রসিডিওরে আছে আপনার ডিসক্রিশনের কথা এবং সেই ডিসক্রিশ অ্যাপ্লাই করবার ব্যাপারে বলা হয়েছে আপনি সাব-রুল অনুযায়ী মেরিটের উপ করবেন এবং সেখানে আপনি কনসিডার করবেন ফ্যাক্টর্স লাইক অ্যাভয়েডেন ডিলে ইন দি পাসিং অব ইম্পর্ট্যাণ্ট লেজিসলেশন এট্সেট্রা। কনষ্টিটিউশ অ্যামেণ্ডমেণ্ড) বিল-এর র‍্যাটিফিকেশন সম্বন্ধে যে রেজলিউশন হাউসের সামে এসেছে সেই রেজলিউশনের উপর আমরা অ্যামেণ্ডমেণ্ট মুভ করবার অধিকা আপনার কাছে চাইছি। অবশ্য রুলে আছে এটা মুভ করা যায় না। আমরা এ দাসপেণ্ড করবার জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছি। এতে কোন ডিলে হ না, এটা শুধু রেজলিউশনের উপর একটা অ্যামেণ্ডমেণ্ট। আপনি আমাদের পজিশ বুঝতে পারছেন, আমরা এই বিলকে অপোজ করি না। বিলের ব্যাপারে আমাদে কোন অধিকার নেই, কারণ এটা পার্লামেণ্টের এক্তিয়ার। আমাদের বক্তব্য হ রেজলিউশন যেটা আসবে সেখানে যদি আমরা আমাদের পজিশন কারেক্টলি স্টে

করতে পারি বিফোর দি অ্যাসেম্বলী অ্যাজ ওয়েল অ্যাজ বিফোর দি পাবলিক তাহলে সুবিধা হয়। আমরা সেইজন্য আপনার কাছে অনুরোধ রাখছি আপনার ডিসক্রিশন ইউস করে অন মেরিট আপনি এই রুল সাসপেণ্ড করে আমাদের রেজলিউশনের উপরে অ্যামেণ্ডমেন্ট দেবার অধিকারটা স্বীকার করে নিন।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মিঃ স্পীকার স্যার, আমি বিশ্বনাথবাবুর এই প্রস্তাবের বিরোধিতা করছি। বিশ্বনাথবাবু বললেন আপনার ডিসক্রিশন আছে পার্লামেন্টারী প্রাকটিস অনুযায়ী এই রুল সাসপেণ্ড করবার ব্যাপারে বা যে-কোন রুল সাসপেণ্ড করবার ব্যাপারে। এটা ঠিক কথা নয়। রুল ৩৬৩-তে বলছে, এনি মেম্বার মে উইথ দি কনসেণ্ট অব দি স্পীকার, মুভ দ্যাট এনি রুল মে বি সাসপেণ্ডেড ইন ইটস অ্যাপলিকেশন টু এ পার্টিকুলার মোশন বিফোর দি হাউস। তাহলে দেখা যাচ্ছে প্রথমতঃ স্পীকার মহাশয়ের পারমিশন এবং কনসেণ্ট নিয়ে মুভ করতে হবে। আপনার কনসেণ্ট প্রথমে দরকার, কিন্তু কনসেণ্ট দেবার পর মোশন যেটা আছে সেটা মাস্ট বি ক্যারিড বাই দি হাউস যে এই রুল ফর দি টাইম বিয়িং সাসপেণ্ড করছি। কাজেই এটা হাউসের ব্যাপার, এখানে ডিসক্রিশনের কোন কোশ্চেন নেই।

দ্বিতীয়তঃ কনষ্টিটিউশন র‍্যাটিফিকেশন সম্বন্ধে রুল ১৮২ বলছে যে, After the message has been laid on the Table under rule 181 any Member may, after giving seven days' notice or with the consent of the Speaker at shorter notice move a resolution that the amendment to the Constitution proposed by the Bill be ratified.

এই রুলটা করা হয়েছে ১৮৩-এর সাব-আর্টিকল-২ তে। No amendment shall be proposed to such a resolution.

এখন বিধানসভার ইতিহাসে কোনদিন কোন বার কনষ্টিটিউশন র‍্যাটিফিকেশন-এর বেলায় অ্যামেণ্ডমেন্ট অ্যালাউ করা হয় না—এটাই প্র্যাকটিস হয়ে গেছে। কনষ্টিটিউশন র‍্যাটিফিকেশন-এর সময় কোনরকম অ্যামেণ্ডমেন্ট হবে না। পরিষ্কার ভাবে রুল ১৮৩-এর সাব-আর্টিকল ২ বলছে ঃ No amendment shall be proposed to such a resolution.

তাছাড়া যেটা আমি গোড়াতে বলেছিলাম। হাউসের পারমিশন দরকার হবে। এই রুলস সাসপেনশন-এর জন্য। তাই আমি আমার দলের তরফ থেকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলছি—আমাদের দল এই রুলস সাসপেনশন-এ রাজি নয়। তাই আমি আপনাকে অনুরোধ করব আপনি এতে কনসেণ্ট দেবেন না—To move this amendment at all.

শ্রীবিশ্বনাথ মুখার্জী : মাননীয় স্পীকার মহাশয় আমি ক্লারিফাই করছি। আমি এটা বুঝি হাউস যদি না অ্যাকসেপ্ট করে তাহলে এটা মুভ করবার জন্য আপনার কনসেন্ট দরকার হবে। তাই আমি বলেছিলাম আপনি কনসেন্ট দিতে পারেন আমার অ্যামেণ্ডমেন্ট মুভ করবার জন্য। But House may or may not accept that depends on the House.

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, তিনি এটা অপোজ করবেন। এই রুলস সাসপেনশন-এর ব্যাপারে আমি আপনার কনসেন্ট চাচ্ছি To move the amendment। এখন লেট দি হাউস ডিসাইড।

[3.10—3.20 P. M.]

Mr. Speaker : Mr. Mukherjee, I only allowed you to let me know actually what you wanted to move. I have not given any consent to move any motion to that effect. You have given a notice of a motion for suspension of the provision of sub-rule (2) of rule 183 of the Rules of procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly in its application to the Resolution for ratification of the Constitution (Forty-fourth Amendment) Bill, 1976.

I have given my anxious thought to the matter and I cannot but withheld my consent to the raising of the Motion for suspension of the said rule. Sub-rule (2) of Rule 183 provides that no amendment shall be proposed to a resolution for ratification of amendment of Constitution. This provision has been incorporated on sound reasons. While the proposed amendment to the Constitution has undergone the entire process of legislation before the Parliament which discussed threadbare all proposals for amendment that were tabled on the different clauses incorporated in the relevant Constitutional (Amendment) Bill, this legislature is concerned only with ratification of the amendment as passed by both Houses of Parliament. In this respect a Statutory Resolution stands on a footing different from other Resolution. If there is any reservation in any corner with regard to any clause or clauses comprised in the Bill it can be reflected at the time of passing of the resolution. Members are also free to express their opinion at the time of discussion on the resolution if they nurse any contrary view with regard to any particular clause or clauses contained in the Bill. So the question of raising a formal amendment with regard to any particular clause or clauses of the Bill proposed to be ratified is hardly of any consequence. So far as this House is concerned, it is a question of passing a resolution ratifying the entire Bill as it is or rejecting it in its entirely. But the purpose of amendment to a particular clause in a Bill or a matter contained in Resolution or other statutory ones, is different;

because, it is possible to pass a Bill or such resolution with some of its clauses or provision modified by amendments passed in the House. But with regard to the present Constitutional (Amendment) Bill there is no such scope except delaying the process of passing of the resolution moved. On all these considerations I with held my consent to the moving of the Motion for suspension of the provisions of sub-rule (2) of Rule 183 sought by Shri Biswanath Mukherjee.

I now call upon the Chief Minister to move his resolution.

Shri Siddhartha Shankar Ray : Mr. Speaker, Sir, I beg to move that this House ratifies the amendments to the Constitution of India falling within the purview of the proviso to clause (2) of article 368 thereof, proposed to be made by the Constitution (Forty-fourth Amendment) Bill, 1976, as passed by the two Houses of Parliament, and the short title of which has been changed into "The Constitution (Forty-second Amendment) Act, 1976."

Sir, this is a historic session, a momentous session. In fact, we, like every other State, are making history today. Our Constitution is being changed in various matters in order to ensure that the road blocks that were there towards the path of our progress are removed as expeditiously as possible so that the aims and the aspirations of the people are fulfilled, so that changes can be brought about for the purpose of helping our people in every possible way.

Now, Sir, certain objections have been taken by a section of the people—they are a very minor section—that these amendments should not have been passed by Parliament. The first objection is taken in a very general way, the character is very general, and I have only to state the objection to reject it. The first objection is that a written constitution cannot be amended. This is an extreme argument, an argument of desperation, but nonetheless this argument has been raised. As I said, Sir, this argument needs only to be repeated for the purpose of rejecting it. That written constitutions can be amended goes without saying. There is hardly any country in the world which has a written constitution where this power is either not there or has not been exercised. In fact, two hundred year ago, Thomas Jefferson, who was one of the principal draftsman of the American Constitution, had said, "Some men look at the constitutions with sanctimonious reverence and deem them like the ark of the covenant, too sacred to be touched. Each generation has a right to choose to itself the form of government it believes the most promotive of its own happiness. A solemn opportunity of doing this every 19 or 20 years should be provided by the Constitution." This was Thomas Jefferson speaking to hundred years ago. He had foresight, he had looked into the future and he said—each generation had a right to choose to itself the form of government and the solemn opportunity of doing it every 19 or 20 years should be provided by the constitution itself. Pandit

Jawaharlal Nehru in 1951 had repeated the same thing and so has our leader and Prime Minister Shrimati Indira Gandhi. In a changing society, in a changing world where rights change, where duties change, where obligations change, it is absolutely necessary to change our constitution from time to time to keep in accord with the aims and aspirations of the people, with the wishes of the people, with the demands of the times.

The second objection which has been taken is that—very well, you amend the constitution, you have the right to do so but you cannot amend fundamental rights. This argument draws inspiration from a judgement of the Supreme Court in Goloknath's case delivered in the year 1967 when the Chief Justice of India was Chief Justice Subba Rao.

[3.20—3.30 P.M.]

This judgment of the Supreme Court was passed by a majority, majority of six to five, in fact over-ruled two other previous Supreme Court decisions on this very point. This point, that is to say, the fundamental rights cannot be changed, was taken for the first time in the year 1951 before the Supreme Court in Sankari Prosad Case and there the Supreme Court by a unanimous judgment, five against none—by a unanimous judgment had held that Parliament have the fullest right to amend fundamental rights, that Parliament is Supreme, Parliament is Sovereign, and the courts have no jurisdiction to go into the question at all. Parliament can alter the fundamental rights as they think best and nobody can question the authority of the Parliament to do so. 14 years passed thereafter—not a word was said against the judgment. Everybody accepted it. We who had more or less started our practice at about the time when the judgment in Sankari Prosad Case was delivered had taken it for granted that the Parliament have the fullest right to amend the fundamental rights because Sankari Prosad Case was not only a unanimous judgment but judgment of judges who were held in great respect, in great esteem not only by the legal world but by the society at large. But in the year 1965 an attempt was made again to challenge the rights of the Parliament to amend the fundamental rights. This was in Sajjan Singh Case. Again the matter went up to the Supreme Court and the Supreme Court again by a majority judgment this time reiterated what had been said in 1951 in Sankari Prosad Case and held that Parliament have the fullest right to amend the fundamental rights. In Sajjan Singh Case in 1965 the constitutional amendment which was challenged was the Seventeenth Amendment. After the judgment all of us thought, everybody thought, that it had now become finally established. It was something beyond any question of doubt that Parliament have the fullest right to amend the fundamental rights but

twelve years thereafter, in the year 1967, came the Golaknath Case. I said, Sir, a few minutes ago that the Bench was presided over by Chief Justice Subba Rao. Chief Justice Subba Rao, I am sorry to say—I have nothing personally agaisnt him—I am sorry to say imported some of his political ideas into his judicial decisions. Remember, Sir, this Chief Justice Subba Rao, while still acting as the Chief Justice, had agreed to become the Swatantra candidate in the Presidential election that was fought and he went all over the country preaching the Swatantra point of view. Of course, immediately before that he had resigned but he had discussions with the Swatantra Party while he was still the Chief Justice that he would contest the Presidential election and try to become the President of India. Therefore this judgement was fully motivated by political consideaations. As a result of this 1967 judgement which was a paper-thin judgement six to five—the Parliament was made important ; it had no power whatsoever to pass amendments with regard to the fundamental rights. By this judgement in Golaknath Case, two of the previous judgements of the Supreme Court, that is to say, Sankari Prosad Case and the Sajjan Singh Case, were over-ruled, and a new concept was placed before the people of India with regard to the courts' powers and with regard to the powers of Parliament concerning amendment of the fundamenal rights.

But, Sir, let us look into the whole matter, let us see what the position was, let us see what the majority of the Supreme Court Judges had said—let us do a little arithmatic. In Sankari Prosad's case 5 judges said that Parliament had the fullest power and nobody was against it. In Sajjan Singh's Case 3 judges said that Parliament had the fullest power and (2) said 'No'. In Golaknath's Case 5 judges said that Parliament had the fullest power and 6 said 'No'. So, if we take the total number of the judges we find that 13 judges of the Supreme Court had said that Parliament had fullest power to amend the fundamental rights whereas 8 judges said 'No'. To that if you add the number of judges who had said that Parliament had the fullest power to amend fundamental rights, in Keshabananda Bharati's Case majority of the Supreme Court judges who expressed this view, it is very impressive majority indeed. Apart from this arithmatical argument let us go into the depth of the matter, let us go to the very root of the matter as to what are fundamental rights. Fundamental rights are sacrosanct as long as they are fundamental. But what are fundamentnl righrs ? After all, a right to be a fundamental right has, first of all, to be a right. Nothing can be a fundamental right which is not a right at all. Now what is right ? I am not going into the various juridical divisions and subdivisions of rights. But I think I can say with confidence, everybody will agree that by and large rights are of two categories, civil rights and natural rights. Now what are civil rights ? Civil rights are the outgrowth of civilisation. As civilisation advanced numerous civil rights grew—rights growing from the laws of contract, rights

growing from the laws of cause, rights growing from the Company Law rights growing from other municipal laws, that is to say, local laws—al kinds of new rights came to existence, and those are civil rights, And wha are natural rights ? Natural rights are the rights which are inherent, whicl are innate and come from the elementary laws of nature, such as the right to live, right to move about freely, the right to freedom of expression and speech and things of that type. Now the question is, can these civil rights be changed ? Can these natural rights be changed ? Have these civil rights beer changed ? Have these natural rights been changed ? Is there any power to alter civil rights ? Is there any power to alter natural rights ? Take natural rights—right to life. It is the same everywhere. In India we have capital punishment. There are numerous countries where there is no capital punishment—right to life is respected there in a most strict manner, but in India in a number of countries there is capital punishment, May be one day somebody would say that there should not be capital punishment. Capital punishment may go or may not go, but the point is this right can be changed. In certain countries specified offences are mentioned and if you commit those offences you lose your right to life—there is capital punishment. These crimes if committed are visited by capital punishment. There is hanging, there is electrocution, there is ultimate death—life is taken away Right to life is not an absolute right. It changes from country to country, from time to time, from clime to clime. Even in one country it changes in accordance with the needs of the people, in accordance with the demand of the hour and in accordance with the aims and aspirations of the people. In England there is no capital punishment now. But for a murder of a policeman with violence capital punishment still exists. In some countries rape committed with violence is visited with capital punishment, in other countries it is not. So, it is a question of the aims and aspirations of the people

[3.30—3.40 P. M.]

and on the aims and aspirations of the people depend as to what extent natural rights will be respected. Right of freedom of speech is different in every country. In some countries there is absolute right, in some countries there is qualified right but in most countries this right is not absolute. In no country the freedom of expression of speech is absolute. It is subject to certain qualifications, it is subject to certain restrictions, it is subject to law of treason, it is subject to law of defamation, it is subject to law of sedition. The right of freedom of expression of speech is not an absolute right, it is subject to qualifications. This varies from countries to countries. I have seen that a country itself changes from time to time depending upon, as I have said, the

existing needs and aspirations of the people. Therefore, Sir, the natural rights have never been accepted as absolute. They have changed from decade to decide. There have been changes of natural rights. Natural rights are subject to changes. Take civil rules have not the civil rules changed ? Take India itself. Prior to 1937 did our widows in so far as Hindus were concerned, have any right to their properties ? They only right they had was the right of measly maintenance out of the properties left behind by their deceased husbands. Gradually it has changed. In 1937 for the first time Hindu widows' Right to Property Act was passed and a Hindu widow was given a right equal to that of a son, share equal to that of a son in deceased husband's property but that right was a limited right that right was a qualified right, that right was not an absolute right. A widow did inherit the property in the same way as the son did but she could not transfer that property, she could not mortgage that property, she could not gift away the property, she could not alienate that property. There are various restrictions. She could not only transfer the property whether by mortgage, sale or otherwise if there was some legal necessity or for spritual benefit of the deceased husband. This limitation was gone by the 1956 Succession Act. A Hindu widow was made absolue owner of the share she had inherited as a widow. Not only inherited in the same way as the son but she could do whatever she wants with the property—she inherited she could tranfer, she could will over the property, she could gift out it, she could do whatever she wanted. Civil right changed. Prior to 1937 a Hindu widow had no right. In 1937 qualified right was given. In 1956 an absolute right was given. Daughters had no right—practically no right whatsoever but now they inherit in the same way as the son and what they inherit they inherit absolutely. In Muslim laws the right was there but in the Hindu laws the right was not there but after 1956 the right was given to Hindu daughters.

The rights change. There have been changes with the changing societies. These rights are bound to change. Take the case of adoption. Previously, for a valid adoption there had to be a formal giving and taking ceremony. There had to be a performance of valid 'Dattakanama'. These too are absolutely essential for the purpose of making adoption valid. So many cases have been fought in the Privy Council on these points as to whether there had been a proper giving and taking ceremony or whether there had been a proper 'Dattakanama'—properly in performance. But now all that has changed. When I was a student in the Law College we read ardently and with great interest the case of Muktaramalingam Satpathi against the Collector of Madura, about widow's right to adopt with husband's prior permission, and a lot of law was laid down. Where is that Collector of Madura's case today ? It is all gone. After the Hindu Adoption Act, the adoption has become a very simple affair. They need not do any 'Dattakanama' ceremony—the formal ceremony of giving and taking is not required. All

that is required, is the statutory requirement laid down in the Act. Civi rights have changed. Civil rights have altered. What was not a right before has today become a right. What was the right before has ceased to be a right now. New rights have come and old rights have gone away. Take Hindu males. Prior to 1956, any one of the Hindu honourable members in the House could marry as many wives as he could without any objection whatsoever. They could have 365 wives if they wanted to. If they were particular, in a leap year' they could have 366 wives. There was no difficulty whatsoever to have as many wives as possible. Prior to 1956, Shri Biswanath Mukherjee—I do not think, Shrimati Geeta Mukherjee is present here—as a brahmin he could have how many wives ? As many as he wanted to have. But today what is the position ? That right is gone. A Hindu cannot marry a second time if the first wife is alive. That is gone. Wife has been given a new right. Shrimati Geeta Mukherjee has been given the right to send Shri Biswanath Mukherjee to jail if he marries again while she is alive. She did not have the right prior to 1956. She had no right whatsoever to prevent Shri Biswanath Mukherjee from marrying a second time or as many times as he wanted to. But today if he marries again, Shrimati Geeta Mukherjee can complain and can put him to simple jail. A new right has been created in favour of our women. The old rights which existed in favour of male has been taken away. Take the laws of primogeniture. Does it exist any more ? I remember, in 1971, when I had the honour to be a member of the Lok Sabha—I think, in 1971 an amendment was being discussed and the leader of the Swatantra Party was saying, "rights cannot be changed"—I asked the leader of the Swatantra Party—he belonged to princely class—as to whether his son, his eldest son, can inherit in the same manner in which he had inherited his father's property. The law of primogeniture was previously there in his state, in Orissa. All this has gone. Today there is no law of primogeniture. The eldest son has lost his right. The other sons have been given the new right, also the daughters and also the widows. The old rights have gone and the new rights have come. Take the joint family—a very conservative concept—particularly Mitakshara joint family. In Dayabhaga, the father is supreme. Dayabhaga, as you know, Sir, is applicable to Bengal and Assam. Here, the father is supreme. All properties belong to the father and he can turn away the son whenever he wants to and the son has no rights whatsoever in the property until after the death of the father. But the father can will away that property and give it to somebody else.

[3.40—3.50 P.M.]

But in Mitakshara the father has no such right. As soon as a son was born, in fact, as soon as a son was conceived and was still in the womb of the mother

administrative tribunals. In India we are trying to bring in administrative tribunals and I am sure this would be wise and administrative tribunals will become the order of the day.

The sixth important change that has been made is that the life of Parliament and Legislature is being extended to 6 years from 5.

This has been done in a number of countries. So there is nothing new in so far as this aspect is concerned. Finally, an important change that has been made is that for two years from the date of assent removal of difficulties may be made by Presidential Order. This again is nothing new. If you look at article 392 of the present Constitution you will find that there is removal of difficulties cluse for two years really because it was only when the first Lok Sabha was formed—that power was here. It is not draconic power. This is not a new power, this is not an absolute power—the power is limited to two years. It is already there in article 392 of the Constitution. It is nothing new. These are seven principal changes that have been brought about and I have no doubt whatsover that the amendments will receive the fullest support of this House. These amendments are necessary for the purpose of doing social justice, these amendments are necessary for the purpose of securing economic justice. India today, Mr. Speaker Sir, had never been as strong as it is today under the leadership of our Prime Minister, Shrimati Indira Gandhi. If we carry on her work properly under the new Constitution, if all of us dedicate ourselves to the tasks, if we put our shoulders earnestly to the work, tighten up our belts and proceed to the goal which can see yonder, if we can properly walk along the path of progress I have no doubt whatsoever that under the dynamic leadership of our Prime Minister, Shrimati Indira Gandhi, by turn of the century India will become the strongest country in the world. Then changes are necessary for the purpose of honouring peoples, changes are necessary for the purpose of assuring the supremacy and undoubted sovereignty of Parliament. Let the Parliament alwayes be supreme. That is what we want because people is always the supreme—that is what we want. Let India be properous, let India progress, let us built a country which will be the finest in the world. With these words, Sir, I recommend to this House the acceptance of the motion which I have just moved. Thank you, Sir.

Shri Shish Mohammad : Mr. Speaker Sir, R.S.P. opposes the Constitution Amendments.....

(Noise and interruptions)

Mr. Speaker : Mr. Shish Mohammad, you know the practice that a written statement cannot be read on the floor of the House. I would point out that a suggestion to incorporate written speeches in the proceedings of the House was

made before the Select Committee on ptocedure, 1959 where the Committtee rejected the suggestion on the ground that the House would have no control through the Chair over the relevance and orderliness of the contents of the speeches. So I cannot allow you to read a written statement.

The House stands adjourned till 1 p. m. on Monday, the 29th November, 1976.

Adjournment

The House was accordingly adjourned at 4.49 p.m. till 1 p.m. on Monday, the 29th November, 1976, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 29th November, 1976 at 1 p.m.

PRESENT

Mr. Speaker (**Shri Apurba Lal Majumdar**) in the Chair, 7 Ministers, 7 Ministers of State, 1 Deputy Minister and 186 Members.

[1.00—1.10 P. M.]

OATH OR AFFIRMATION OF ALLEGIANCE

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance, may kindly do so.

(There was none to take Oath)

Calling Attention on Matters of Urgent Public Importance

Mr. Speaker : I have received 10 notices of Calling Attention on various subjects out of which I have selected the notices of Shri Kashinath Misra and eight others on the subject of T. R. & G. R. for the drought-affected people. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same. The remaining notices are taken as read and laid on the table.

Shri Gyan Singh Sohanpal : Tomorrow, Sir.

Notices of Calling Attention taken as read and laid on the Table.

1. Illegal eviction of Scheduled Castes and Scheduled Tribes and Muslim Bargadars by Jotedars and persons of vested interest with police connivance—from Shri Monoranjan Pramanik.

2. Injustice in rejecting post-graduate qualification as equivalent to Honours in teaching Higher Secondary Course by Council for Higher Secondary Education—from Shri Ajit Kumar Bandyopadhyay and another.

3. T. R. & G. R. for the drought-affected people—from Shri Kashinath Misra and eight others.

4. Scarcity of drinking water in rural Bengal—from Shri Kasinath Misra and five others.

5. Reported theft of paddy in the Sonarpur area—from Shri Md. Dedar Baksh and three others.

6. Closure of 11-12 classes schools in rural Bengal for want of students—from Shri Md. Dedar Baksh and another.

7. Death by T. B. of lepers—from Shri Md. Dedar Baksh and another.

8. Break-out of Cholera and Malaria in West Bengal—from Shri Md. Dedar Baksh and another.

9. Rise in price of essential commodities—from Shri Md. Dedar Baksh and three others.

10. Irresponsibly declaring a child as "dead" who is still alive, at the I. D. Hospital at Beliaghata.

MENTION CASES

শ্রীবিমল দাস ঃ মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে একটা অবাঞ্ছিত এবং অপ্রত্যাশিত ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫শে নভেম্বর, অর্থাৎ গত বৃহস্পতিবার রাত্রে মালদহ জেলার হবিবপুর থানায় সি পি আই পার্টির একটা অফিস আছে, সেই অফিসে পুলিস হঠাৎ আক্রমণ চালায়। গভীর রাত্রে পুলিস আমাদের অফিসের ভিতর ঢুকে সমস্ত তছনছ করে। আমাদের প্রকাশিত কালান্তর পত্রিকা এবং সোভিয়েট পত্রিকা নিশ্চয়ই বেআইনী নয়, কিন্তু পুলিস সেই সমস্তগুলো লুঠপাট করে নিয়ে যায় এবং আমাদের যে সমস্ত কর্মী সেই অফিসে ঘুমোচ্ছিল তাদের উপর অকথ্য ভাবে অত্যাচার চালানো হয়। এটা হতে পারে যে, হবিবপুর থানা ধান উৎপাদনের জন্য বিখ্যাত, সেই জন্য পুলিস সেখানে জোতদারের সঙ্গে ঐক্যবদ্ধ হয়ে কাজ করে যাচ্ছে। আমরা অনেক অভিযোগ মন্ত্রী মহাশয়ের কাছে করেছি। আমি আপনার মাধ্যমে আবার স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে এর একটা সুবিচারের দাবি জানাচ্ছি।

শ্রীমতী ইলা মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার,

সেখানে পুলিস এইভাবে অত্যাচার চালিয়েছে, এই বিষয়ে একটা ব্যবস্থা অবলম্বন করুন।

Mr. Speaker : With due respect I must draw the attention of the honourable members to Rule 351. There is no scope of discussion or supporting any honourable Member when he points out anything and draws the attention of the Treasury Benches of the House. There is no scope for any Member to stand up and support another Members case because everything is going on record. So, I request you to strictly follow rule 351.

শ্রীপঙ্কজ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বার বার আমাদের সরকার বলেছেন যে, সমাজকে সুষ্ঠুভাবে গড়ে তোলবার জন্য চেষ্টা করছি। সুষ্ঠুভাবে যাতে সমাজজীবন তৈরী হয় তার জন্য মন্ত্রীরা দিনের পর দিন ছোটাছুটি করছেন, তাও আমরা দেখছি এবং শুনছি। কিন্তু কার্যতঃ দেখতে পাচ্ছি যুবসমাজ যাতে তাড়াতাড়ি অধঃপতনের দিকে এগিয়ে যায় তার জন্য সমস্ত চেষ্টা সরকারের তরফ থেকে করা হচ্ছে। আমার অঞ্চলে একটা কো-এডুকেশন কলেজ আছে, হঠাৎ দেখলাম তার সামনে একটা বিলিতি মদের দোকান লাইসেন্স নিয়ে খোলা হলো। আমি এ বিষয়ে সরকারকে বলেছিলাম, কিন্তু তার কোন প্রতিবিধান পাওয়া যায় নি। তারপর জোর করে ছাত্র-ছাত্রীরা সেই দোকানটি বন্ধ করে দিতে বাধ্য হয়েছে। তারপর যাদবপুর টি বি হাসপাতাল, সেখানে মুমূর্ষু রোগীরা আসেন, তার সামনেও একটা মদের দোকানের লাইসেন্স দেওয়া হয়েছিল এবং সেই দোকান খোলা হয়েছিল, তারপর সেখানকার স্থানীয় জনসাধারণ মিছিল করে গিয়ে সেই দোকান বন্ধ করে দেয়। এই পরশু দিন তার একটু পাশে নতুন করে আর একটা মদের দোকান লাইসেন্স নিয়ে খুলে বসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যুব সম্প্রদায় নানা রকম অসুবিধার মধ্যে যুগ-যন্ত্রণায় জড়িয়ে আছে, তারপর তাদের এইভাবে বিপথে চালিত করার চেষ্টা করা হচ্ছে। যুব সম্প্রদায় যাতে সামাজিক কোন কাজে আত্মনিয়োগ করতে না পারে এবং সমাজের যেখানে অত্যাচার, অবক্ষয় ইত্যাদি আছে সে সবের বিরুদ্ধে লড়াই করবার ক্ষমতা যাতে না থাকে তার জন্য একটা ষড়যন্ত্র কোথাও কোথাও হচ্ছে বলে আমাদের বিশ্বাস। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই রকম বিদ্যালয়, হাসপাতাল, ঘন বসতিপূর্ণ স্থানে মদের দোকানের লাইসেন্স দেওয়া বন্ধ করুন। আমরা আগে জানতাম এই রকম দোকান দেবার আগে স্থানীয় জনসাধারণের একটা

মতামত নেওয়া হয়। কিন্তু বর্তমান মন্ত্রী এবং তার দপ্তর এগুলি জনগণের কর্ণগোচ করবার মানসিকতা হারিয়ে ফেলেছে। তারা দপ্তরে বসেই কিছু লোকের কথায় কিছু লেনদেনের মাধ্যমে এই সমস্ত জিনিস করছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা আতঙ্কিত, আমরা দুশ্চিন্তাগ্রস্ত এবং আপনার কাছে অনুরোধ জানাচ্ছি আপনি এ বিষয়ে মন্ত্রিসভাকে বলে যত তাড়াতাড়ি সম্ভব যুবসমাজকে বাঁচাবার চেষ্ট করুন।

Mr. Speaker : I like to draw the attention of the honourable Member that today the time for 'Mention Cases' is half an hour only because the mos important subject that we are discussing, e. g., Resolution on the Ratificatio of the Constitution, should be given more importance. So, I would reques the honourable members to be as brief as poossible to accommodate as many members as possible to speak under rule 351.

Now I call upon Shrimati Ila Mitra.

শ্রীমতী ইলা মিত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমার অঞ্চলে ৭০ নং নারকেলডাঙা মেন রোডের বাড়িটি খারাপ বলে কর্পোরেশন থেকে ভাঙার নোটিস দেওয়া হয়। সাধারণতঃ ঐ সব অঞ্চলে যে-সমস্ত বাড়ি ভেঙে দিয়েছে এবং ইরিগেশনের জমি নেওয়া হয়েছে, সেই সমস্ত বাড়ি ভেঙে দেওয়ার আগে অন্ততঃ সেখানকার স্থানীয় এম এল এ-র সঙ্গে কথাবার্তা বলা হত। আমি পারসুয়েড করে অনেককে সরিয়ে দিয়েছি। যেমন ধরুন ইরিগেশনের জমির জায়গায় বাড়ি করে কিছু লোক ছিলেন, তাঁরা মাটির পুতুল ও প্রতিমা গড়তেন, তাঁদের সম্বন্ধে আমি ইরিগেশন মিনিস্টারের সঙ্গে কথা বলে দু' মাসের সময় চেয়ে নিয়েছিলাম এবং সেইমত তারা সেখান থেকে সরে গেছে কোনরকম মারধোর বা জোর-জবরদস্তি ছাড়াই। কিন্তু ৭০ নং নারকেলডাঙা মেন রোডে, যেখানে কর্পোরেশন থেকে নোটিস দেওয়া হয় সেখানে সেই বাড়িতে অত্যন্ত গরিব দুঃস্থ উদ্বাস্তুরা থাকেন, তাঁরা সেই নোটিস পেয়ে সরকারের কাছে দরখাস্ত করেছিলেন যে, যদি এই বাড়ি মেরামত করে দেওয়া হয় তাহলে তাঁরা এখানে আরো ১০ বছর থাকতে পারেন। ৩০ বছর ধরে তাঁরা ওখানে আছেন। তাঁরা অত্যন্ত নিঃসম্বল, তাঁদের রিফিউজি কার্ড আছে। কিন্তু সরকারের তরফ থেকে তাঁদের জন্য কোন ব্যবস্থা করা হয় নি। ঐ অঞ্চলে অনেক সি আই টি-র বিল্‌ডিং হয়েছে, সেখানেও তাঁদের জন্য কিছু ব্যবস্থা করা যায়। এই ব্যাপারে চীফ মিনিস্টারের সেক্রেটারিয়েট থেকে তাদের চিঠি দেওয়া হয় যে, I am directed

acknowledge receipt of your letter addressed to the Chief inister and inform you that under the Chief Minister's instruc-)ns, the Department of Housing has been requested to consider e matter raised by you and take such action if possible. তাঁদের ।ঙ্গে বিবেচনা করবেন বলে, অল্টারনেটিভ ব্যবস্থা করবেন বলে তিনি তাঁদের শ্বাস দিয়েছেন। ইতিমধ্যেই হঠাৎ পুলিস গিয়ে সেই বাড়ি ভেঙে দেবার জন্য ড়ির ভেতরে গিয়ে ঢোকে এবং ফুলবাগান থানার পুলিস বাড়ির মেয়েদের ওপর ।মানুষিক অত্যাচার করেছে, যা আপনি কল্পনা করতে পারবেন না। ঐ অঞ্চলে রকম অত্যাচার আগে কখনো হয়েছে বলে আমি জানি না। একটি মেয়ে একটু র আমাদের এখানে আসবে, তার মাথায় ব্যাণ্ডেজ বাঁধা আছে, তাকে পুলিস রেছে। সেখানে অন্যান্যরা মরিয়া হয়ে বলেছিল যে, আপনারা মেয়েদের গায়ে ত দেবেন না। ঐ থানায় মেয়ে পুলিস থাকা সত্ত্বেও তারা যায় নি। ।বাগান থানার পুলিসের এত সাহস হয় কি করে ?

1(—1.20 P.M.]

যেখানে জরুরী অবস্থা রেখে প্রশাসনকে আরও বেশি টাইট করা হয়েছে, খানে সেই ব্যবস্থা কি শুধু গরিব মানুষের বিরুদ্ধে যাবে ? সেজন্য মন্ত্রিসভার ' আকর্ষণ করে বলছি যে, আমরা এর প্রতিকার আশা করি।

শ্রীপঙ্কজ ব্যানার্জী : এই রকম ঘটনা শুধু তাঁর এলাকাতেই নয়, সমগ্র জায়গায় : জিনিস হচ্ছে। মন্ত্রীদের বারবার বলেছি, কিন্তু কোন কাজ হচ্ছে না।

Mr. Speaker : Mr. Banerjee, you have already drawn the attention of the)use. You are a responsible Member of the House.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ত মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের অর্থকরী কয়লা সম্পদের মাধ্যমে রত সরকার কোটি কোটি টাকা অর্জন করছেন। রানীগঞ্জে কয়লাখনি রচালনার ক্ষেত্রে পঃ বঙ্গ সরকার কতকগুলি সুযোগ-সুবিধা পেয়েও সেগুলি বহার না করার জন্য পশ্চিম বাংলায় কাজ বিঘ্নিত হচ্ছে। বিহার সরকার তাঁদের জ্য থেকে চীফ পারসোনাল অফিসার এবং চীফ সিকিউরিটি অফিসার নিয়োগ

করেছেন বিহারের স্বার্থ রক্ষা করার জন্য। আমরা দাবি করে আসছিলাম পঃ বঙ্গ সরকারের পক্ষ থেকে এরকম ব্যবস্থা অবলম্বন করা হোক। কেন্দ্রীয় খনি মন্ত্রক দু' বছর আগে পশ্চিমবাংলা সরকারকে চীফ পারসোনাল অফিসার, চীফ অ্যাড-মিনিষ্ট্রেটিভ অফিসার এবং চীফ সিকিউরিটি অফিসার—এই ৩টি নামে লোক নিয়োগ করার কথা বলেছিলেন, কিন্তু দুঃখের বিষয় পঃ বঙ্গঃ সরকার কয়লা খনিগুলি নিয়ন্ত্রণ করার ব্যাপারে লোক নিয়োগ করার জন্য কোন আগ্রহ প্রকাশ করছেন না এবং এই ৩টি গুরুত্বপূর্ণ পদে এখনও পর্যন্ত কোন লোক দিলেন না। এর ফলে ১৯৭৬ সাল থেকে ১৫ হাজার যে নূতন লোক নিয়োগ করা হল তাতে পশ্চিম বাংলার বেকার যুবকরা কোন সুযোগ-সুবিধা পেলেন না। তারপর কয়লা খনি কর্তৃপক্ষের কাছ থেকে ৮ কোটি টাকার যে রয়্যালটি পাওনা পঃ বঃ সরকারের আছে তা দিয়ে তাঁরা পশ্চিম বাংলার উন্নতি করতে পারেন, কিন্তু সেই টাকা আদায় করার ব্যাপারে কোন আগ্রহ নেই। বিহার সরকার অর্ডিনান্স করে জোর করে এই টাকা আদায় করেছেন। আমাদের সরকারও একাজ ভালভাবেই করতে পারতেন। সুতরাং যদি পশ্চিমবাংলা থেকে চীফ অ্যাডমিনিষ্ট্রেটিভ অফিসার নিয়োগ করা হত তাহলে এই টাকা আদায় হত। কেন্দ্রীয় সরকার অফিসার দিতে বলেছেন, কিন্তু আমাদের সরকারের অফিসারে এত অভাব যে, তাঁরা তা দিতে পারছেন না এবং যার ফলে ৮ কোটি টাকা আদায় হচ্ছে না। এ সম্পর্কে দেখার কেউ নেই। আর একটা কথা হচ্ছে, কয়লা খনি পরিচালনা করার জন্য রাণীগঞ্জ অঞ্চলে বহু জমি ক্ষতিগ্রস্ত হয়েছে। মনোহরবহাল, নিশ্চিন্তা, চরণপুর, মাঝিয়াড়া ইত্যাদি গ্রামগুলি ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। এগুলি দেখার জন্য পঃ বঙ্গ সরকারের পক্ষ থেকে কোন ব্যবস্থা নেই। সেজন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি কয়লা খনি পরিচালনার ব্যাপারে পঃ বঙ্গ সরকারকে যে সুযোগ কেন্দ্রীয় সরকার দিয়েছেন তা যেন গ্রহণ করে পশ্চিমবঙ্গের স্বার্থ রক্ষা করা হয়।

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গের মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ক্যালেণ্ডার বা পঞ্জিকাতে আমরা দেখতে পাচ্ছি আগামী ২রা ডিসেম্বর আমাদের ঈদুজ্জুহা। কিন্তু তিথির ফের অনুসারে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গের খুব কম জায়গাতে ২ তারিখে ঈদ হবে। প্রকৃতপক্ষে এটা হতে যাচ্ছে ৩ তারিখে। লংগিচিউড এবং ল্যাটিচিউডের ব্যাপার আছে, চাঁদ আমরা পশ্চিমবঙ্গে নাও দেখতে পারি। কিন্তু এই বিষয় নিয়ে গতকাল আমি নাখোদা মসজিদ এবং টিপু সুলতান মসজিদের

ইমামদের সঙ্গে দেখা করেছিলাম। শুনলাম কাঁকিনাড়াতে নাকি জনৈক ব্যক্তি চাঁদ দেখেছেন, কিন্তু এখন পর্যন্ত কোন প্রমাণ পান নি পশ্চিমবঙ্গে চাঁদ দেখেছেন বলে। পূর্ববঙ্গ শুনছি পাকিস্তানের উপর নির্ভর করে, কিন্তু আমরা পাকিস্তানের উপর নির্ভর করে পশ্চিমবঙ্গে নামাজ পড়তে পারি না। কলকাতার ইমাম সাহেব সিদ্ধান্ত নিতে পারেন নি, হয়ত ৩ তারিখে ঈদ পালন করবেন। আমার সরকারের কাছে অনুরোধ সরকারী ঘোষণা ছুটির দিন যেন ৩ তারিখ করা হয়। সরকার হয়ত বলবেন আমরা একটা প্রোসিডিওর ফলো করছি, ঈদের ছুটির দিন ২ তারিখ যেটা আছে ঠিক আছে, মুসলমানদের ক্ষেত্রে কেবলমাত্র ৩ তারিখ হবে। স্যার, এটা সেকুলার স্টেট, পূজার দিন মুসলমানদের কাজে লাগানো হয়, আমাদের লেজিটিমেট ডিমাণ্ড হচ্ছে সকলেই যেন এই ছুটি পায়। আমরা শুনতে পাচ্ছি ১ তারিখে অধিবেশন হবে। কুচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ির সদস্যরা ১ তারিখে সেসান করে কিভাবে তাঁরা কেনাকাটা করে বাড়ি যাবেন? সেজন্য অনুরোধ হাউস ১ তারিখ পর্যন্ত না চালিয়ে ৩০ তারিখ যেন শেষ করা হয়।

শ্রীনরেশচন্দ্র চাকি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া প্রধানমন্ত্রী যে ২০ দফা কর্মসূচী ঘোষণা করেছেন তার মধ্যে ১ দফা হল ভারতবর্ষের তাঁত শিল্পের আরো উন্নয়ন করা। কিন্তু আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমণ্ডলীকে জানাতে চাই বর্তমানে পশ্চিমবঙ্গ থেকে যে শিল্প সম্পূর্ণভাবে নিশ্চিহ্ন হয়ে যেতে বসেছে সেটা হচ্ছে তাঁতশিল্প। আপনি নিশ্চয়ই জানেন নদীয়া জেলাতে প্রায় ১৫ হাজার হ্যাণ্ডলুম আছে এবং প্রায় ২ হাজার পাওয়ারলুম আছে এবং গোটা দশেক প্রসেসিং মিল আছে। নদীয়া জেলার প্রায় ১০/১৫ হাজার লোক এই কুটির শিল্পে কাজ করে এবং নদীয়া জেলার অর্থনীতিতে এই তাঁতশিল্প একটা মুখ্য ভূমিকা গ্রহণ করে আছে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, সুতার দাম বেশি এবং ঠিকমত সুতা পাওয়া যায় না, অথচ কাপড়ের দাম অত্যন্ত কম, যার জন্য আজকে তাঁত শিল্প সম্পূর্ণভাবে ধ্বংসের মুখে। নবদ্বীপে একটা হাট আছে, যেটা ইস্টার্ন ইণ্ডিয়ায় একটা অন্যতম বিখ্যাত হাট। সেই তাঁতের হাট প্রতি শুক্রবারে বসে। আগে যেখানে সেই হাটে ১৫/২০ লক্ষ টাকার কেনাবেচা হত, এখন সেখানে ১ লক্ষ টাকার কাপড় বেচাকেনা হচ্ছে না, যার ফলে তাঁত সম্পূর্ণ বন্ধ হয়ে যাচ্ছে। নদীয়া জেলার ১৫ হাজার হ্যাণ্ডলুমের মধ্যে অর্ধেক এখন বন্ধ হয়ে গেছে, অনেকে এখন হ্যাণ্ডলুম বিক্রি করে খাচ্ছে। ২ হাজার পাওয়ারলুমের মধ্যে ১২ শ বন্ধ হয়ে গেছে। আমি আপনার মাধ্যমে শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এইসব তাঁতশিল্প ধ্বংস না

হয়ে যায় তার উপযুক্ত ব্যবস্থা এখনই গ্রহণ করুন। বাংলার তাঁতশিল্প এবং শিল্পীদের রক্ষা করুন—এই আবেদন আপনার মাধ্যমে রাখছি।

[1.20—1.30 P. M.]

শ্রীমনোরঞ্জন হালদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশে যখন জরুরী অবস্থা চলছে তখন দেখছি একশ্রেণীর সরকারী কর্মচারীদের চক্রান্তে পশ্চিমবাংলার তফসিল জাতি, তফসিল উপজাতি এবং মুসলমান সম্প্রদায়ের শিক্ষিত বেকার ছেলেরা চাকুরি থেকে বঞ্চিত হচ্ছে। তারা কিভাবে বঞ্চিত হচ্ছে সেই কাহিনী আমি আপনার সামনে তুলে ধরছি এবং তার প্রতিকার দাবি করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে ইনফরমেশন আছে ২৪ পরগনার ডিষ্ট্রিক্ট জাজ-এর অফিসে ১৯৭৪ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত কি অবস্থা চলেছে। সেখানে অনেককে চাকুরি দেওয়া হয়েছে, কিন্তু তদন্ত করলে দেখা যাবে একশ্রেণীর সরকারী কর্মচারী চক্রান্ত করে সিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইব এবং মুসলিম সম্প্রদায়ের ছেলেদের চাকুরি দেন নি। আমি আপনার মাধ্যমে জানতে চাই কাদের চক্রান্তে এই তফসিল সম্প্রদায়ের ছেলেরা এবং মুসলিম সম্প্রদায়ের ছেলেরা চাকুরি থেকে বঞ্চিত হচ্ছে। কয়েকদিন আগে সেখানে যে কিছু লোকের অ্যাপয়েন্টমেণ্ট দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে তার মধ্যে কয়েকজন পিওন আছে এবং তাদের পিওন হিসেবে অ্যাপয়েন্টমেণ্ট দেবার ২০ দিনের মধ্যে দেখা গেল তাদের প্রোমোশন দিয়ে ক্ল্যারিক্যাল পোস্টে নেওয়া হয়েছে। তাদের চাকুরি হবার পর সেখানে সার্কুলার দেওয়া হয়েছে যে, যারা সিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইবস এবং মুসলমান সম্প্রদায়ের লোক আছে তারা দরখাস্ত করলে কনসিডার করা হবে। আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন সেখানে একটা চক্রান্ত চলছে। আমি দাবি করছি যারা এই চক্রান্তের সঙ্গে লিপ্ত আছে তাদের সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক। আমরা প্রধানমন্ত্রী এবং আমাদের মুখ্যমন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ের নেতৃত্বে বিশ্বাসী হয়ে চলেছি। কিন্তু দুঃখের সঙ্গে জানাচ্ছি আজকে দেখছি তফসিল জাতির ছেলেরা এবং মুসলমান সম্প্রদায়ের ছেলেরা চাকুরি পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে। আমরা ২০ দফা কর্মসূচীর কথা বলছি, কিন্তু দেখছি তফসিল সম্প্রদায়ের ছেলেরা ডিপ্রাইভড হচ্ছে। এখানে আইনমন্ত্রী বসে আছেন, আমি এই ব্যাপারে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাছে যে-সমস্ত কাগজপত্র আছে তাতে আপনি দেখতে পাবেন অ্যাপয়েন্টমেণ্টের ব্যাপারে মুসলমান এবং তফসিলরা কোন সুযোগ

পায় নি। আমি এই গুরুতর ব্যাপারটা আপনার মাধ্যমে সরকারের কাছে রাখলাম।

(At this stage Sarbashri Monoranjan Pramanick and Satyaranjan Bapuli rose to speak)

Mr. Speaker : The honourable Member has already drawn the attention of the Treasury Bench and yon should not stand up to support him. He does not require any advocacy. The honourable Member is quite competent to draw the attention of the Treasury Bench as also other Members of the House. I will expect of them not to stand up, after one Member has finished his speech, to support him.

Shri Satya Ranjan Bapuli : The matter is very urgent.

Mr. Speaker : It may be an urgent matter but under rule 351 I cannot allow you. Every matter is important, very important and that is why the honourable Member has drawn the attention of the House.

Now, Shrimati Geeta Mukhopadhyay.

শ্রীমতী গীতা মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বেদনা এবং ক্ষোভের সঙ্গে একটি গুরুতর বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে এই বিধানসভার এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটি হল হাড়োয়া থানার উচিলদা অঞ্চলের কুয়ালটি গ্রামের অধিবাসী অশ্বিনী মুণ্ডার স্ত্রী শ্রীমতী ইচ্ছামতি মুণ্ডার উপর জোতদার পুত্রের বলাৎকারের কাহিনী। এই ইচ্ছামতি মুণ্ডা তরুণী মেয়ে। ক্ষেতমজুররা দরিদ্র লোক, তাই তাদের ঘরে কোন খিল থাকে না। ইচ্ছামতি মুণ্ডার ঘরেও খিল নেই, সে দাওয়ায় শুয়ে ঘুমোচ্ছিল। সেখানে একজন প্রতিষ্ঠিত জোতদার আছে, যার নাম হচ্ছে কুঞ্জ দাস এবং তার ১৫০ বিঘা জমি বেনামিতে আছে।

তার মেয়ের ছেলে মৃত্যুঞ্জয়, তার বাবার নাম কার্তিক দাস এবং মৃত্যুঞ্জয়ের সঙ্গে তার আরও সাঙ্গপাঙ্গ—সুদর্শন, নটবর, অতুল, ভাগবত প্রমুখ এই মেয়েটির উপরে রাত্রে চড়াও হয় এবং তার উপর চরম অত্যাচার করে। সেই সময় যেহেতু গ্রামবাসীরা মল্লিকভেড়ির বাঁধ ভেঙ্গে গিয়েছিল বলে বাঁধ বাঁধতে গিয়েছিল, সেই সুযোগে এই ঘটনা ঘটে। আমি স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই ঘটনা

ঘটবার পরে ঐখানকার দফাদার বলে, তোমরা নালিশ করো না, আমরা গ্রাম্য বিচার করে ব্যবস্থা গ্রহণ করব। গ্রামের অসহায় আদিবাসীরা সেজন্য অপেক্ষা করতে থাকে, তারপরে দেখা যায় আচার-বিচার কিছুই হল না। তখন তারা হাড়োয়া থানায় গিয়ে ১৮ই নভেম্বর তারিখে এই বিষয়ে ডায়েরী করে—স্যার, ডায়েরী করার পর এখনও দেখা যাচ্ছে সুদর্শন, অতুল, ভগবত বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে এবং মৃত্যুঞ্জয়ের চেহারা দেখা যাচ্ছে না। এই বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে আমি মনে করি না। স্যার, ঘটনাটা এমন, তাতে উঠে দাঁড়িয়ে আমাকে সমর্থন করার কোন মাননীয় সদস্যর প্রয়োজন নেই। এবং সেটা আমিও চাই না। আমি কেবল বলতে পারি এই ঘটনা দলমত নির্বিশেষে বিবেক বিদ্রোহ করার মত ঘটনা। আমি দাবি করব এই ঘটনার উপর তদন্ত করা হউক। এবং এই বিষয়ে এখানে একটা স্টেটমেন্ট আমি দাবি করছি। আমি আশা করব যে, এখুনি এর উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে, যাতে নিরীহ আদিবাসী মহিলাদের উপরে জোতদাররা বা তাদের নন্দনরা এইরকম আর বলাৎকার করতে না পারে। এই ঘটনার পর থেকে তারা যেন কিছুটা পরিমাণে শিক্ষা পায়। আজ স্যার এই বিধানসভার গ্যালারীতে সেই মেয়েটি এবং তার পরিবার বসে আছে। আমি স্যার তাদের আপনার কাছে নিয়ে যাব। আমি সমস্ত বিধানসভার মাননীয় সদস্যদের কাছে আবেদন করছি যে, আমার এই আবেদন যেন গ্রহণ করা হয় এবং যাতে এর ব্যবস্থা গ্রহণ করা হয় সেজন্য যেন তাঁরা ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রীঅসমঞ্জ দেঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার এবং মাননীয় মন্ত্রিসভার এবং মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি এবং এর প্রতিকার দাবি করছি। আমাদের পরিবার পরিকল্পনা একটা জাতীয় কর্মসূচী। ভারতবর্ষের মাননীয়া প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং যুবনেতা শ্রীসঞ্জয় গান্ধী ভারতবর্ষের অর্থনৈতিক অগ্রগতিকে ত্বরান্বিত করতে এই জাতীয় কর্মসূচীকে সার্থক রূপায়ণের জন্য এর উপর যথাযথ গুরুত্ব দিচ্ছেন। পঃ বাংলার বুকে মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পঃ বাংলার সর্বত্র এই কর্মসূচীর সার্থক রূপায়ণের জন্য সংগ্রাম চালাচ্ছেন। আমাদের নদীয়া জেলা স্যার, এই কর্মসূচীতে ক্ষিপ্র গতিতে এগিয়ে যাচ্ছিল, ১৯৭৩ সালে এপ্রিল থেকে সেপ্টেম্বর—এই ৬ মাস নির্বীজকরণের লক্ষ্যমাত্রা ছিল ২৫ হাজার, কিন্তু স্যার, সকলের আন্তরিক চেষ্টায় সেই লক্ষ্যমাত্রা ছাড়িয়ে সেই ৬ মাসে ৪৬ হাজার ৮৯টিতে পৌঁছেছিল। নদীয়া

ুলা পঃ বাংলায় দ্বিতীয় স্থান অধিকার করেছিল। গতবার ভ্যাসাকটমি পারেশনে পঃ বাংলা প্রথম স্থান অধিকার করেছিল। কিন্তু স্যার, সম্প্রতি ছু দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীলদের এবং কতিপয় ডাক্তারদের চক্রান্তে এবং ভেদে এবং সি পি এম প্রভাবিত কো-অর্ডিনেশন কমিটির প্রভাবে এই জাতীয় রিকল্পনা বানচাল হতে চলেছে। নানারকম মজাদারী চটকদারী ছড়ার আকারে স্তাহার প্রকাশিত করে নদীয়া জেলার পরিবার পরিকল্পনার কর্মসূচী রূপায়ণে চল অবস্থার সৃষ্টি হয়েছে। স্যার, যেখানে ৬ মাস গড়ে ৮ হাজার হচ্ছিল, খানে অক্টোবর মাসে মাত্র ১২৮২টি কেস হয়েছে এবং নভেম্বর মাসের ২৬ তারিখ র্যন্ত মাত্র ৪৭২টি হয়েছে। আমি কারণ অনুসন্ধান করে জানতে পারলাম যে, ৫ই বং ৬ই নভেম্বর মাসে সত্যযুগ পত্রিকায় লেখা হয়েছে যে, নিঃসন্তানকে এবং পত্নীককে এবং মৃত লোককে অপারেশন করা হয়েছে এবং এমন কি একজন াককে একাধিকবার অপারেশন করা হচ্ছে। আমি স্যার, তখন ডিষ্ট্রিক্ট ামিলি প্ল্যানিং অফিসারকে লিখলাম, সেই অনুসারে তিনি আমার কাছে একটি পোর্ট পাঠালেন, আমি সেই রিপোর্ট মন্ত্রিসভার কাছে প্লেস করব এবং তিনি মাকে জানালেন সত্যযুগের রিপোর্ট সম্পূর্ণ সত্য নয়। আমি জিজ্ঞাসা করি াজকাল সেন্সরশীপ থাকা সত্ত্বেও মুশকিল আসান ছড়া কি করে প্রকাশিত হয়। ইসব জিনিস স্যার এখানে পড়তে আমার মানসিকতায় বাধে। তারপর স্যার ৪ জন ডাক্তারের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছিল তাঁদের কাছে আমি লিখলাম, রা লিখিতভাবে আমাকে উত্তর দিয়েছেন যে, এইসব ঘটনা সত্য নয়। আমি ার মনে করি বৃহৎ কর্মযজ্ঞে দুর্নীতি আসতে পারে। পরিবার পরিকল্পনা জাতীয় র্মসূচী এবং দুর্নীতি দূর করাও একটা জাতীয় কর্মসূচী। আজকে ডিষ্ট্রিক্ট ভিজিলেন্স ফিসার চাকদহ, রাণাঘাট, বগুলা, নবদ্বীপ, বেথুয়াডহরী প্রভৃতি ৮টি স্বাস্থ্য কেন্দ্রের স্ত রেকর্ড সীজড করে নিয়েছে। এইসব কার্যকলাপ এমনভাবে চলেছে যার জন্য ই জাতীয় কর্মসূচী রূপায়ণ একেবারে অচল অবস্থায় এসেছে। আমি মাননীয় স্থ্যমন্ত্রীকে অনুরোধ করব যে, আপনি অবিলম্বে নদীয়া জেলায় যান, সেখানকার ক্তারদের সঙ্গে মিলিত হয়ে এই বিভেদ এবং চক্রান্তকারীদের প্রচেষ্টা বিলম্বে দূর করুন। এবং যারা আপনার প্রচেষ্টাকে বানচাল করছে বং এইরকম ইস্তাহার প্রকাশিত করছে তাদের বিরুদ্ধে কঠোর শাস্তির বস্থা করুন, তা না হলে ভারতবর্ষের এই জাতীয় কর্মসূচী নদীয়া জেলায় র্থক রূপায়ণ হবে না। এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ রছি।

[1.30—1.40 P. M.]

শ্রীগোবিন্দ চ্যাটার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এক গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। কয়েক বৎসর আগে দেশের কতকগুলি মৃতপ্রায় শিল্পের কথা বলছি। এখানে একজন মাননীয় সদস্য হস্তচালিত সুতা শিল্পীদের অসুবিধার কথা বলেছেন, আমি যন্ত্রচালিত সুতা শিল্পীদের কথা বলছি। কয়েক বৎসর আগে পশ্চিমবঙ্গে ইণ্ডিয়ান রিকনষ্ট্রাকশন কর্পোরেশন অব ইণ্ডিয়া লিমিটেড, সংক্ষেপে আই আর সি আই গঠিত হয়েছিল এবং পশ্চিমবঙ্গের চারটি মৃতপ্রায় সুতাকল তাদের দেওয়া হয়েছিল সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য। কিন্তু দুঃখের কথা সেই চারটি সুতাকলের মধ্যে তিনটি বন্ধ হয়ে গিয়েছে এবং আর একটি কোন্নগরে শ্রীদুর্গা কটন মিল আজকে বন্ধ হতে চলেছে। সেখানে শ্রমিকরা রোজ হাজিরা দিচ্ছে, কিন্তু সুতা ও তুলার অভাবে কোন কাজ হচ্ছে না এবং শ্রমিকরা কোন মাইনেও পাচ্ছে না। আই আর সি আই পরিচালিত প্রত্যেকটি সুতাকল এইভাবে বন্ধ হতে চলেছে। তাছাড়া শ্রীদুর্গা কটন মিলের শ্রমিকদের যে ১৬ হাজার টাকা প্রভিডেণ্ট ফাণ্ড তাও তারা খরচ করে ফেলেছে, জমা দেয় নি। এছাড়া বিভিন্ন যেসব টাকা জমা দেওয়া হয়েছিল সে টাকাও নানাদিকে ডাইভারশন করে খরচ করে ফেলা হয়েছে। আজকে যে ২০ দফা কর্মসূচী নেওয়া হয়েছে, যে প্রত্যেকটি লোককে মোটা কাপড় –ফাইন কাপড় না হোক দেওয়া হবে, সেখানে দেখা যাচ্ছে যে একটার পর একটা কাপড়ের কল পশ্চিমবঙ্গে বন্ধ হয়ে যাচ্ছে। এইজন্য আমি সরকারের শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই মিলগুলি জাতীয়করণ করা হোক এবং একটা সুষ্ঠু বডির হাতে দেওয়া হোক যাতে শুধু শ্রমিকরা নয়, জনসাধারণও ক্ষতিগ্রস্ত না হয়।

শ্রীসুনীতি চট্টরাজ ঃ অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বক্তব্য রাখতে বাধ্য হচ্ছি। কিছুদিনের পুরানো ইতিহাস দেখলে দেখা যাবে যে, বীরভূমের হাজার হাজার লক্ষ লক্ষ যুবক বিভ্রান্তের রাজনীতির শিকার হয়েছিল তাদের অন্নের তাগিদে, তাদের রুটি-রোজগারের তাগিদে। তারা আশাহত হয়ে বিভ্রান্তের রাজনীতির শিকার হয়ে অনেকেই বিপথে চলে গিয়েছিল। আমরা চেষ্টা করেছি এবং তাদের রাজনীতি পাল্টাবার চেষ্টা করেছি। হঠাৎ লক্ষ্য করছি যে সেখানে বড়লোকরা এ্যাটেম্ট্ টু মার্ডার, খুন করলেও তাদের বিরুদ্ধে ৩২৩/৩২৪ ধারা বা মিসার কোন আঘাত বা পুলিসের কোন আঘাত তাদের উপর পড়ে না বা কোন

ক্রিমিন্যাল অফেন্স তাদের উপর আসছে না। আমি বলছি স্যার, কিছুদিন আগে লক-আউটের আঘাতে ৭৫০ জন শ্রমিক আহত হয়েছে। আমাদের ওখানে পাঁচলা কটন মিলে হঠাৎ বড়লোকের একজন আদুরে দুলালের খামখেয়ালীতে, অকারণে, কোন উপযুক্ত নোটিস না দিয়ে লক-আউট ডিক্লিয়ার করল এবং সাড়ে সাতশ' মানুষকে পথে বসিয়ে দিলো। পুলিস তাদের বিরুদ্ধে কোন মিসা বা অ্যারেস্ট করল না। এই লক-আউট তুলে নেওয়ার জন্য আমাদের শ্রমমন্ত্রী কি সিদ্ধান্ত নিচ্ছেন? এখানে প্রদীপ ভট্টাচার্য মহাশয় অনেক চেষ্টা করেছেন। সরকার এই কটন মিল খোলার কি চেষ্টা করছেন তা জানবার জন্য সাড়ে সাতশ' মানুষ অপেক্ষা করছে, এই সাড়ে সাতশ' যুবক শ্রেণী সেখানে অপেক্ষা করছে।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিসভার সম্মুখে একটি গুরুত্বপূর্ণ বিষয় রেখে তাদের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সারাদিন ধরে যতক্ষণ পর্যন্ত বিধানসভা বসেছে, ততক্ষণ পর্যন্ত পুলিসী সন্ত্রাস, পুলিসী বিভীষিকা, পুলিসী অরাজকতা, পুলিসী অত্যাচারে ইতিহাসই এখানে বিবৃত হল। আমি জানি আমাদের এই মন্ত্রিসভার যাঁরা এখানে উপস্থিত আছেন, তাঁদের কর্ণগোচর করার জন্য বলছি ঠিকই, কিন্তু আমি জানি না, তাঁরা কোন ব্যবস্থা নিতে পারবেন কিনা, কারণ আমার মনে হচ্ছে পুলিসের ব্যাপারে এই মন্ত্রিসভা একেবারেই অপারগ। তাই সমস্ত পশ্চিমবাংলার মানুষের কাছে একটা দৃষ্টান্ত উত্থাপন করছি, তাদের আমি এটা উপহার দিচ্ছি এবং তাদের দৃষ্টি আকর্ষণ করছি—তোমরা দেখ পশ্চিমবাংলার কি অবস্থা। আজকে আবদুল মালেক বলে একজন মাস্টার মহাশয়, সম্মানিত ব্যক্তি, তিনি একজন দুর্দিনের কংগ্রেস কর্মী, হঠাৎ গজিয়ে উঠেন নি, এই মানুষ যেদিন বিশৃঙ্খলা, অরাজকতা পশ্চিমবাংলার এ-প্রান্ত থেকে ও-প্রান্ত পর্যন্ত মানুষকে সন্ত্রস্ত করে তুলেছিল সেদিন নিপীড়িত মানুষদের পাশে দাঁড়াবার শক্তি এবং সাহস তাঁর ছিল এবং জীবনপণ করে রাজনীতি করার অধিকার তাঁর ছিল এবং সে দুঃসাহস তিনি সেদিন দেখিয়েছিলেন। তিনি কোন অন্যায় বরদাস্ত করতে পারেন নি। একটা ঘটনা ঘটল, একটা মামলা হল, একটা মিথ্যা মামলায় তাঁকে জড়িয়ে দেয়া হল—আমি সরকারের কাছে কৃপা চাইছি না মিথ্যা মামলার জন্য, কারণ মিথ্যা মামলা কি করে ফাঁসিয়ে দেয়া যায় সেই শিক্ষা এবং বুদ্ধি আমার আছে, তার দায়িত্ব আমি নেব, তার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি না। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে জন্য সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, তাকে রাতের অন্ধকারে ডেকে নিয়ে গিয়ে বলা হল যে, তুমি পুলিসের বিরুদ্ধে এই এই অভিযোগ কর, এই নাও

দিস্তার পর দিস্তা কাগজ, একটার পর একটা দিস্তা কাগজ দেয়া হচ্ছে এবং বলা হচ্ছে তোর কোন্ কংগ্রেস বাবা আছে যে তোকে রক্ষা করবে। যে হাতে লিখেছিস সেই হাত তোর ভেঙ্গে দেব, তারপর তাকে উলঙ্গ করে দেয়া হল। সে যখন জল চাইল তখন তার বুকে চাবুক এবং লাথি মারা হল। আজকে মন্ত্রিসভার কারো বা কংগ্রেসের জেনারেল এই অবস্থা যদি হয়, আমি মনে করি আমাদের মন্ত্রিসভা বেঁচে নেই। আমি এর আশু প্রতিবিধান চাই। আজকে পশ্চিমবঙ্গে জঙ্গলের রাজত্ব চলছে। এখানে চেঙ্গিজ খাঁ এসেছে, হিটলারী রাজত্ব সৃষ্টি হয়েছে। যদি এই মন্ত্রিসভা এর প্রতিবিধান না করতে পারে তা হলে কি প্রয়োজন আছে এই মন্ত্রীর থাকার? তার পদত্যাগ করা উচিত।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক: মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে। আপনি জানেন সম্প্রতি পুজার আগে বর্ধমান জেলার জামালপুর থানার একটা অঞ্চলে নিম্ন দামোদর দ্বারা বন্যাবিধ্বস্ত হয়েছিল। তাতে সেই অঞ্চলের ঘরবাড়ি তো গেছেই, চাষ-আবাদ সব শেষ, এমন কি আমন ধানও কিছু হয় নি। সেজন্য বোরো ছাড়া সেখানে আলু এবং যে গম চাষ হয় সেই চাষের জন্য ঋণ সাহায্য পাওয়া প্রয়োজন। পশ্চিমবাংলার যিনি কৃষিমন্ত্রী, আজ তিনি উপস্থিত আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে, অন্যান্য জেলায় যেখানে যেখানে বন্যাবিধ্বস্ত অঞ্চল হয়েছে প্রতিটি জায়গায় কৃষিঋণ বা সাহায্য সেখানে পৌঁচেছে, কিন্তু বর্ধমান জেলায় যে অঞ্চল বন্যা বিধ্বস্ত হয়েছিল—জামালপুরের কয়েকটি গ্রাম, সেখানে কোনরকম কৃষিঋণ বা সাহায্য পৌঁছায় নি। আমি তাই স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, বর্ধমান জেলার বন্যাবিধ্বস্ত অঞ্চলে অবিলম্বে যেন কৃষিঋণ এবং চাষের জন্য যে সাহায্যের প্রয়োজন সেটা দেয়ার কথা তিনি যেন চিন্তা করেন। সেখানে লোকে অনাহারে দিন যাপন করছে—এই অবস্থা চললে আগামী বছরও তাদের অনাহারে দিন যাপন করতে হবে। সেজন্য এই অবস্থার প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

[1.40—1.50 P. M.]

ডাঃ এক্রামুল হক বিশ্বাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কৃষিমন্ত্রী এবং সেচ মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন পশ্চিমবঙ্গে

মধ্যে মুর্শিদাবাদের ডোমজুড় ব্লক একটা কৃষিপ্রধান জায়গা। সেখানে ৫৯টি ডিপ-টিউবওয়েল, ১৯টি লিফট ইরিগেশন এবং কয়েকটি শ্যালো টিউবওয়েল রয়েছে। তা থাকা সত্ত্বে সেখানে সেচ বিভাগ বা ইলেকট্রিক বিভাগের অন্তর্ভুক্ত না হওয়ায় আমাদের প্রধানমন্ত্রীর যে অ্যাকসিলিয়ারেটেড ফুড প্রোগ্রাম-এর যে সমস্ত কর্মসূচী রয়েছে তার থেকে আমার ব্লক সম্পূর্ণ বঞ্চিত হচ্ছে। অর্থাৎ সেখানে শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল ইত্যাদি বৈদ্যুতিকীকরণের সুযোগ না দেওয়ার জন্য সেই সমস্ত কৃষককুল বঞ্চিত হচ্ছে। এর ফলে কৃষককুলের মধ্যে একটা ব্যথার ব্যথা জেগে উঠেছে। তাছাড়া পাশের ডোমকল ব্লকে ডিপ টিউবওয়েল থাকা সত্ত্বেও কিভাবে আর ই সি থেকে বাদ দেওয়া হল জানি না। তাই কৃষিমন্ত্রী এবং সেচ-মন্ত্রীকে অনুরোধ করছি যাতে এটা অন্তর্ভুক্ত করা হয়।

শ্রীফণীভূষণ সিংহবাবুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। অতীব দুঃখের কথা, সাড়ে চার বছর ধরে এই সভায় বিভিন্ন মাননীয় সদস্য পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের খাদ্য বিভাগের অকর্মণ্যতার কথা বলেছেন। সে সম্পর্কে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু ১৯৭২ সালের পর ১৯৭৬ সাল পর্যন্ত এবং ১৯৭৬ সাল শেষ হতে চলেছে এখন গ্রামাঞ্চলের রেশন কার্ড বিলির ব্যবস্থা সম্পূর্ণ হয়ে উঠে নি। এই রেশন কার্ড বিলির ব্যবস্থা না হওয়ার জন্য খাদ্য বিভাগের দুর্নীতিপরায়ণ কর্মচারী—তারা এম আর ডিলারের সাহায্য নিয়ে দুর্নীতি করে চলেছে। আজকে পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার কাছে বিনীত ভাবে নিবেদন করবো আগামীতে যে খরা বীরভূম, বাঁকুড়া এবং মেদিনীপুর ইত্যাদি জায়গাতে আসছে, তাতে এইসব এলাকাতে যদি রেশন কার্ড না চালু হয়, রেশনের মাধ্যমে চাল, গম, বিলি না হয়, তাতে এই বিলিতে যে দুর্নীতি আছে তাতে খুব অসুবিধা দেখা দেবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি গ্রামাঞ্চলের নির্বাচিত এম এল এ, আপনি নিজেও এটা অনুভব করেছেন। আজকে তাই বিনীতভাবে এই সম্পর্কে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীশরৎচন্দ্র দাসঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিশেষ করে পুরুলিয়া সম্বন্ধে একটা বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরুলিয়ায় রুজি-রোজগারের অভাব রয়েছে, পুরুলিয়ায় অন্যান্য অভাব রয়েছে, কিন্তু বর্তমান বছরে তার উপরে জলের অভাব দেখা দিয়েছে এবং ব্যাপকভাবে কয়েকটা ব্লকে এখনও পর্যন্ত পানীয় জল পাওয়া যাচ্ছে না। যে বছর

বৃষ্টি হয় সেই বছরেও পানীয় জল আমাদের ট্রাকে ট্রাকে করে গ্রীষ্মকালে সরবরাহ করতে হয়। এই বছর বৃষ্টি হয় নি, তাই এখনই পানীয় জলের অভাব দেখা দিয়েছে। প্রশাসন যৎকিঞ্চিৎ ব্যবস্থা নিয়েছেন। কিন্তু মানুষের জলকষ্ট যখন তীব্রভাবে দেখা দেবে তার জন্য যদি আগে থেকেই ব্যবস্থা না নেওয়া হয় তাহলে খুব অসুবিধায় পড়তে হবে। কূয়োর যে ব্যবস্থা হচ্ছে তা হতে হতে মে মাস লাগবে। তার আগে সম্ভব হবে না। তাই পশ্চিমবঙ্গে যে রিগ রয়েছে তাই দিয়ে বিশেষ করে গ্রামাঞ্চলে জলকষ্ট লাঘবের জন্য ব্যাপকভাবে টিউবওয়েলের ব্যবস্থা যদি করেন তাহলে পুরুলিয়ার লোকেরা অত্যন্ত আনন্দিত হবে এই ভেবে যে, পেটে ভাত বা ডাল না দিলেও অন্ততঃ একটু জল দিয়েছেন। সেইজন্য আশীর্বাদ করবে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করব খাবার জলের যাতে ব্যবস্থা হয়। আর এখন থেকে যদি ব্যবস্থা না করা হয় তাহলে গ্রীষ্মকালে অবস্থা আয়ত্তের বাইরে চলে যাবে। তখন গ্রামের দিকে কি প্রশাসন, কি প্রতিনিধি সকলেই খুবই অসুবিধায় পড়বেন। এইজন্য স্টেটে যে রিগ রয়েছে তার দ্বারা যে যে জায়গায় ব্যাপকভাবে জলাভাব রয়েছে বা হতে পারে সেখানে যাতে টিউবওয়েল তাড়াতাড়ি করা হয় সেদিকে নজর দেবার জন্য অনুরোধ করছি।

শ্রীগঙ্গাধর প্রামাণিকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, You are fully justified by quoting rule 351. যে মেনশনের সময় কোন মাননীয় সভ্য কাউকে সাপোর্ট করে বক্তৃতা করবেন না, আপনার বা মন্ত্রীদের অ্যাটেনশন ড্র করবেন না। কিন্তু আমরা গত চার বছর ধরে দেখে আসছি আপনি ইম্পরটেন্ট মেনশন কেসেস বিভিন্ন মন্ত্রীদের দপ্তরে পাঠিয়ে দেন উইথ দি এক্সপেকটেশন যে, সেগুলির উত্তর মন্ত্রীরা দেবেন, বা তিনি নিজে এখানে মেম্বারদের সামনে উপস্থিত হবেন। কিন্তু অবস্থা কি দাঁড়িয়েছে? আপনি মেনশনের একঘণ্টা সময় নির্দিষ্ট করেছেন। নিশ্চয় মেম্বাররা আশা করেন যে, ডিপার্টমেন্টাল মন্ত্রী এখানে হাজির থাকবেন, শুনবেন—যেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ তাঁর দৃষ্টি আকর্ষণ করা হয়, এক তিনি তখনই উত্তর দিতে পারেন ভাল—আর না হয় তিনি পরে তার উত্তর দেবেন। কিন্তু ফর ক্যালাসনেস অব দি ট্রেজারী বেঞ্চ সেই রকম কোন উত্তর আমরা পাই না। আমি আপনাকে আবার অনুরোধ করব যে, মেনশন করার সময় বিভাগীয় মন্ত্রীরা যেন এখানে হাজির থাকেন এই ব্যবস্থা আপনি করুন। This allures the other members to draw the attention of the House.

মেম্বারদের স্যাটিসফ্যাকশনের জন্য গভর্নমেন্টের যে পলিসি তার বিরুদ্ধে

যে-সব অফিসার কাজ করছেন সে সম্বন্ধে অবহিত হয়ে তার বিরুদ্ধে স্টেপ নেবার ব্যবস্থা মন্ত্রী মহাশয় যেন করেন, এটা আপনি আর একবার মন্ত্রীদের বলে দিন।

Mr. Speaker: Mr. Pramanick, I fully appreciate the point that you have raised on a number of occasions. I have requested the members of the Treasury Bench to be present as far as possible in the House, at least in the first half when questions and mention cases are taken up by the House. I again request the Members of the Treasury Bench to be present in the House. Today, I find that Shri Ajit Kumar Panja is not present. He has given me a letter asking leave from me to be absent in the House today as he has official business elsowhere. So far as other Honourable Ministers, who are not present here today, are concerned, I have not received any intimation that they will be away from the House for some urgent piece of business. Except any urgent piece of official business the Hon'ble Members of the Treasury Bench must be present in the House. It is one of the most important functions that the Ministers ought to carry out. So, I draw the attention of the Hon'ble Ministers over and over again that as far as possible if they are not engaged in any other serious official matters they should be present in the House and respond to the points raised by the Honourable Members of the House. The Honourable Members get a chance to place the grievances of the people of their constiuencies before the House and before the Ministers when the House is in session. The Hon-' ble Ministers must feel that during the session it is their most important duty to be present in the House and hear what the Honourable Members speak on the floor of the House.

Statement under rule 346

Mr. Speaker: I now call upon Hon'ble Chief Minister to make a statement under rule 346.

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য খুব দীর্ঘ হবে না। আমি গত দু'দিন ধরে বাঁকুড়া জেলার বিভিন্ন খরাপীড়িত এলাকায় ঘুরে বেড়িয়েছি। জায়গায় জায়গায় লোকের বাড়িতে গিয়েছি, তাদের ধান দেখেছি, যে ধান উঠেছে সে ধানও দেখেছি। কিন্তু বহু জায়গা দেখেছি যেখানে কোনরকম ফসল হয় নি। অবস্থাটা কি সেটা আমাদের সকলকে বিবেচনা করতে হবে। এ বিষয়ে কোন সন্দেহ নেই যে, জায়গায় জায়গায় খুব দুরবস্থা দেখা দিয়েছে। কেবল বাঁকুড়া জেলা সম্বন্ধে বিবেচনা করি নি। বাঁকুড়ার খরা অঞ্চল দেখেছিলাম বলে

আমার সুবিধা হয়েছিল বোঝবার, ব্যাপারটি বোঝবার। এ ছাড়া গত রাত্রিবেলায় কমিশনার প্রেসিডেন্সী ডিভিসন, বাঁকুড়ার জেলা ম্যাজিস্ট্রেট, পুরুলিয়ার জেলা ম্যাজিস্ট্রেট, বীরভূমের জেলা ম্যাজিস্ট্রেট, মেদিনীপুরের জেলা ম্যাজিস্ট্রেটদের সঙ্গে আলোচনায় বসেছিলাম।

[1.50—2.00 P. M.]

বীরভূমের জায়গায় জায়গায় অবস্থা খুব সংকটজনক। আমি খালি এইটুকু বলতে চাচ্ছি যে, সরকারের তরফ থেকে সমস্ত ব্যবস্থা যাতে নেওয়া হয় তার জন্য আমরা নিশ্চয় চেষ্টা করব। আমি আজ ১২॥০টা নাগাদ ফিরেছি। ফেরা মাত্রই চীফ সেক্রেটারি, এগ্রিকালচারাল কমিশনার, রিলিফ কমিশনার, ফুড কমিশনার, ডেভেলপমেণ্ট কমিশনারদের ডেকে পাঠিয়েছিলাম এবং সেখানে ত্রাণ বিভাগের রাষ্ট্রমন্ত্রী রামকৃষ্ণ সারাওগী মহাশয়ও ছিলেন, খাদ্যমন্ত্রী অ্যাসেম্বলীর দিকে রওনা হয়ে গেছেন, পাইনি, কৃষিমন্ত্রীকেও পাইনি, তিনি অ্যাসেম্বলী চলে এসেছিলেন। যাই-হোক আলোচনা করে একটা কিছু করা দরকার, সেই সম্পর্কে আমি একটা রিপোর্ট চেয়েছি। কিন্তু আমাদের পরিকল্পনা পাকাপাকি করার আগে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব বাধিত হব যদি বিজনেস অ্যাডভাইসরিতে বলেন যে, এই অবস্থা হয়েছে। পশ্চিমবঙ্গের খরাপীড়িত এলাকা সম্বন্ধে ব্যাপকভাবে হাউসে ১লা ডিসেম্বর কিম্বা ৩রা ডিসেম্বর আলোচনা হলে ভাল হয়—২ তারিখে হবে না, ঈদ আছে। তাই ৩ তারিখেই হোক। কিন্তু তা সত্ত্বেও আমি মাননীয় সদস্যদের বলব ১ তারিখে যদি আপনারা দু'ঘণ্টা সময় দিতে পারেন তাহলে প্রত্যেক জেলা থেকে সংক্ষিপ্তভাবে মাননীয় সদস্য যাঁরা আছেন তাঁরা এই সম্পর্কে তাঁদের নিজ নিজ জেলা সম্বন্ধে হাউসে বলবেন এবং তাঁদের বক্তব্য শুনে আমরা পাকাপাকি একটা ব্যবস্থা গ্রহণ করব। তবে এইটুকু প্রতিশ্রুতি আমি দিচ্ছি প্রথমে ১৯৭২-৭৩ সালে যেরকমভাবে আমরা লড়াই করেছিলাম, এবারেও ঠিক সেই একই রকম ভাবে ব্যবস্থা গ্রহণ করব। আমরা এখন অনেক রকম সমস্যা সম্বন্ধে জানতে চাই, আপনারা নিশ্চয় বলবেন। পুরুলিয়া এবং বাঁকুড়ার পানীয় জলের বর্তমান পরিস্থিতি কি সেটা আমরা জানতে চাই। সুন্দরবনের অবস্থাও ভাল নয়—সেখানে কি হচ্ছে, সেটাও আমরা জানতে চাই, খানিকটা আমরা জানি। আমি সমস্ত রিপোর্ট নিয়েছি, কিন্তু তবুও মাননীয় বিধানসভার সদস্যদের কাছ থেকে রিপোর্ট পেলে আরো ভাল হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১লা ডিসেম্বর কন্সটিটিউশন অ্যামেণ্ড-

মন্ট র‍্যাটিফাই হয়ে যাবার পর যদি একটু সময় দিতে পারেন—একটা ছোট ামওয়েজ বিল আছে, বেশীক্ষণ যাবে না, তারপরে যদি কিছু সময় দিতে পারেন াহলে আমরা খুব বাধিত হব এবং হাউসও নিশ্চয় এটা চাইবে।

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে ২৬ তারিখে বিজনেস য়াডভাইসরি কমিটির মিটিং বসেছিল। আমাদের পার্টির তরফ থেকে তিনটি বিষয় নিয়ে এইবারের বিধানসভায় আলোচনার জন্য অলরেডি মোশন রেজলিউশন টেবল করে দিয়েছি বিজনেস অ্যাডভাইসরি কমিটির সামনে—সেগুলি হল খরা—শুধু াকুড়ায় নয়, আরো অনেক জেলায় খরা, তারপরে হল লক-আউট এবং হাই প্রাইসেস। সর্ট সেসানের জন্য যখন হাউস চলছে তখন এই তিনটি বিষয় নিয়ে আলোচনা না করলে আমাদের পক্ষে খুব অন্যায় হবে এবং সেইজন্য আপনারা নিশ্চয় সে সময় দেবেন এবং মুখ্যমন্ত্রীকেও এই বিষয়টি আমরা জানাচ্ছি।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ-মহাশয়, মোশন, রেজলিউশন করে লাভ নেই, ওটা রাজনৈতিক ব্যাপার—আলোচনাটাই হচ্ছে আসল জিনিস।

শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ আমরা আলোচনাই চেয়েছিলাম। মোশন না দিলে তো আলোচনা চাইতে পারি না, তাই মোশন দিয়েছিলাম।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ ঠিক আছে, মোশান নয়, আলোচনাই হবে।

Mr. Speaker: We have got a meeting of the Business Advisory Committee today during the recess when we will take up the matter and the honourable members will know the matter just after the recess.

Laying of the Second Report of the Committee of Privileges, 1976-77

The Chairman (Shri Haridas Mitra): Sir, I beg to lay the Second Report of the Committee of Privileges, 1976-77

Presentation of the Fourth Report of the Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes, 1974-76

The Chairman (Shri Monoranjan Pramanik): Sir, I beg to present the

Fourth Report of the Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes, 1974-76.

A printed copy of the report is laid on the Table.

Resolution on Ratification of the Constitution (Forty-fourth Amendment) Bill, 1976

Mr. Speaker : Shri Biswanath Mukherjee may resume discussion.

শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংসদে যে ফর্টিফোরথ অ্যামেণ্ডমেণ্ট বিল কন্সটিটিউশনের সে সম্বন্ধে আমাদের পার্টির মনোভাব কি তা প্রকাশিত হয়েছে এবং খবরের কাগজগুলিতেও তা কিছু কিছু প্রকাশিত হয়েছে। আশা করি এটা সকলেই দেখে থাকবেন যে, এই বিলের অনেকগুলি ব্যবস্থাকে আমরা সমর্থন করেছি, আবার কিছু কিছু ব্যবস্থার আমরা বিরোধিতাও করেছি এবং তা নিয়ে ভোটাভুটিও করেছি। তা ছাড়া এই বিলে নেই এমন কিছু ব্যবস্থাকেও আমরা সংযোজন করতে চেয়েছিলাম, তাও আমরা ভোটাভুটি করেছি। কিন্তু ভোটে হেরে যাওয়া সত্ত্বেও বা আমাদের সংশোধনী পাশ না হওয়া সত্ত্বেও বিলটির উপর শেষে যখন ভোট হয় তখন আমরা ভোটদানে বিরত না থেকে বিলের পক্ষেই ভোট দিয়েছি। কেন দিয়েছি? এটা প্রথমেই আমি বলতে চাই। স্যার, একটা প্রশ্ন উঠে গিয়েছিল যে, সংবিধান সংশোধন করবার অধিকার সংসদের আছে কি নেই? সংবিধানেই একটা ধারা আছে যে, সংশোধন করবার অধিকার আছে। অবশ্য তাতে একটা প্রসিডিওর লে ডাউন করা আছে। কিন্তু আদালতে এটা চ্যালেঞ্জড হয়েছে—কখনও চ্যালেঞ্জড হয়েছে ফাণ্ডামেণ্টাল রাইটস সংশোধনের অধিকার নেই, কখনও বলা হয়েছে একটা বেসিক ষ্ট্রাকচার আছে সেটা সংশোধন করতে পারবে না ইত্যাদি। কিন্তু বেসিক ষ্ট্রাকচারটা কি সেটা বলা হয় নি। বেসিক ষ্ট্রাকচার বলতে যদি কেউ মনে করেন যে, সংসদীয় যে ব্যবস্থা সেটা পাল্টে দেবার অধিকার সংসদের নেই, কিম্বা গণতন্ত্র বাতিল করবার অধিকার সংসদের নেই, কিম্বা আমাদের দেশে যে ফেডারেল সিস্টেম আছে তাকে বাতিল করবার অধিকার নেই, সেটা বোঝা যায়। কিন্তু অধিকার নেই মানে কি? তাহলে সংবিধান সংশোধন করবে কে? আমাদের সংবিধানে অন্য কোন ব্যবস্থা নেই, একমাত্র পার্লামেণ্টই সংবিধান সংশোধন করতে পারে। কোন সংবিধান সংশোধন যদি এমন হয় যে, পার্লামেণ্টারী সিস্টেমটাকেই নাকচ করে দিতে চায় তাহলে সেটা জনসাধারণ বুঝবে। সে রকম

সংশোধন পার্লামেন্ট পাশ করতে পারবে না। যদি করে জনসাধারণ তার প্রতিবাদ করবে, রিজেক্ট করবে। তাহলে পার্লামেন্টের অধিকার না থাকলে আর কার অধিকার আছে? আদালত করবে? আদালতকেও সে অধিকার দেওয়া নেই। এখন আদালত ছাড়াও একটা প্রশ্ন উঠেছে, সেটা হচ্ছে বলা হচ্ছে কন্সটিটিউয়েন্ট অ্যাসেম্বলীর কথা। যে সময় এই সংবিধান সংশোধন বিল পার্লামেন্টে এসেছিল ঠিক তার পূর্ব মুহূর্তে তিনটি রাজ্যের প্রদেশ কংগ্রেস কমিটির বর্ধিত অধিবেশন থেকে প্রস্তাব হয় যে, এখন এটা স্থগিত রাখা হোক এবং একটা কন্সটিটিউয়েন্ট অ্যাসেম্বী করে থরো অ্যামেণ্ডমেন্ট করা হোক। স্যার, কন্সটিটিউয়েন্ট অ্যাসেম্বলীর প্রভিশান আমাদের কন্সটিটিউশনে নেই। কিন্তু এই যে কথাটা বলা হল তার মানে পার্লামেন্টের সংবিধান সংশোধন করবার অধিকার চ্যালেঞ্জ করা হল। সুতরাং এটা আদালত থেকেও চ্যালেঞ্জ করা হয়েছে, আবার রাজনৈতিক মহল থেকেও চ্যালেঞ্জ করা হয়েছে বা হচ্ছে। এখন বলা হচ্ছে কন্সটিটিউয়েন্ট অ্যাসেম্বলীর প্রশ্নটা মিটে গিয়েছে। মিটে গিয়েছে কিনা জানি না, তবে একটা আওয়াজ কিছুদিন আগে উঠেছিল। স্বরণ সিং কমিটি—আমার যতদূর ধারণা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও সেই কমিটির সভ্য, সেই কমিটি পরিষ্কার ভাষায় সেই আওয়াজ নাকচ করে দিয়েছে।

[2.00—2.10 P.M.]

সেই আওয়াজ হচ্ছে এই যে আমাদের দেশে এই সংসদীয় ব্যবস্থাটা উপযুক্ত নয়। সংসদীয় ব্যবস্থার বদলে প্রেসিডেনসিয়াল সিস্টেম বা রাষ্ট্রপতি শাসনের একটা ব্যবস্থা আমাদের দেশে হওয়া উচিত; অর্থাৎ সংসদ থাকবে বটে, কিন্তু সংসদের সদস্য নিয়ে গঠিত মন্ত্রিসভা সংসদের কাছে দায়ী—তা নয়। জনসাধারণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হবেন রাষ্ট্রপতি এবং সেই রাষ্ট্রপতি হবেন সর্বময় এক্সিকিউটিভ ক্ষমতার অধিকারী এবং তিনি সরাসরি সংসদের কাছে দায়ী থাকবেন না এবং তাঁরা কেউ ভঙ্গে বলেন নি যে, অ্যামেরিকান সিস্টেম চাইছেন, না ফ্রেঞ্চ সিস্টেম চাইছেন, না কি সিস্টেম চাইছেন। কিন্তু স্বরণ সিং কমিটি এই প্রস্তাব নাকচ করেছিল লিখিত-ভাবে। এটাতে আমাদের পার্টি অভিনন্দন জানিয়েছে, এটা খুব আনন্দের কথা বলে আমরা মনে করি। আমাদের দেশে সংসদীয় এই ব্যবস্থা ছাড়া অন্য ধরনের ব্যবস্থায় আমাদের দেশের ঐক্য রক্ষা করা এবং আমাদের দেশের সমস্ত মানুষের প্রতিনিধিত্ব করা সম্ভব নয়। আমাদের দেশ অ্যামেরিকা নয়। অ্যামেরিকা বড়

হতে পারে, কিন্তু আমরা তার চেয়ে অনেক বড়। কিন্তু তফাৎ হচ্ছে এই যে, আমাদের দেশে বহু ভাষাভাষীর মানুষ বিভিন্ন অঞ্চলে বাস করে এবং ভাষাভাষীর ভিত্তিতে আমাদের রাজ্য গঠন করা হয়েছে এবং আমাদের ফেডারেল কনষ্টিটিউশন আমেরিকার ফেডারেল কন্সটিটিউশন-এর মধ্যে পার্থক্য এখানে যে, তাদের রাজ্য কোন ভাষাভাষীর ভিত্তিতে গঠিত নয়। কিন্তু আমাদের রাজ্য ভাষাভাষীর ভিত্তিতে গঠিত। আমরা সকলে জানি এই ভাষাভাষীর ভিত্তিতে রাজ্য গঠনের ব্যাপার নিয়ে ভারতবর্ষে কি রক্তস্রোত বয়ে গেছে। অন্ধ্রের কথা মনে করুন। যখন অন্ধ্র পৃথক রাজ্য হতে চাইল তখন অন্ধ্রের শ্রীশ্রীরামালুকে পদত্যাগ করতে হল। বিরাট একটা অভ্যুত্থান অন্ধ্রের জনসাধারণের মধ্যে হল, বহু রক্তপাত হল, তারপর অন্ধ্রে পৃথক রাজ্য গঠিত হল। ভেবে দেখুন মহারাষ্ট্রের কথা, গুজরাটের কথা, সংযুক্ত মহারাষ্ট্রের জন্য, সংযুক্ত গুজরাটের জন্য কি আন্দোলন হয়েছে, কত লোক গুলিতে প্রাণ দিয়েছে। বোম্বাই শহরে শতাধিক মানুষ গুলিতে প্রাণ দিয়েছে। আমাদের সংবিধান স্বীকার করে যে, আমরা একটা ফেডারেল ধরনের রাষ্ট্র, যেখানে কেন্দ্রের ক্ষমতা আছে, রাজ্যের ক্ষমতা আছে এবং রাজ্যগুলি ভাষাভাষী অঞ্চলে গঠিত। যেসব রাজ্য এখনো গঠিত হয় নি পরবর্তীকালে আবার রাজ্য হিসাবে গঠিত হচ্ছে। এই অবস্থায়, সংসদীয় ব্যবস্থায় একটা গ্যারান্টি সমস্ত রাজ্যের ভাষাভাষী মানুষ পায়। সব রাজ্যের প্রতিনিধি নিয়ে সংসদ গঠিত হয়, সেই সংসদের কাছে দায়ী, সেই সংসদের সদস্যদের দ্বারা গঠিত, সংসদের আস্থাভাজন মন্ত্রিসভা আমাদের শাসন করবে। সেই ব্যবস্থা বদলে দেওয়ায় ভারতবর্ষে একটা স্বৈরাচারী শাসন ব্যবস্থা নিয়ে আসবে তা ছাড়া আর কিছু নয় এবং ভারতবর্ষের ঐক্য তাতে দারুণভাবে বিঘ্নিত হবে, ভারতবর্ষের সমস্ত অঞ্চলের মানুষ, সমস্ত ভাষাভাষী মানুষ দারুণভাবে বিঘ্নিত হবে এবং ভারতবর্ষের ঐক্য এবং স্থায়িত্ব তার দ্বারা বিনষ্ট হবে। সুতরাং যেহেতু এই বিল আসবার সময় এসব প্রশ্ন জোরালো ভাবে উঠল, আদালত থেকে উঠল, বলা হলো তোমাদের অধিকার নেই সংশোধন করবার, সেই অধিকার সীমাবদ্ধ। অপর দিকে রাজনৈতিক মহল থেকে যে থরো চেঞ্জ-এর কথা উঠল, তার জন্য কন্সটিটিউয়েন্ট অ্যাসেম্বলী করতে হবে। সংসদকেই কন্সটিটিউয়েন্ট অ্যাসেম্বলী করতে হবে এবং তার পিছনে এই সমস্ত আইডিয়া ছিল। আমরা এই আইডিয়াগুলির সম্পূর্ণ বিরোধিতা করি বলে মত প্রকাশ করেছিলাম। আমরা আনন্দের সঙ্গে লক্ষ্য করেছি যে, সংসদের কংগ্রেস সদস্যদের ওভারহোলমিং মেজরিটির বেশীর ভাগই বাধা দিয়েছে। বাধা দিয়েছে এই ধরনের মুভকে এবং তার ফলে সেই ধরনের মুভ ব্যর্থ হচ্ছে। তারা দৃঢ়ভাবে বলেছে যে না, এই

সংশোধনীর অধিকার আমাদের আছে, আমরা করব এবং সংসদীয় গণতন্ত্রকে বাতিল করে তার বদলে অন্য ধরনের শাসন ব্যবস্থা আমরা চাই না। তাদের সঙ্গে পার্লামেন্টের যে বেশীর ভাগ সদস্য এই রকম একটা মনোভাব প্রকাশ করেছেন, যার ফলে এই বিপদ সাময়িকভাবে হলেও অন্ততঃ রুদ্ধ হয়েছে। তাদের সঙ্গে আমরা একত্ববোধ প্রকাশ করার জন্য, সলিডারিটি প্রকাশ করার জন্য কতকগুলি ধারা সম্বন্ধে আমাদের মতভেদ থাকা সত্ত্বেও আমরা এই বিলের ভোটাভুটিতে অ্যাবসটেন্ট না থেকে, ভোটদান থেকে বিরত না থেকে আমরা ভোট দিয়েছি।

এই আইনসভাতে আমরা আমাদের কিছু কিছু সমালোচনা রাখব, আমাদের কিছু কিছু সাজেশন রাখব, তা সত্ত্বেও আমরা এই বিলের পক্ষে মত প্রকাশ করব। কারণ আমরা মনে করি এখনও পর্যন্ত আমাদের দেশে সেই বিপদ আছে, স্বৈরাচারী শোষণ নিয়ে আসবার একটা প্রচেষ্টা আমাদের দেশে আছে। এখন আমরা এই বিলের ভিতর সর্বান্তঃকরণে সমর্থন করছি অনেকগুলো জিনিস, তার মধ্যে সব কথা আমার পক্ষে বলা সম্ভব নয়, কারণ সময় অল্প। প্রথমতঃ প্রিয়েম্‌বেলেতে যে যোগ করা হয়েছে যে সোস্যালিস্ট, সেকিউলার, ডেমক্রাটিক রিপাব্লিক, এটা আমরা জোরের সঙ্গে সমর্থন করছি। কেন করছি? আমাদের দেশে একটা কথা উঠে গেল, ইজ্‌ম বুঝি না, আমরা জনগণের মঙ্গল চাই। আমরা সেই ইংরাজ আমল থেকে রাজনীতি করছি, আমরা জানি জনগণের মঙ্গলের কথা সকলেই বলেন। ইংরাজ শাসনের সময় তারাও বলেছিল। এবং তারা দাবি করতো যে জনগণের মঙ্গল তারা করছে। ভারতের জনগণের জন্য তারা মঙ্গল করছে। কথা হচ্ছে কিভাবে মঙ্গল করব, কি অর্থনৈতিক অবস্থা অনুযায়ী, কি রাষ্ট্রীয় ব্যবস্থা অনুযায়ী, এটা সবচেয়ে বড় কথা। আজকে কংগ্রেসের কর্মসূচীতে শুধু নয়, বা কম্যুনিস্ট পার্টি বা অন্যান্য দলের কর্ম-সূচীতে নয়, আজকে সংবিধানের মধ্যে যে কথাটা সংযোজিত হয়েছে—সমাজবাদ, ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক রাষ্ট্র—গণতান্ত্রিক রাষ্ট্র আগে ছিল—রিপাব্লিক—সংবিধানে এই দু'টি জিনিস যুক্ত হয়েছে, এটা আনন্দের কথা। সুতরাং আশা করি, এর পরে ইজম বুঝি না, এই ধরনের কথা, যার ভিতর দিয়ে সমাজবাদ কথাটা আণ্ডারমাইন করবার সেই বিশেষ চেষ্টা—আমাদের সংবিধানে গৃহীত হবার পর এটা দমিত হবে। কিন্তু কথা হচ্ছে, সোস্যালিজম আমাদের লক্ষ্য, এটা সমস্ত নেতারা বলেছেন সংবিধানে রাখলেই এটা সমাজবাদ রাষ্ট্র হয়ে গেল, না এটা একটা লক্ষ্য। সমাজ-বাদ যদি গড়তে হয় তাহলে কতকগুলো ধারণা পরিবর্তন করতে হবে। অনেকে বলেন, আমরা রাশিয়ার ধাঁচে সমাজবাদ করব, অনেকে বলেন আমরা ফ্রান্সের ধাঁচে সমাজবাদ করব, চীনের ধাঁচে সমাজবাদ করব—আমাদের এখানে আমাদের

ধাঁচে হবে, সেটা প্রত্যেক দেশের অবস্থা অনুসারে হবে। কিন্তু কতকগুলো মূল কথা আছে এবং সেইগুলো হচ্ছে বৈজ্ঞানিক কথা। যদি বলেন কেমিষ্ট্রি, ফিজিক্স কিম্বা অন্যান্য কোন সায়েন্স, কোন দেশের অবস্থা অনুসারে হবে, তা হতে পারে না, তার যে মূল কথা, সেই মূল কথাকে উড়িয়ে দিতে পারেন না। বিলাতের আপেল পেকে লাল হলে মাটিতে খসে পড়ে যায়, আর ভারতের পাকা আম গাছ থেকে মাটিতে না পড়ে শূন্যে উড়ে যায়, তা হয় না, এটা হতে পারে না। সমাজবাদ সম্বন্ধে কয়েকটি মৌলিক ধারণা নির্দিষ্ট হওয়া উচিত। সমাজবাদ কথাটা উঠল কেন? পুঁজিবাদী শোষণ—যেখানে উৎপাদন সামাজিকভাবে হচ্ছে, হাজার হাজার লক্ষ লক্ষ মানুষ কলে-কারখানায় উৎপাদন করছে, কিন্তু মালিকানাটা হচ্ছে ব্যক্তিগত। একজন লোকের হোক, পাঁচজন লোকের হোক বা একটা গোষ্ঠীর হোক—এই যে উৎপাদন হচ্ছে সামাজিকভাবে এবং মালিকানাটা ব্যক্তিগত, এটাই হচ্ছে শোষণ। এই যুগের যে মূল শোষণ, পুঁজিবাদ ব্যবস্থার যে মূল কথা সেটা হল উৎপাদকের সঙ্গে মালিকানার একটা ডাইভোর্স হয়ে গেছে, একটা বিচ্ছেদ হয়ে গেছে। ক্ষুদ্র মালিক সে নিজে উৎপাদন করে। কিন্তু এই বৃহৎ মালিক, তারা উৎপাদন ব্যবস্থা করে ম্যানেজার দিয়ে, যারা উৎপাদন করছে তারা মালিক নয়, যারা মালিক তারা উৎপাদন করছে না।

[2.10—2.20 P.M.]

এই বিচ্ছেদের ভেতর থেকে তাদের সুযোগ হচ্ছে অধিকাংশ মানুষকে শোষণ করার, সামাজিক অর্থনীতির উপর কর্তৃত্ব করার। এই বিচ্ছেদটুকু দূর করার নাম হচ্ছে সোস্যালিজম। যদি উৎপাদন সামাজিক হয়ে থাকে তাহলে মালিকানাও সামাজিক হওয়া দরকার যাতে এই বিচ্ছেদ দূর হয় এবং এই শোষণের মুখ বন্ধ হয়। এর সঙ্গে আরো অনেক প্রশ্ন থাকতে পারে, যেমন আমাদের দেশের খেটে খাওয়া মানুষের যদি রাষ্ট্রীয় আধিপত্য না হয় তাহলে কখনই কোন রকম সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা হতে পারে না। তারপর কথা হচ্ছে ডেমোক্রেটিক সোস্যালিজম, হ্যাঁ নিশ্চয়ই যদি গণতান্ত্রিক পথে সমাজবাদ আসে তা হলে সেটা সবচেয়ে ভাল হয়। কিন্তু যদি কায়েমী স্বার্থবাদী, মালিকগোষ্ঠী বাধা দেয়, সশস্ত্র বাধা দেয়, যদি গৃহযুদ্ধ আমদানি করে তাহলে স্বভাবতঃই গৃহযুদ্ধের মধ্যেই তার ফয়সালা হয়। শান্তিপূর্ণ ভাবে যদি গণতান্ত্রিক পথে সেটা হয় তাহলে ভাল। কিন্তু আজকে বড় কথা হচ্ছে আমরা কি চাই, সেটার ধারণা যদি পরিষ্কার

হয় এবং তার ভিত্তিতে আমরা যদি ডাইরেকটিভ প্রিন্সিপল লিখতাম এবং সেটা আমি ডাইরেকটিভ প্রিন্সিপল-এ যখন আসব তখন বলব, যদি ডাইরেকটিভ প্রিন্সিপল পরিষ্কার করে দেওয়া হত তাহলে প্রিয়েম্বলে যে লক্ষ্য স্থাপন করা হচ্ছে সেটা আরো সুনিশ্চিত হতে পারত। যাই হোক সমাজতন্ত্রের দিকে এগুতে সর্ব প্রথমে একচেটিয়া পুঁজির উপর আঘাত হানতে হবে। তবে এর অর্থ এই নয় যে, একজন চাষী, যার ৫/১০ বিঘা জমি আছে তার জমি নিয়ে নেওয়া হবে বা ছোট দোকানদারের দোকান কেড়ে নেওয়া হবে, এটা নয়। নিশ্চয়ই সমাজতান্ত্রিক দেশে সম্পত্তি রাষ্ট্রের এবং সমবায়ের হবে। চাষী স্বেচ্ছায় চাষ করবে, সমবায়ের মাধ্যমে চাষ করবে, তার ওপর কোন জোরজুলুম করা হবে না। বড় ব্যবসা, বড় কারখানা, বড় ভূসম্পত্তি, এগুলি রাষ্ট্র হাতে নেবে। ছোট সম্পত্তির মালিকানা তাদের সমবায়ের ভিত্তিতে দেওয়া হবে। তাদের ওপর জুলুমবাজী করে কখনো সমাজতন্ত্র হয় না, হবে না। কিন্তু ঐ পথেই যেতে হবে। আমাদের দেশে যে একচেটিয়া পুঁজি আছে তাই নয়, তা বাড়ছে। রিজার্ভ ব্যাঙ্ক হিসাব দিয়েছে ৭৪-৭৫ সালে বিভিন্ন কোম্পানি তাদের যে লাভ-লোকসানের হিসাব দেখিয়েছে তাতে দেখা যায় পূর্বের বছরের চেয়ে আরো বিপুল পরিমাণ মুনাফা করেছে। তাদের ক্ষমতাও বাড়িয়েছে। তারা বিদেশী পুঁজির সঙ্গেও মিলিত হচ্ছে এবং আমাদের দেশের অর্থনীতিকে কব্জা করছে। তারপর বৃহৎ ব্যবসায়ীদের কাণ্ড দেখুন, শুধু কল-কারখানার মালিক নয়, বৃহৎ ব্যবসায়ীরাও কি প্রচুর মুনাফা করছে তার একটা উদাহরণ দিলেই আপনি বুঝতে পারবেন। আমেদাবাদের কাপড় বিক্রির হোলসেলার যারা তাদের একটা সমিতি আছে। তারা খবরের কাগজকে ডেকে একটা প্রেস কনফারেন্স করে বলেছে, মিল থেকে আমরা যে দরে কিনি এবং যে দরে খদ্দেরের কাছে বিক্রি করি তাতে মাত্র ২৫ থেকে ৫০ ভাগ লাভ থাকে। তারা আরো বলেছেন যে, যদি আরো ২৫ পারসেন্ট না বাড়ানো হয় তাহলে অসুবিধা হচ্ছে। আরো ২৫ পারসেন্ট বাড়াতে হবে, তাহলে যে দরে মিল তাদের বিক্রি করেছিল তার ওপর ৭৫ পারসেন্ট চড়িয়ে আনতে হবে। এটা তারা প্রকাশ্যে বলেছে। তার পরেও যে দর বাড়ে সেটা তো আমরা দেখতে পাচ্ছিই, বর্তমানে সরষের তেলের ক্ষেত্রে যেটা হচ্ছে। সুতরাং আমাদের দেশে বড় বড় মালিকদের হাতে শিল্প, আর বড় বড় ব্যবসায়ীর হাতে আমাদের হোলসেল ব্যবস্থা রেখে দেওয়া হয়েছে, এটা ভেঙে না দিলে আপনি কখনোই সমাজবাদের দিকে পদক্ষেপ করতে পারবেন না।

ভেঙে দেবার বদলে বাড়ানো হচ্ছে এটা দুঃখের কথা। আজকে সংবিধানে যখন এটা ঢোকানো হচ্ছে তখন আশা করব একটা রাষ্ট্রনীতি অনুসরণ করবেন।

কিন্তু আমাদের দেশের একচেটিয়া পুঁজিবাদীদের হাতে শিল্প রেখে দিয়ে সমাজবাদ হতে পারে না। এটা আশা করি সরকার খেয়াল রাখবেন। তৃতীয়তঃ আদালতের স্বেচ্ছাচারী ক্ষমতাকে খর্ব করা হয়েছে। অনেকে বলছেন, যে গাছের ডালে বসে আছেন সেই ডালই কাটছেন। আদালত আছে বলেই গভর্নমেণ্ট যা খুশি করতে পারবে না। কম্যুনিস্ট পার্টিকে ১৯৪৮-এ বেআইনী করেছিল, কিন্তু কলকাতা হাইকোর্ট ১৯৫০ সালে নূতন সংবিধান অনুসারে আবার আইনী করে দিল। দেশের জনসাধারণের যে মৌলিক ব্যক্তিস্বাধীনতা তা সংবিধানের মধ্যেই আছে এবং তাকে স্বীকার করে ধন্য হয়েছে। কিন্তু আদালত যদি গরীব মানুষের জন্য সামান্য কিছু সংস্কারকে বাধা দেবার চেষ্টা করে তাহলে নিশ্চয় সংসদের কর্তব্য হচ্ছে সেই ক্ষমতাকে খর্ব করা। আমি কৃষক আন্দোলন করি ব'লে জানি যে জমি সরকার দখল নিয়েছেন এবং ২/৩ বছর আগে বিলি করেছেন তার উপর একতরফা ইন্‌জাংশন হয়ে গেল। অর্থাৎ সরকার দখল নিতে পারবে না এবং এই রকম কেস ৫/৬ বছর ধরে ইণ্টারিম ইন্‌জাংশন হয়ে পড়ে আছে—তার বিচার হয় না। একটা উদাহরণ দিচ্ছি যে একটা জমিকে জোতদার মেছো ভেড়ি বলে দাবী করছে। জোতদারের সারপ্লাস জমি, ভাগ চাষী আছে, রেকর্ড আছে—কিন্তু আদালত ইন্‌জাংশন দিল। এ নিয়ে গভর্নমেণ্ট এবং চাষী মুভ করল। কিন্তু সেখানে ইন্‌জাংশন হয়ে গেল—ফসল হল না। আদালত বলল তদন্ত কর এবং সেই তদন্ত করে আদালতই বলল এটা মেছো ভেড়ি নয়। এর জন্য সেখানে এ বছর চাষ হল না, আগামী বছরেও চাষ হবে কিনা জানি না। এই রকম অনেক উদাহরণ আছে যেখানে আদালত স্বেচ্ছাচারী ভাবে আমাদের দেশের অর্থনৈতিক ব রাজনৈতিক প্রগতির পথকে রুদ্ধ করেছে। আর একটা কথা হল ডাইরেকটিভ প্রিন্সিপাল ও ফাণ্ডামেণ্টাল রাইট-এর অধিকার দেওয়া হয়েছে। ফাণ্ডামেণ্টাল রাইট-এ প্রথমেই আছে সম্পত্তির অধিকার। নিশ্চয় তা থাকা উচিত—সমাজবাদী দেশেও এসব জিনিস আছে। আমার জামা, বাড়ি, ঘরকন্না, রেডিও, সাইকেল এবং ক্ষুদ্র ব্যবসায়ী যারা উৎপাদন করে তাদের অধিকার কাড়া উচিত নয়।

[2-20—2-30 P. M.]

কিন্তু বৃহৎ সম্পত্তির অধিকার একটা ফাণ্ডামেণ্টাল রাইট হ'তে পারে, এবার সংসদ তা সংশোধন করেন নি, কি করতে পারেন নি—করতে চেয়েছিলেন, অনে বাধা এসেছে, করেন নি। কিন্তু ডাইরেকটিভ প্রিন্সপ্যাল, ওটা তুচ্ছ ব্যাপার ন

আজকে সংসদ ডাইরেকটিভ প্রিন্সিপ্‌লকে যে মর্যাদা দিয়েছে, রাষ্ট্র পরিচালনার যে নির্দেশক নীতি আছে সেটাকে কার্যকরী করবার জন্য কোন আইন হলে সেই আইনকে বাতিল করবার অধিকার কোন কোর্টের থাকবে না, এই যে ডাইরেকটিভ প্রিন্সিপ্‌ল্‌-এর প্রতি মর্যাদা সংসদ দিয়েছে সেটাকে আমরা সমর্থন করি। এখন প্রশ্ন হল সংসদ এই যে ক্ষমতা গভর্নমেণ্টকে দিল, গভর্নমেণ্ট কিভাবে এটাকে ব্যবহার করবে তা জানি না, তাঁরা ডাইরেকটিভ প্রিন্সিপ্‌ল্‌কে কার্যকরী করবার জন্য কিরকম আইন করবেন না করবেন সেটা জানি না, কিন্তু ডাইরেকটিভ প্রিন্সিপ্‌ল্‌-এর মধ্যে শ্রমিকদের ম্যানেজমেণ্টে অংশ গ্রহণ করবার অধিকার, আরো কিছু কিছু কথা দেওয়া হয়েছে, সেগুলি আমরা সমর্থনযোগ্য বলে মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিস্তারিত বললাম না, এই বিলের ভেতর বহু ধারাকে আমরা সমর্থন করেছি এবং করতে চাই যেগুলি প্রগতিশীল বলে সকলেই বুঝবে, যেগুলি সামনের দিকে এগিয়ে যাবার মত বিষয়। কিন্তু এই বিলের কতকগুলি ধারার বিরোধিতা করি, যেমন ধরুন ৬৯ নম্বর যে ক্লজ, সেই ক্লজে রাষ্ট্রপতিকে যে ক্ষমতা দেওয়া হয়েছে এতে কি সংসদের প্রাধান্য প্রতিষ্ঠিত করা হচ্ছে? সংসদ জনগণের দ্বারা নির্বাচিত, তার প্রাধান্য নিশ্চয়ই আমরা চাই, কিন্তু রাষ্ট্রপতিকে যে অধিকার দেওয়া হয়েছে, অর্থাৎ সংবিধানের কিছু কিছু পরিবর্তন অ্যাডপশান ইত্যাদি করতে পারবেন কন্সিকোয়েন-শিয়াল যেগুলি মনে করেন, এই যে ৪২ নম্বর সংশোধন বিল তাতে যে সংশোধন-গুলি করা হয়েছে তার সঙ্গে সামঞ্জস্য রেখে যেটা করা দরকার সেটা করবেন— কেন সেটা কি পার্লামেণ্টে করা যায় না? অরিজিন্যাল কন্সটিটিউশানের ৩৯২ ধারায় রাষ্ট্রপতিকে ক্ষমতা দেওয়া ছিল, কিন্তু সেই ধারায় ছিল সংসদের প্রথম অধিবেশনের পর রাষ্ট্রপতির সেই ক্ষমতা থাকবে না। অর্থাৎ আমাদের সংবিধান সংসদকে সর্বোচ্চ ক্ষমতা দিয়েছে যেদিক থেকেই চ্যালেঞ্জ হোক না কেন, সে কোর্টের কাছ থেকে হোক, একজিকিউটিভের কাছ থেকে হোক, নাইদার একজিকিউটিভ নর জুডিসিয়ারী। আমাদের যে কন্সটিটিউয়েণ্ট অ্যাসেম্বলী, যাঁরা সংবিধান রচনা করেছিলেন তাঁদের সঙ্গে আমাদের অনেক বিষয়ে মতভেদ ছিল, থাকতে পারে, আমাদের অত্যন্ত শ্রদ্ধেয় নেতা শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় সেই কন্সটিটিউয়েণ্ট অ্যাসেম্বলীর সদস্য ছিলেন, কাগজে তাঁর অনেক বক্তব্য বেরিয়েছিল, কিন্তু একটা কথা ঠিক যে আমাদের সংবিধান রচয়িতারা সংসদকে প্রাধান্য দিয়েছিলেন। সেইজন্য বল-ছিলাম এই যে রাষ্ট্রপতিকে ২ বছর ধরে ক্ষমতা দেওয়া যেটা আগে ছিল সংসদের প্রথম অধিবেশনের পর থাকবে না, এমন কি দরকার ছিল, এটা সংসদ থেকে পাস করিয়ে নেওয়া যেতে পারত না? তার চেয়েও যেটা গুরুত্বপূর্ণ বলে আমরা মনে করি সেটা

হচ্ছে জনগণের ক্ষমতাকে কিছু পরিমাণে খর্ব করা হয়েছে এই সংশোধনে। পার্লামেন্টের সভরেন্টি, পার্লামেন্টের সুপ্রিমেসি সেটাকে খর্ব করা হয়েছে। প্রকৃত পক্ষে ভারতবর্ষ রাষ্ট্রের সার্বভৌমত্ব জনগণের ক্ষমতা জনগণের মধ্যে নিহিত, পার্লামেন্টের যে প্রাধান্য সেটা নিশ্চয়ই আমরা স্বীকার করি, তারজন্য আমরা লড়েছি এবং লড়ব।

কিন্তু অন্য কোন ব্যবস্থা চালু করতে গেলে তার বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ করব, আন্দোলন করব। আপনারা চিন্তা করুন জনগণের ক্ষমতা খর্ব করা কি উচিত? আমি আপনাদের কাছে বলব কিভাবে সেই ক্ষমতা খর্ব করা হচ্ছে। আপনারা হয়ত বলতে পারেন এটা তুচ্ছ ব্যাপার। কিন্তু আমি তা মনে করি না। আমরা দেখছি আইনসভার মেয়াদ ৫ বছরের জায়গায় ৬ বছর করা হল এবং লোকসভার মেয়াদও ৫ বছরের জায়গায় ৬ বছর করা হল। কিন্তু কেন এটা করা হল? আমরা এই ব্যাপারে একটা অদ্ভুত যুক্তি শুনছি এবং সেটা হল আপার হাউসের মেয়াদ ৬ বছর আছে, কাজেই আমাদের যদি ৬ বছর হয়, তাহলে একই রকম হয়ে যাবে। আপনারা সকলেই জানেন রাজ্যসভার এবং লোকসভার গঠন পদ্ধতিটা আলাদা। রাজ্যসভায় দু'বছর অন্তর অন্তর করে, রাজ্যসভায় কখনও ডিসল্‌ভ হয় না, কিন্তু আমাদের লোকসভা ডিসল্‌ভ হয়। লোকসভার মেয়াদ পাঁচ বছর আছে এটা ঠিক, কিন্তু যখন তখন লোকসভার ডিসল্‌ভ হতে পারে, প্রধানমন্ত্রী যদি মনে করেন এবং রাষ্ট্রপতি যদি বলেন তাহলে পাঁচ বছরের আগেই লোকসভা ডিসল্‌ভ হতে পারে। রাজ্যসভার ক্ষেত্রে সেই রকম কোন ব্যবস্থা নেই, সেখানে সদস্য পাল্টাবে কিন্তু ডিসল্‌ভ হবে না। তবে আমি এর চেয়ে একটা গুরুতর কথা বলতে চাই, পাঁচ বছরের জায়গায় ছয় বছর হলে কি ক্ষতি হবে। প্রথমে আমি জিজ্ঞাসা করি পাঁচ বছর থাকলে ক্ষতি কি হত? বহু দেশে চার বছর আছে, অ্যামেরিকায় চার বছর আছে, আমাদের দেশে পাঁচ বছর। কিন্তু এই পাঁচ বছরের জায়গায় ছয় বছর কেন করা হল? এই প্রসঙ্গে অদ্ভুত যুক্তি শুনি, আপনারা কেবল ইলেকশনের কথা বলেন কেন, কাজটা হল আসল কথা। আমরা দেশের জন্য কাজ করতে চাই, আমাদের সে কাজ করতে দাও। তাহলে আর দেশে নির্বাচনের দরকার নেই, ডেমোক্রেটিক সিস্টেম বাতিল করে দিন, আমরা সব কাজের লোক বসিয়ে দিই, যাদের কোন রেসপনসিবিলিটি থাকবে না টু দি পিপল, আমাদের দেশে যে গণতন্ত্র চলছে তাতে দেশে জনসাধারণের কি ক্ষমতা আছে এই রাষ্ট্রক্ষমতায়? আমরা যখন আইন রচনা করি, আমরা সেই আইনকে বা বিলকে জনসাধারণের মধ্যে প্রচার করে তাদের মতামত নিয়ে সেই আইনকে কি পাস করি? আমরা সেটা থোড়াই কেয়ার করি। আমরা এখানে বসে আইন করলাম, তারপরে পুলিস আমলাতন্ত্র

সেটা কার্যকরী করবে, তাহল জনগণের কি ক্ষমতা? আমাদের দেশে জনগণের এই গণতান্ত্রিক ব্যবস্থার ভিতর অংশ গ্রহণ করবার একটিমাত্র ক্ষমতা আছে এবং সেটা হল পাঁচ বছর অন্তর অন্তর সকলকে একবার তাদের কাছে আসতে হবে ভোটের জন্য। আমাদের সংসদের সভ্যদের এবং আইনসভার সদস্যদের জনসাধারণের কাছে পাঁচ বছর অন্তর অন্তর আসতে হবে, এটাই হচ্ছে জনসাধারণের একমাত্র ক্ষমতা। অর্থাৎ পাঁচ বছর অন্তর অন্তর তাদের কাছে এই জবাবদিহি করা ছাড়া তাদের আর কি অধিকার আছে। সংবিধানে লেখা হল ছয় বছর, কিন্তু আসলে জরুরী অবস্থার সুযোগ নিয়ে আরও এক বছর বাড়িয়ে সাত বছর করা হল। আপনারা ভেবে দেখুন আমাদের দেশে যে সংসদীয় ব্যবস্থা আছে, যে ধরনের ডেমোক্রেসী আছে, তাতে যদি দেশের জনগণের আস্থা নষ্ট হয়, তাহলে প্রতিক্রিয়াশীল শক্তি যারা আমাদের দেশের গণতন্ত্রকে ধ্বংস করতে চায়, দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল বিরোধী দল, যারা দেড় বছর আগেও চ্যালেঞ্জ নিয়ে এসেছিল এবং আজকেও অন্যান্য মহল থেকে যে কথা উঠছে যে, আমরা রাষ্ট্রপতির শাসন চাই, এতে তাদের ক্ষমতাই বৃদ্ধি হবে। অনেকে বলছেন নির্বাচন কি হবে? ওসব কিছু হবে না। কাজেই এটা খুব অদূরদর্শিতার কাজ হয়েছে যে, পাঁচ বছরের জায়গায় ছয় বছর সংসদের লাইফ বাড়িয়ে দিলাম এবং জরুরী অবস্থার সুযোগ নিয়ে সংসদ তার নিজের জীবন আরও এক বছর বাড়িয়ে দিল।

[2.30—2.40 P. M.]

এটা কার কাছে কে দায়ী। নিশ্চয়ই সংসদ সুপ্রীম as well as courts are concerned, as well as executive is concerned. সংসদের প্রাধান্য স্বীকার করি, কিন্তু সে সংসদের কি দায়িত্ব কারও কাছে নেই, উইদাউট রেসপনসিবিলিটি তাঁরা পাওয়ার এনজয় করছে—না, সংসদের একটা দায়িত্ব ভারতবর্ষের জনগণের পিপুল অব ইণ্ডিয়া—তার কাছে একটা দায়িত্ব আছে। সেদিক থেকে এটা খুব দায়িত্বজ্ঞানহীন কাজ হয়েছে বলে আমরা মনে করি। জনগণের ক্ষমতা খর্ব করার দিক থেকে এবং জাতীয়তাবিরোধী কার্যকলাপ সম্বন্ধে যে ধারা সন্নিবেশিত হয়েছে তার ভিতর প্রথম ক্লজ যেটা আছে সেটাতে আমার কোন আপত্তি নেই যে, ভারতবর্ষ থেকে কোন অংশ বের করে নিয়ে যাওয়ার চেষ্টা করলে, সিসীড করতে চেষ্টা করলে নিশ্চয় তাদের বিরুদ্ধে ক্ষমতা প্রয়োগ করার ব্যবস্থা আগেও ছিল—এ সংবিধানে না রাখলেও এ ক্ষমতা গভর্নমেন্টের আছে, তবুও সে ক্ষমতা আপনারা

নিতে পারেন, কিন্তু তারপরে ক্লজগুলি দেখুন What is anti-national ? (ii) Which disclaims, questions, threatens, disrupt or is intended to threaten or disrupt sovereignty or the intergrity of India or the security of the State or the unity of the nation. এটা ব্যাপক কথা, এটা কে করবে। তারপরে Which is intended, or which is part of a scheme which is intended to overthrow by force the Government as by law established.

যদি অত্যাচারী সরকারের বিরুদ্ধে আন্দোলন হয় সে গভর্নমেন্ট বলতে পারে বাই-ল-এসটাব্লীসড, বাইফোর্স ওভারথ্রো, কাজেই এটা অ্যান্টি-ন্যাশনাল। যথেষ্ট ক্ষমতা গভর্নমেন্টের হাতে আছে, আন-লফুল একটিভেটিস অ্যাক্ট বহু দিন আগে পাস হয়ে গেছে, সে ক্ষমতা গভর্নমেন্টের হাতে আছে, বহু ক্ষমতা গভর্নমেন্ট হাতে নিয়েছেন। আজকে কনস্টিটিউশানের ভিতরে এই ধারা সন্নিবেশিত করার মানে কি এবং সবচেয়ে আপত্তিকর, যে সম্বন্ধে আমরা লোকসভাতে সংশোধনী এনেছিলাম যে, এটার ডিলীট করা হোক সেটি হচ্ছে এই ধারাটা Which is intended, or which is part of a scheme which is intended, to create internal disturbance or the disruption of public services. এটা একেবারে ইংরেজের কায়দার ভাষা which is intended, or which is a part of a scheme which is intended to, create internal disturbance or disruption of public services, আমি কংগ্রেসের বন্ধুদের বলব আপনারা চিরকাল নির্বাচনে জিতবেন, চিরকাল ক্ষমতায় থাকবেন ? অন্য কোন গভর্নমেন্ট এসে যদি এটা ব্যবহার করে, সে গভর্নমেন্ট কোন অন্যায় করছে, অত্যাচার করছে, আইন-বিরোধী কাজ করছে, জন-বিরোধী কাজ করছে তার জন্য আন্দোলন হবে না, কি না which is intended or which is part of a scheme which is intended, to create internal disturbance. ইন্টারনাল ডিস্টারবেনস্-এর জন্য আমাদের বহু ক্ষমতা আছে। সংবিধানে অ্যান্টিন্যাশনাল বলে ডিক্লেয়ার করা এবং শুধু তাই নয়, তার সঙ্গে যোগ করা হচ্ছে or the disruption of public services. শ্রমিক পাবলিক সার্ভিস করে, তারা দাবী-দাওয়া করলো ট্রাইবুনাল বসল, ডেমোনেস্ট্রেশন করল এমন কি ধর্মঘট করল, তাকে বলবেন ডিসরাপ্ট্ which is intended or which is part of a scheme which is intended —এটা অত্যন্ত ব্যাপকভাবে করা হয়েছে।

তাছাড়া আরো কিছু কিছু ব্যাপার, কিছু খুচরা ব্যাপার আছে, যেমন সরকারী

কর্মচারীদের অধিকার ৩১১ ধারায় আছে—সেটা সংশোধন করা হচ্ছে ক্লজ টু, প্রথম প্রভিশনে আনা হয়েছে, সেখানে তাকে শাস্তি দেবার সময় সে যে একটা রিপ্রেজেনটেশন করতে পারত সেটা বাতিল করে দেওয়া হয়েছে। এই রকম আরো কতকগুলি গুরুতর ব্যাপার রয়েছে যাতে আমাদের দেশের জনসাধারণের কিছু কিছু অধিকার ক্ষুণ্ণ করা হয়েছে। তার ভিতর কতকগুলি গুরুতর বলে মনে করি। দ্বিতীয়তঃ আমার আপত্তি আমাদের সংবিধান সংশোধনের মধ্যে অধ্যক্ষ মহাশয়, আমাদের রাষ্ট্রব্যবস্থার কথা আমি আগেই বলেছি পার্লামেণ্টারি সিস্টেম-এর ফেডারেল রাষ্ট্র এবং কেন্দ্রের মধ্যে কতকগুলি ক্ষমতা সুনির্দিষ্টভাবে ভাগ করে দেওয়া আছে যে এই এই রাজ্যের ক্ষমতা, এই এই কেন্দ্রের ক্ষমতা, আর এই এইগুলি উভয়ের ক্ষমতা। আমি একটি কথা আমাদের কংগ্রেসী বন্ধুদের খুব ভাল করে ভেবে দেখতে বলছি যে রাজ্যের যে, ক্ষমতা সংবিধান রাজ্যকে দিয়েছে সেই ক্ষমতা যদি ক্রমে ক্রমে কেড়ে নেওয়া হয় তাহলে এমন একটা সন্দেহ বিভিন্ন রাজ্যের মধ্যে ঢুকবে যে আমাদের ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে।

ডাঃ জয়নাল আবেদিন ঃ কথাটা আর একবার বলুন, বুঝলাম না।

শ্রীবিশ্বনাথ মুখার্জী ঃ আমাদের দেশে ফেডারেল সিস্টেমে রাজ্যের কতকগুলি ক্ষমতা দেওয়া আছে, কেন্দ্রের কতকগুলি ক্ষমতা দেওয়া আছে এবং উভয়ের কতকগুলি ক্ষমতা আছে এবং সেই উভয়ের ক্ষমতার মধ্যে যদি কোন বিরোধ হয় তাহলে কেন্দ্র প্রাধান্য পাবে। রাজ্যের যে কংকারেণ্ট লিস্ট আছে তার ভিতর সর্বপ্রধান হচ্ছে শান্তিশৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব রাজ্যের। কেন্দ্রকে আমাদের সংবিধানে নিয়ে আসা হয়েছে ২৫৭ (এফ)-এ যদি কোন রাজ্য সরকার তার অভ্যন্তরীণ শান্তিশৃঙ্খলা রক্ষা করার জন্য কেন্দ্রীয় সরকারের সাহায্য চায় সি আর পি, পুলিশের সাহায্য চায়, সৈন্য সাহায্য চায়, তাহলে কেন্দ্র তা দেবে। সংবিধানে লেখা আছে কেন্দ্র রাজ্যের শান্তিশৃঙ্খলা রক্ষা করার জন্য যদি কেন্দ্রের কাছে সাহায্য চায় কেন্দ্র সেই সাহায্য দেবে, সি আর পি বা আর্মড ফোর্স, কিন্তু তার পরিচালনার দায়িত্ব থাকবে রাজ্য সরকারের। কিন্তু এখন যে সংশোধন করা হল তাতে রাজ্য সরকার না চাইলেও শান্তিশৃঙ্খলার অজুহাতে ফোর্স কেন্দ্র আনতে পারবে এবং সেইসব অফিসার এবং তাদের পরিচালনার দায়িত্বও তাদের হাতে থাকবে, রাজ্য সরকারের হাতে থাকবে না। এটা আমি রাজ্য সরকারের ক্ষমতার ওপর একটা মস্ত বড় হস্তক্ষেপ বলে মনে করি। তবে হ্যাঁ, এমন হতে পারে যে, একটা বদমাইশ রাজ্য

সরকার তারা রাজ্যের মাইনরিটির ওপর অত্যাচার হচ্ছে বা লিংগুইস্টিক মাইনরিটি তার ওপর অত্যাচার হচ্ছে, কিন্তু কিছু করছে না, চুপ করে আছে, সেখানে তো আমি বলব যে আমরা সে ক্ষমতা কেন্দ্রীয় সরকারের হাতে দিয়েছি। আমাদের ফেডারেল কনস্টিটিউশনে আছে যে, গভর্নরের রিপোর্টের ওপর যেকোন রাজ্য সরকারকে অপসারিত করা যাবে।

[2-40—2-50 P. M.]

সাময়িকভাবে করতে পারে, দীর্ঘস্থায়ীভাবে করতে পারে, সব রকম ক্ষমতা দেওয়া আছে। আইনসভাকে সাসপেণ্ড করে রাখতে পারে, আইনসভাকে বাতিল করে দিতে পারে, রাজ্য সরকারকে বাতিল করে দিতে পারে, সেই ক্ষমতা রয়েছে গভর্নরের। তার আগে গভর্নর নির্দেশ দিতে পারে রাজ্য সরকারকে, ভারত সরকার গভর্নরকে নির্দেশ দিতে পারে, কি ক্ষমতা আপনার নেই? সংবিধানে যে ক্ষমতা রয়েছে তাতে কুলোচ্ছে না, তার ওপর রাজ্যের অভ্যন্তরীণ ব্যাপারে যতটুকুন ক্ষমতা আছে, সেটাও কেড়ে নিচ্ছেন—ব্যবহার করুন, চাই না করুন। যারা সিসেশনিস্ট, ভারতবর্ষের মধ্যে যারা বিভেদপন্থী তাদের কি আপনি সুবিধা করে দিচ্ছেন না, তাদের বন্দুকে কি বারুদ সরবরাহ করছেন না? তারা বলবে এই দেখ এই দেখ রাজ্য সরকারের সমস্ত ক্ষমতা কেড়ে নিচ্ছে, এরা ফেডারেল সিস্টেম রাখবে না। এটা খুব ভুল হবে। ডেলিকেট ব্যালান্সের ওপর ভারতবর্ষের ঐক্য রয়েছে। শুধু গায়ের জোরের ওপর এটা মনে করবেন না। আমাদের যে আর্মড ফোর্সেস এটা কোন একটা রাজ্যের এক ভাষাভাষী মানুষের দ্বারা গঠিত নয়, আমাদের আর্মড ফোর্সেস ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের মানুষের দ্বারা গঠিত। গায়ের জোরে ভারতবর্ষের ঐক্য থাকতে পারে না। রাখতে পারেন না। আমাদের সংবিধান রচয়িতারা অনেক ভেবে-চিন্তে ডিস্ট্রিবিউশন অব পাওয়ার্স করে গেছেন। এটা চোখ বুজে উড়িয়ে দেবেন না, এটা করা উচিত নয়। ফরেস্ট নিলেন, ওয়াইল্ড লাইফ নিলেন, নিতে পারেন, এডুকেশন নিলেন, শিক্ষাজগতে বিশৃঙ্খলা হল, আইনশৃঙ্খলা নিলে রাজ্য সরকারের থাকবে কি? সুতরাং এটা খুব গা-জোয়ারি ব্যাপার। যে ক্ষমতা রয়েছে রাষ্ট্রপতির এবং প্রাইম মিনিস্টারের সেটা যথেষ্ট ক্ষমতা, যেকোন সিচুয়েশন ট্যাকল করার ক্ষমতা রয়েছে, সেই ক্ষমতা তাঁদের দেওয়া আছে। আরও কতকগুলি ব্যাপার আছে, আমি ডিটেইলসের মধ্যে যেতে চাই না। হঠাৎ আমার একটা [illegible] সেটা কি? রাজ্য সরকার বোর্ড কনস্টিটিউট করতে পারে এক্সপ্ট

সুপ্রীম কোর্ট অ্যাণ্ড হাইকোর্ট। সেটা বাতিল হয়ে গেল। আর একটা আমার নজরে পড়ল হাইকোর্টের কাছে যে কেস আছে সুপ্রীম কোর্ট ইচ্ছা করলে এক হাইকোর্ট থেকে অন্য হাইকোর্টে ট্রান্সফার করে দিতে পারে। সেণ্ট্রাল ল যদি হয়, সুপ্রীম কোর্ট করবে, রাজ্যের ল যদি হয় রাজ্য করবে, দুটো জড়িত থাকলে সুপ্রীম কোর্ট করবে, এই কথাগুলি বোঝা যায়, যদিও এই সম্পর্কে বাদ-বিতণ্ডা থাকতে পারে। ভারতবর্ষের যে ইউনিটির বেসিস, হাইকোর্টের যে ল এবং সেণ্ট্রাল যে ল আছে সে সম্বন্ধে বলতে পারেন যে, আমাদের ফেডারেল সিস্টেম। কিন্তু হাইকোর্ট সেণ্ট্রাল ল সম্বন্ধে কিছু বলতে পারবে না। এটা নিয়ে নিলেন এ সম্বন্ধে কিছু বলবার নেই জোর করে, তর্ক-বিতর্ক চলতে পারে। কিন্তু হাইকোর্টে যে কেস আছে সে ট্রান্সফার হয়ে যাবে, এক জজের কোর্ট থেকে আর এক জজের কোর্টে চলে যাচ্ছে, এক ডেপুটি ম্যাজিস্ট্রেট থেকে আর এক ডেপুট ম্যাজিস্ট্রেটের কাছে চলে যাবে, এক মুনসেফের কাছ থেকে আরেক মুনসেফের কাছে চলে যাবে—ইট ইজ নট সো সিম্পল, এটা একটা রাজ্য, স্বায়ত্তশাসিত রাজ্য, এটা জেলা ম্যাজিস্ট্রেটও নয়, মুনসেফও নয়, সাব-জজও নয় যে, একজনের কাছ থেকে আর একজনের কাছে নিয়ে নিলেন। এই রকম আর কিছু কিছু ব্যাপার আছে, আমাদের দেশে যে ফেডারেল সিসটেম তাকে কিছুটা দুর্বল করা হচ্ছে।

এ ছাড়া আরও কয়েকটি বিষয়ে আপত্তি করেছি। একজিকিউটিভ পাওয়ার ক্রমশঃ বাড়িয়ে দেওয়া হচ্ছে। সংসদের ক্ষমতা নিশ্চয়ই প্রতিষ্ঠা করা দরকার। কিন্তু সংসদের ক্ষমতা প্রতিষ্ঠা করার আড়ালে একজিকিউটিভ ক্ষমতা বাড়িয়ে নেওয়া এটা কি উচিত হচ্ছে—এতে কি জনসাধারণের কাছে সৎ থাকছি? যখন আমরা বলছি লড়াই হচ্ছে সংসদের ক্ষমতা নিয়ে। সংসদের ক্ষমতার জায়গায় বহু একজিকিউটিভ ক্ষমতা বহু বিষয়ে বাড়িয়ে নেওয়া হচ্ছে। আমি সব বলতে চাই না। একটি সামান্য কথা বলতে চাই। আমাদের সংবিধানে ছিল নির্বাচনের ব্যাপারে কনসকোয়ালিফিকেশন-এর ব্যাপার, রাষ্ট্রপতি সিদ্ধান্ত নেবেন ইলেকশন কমিশনারের উপদেশের ওপর। এখন সেটা অ্যামেণ্ড করে দেওয়া হচ্ছে, ইলেকশন কমিশনারের উপদেশ গ্রাহ্য করার দরকার নেই। কমিশনার হচ্ছেন একজন অফিসার, তবুও এতটুকু বিশ্বাস করা যায় না। এ কি কথা? তারপর হিসাব রাখা সম্বন্ধে অ্যাকাউণ্ট এবং অডিট সম্বন্ধে সংবিধানে যে ব্যবস্থা ছিল, সেটাকে বাতিল করে দিয়ে গভর্নমেণ্ট আর উপযুক্ত ব্যবস্থা করবেন কিংবা গভর্নমেণ্ট বিজনেস, সরকারী কাজ পরিচালনা করার যে রুলস, সেটা কোন আদালত দাবি করতে পারবেন না। এটা কি ব্যাপার হল? রুলস কেন দাবি করতে পারবে না? যে রুলসের ফোর্স হচ্ছে ল-এর সমান।

রুলসে কেন দাবি করতে পারবে না। এই সমস্ত অনেকগুলো ব্যাপার আছে যেখানে একজিকিউটিভ তার নিজের ক্ষমতা বাড়িয়ে নিয়েছে। এর পর আমি শেষ করতে চাই যে অ্যাডিশান আমরা চেয়েছিলাম সেগুলো হয় নি, সেগুলোর সম্বন্ধে বলে আশা করব ভবিষ্যতে সেগুলো হবে। প্রধানতঃ ডাইরেকটিভ প্রিন্সিপল্-এ আমরা যোগ করতে চেয়েছিলাম রাইট টু ওয়ার্ক রাখা উচিত। এটা রাখা দরকার বিশেষ করে সমাজবাদী রাষ্ট্রে। যেকোন সমাজবাদী রাষ্ট্রে প্রতিটি মানুষের কাজের অধিকার স্বীকৃত। কোথাও মাইনে বেশি হতে পারে, কোথাও মাইনে কম হতে পারে। কিন্তু কাজের অধিকার সেটা পরিষ্কারভাবে ডাইরেকটিভ প্রিন্সিপল্-এ থাকা উচিত। আর থাকা উচিত মেটিরিয়াল রিসোর্সেস অব the community including principal means of production shall be owned and managed by the state. বাস্তবিকভাবেই যদি আমরা সমাজবাদী রাষ্ট্র মনে করি ডাইরেকটিভ প্রিন্সিপিলে রাখলেই সঙ্গে সঙ্গে আইন হয়ে যায় না। সেট ডাইরেকটিভ প্রিন্সিপিল, সেই অনুযায়ী চলবেন। সমাজবাদের কথা বললে এট ডাইরেকটিভ প্রিন্সিপিলে থাকা উচিত ছিল, কিন্তু সেটা রাখেন নি। তাহলে সমাজবাদের কথা বলছেন না। তৃতীয়ঃ concentration of ownership o land in the hands of rich landed gentry be eliminated. কোন কোন জায়গায় আইন হয়েছে, সিলিং হয়েছে, কিন্তু এটাও ডাইরেকটিভ প্রিন্সিপিলে রাখ উচিত ছিল। চতুর্থতঃ protection of rights of Muslims and other communities in all spheres of national life particularly in education and employment বলতে পারেন, আমরা সেকুলার। বলতে পারেন আমরা চেষ্টা করছি, চাকরি-বাকরি, শিক্ষা-দীক্ষা ইত্যাদিতে যারা ব্যাকওয়ার্ড, তফশিলী সাম্প্রদায়ের আদিবাসী আমরা চেষ্টা করছি। চেষ্টা করুন ভাল। না করলেও করতে পারে, ইচ্ছে করলে গভর্নমেণ্ট না করতেও পারে। সেখানে যে পরিবর্তন হলে এটা তাতে ডাইরেকটিভ প্রিন্সিপিলে নেই। ডাইরেকটিভ প্রিন্সিপিলে একথাটাও নেই protection of rights of Muslims and other communities in all spheres of national life particularly in education and employment. যে গভর্নমেণ্ট যা ইচ্ছে তাই করবে, কেউ ভাল করতে চায় করবে, কেউ মন্দ করতে চায় করবে, কেউ আধাআধি করতে চায় করবে। তারপর দেখুন ডাইরেকটিভ প্রিন্সিপিলে ইণ্ডাসট্রিসের ম্যানেজমেণ্টে শ্রমিকদের নেওয়ার কথা আছে, কিন্তু কালেকটিভ বারগেনের অধিকার দেওয়া হয় নি। সকলের সঙ্গে রাষ্ট্রীয় হক বা ব্যক্তিগত হক, মালিকানার হক, কালেকটিভ বারগেনে বেশির ভাগ

সভ্য দেশে—পুঁজিবাদী দেশই হক, এমনকি সাম্রাজ্যবাদী দেশেতেও এটা স্বীকৃত। সেই ক্যালেকটিভ বারগেন এই ডাইরেকটিভ প্রিনসিপ্যালে যোগ করে যা বলছেন মনে করি necessary measures to reorganise and democratise the administrative machinary at all level. আমি অতীতেও এটা বলেছি, আবারও জোর করে বলতে চাই, আমাদের একটা সংশোধন ছিল খুব গুরুত্বপূর্ণ, আপনারা সেটা ভোটের জোরে বাতিল করে দিয়েছেন, কিন্তু তা কোনদিন কেউ বাতিল করতে পারবে না, কোন সংসদই তা ভোটের জোরে বাতিল করতে পারবে না, that will assert itself in the life of India. আমাদের জনগণের অ্যাডমিনিসট্রেশনে কোন হাত নেই, কোন অধিকার নেই প্রশাসনে, সেটা পুরোপুরি বুরোক্রাটদের উপরে রয়েছে। জনগণের নির্বাচিত আইনসভা, জনগণের আস্থাভাজন গভর্নমেন্ট ফুরিয়ে গেল। তার পরেই হল অফিসার, আমলাতন্ত্র। আমলাতন্ত্র এবং পুলিস—তাদের হাতে ভার হলো তোমরা কার্যকরী কর। আজকে প্রধানমন্ত্রী পর্যন্ত স্বীকার করেছেন ২০ দফা কর্মসূচী রূপায়ণে কিভাবে স্যাবোটেজ হচ্ছে। আমাদের জনগণের লোয়েস্ট লেভেলে পর্যন্ত অ্যাডমিনিসট্রেশনের কোন অধিকার নেই। সেইজন্য প্রস্তাব করি অন্ততঃ নীচের তলায় ব্লক লেভেলে হক বা কনস্টিটিউয়েন্সী লেভেলে হক, সেখানে যে অ্যাডমিনিসট্রেশন হবে সেটা হক জনগণের নির্বাচিত পঞ্চায়েতী রাজ—এই কথা বলা হয়েছে, কিন্তু তাদের হাতে ক্ষমতা দেওয়া হয় নি।

[2.50—3.00 P.M.]

কোন্ রাজ্যে ? মহাত্মা গান্ধী সে কথা বলেছিলেন, কমিউনিস্টরা সে কথা বলে, ডেমোক্রাটিক আইডিওলজি সে কথা বলে, এমনকি পাশ্চাত্য দেশ যেখানে একচেটিয়া পুঁজিবাদী রাজত্ব সেখানে এই প্রিনসিপল স্বীকৃত হয়েছে যে, নীচের দিকে ডিপার্টমেন্টাল লেবেলে অর্থাৎ ডিপার্টমেন্ট বলতে যা বোঝায় সেখানে জনগণের নির্বাচিত একটা কমিটি থাকবে, তারা সেখানকার এ্যাডমিনিস্ট্রেশন চালাবে। ব্লক লেবেলে সেখানে সর্বসাধারণের ভোটে অর্থাৎ যাদের ভোটাধিকার আছে তাদের ভোটে একটা ৩০/৩৫/৪০ জন লোকের একটা কাউন্সিল নির্বাচিত হোক। আপনি অফিসারদের সেখানে নমিনেট করুন ব্লক লেবেলে যাঁরা কাজ করেন এবং ঐ ইলেকটেড কাউন্সিল তাঁরা সেখানে প্রেসিডেন্ট বা চেয়ারম্যান নির্বাচন করবেন এবং সেই ইলেকটেড কাউন্সিলের উপর দায়িত্ব থাকবে সরকারের যা কিছু আইন-কানুন সরকার রচনা করবেন, সরকার যে-সমস্ত ডাইরেক্টিভ পাঠাবে অ্যাড-

মিনিষ্ট্রেটিভ প্রিনসিপল হবে সেগুলি কার্যকরী করবে, ইমপ্লিমেন্ট করবে ঐ নিচের লেবেলের জনসাধারণের কমিটি। আর একটা জিনিস আমি বলতে চাই সেটা হচ্ছে ডেমোক্রাটিক প্রসেসে মানি পাওয়ারকে নিয়ে আসা। এত যে ক্ষমতা, দুর্দান্ত ক্ষমতা। পশ্চিম দেশেতেও আমরা দেখেছি যে, এই গণতন্ত্রেও জনসাধারণের হাতে ক্ষমতা আসতে পারল না ঐ টাকার জন্য। যাদের টাকার জোর আছে তাদের হাতে গভর্নমেন্ট মেশিনারী, তাদের হাতে অর্গানাইজেশন এবং সেই টাকা যাঁরা যোগান দেন সে নিশ্চয় তার সুদটাও কণ্ট্রোল করে। আমি বলি একথা যে, আমাদের সংবিধানে যখন সমাজবাদের কথা বলা হচ্ছে, গণতন্ত্রের কথা বলা হচ্ছে, আমাদের সমাজবাদের পথে আমাদের সংবিধান যখন সামনে এগিয়ে নিয়ে যাবার ব্যবস্থা হচ্ছে তখন তার মধ্যে একথা কেন থাকবে না যে, effective steps to prevent intrusion of money-power in election and other democratic processes. সেটা ডাইরেকটিভ প্রিনসিপলে থাক, তারপর আপনি আইন তৈরি করবেন। ডাইরেকটিভ প্রিনসিপলে থাকলেই সেটা তো আইন হয়ে যাবে না, আর সেটা তো বাধ্যতামূলক হবে না। কনস্টিটিউশনের ডাইরেকটিভ প্রিনসিপলের কোনটা কি জাজস্টিসেবল হয়? ডাইরেকটিভ প্রিনসিপলে যেসব ভাল ভাল কথা আছে তাকে নিয়ে কেউ কি আদালতে যেতে পারে? যেতে পারে না। ফাণ্ডামেণ্টাল রাইট নিয়ে যেতে পারে। ডাইরেকটিভ প্রিনসিপল অনলি ডিরেকশন দেবে গভর্নমেণ্টকে, ডিরেকশন দেওয়া হচ্ছে যে, তোমরা এই রকম আইন কর, এইভাবে চল, তাই সেখানে কেন একথা বলতে পারলেন না effective steps to prevent intrusion of money-power in election and other democratic processes, আর একটা জিনিস এছাড়াও হচ্ছে—এই ডাইরেকটিভ প্রিনসিপল কি ক্যারি আউট হচ্ছে? ১৯৫০ সালে দেশে রিপাবলিক ঘোষণা হয়েছে, নূতন সংবিধান চালু হয়েছে, ১৯৫০ সাল থেকে আজ ১৯৭৬ সাল—এই যে ২৭ বছর হয়ে গেল কি ডাইরেকটিভ প্রিনসিপল ক্যারেড আউট হয়েছে এবং তা ক্যারেড আউট করবার জন্য কোন আইন আমাদের এই আইনসভা করেছে? কতটা আইন সংসদ করেছে? সংসদের একটা স্ট্যাণ্ডিং কমিটি থাকবে, আইনসভার একটা স্ট্যাণ্ডিং কমিটি থাকবে, তারা চেক-আপ করবে, ফ্রম টাইম টু টাইম রিভিউ করবে যে, ডাইরেকটিভ প্রিনসিপল কতদূর ক্যারেড আউট হয়েছে, কি হয় নি। অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য শেষ করেছি। আমি বসবার আগে আবার সেই আমার প্রথম কথা দিয়ে শেষ করি যে, আমরা কিছু কিছু সমালোচনা করলাম, কিছু কিছু সাজেশনও দিলাম—অবশ্য আমাদের সাজেশন গৃহীত হয় নি—কিন্তু এটাই

শেষ কথা নয়, এই আলোচনা চলুক এবং ভবিষ্যতে একদিন হয়তো এই সমালোচনা গৃহীত হতে পারে। তবে আমি এ কথা বলব যে কথা বলে আমি আরম্ভ করেছিলাম যে, এই যে ৪২ নম্বর সংশোধনী বিল এসেছে এর পক্ষে আমরা ভোট দেব এবং ভোট দিয়েছি। কারণ সংসদের প্রাধান্য থাকুক এটা আমরা চাই। সংসদীয় গণতন্ত্র থাক, তার জায়গায় অন্য কোন ধরনের স্বৈরাচারী গণতন্ত্র আসা চলবে না—এটা আমরা চাই এবং সেইজন্য আমরা এই বিলকে সমর্থন করেছি এবং সমর্থন করবো।

শ্রীপঙ্কজ ব্যানার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই গুরুত্বপূর্ণ জাতীয় বিতর্কে অংশ গ্রহণ করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত, যা নিয়ে আজকে সমগ্র ভারতবর্ষের সমস্ত স্তরের মানুষ আলাপ-আলোচনা করছেন, চিন্তা-ভাবনা করছেন বিধানসভাগুলির ভিতর এবং কিছুদিন আগে লোকসভার দুটি কক্ষে এই বিষয়ে বিশেষভাবে আলোচনা করা হয়েছে। আমি জানি আমাদের এই পরিবর্তনের সুর শুনে কোন কোন গোষ্ঠী কিংবা কোন কোন রাজনৈতিক দল আতঙ্কিত বোধ করছেন, সন্ত্রাসের ভাব তাঁদের ভিতর দেখা যাচ্ছে, যেটা কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কাছে নতুন নয়। আমরা যদি একের পর এক আলোচনা করে দেখি তাহলে দেখব কোন কোন ধারাগুলি হয় পুরো সংযোজিত করছি বা অদল-বদল করছি—এতেই তাঁদের আতঙ্কের কারণ পরিষ্কার হয়ে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি না এতটা সময় পাব কিনা—এই জটিল বিষয় নিয়ে বলতে গেলে অনেকটা সময় আমাকে দেওয়া উচিত। তাই আমি আবার আপনার কাছে অনুরোধ জানাব অন্ততঃ খানিকটা বলবার অবকাশ যাতে পাই তার ব্যবস্থা আপনি করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত কয়েক বছর যাবৎ আমরা লক্ষ্য করেছি আমাদের প্রগতিশীল সরকার এবং প্রগতিশীল দল বার বার আমরা চেষ্টা করেছি সেই সমস্ত মানুষের কাছে সাহায্য, সহযোগিতা এবং সহানুভূতির হাত প্রসারিত করতে যাদের ঘরে আমরা গত ২৭ বছরের স্বাধীনতার ফল পৌঁছে দিতে পারিনি। আমরা দেখেছি আমাদের দলের চিন্তাধারা পরিষ্কার থাকা সত্ত্বেও, আমাদের সরকারের চিন্তাধারা পরিষ্কার থাকা সত্ত্বেও, আমাদের সংসদের হাতে যথেষ্ট ক্ষমতা থাকা সত্ত্বেও এই পবিত্র সংবিধানের কোন কোন অধ্যায় এবং তার বিকৃত রূপায়ণ আমাদের সেই সমস্ত পথ থেকে বিরত করেছে, না হয় ব্যাহত করেছে, না হয় আমাদের কর্ম-লক্ষ্যে পৌঁছানোর জন্য দেরি করিয়ে দিয়েছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয়া নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী, তিনি বারে বারে অনুভব করেছেন এই ভাবে চলতে পারে না, এই ভাবে চলতে দেওয়া যেতে পারে না। আমাদের কাছে

কোন একটি বইয়ের বিশেষ অনুচ্ছেদ আকর্ষণীয় হয়ে ওঠে না, যদি না সেই অনুচ্ছেদ জনসাধারণের স্বার্থের কাজে ব্যবহৃত হয় এবং যদি সেই অনুচ্ছেদ জনসাধারণের মত চিন্তাধারাকে এগিয়ে নিয়ে যাবার পথে বিঘ্ন সৃষ্টি করে তা হলে আমরা তা বরদাস্ত করতে পারি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিশদ ভাবে আলোচনা করেছেন। কিন্তু তবুও কয়েকটি কথা এখানে উল্লেখ করা দরকার। সেটা হচ্ছে এই—সবচেয়ে বড় আতঙ্কিত গোষ্ঠী হচ্ছে দেশের বিচারক সম্প্রদায়, দেশের কিছু কিছু আইনজীবী মানুষ—তাঁরা বার বার বলবার চেষ্টা করছেন আজকে হাইকোর্টের ক্ষমতা সঙ্কুচিত করে দেওয়া হচ্ছে, আজকে সুপ্রীম কোর্টের ক্ষমতা সঙ্কুচিত করে দেওয়া হচ্ছে। এখানে বলে রাখা ভাল এবং মাননীয় সদস্যরাও জানেন যে, আমরা জেনেশুনেই ক্ষমতা সঙ্কুচিত করছি। তার কারণ অত্যন্ত বেদনার সাথে লক্ষ্য করেছি কে কবে রাজা ছিলেন সেই সুবাদে তাঁদের পরিবারবর্গকে আমাদের কোষাগার থেকে ভেট দেওয়া হত, প্রিভি পার্সের টাকা দেওয়া হত সাধারণ খেটে খাওয়া দিনমজুরের পয়সা থেকে, যে দিনরাত্রি মাথার ঘাম পায়ে ফেলে অর্থ উপার্জন করে—এই ভাবে তাঁদের অর্থে তিল তিল করে গড়ে ওঠা রাজস্বভাণ্ডার থেকে এই টাকা দেওয়া হত। কোন সমাজতান্ত্রিক দেশের, কোন গণতান্ত্রিক দেশের কোন অধিকার নেই সেই সমস্ত খেটে খাওয়া মানুষের ঘামের বিনিময়ে যে পয়সা সেই পয়সা নিয়ে গিয়ে রাজার ভাণ্ডারে তুলে দেওয়ার—এই ব্যাপারে আমরা সোচ্চার হয়ে উঠেছিলাম। আমরা দেখেছি আমাদের লোকসভায় সেই আইন পাস করা সত্ত্বেও কোন কোন কোর্ট-এর কোন কোন বিচারক, কোন কোন জুরি আমাদের কথার সাথে সুর মেলাতে পারেন নি। কারণ আমরা জানি তাঁরা জনসাধারণের মতের থেকে নিজেদের বিচ্ছিন্ন করে ফেলেছেন। তাঁরা জানেন না জনসাধারণের ক্রন্দন কোথায়, জনসাধারণের গতি কোন দিকে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানতাম ব্যাঙ্ক সাধারণ মানুষের ক্ষেত্রেই ব্যবহৃত হয়। কিন্তু সেই ব্যাঙ্ক সাধারণ মানুষের ক্ষেত্রে ব্যবহৃত না হয়ে হোর্ডারদের স্বার্থে ব্যবহৃত হত হোর্ডিং করবার জন্য, মাল মজুত করবার জন্য। কিন্তু আমরা যেদিন ব্যাঙ্ক জাতীয়করণ করলাম সেদিন বিচারক সম্প্রদায় নতুন করে মাথা হেলিয়ে বললেন এটা হতে পারে না, অমুক অমুক ধারা মতে সেটা আমরা বরদাস্ত করতে পারি না। আমরা সেদিন স্তম্ভিত হয়ে গিয়েছিলাম। সেদিন থেকে ভারতীয় জাতীয় কংগ্রেস বারে বারে বৈঠক করেছে, আলাপ-আলোচনা করেছে এবং সম্পূর্ণভাবে বিষয়টি খতিয়ে দেখবার চেষ্টা করা হয়েছে। তার ফলে নতুন করে সংযোজন করা হয়েছে এবং সেই সংযোজনের জন্য বিল আনা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি

প্রিঅ্যাম্‌বেল চ্যাপটার থেকেই শুরু করতে চাই। আমাদের প্রিঅ্যাম্‌বেলে ছিল ভারতবর্ষ হচ্ছে সভারেন ডেমোক্রাটিক রিপাবলিক। আজকে আমরা কি পরিবর্তন করতে চাচ্ছি? আমরা বলতে চাচ্ছি যে, শুধু সভারেন ডেমোক্রাটিক রিপাবলিক বললেই হবে না। সভারেন সোসালিস্ট সেকুলার ডেমোক্রাটিক রিপাবলিক বলতে হবে।

[3.00—3.40 P. M.]

অর্থাৎ কিনা আমরা গত ২৭ বছরে দেখেছি যে, যে সেকুলারিজিমের কথা আমরা বলেছি তাতে কোন কোন স্বার্থসংশ্লিষ্ট মানুষ, সম্প্রদায় বা কোন কোন স্বার্থসংশ্লিষ্ট রাজনৈতিক দল তারা আমাদের চিন্তাধারার কাছে বাধা হয়ে দাঁড়িয়েছে। তারা জানে না আমাদের পথ কি, তারা বুঝতেও চায় নি আমাদের পথকে, তারা বার বার আমাদের বাধা দিয়েছে। তাই আজকে আমরা আরো দুটি কথা এর সঙ্গে যুক্ত করেছি। আমাদের এই ভারতবর্ষ সভারেন, ডেমোক্রাটিক রিপাবলিক একথা ঠিক, কিন্তু তবুও আমরা আরো যে দুটি কথা যুক্ত করেছি সেটা হচ্ছে, আমাদের এই ভারতবর্ষ সোসালিস্ট, আমাদের এই ভারতবর্ষ সেকুলার। এর মাধ্যমে আমরা একথাই প্রমাণ করতে পেরেছি যে, আমরা উদার মতপন্থী হতে যাচ্ছি, আমাদের চিন্তাধারা আরো বেশি প্রচ্ছন্ন হচ্ছে। আমাদের চিন্তাধারায় যতটুকু আবিলতা ছিল, যতটুকু অন্ধকার ছিল, যতটুকু আমরা পিছিয়ে ছিলাম তা দূর করে আমরা এগিয়ে গিয়েছি। আজকে আমরা আমাদের ভারতবর্ষকে সোসালিস্ট কান্ট্রি হিসাবে দেখতে চাই। তাই আমরা আমাদের এই স্বপ্নকে কয়েকটি অক্ষরের মাধ্যমে তুলে ধরার চেষ্টা করেছি। আমাদের লক্ষ্য কি, আমরা কোন্ পথে যাব, আমাদের শাসনের ধারা কি রকম হবে, আমাদের বিচারব্যবস্থা কি রকম হবে, আমাদের ভারতীয় জনজীবন আগামী দিনে কোন্ দিকে যাবে তার একটা সুস্পষ্ট ইঙ্গিত আমরা প্রিঅ্যামবেলের মাধ্যমে তুলে ধরবার চেষ্টা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন যে, আমরা ৩১ ডি একটা নতুন অধ্যায় সংযোজন করেছি। তাতে আমরা বলতে চেয়েছি যে, যে-সমস্ত শক্তি অ্যান্টি-ন্যাশানাল এ্যাকটিভিটিস করবে—জাতীয়তা-বিরোধী কাজ করবে, সেই কাজ নানান রূপে, নানান ভাবে হতে পারে—কোথাও বা তা রিলিজিয়াস অ্যাটিচুড নিয়ে আসবে, কোথাও বা রেসিয়াল শ্লোগান তুলে আসবে, কোথাও বা লিঙ্গুইসটিক শ্লোগান নিয়ে আসবে, আবার কোথাও বা রিজিওন্যাল শত্রুদের হাত শক্ত করবার জন্য আসতে পারে। বিগত দিনের

অভিজ্ঞতায় আমরা এই সমস্ত অ্যান্টি-ন্যাশানাল শক্তিদের ভারতবর্ষের বিভিন্ন কন্দরে কন্দরে দেখেছি। আমাদের সংবিধানে এই কথাগুলি না থাকার ফলে কোথাও বা আমাদের অর্ডিন্যান্স করতে হয়েছে, কোন কোন রাজ্য বিধাসভাকে নতুন নতুন ধারা গ্রহণ করতে হয়েছে। আজ আমরা পাকাপাকি ভাবে ঐ সমস্ত অ্যান্টি-ন্যাশানাল ফোর্সকে—সে রূপেই বা যে ছদ্মবেশেই আসুক না কেন, সমূলে উৎপাটিত করতে চাই। স্যার, আমি দুঃখবোধ করলাম যখন দেখলাম মাননীয় বিশ্বনাথবাবু এই ধারাটির সমালোচনা করলেন। তিনি বললেন, যেখানে আছে which is intended or which is part of a scheme which is intended to createinternal disturbance or the disruption of public services and to overthrow by force government as by law established. গুজরাটে, বিহারে কি অবস্থা হয়েছিল ? নির্বাচনের মাধ্যমে, সুষ্ঠু গণতান্ত্রিক প্রথায় একটা সরকার সেখানে গঠিত হয়েছিল। কিছু মানুষ, তাদের কিছু স্বার্থ, কিছু গোষ্ঠী-স্বার্থ, কিছু কামেয়ী স্বার্থ তারা চেয়েছিল সরকার তাদের কাছে মাথা নীচু করুক। তারা সেদিন চেষ্টা করেছিল গভর্নমেণ্ট এস্টাবলিস্ট বাই ল—সেই আইনের শাসনকে, আইনের সরকারকে তারা সেদিন উৎখাত করতে চেয়েছিল। আমরা সেদিন পথ হাতড়ে বেড়িয়েছিলাম যে, কি করে সরকারকে রক্ষা করা যায়। যে সরকারকে সাধারণ মানুষ আশীর্বাদ করে পাঠিয়েছে, নীতি নির্ধারণের দায়িত্ব দিয়েছে সেই সরকারকে তুলে ফেলে দেবার ষড়যন্ত্র করা হয়েছে। সেই সরকারের পরিচালক গোষ্ঠী, তাঁদের বিধাসভা ও বিধান পরিষদের সদস্যদের রাস্তার মাঝখানে দাঁড় করিয়ে জোর করে তাঁদের কাছ থেকে পদত্যাগপত্র লিখিয়ে নেওয়া হয়েছে। সেদিন কিন্তু স্যার, আমরা উত্তেজিত হই নি, কিন্তু আমরা দুঃখ বোধ করেছিলাম। সেদিন আমরা পথ খোঁজবার কাজে ব্যস্ত ছিলাম। তাই আজকে ৩১ ডি আমাদের নতুন করে সংযোজন করতে হয়েছে। এতে রাজনৈতিক ক্ষমতা খর্ব করবার কোন প্রচেষ্টা করা হয় নি। কোন রাজনৈতিক দল যদি সরকারের কাজের কোন সমালোচনা করে, বিরোধিতা করে, এমন কি সরকারের পতনের জন্য জনসাধারণের কাছে গিয়ে আবেদন জানায় তাহলেও এই ধারায় সেখানে কোন বাধা নেই। শুধু বলা হয়েছে, গণতান্ত্রিক নিয়ম অনুযায়ী যে সরকার গঠিত হবে সেই সরকার যদি কাজ চালাতে পারে বা শাসন চালাতে পারে এবং সেই সরকার যদি গণতন্ত্রকে বজায় রাখতে পারে তার জন্যই এই ধারা ব্যবহৃত হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যে ফাণ্ডামেণ্টাল রাইটস তার সঙ্গে সঙ্গে ফাণ্ডামেণ্টাল ডিউটি বলে নতুন একটা চ্যাপ্টার ৫১ এ যুক্ত করেছি। কেন আমরা

যুক্ত করেছি ? তার কারণ আমরা দেখেছি সাধারণ মানুষ তাদের অধিকার সম্পর্কে কোথাও কোথাও সজাগ হয়েছে, কিন্তু দায়িত্ব সম্পর্কে সেই সজাগ হয় নি এবং দায়িত্বের কথা স্মরণ করিয়ে দিতে আমাদের বারেবারে বিধানসভায় এবং লোকসভায় হয় অর্ডিন্যান্স আনতে হচ্ছে, না হয় সাময়িক কালের জন্য কোন আইন আমাদের প্রণয়ন করতে হচ্ছে। এখানে আমরা কি বলতে চেয়েছি ? আমরা বলতে চেয়েছি আমাদের ন্যাশান্যাল অ্যানথেম, আমাদের ন্যাশান্যাল ফ্লাগ, আমাদের সোভারনিটি, আমাদের ইউনিটি, আমাদের ইনটিগ্রিটি—এগুলির প্রতি প্রত্যেকের আস্থা থাকতে হবে, এর প্রতি প্রত্যেকের বিশ্বাস রাখতে হবে। আমরা বলতে চেয়েছি রিলিজিয়াস, লিনগুইসটিক, রিজিওন্যাল বা অন্য কোন অ্যাটিচুড আমরা বরদাস্ত করব না। দেশে নানা ভাষা, নানা মত, নানা পরিধান, নানা চিন্তাধারার মাঝখানে আমরা হারমনি আনব। এটা আমাদের একটা ডিউটি হবে, এটা আজকে আমরা নূতন করে যুক্ত করেছি। আমরা বলেছি, আমাদের ভারতবর্ষের যে কালচার, আমাদের ভারতবর্ষের যে সংস্কৃতি, আমাদের ভারতবর্ষের যে ঐতিহ্য, এটা অত্যন্ত সুপ্রাচীন, এটা অত্যন্ত বাস্তববাদী। আজকে প্রত্যেকটি নাগরিককে আমাদের হেরিটেজ, আমাদের কালচার তাকে স্বীকৃতি দিতে হবে এবং যাতে তাকে বাড়িয়ে তুলতে পারি তার জন্য চেষ্টা করতে হবে। আমরা বলেছি, আমাদের যে বন্য প্রাণী আছে, আমাদের বন সম্পদ আছে সেগুলিকে রক্ষা করার দায়িত্ব আমাদের। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পারি না, যখন অধিকারের সঙ্গে সঙ্গে দায়িত্বের কথা স্মরণ করিয়ে দেই, দায়িত্বের কথা নূতন করে বলি তখন কোন কোন দল, কোন কোন ব্যক্তি, কোন কোন গোষ্ঠী, কোন কোন রাজনৈতিক উস্কানিদাতা এর বিরুদ্ধে কাজ করেন, তখন তাঁদের চরিত্র আমাদের কাছে পরিষ্কার হয়ে যায়। আমাদের লক্ষ্য অত্যন্ত পরিষ্কার, আমাদের উদ্দেশ্য অত্যন্ত পরিষ্কার। তাই তাঁদের ষড়যন্ত্র আমাদের কাছে অত্যন্ত ধিক্কারজনক বলে মনে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, ডাইরেকটিভ প্রিন্সিপলে আমরা নূতন করে কিছু কিছু সংযোজন করেছি। আমরা সেখানে কি বলতে চেয়েছি ? আমরা একথা বলতে চেয়েছি যে, আজকে যে-সমস্ত স্বার্থান্বেষী মানুষ, যে-সমস্ত রি-অ্যাকশনারী সম্প্রদায়, যে-সমস্ত প্রতিক্রিয়াশীল গোষ্ঠী আজকে তারা আতঙ্কিত বোধ করছে। আমরা directive principles-এ বলতে চেয়েছি, আজকে মালিক কারখানার মালিক হতে পারে, কিন্তু তার উৎপাদন ব্যবস্থা যারা বাঁচিয়ে রেখেছে, তার মুনাফাকে যারা বাঁচিয়ে রেখেছে, দেশের সম্পদকে যারা [illegible]—সেই শ্রমজীবী মানুষের পার্টিসিপেশান আমরা চাই।

আমরা পার্টিসিপেশান অব দি ওয়ার্কিং ক্লাস ইন ম্যানেজমেণ্ট এটা চাই। এটা বিপ্লবের কথা, এটা বৈপ্লবিক চিন্তাধারা। এটা যাঁরা মেনে নিতে পারেন না তাঁদের জন্য আমাদের শিরঃপীড়া নেই, তার কারণ আমি আবার বলছি যে আমাদের উদ্দেশ্য আমরা পালন করব। আমি একথা বলতে চাই যে, পার্টিসিপেশান অব দি ওয়ার্কিং ক্লাস শুধু নয়, তার সঙ্গে সঙ্গে আমরা দেখব যাতে করে ন্যাচারাল জাষ্টিস লোকে পায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একজন ব্যক্তিজীবনে ব্যবহারজীবী। আপনি ব্যক্তিগত জীবনে দেখেছেন যে, সাধারণ মানুষ—তার উপরে অধিকতর ক্ষমতার মানুষ অত্যাচার চালায়। সাধারণ মানুষ, গরিব মানুষ—সে আইনের কাছে গিয়ে আশ্রয় প্রার্থী হয় লিগ্যাল প্রোটেকশানের জন্য। তার পেটে খাদ্য নেই, গায়ে জামা নেই, তার আদালতে যাবার পয়সা নেই, একজন উকিল দেবার মত ক্ষমতা নেই। সুতরাং আজকে সাধারণ মানুষের আর্থিক ক্ষমতা নেই, সেই অপরাধে সে লিগ্যাল প্রোটেকশান থেকে বঞ্চিত হচ্ছে, আর আমরা বলছি যে আমাদের গণতান্ত্রিক দেশে সকলকে সমান বিচার দেব—এটা হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আজকে আমরা সংযোজিত করেছি ডাইরেকটিভ প্রিন্সিপলসে যে, আজকে মানুষকে লিগ্যাল প্রোটেকশান পেতে গেলে কোথাও তার কোন বাধা থাকবে না। সরকার এগিয়ে গিয়ে তাকে লিগ্যাল প্রোটেকশান দেবে এবং তার জন্য সমস্ত রকম প্রোটেকটিভ মেজার সরকার গ্রহণ করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আরো অন্যান্য সদস্যরা বলবেন। কাজেই আমি আর বিলম্বিত করতে চাই না। আজকে শুধু অত্যন্ত আবেগের সঙ্গে, উচ্ছাসের সঙ্গে এই কথা বলতে চাই যে, এই পরিবর্তনের প্রয়োজন ছিল। পরিবর্তন যেটা করা হয়েছে তা ঠিক, কিন্তু আরো বেশী না করলে আমি মনে করি আগামী কয়েক বছর পরে আরো আমাদের পরিবর্তনের কথা চিন্তা করতে হবে। সমাজ এগিয়ে যাচ্ছে, দেশ এগিয়ে যাচ্ছে, জাতি এগিয়ে যাচ্ছে, মানুষ এগিয়ে যাচ্ছে, মানুষের চিন্তাধারা এগিয়ে যাচ্ছে, সেই চিন্তাধারাকে খোরাক যোগাবার জন্য, সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষাকে বাস্তবে রূপায়িত করবার জন্য কনষ্টিটিউশানের প্রয়োজন হয়। আমরা আশা করব আগামী দিনে সাধারণ মানুষের আশা-আকাঙ্ক্ষাকে উজ্জীবিত করব এবং আমাদের চলার পথে যা কিছু বাধা সেই বাধাকে অপসারিত করবার জন্য প্রয়োজন হলে আবার নূতন করে নূতন খাতা সংযোজিত করতে হবে, আবার নূতন করে লিখতে হবে যাতে করে আমরা মানুষের আশা-আকাঙ্ক্ষাকে নূতন করে প্রভাবান্বিত করতে পারি। ধন্যবাদ।

At this stage the House was adjurned for 30 minutes.

[3.40—3.50 P.M.]

(After adjournment)

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্তঃ মাননীয় স্পীকার স্যার, আজকে সংবিধান সংশোধন সম্বন্ধে আমরা এখানে আলোচনা করছি। সামাজিক নিয়মে সমাজ চলতে চলতে সৃষ্টি করে কিছু দাবি, সৃষ্টি করে কিছু দ্বন্দ্ব, দ্বন্দ্ব থেকে আসে সংঘাত, সংঘাত থেকে আসে সংঘর্ষ। যে চেতনা, যে নব অভ্যুদয়, যে আশা, যে আকাঙ্ক্ষা এই সংঘাতের মধ্যে দিয়ে সৃষ্টি হয়, তাকে যদি স্বাগত না জানানো হয় তাহলে নদী যেমন তার নিজের পথ খুঁজে নেয়, তেমনি সংঘর্ষের মাধ্যমে কিছু নূতন সমাজ ব্যবস্থা স্থাপিত হবে। তাই আজকে সংবিধান সংশোধনের প্রশ্ন নয়, প্রশ্ন হচ্ছে either you change or you perish. আজকে যে সংবিধান আমাদের সামনে দেখা দিচ্ছে, বলা হচ্ছে যে এই সংবিধান সংশোধন করার দরকার নেই। এই অধিকারটা যাঁরা বলছেন, তাঁদের কে দিল, আমার জানা নেই। তবে আমি এটা জানি, সংবিধান পুণ্য বাইবেল নয়, সংবিধান অচল, অটল, অনড় একটা কিতাব নয়, সংবিধান মানুষের বাঁচার অধিকার, বাঁচার হাতিয়ার, সংবিধানের মধ্যে দিয়ে যে জুডিশিয়াল সিস্টেম আমাদের দেশে প্রবর্তিত আছে, সেই জুডিশিয়াল সিস্টেমের জন্য আজকে অনেকে উদ্বেগ বোধ করছেন, অনেকেই চিন্তিত, অনেকেই মনে করছেন যে, এই যেটা পরিবর্তন হচ্ছে, সেই পরিবর্তন ভারতবর্ষের বুকে, মানুষের বুকে, ভারতের জনগণের বুকে আকাশ ভেঙ্গে পড়বে। সত্যই কি তাই? এই যে জুডিশিয়াল সিস্টেম, যেটা এখন রয়েছে, তাঁদের একটা অধিকার, যে অধিকার প্রয়োগ করেছিলেন তাঁরা, তাঁরা মনে করেছিলেন, তাঁদের এই অধিকারটুকু আছে যে, আইনসভা যে আইন করবে, পার্লামেন্ট থেকে যে আইন হবে, লেজিসলেচার থেকে যে আইন হবে, সেই আইন পরিবর্তন বা বাতিল করার অধিকার তাঁদের আছে। আমরা মনে করি যে, যে অধিকার তাঁদের নেই, সেই অধিকার তাঁরা নিজেরা সৃষ্টি করে কনস্টিটিউশনের মাধ্যমে যে জটিলতা সৃষ্টি করেছেন, তাতে আজকে আমাদের এই বিধানসভার সদস্যদের অধিকার ক্ষুণ্ণ হয়ে যাচ্ছে। আজকের দিনে আমরা এটাকে বিধানসভা হিসাবে জানছি, কিছুদিন আগে পর্যন্ত আমরা আইনসভা হিসাবে জানতাম। আইনসভা আইন সৃষ্টি করবে, আজ যদি সেই আইন করার অধিকারটা মহামান্য হাইকোর্ট কেড়ে নিয়ে থাকে বা কেড়ে নেয়, যদি তাঁরা পরিবর্তন বা পরিবর্ধন বা বতিল করেন তাহলে আমি মনে করি আমাদের দেশে দুটো জডিশিয়াল সিস্টেম হবে। একটা হবে আইনসভা, একটা হবে মেমবার্স

অব দি পার্লামেণ্ট। একটা স্টেট লেজিসলেচার, আর একটা আইন সৃষ্টি করে মহামান্য হাইকোর্ট, মহামান্য সুপ্রীম কোর্ট—এই রকম অবস্থা দেশে চলতে পারে না এর আগের বার যখন বিধানসভায় বক্তব্য রাখছিলেন, তখন আমাদের মধ্যে পণ্ডিত মানুষ, জ্ঞানী মানুষ, দুঃখী মানুষের কথা যিনি বলেন, মাননীয় কাশীকা মৈত্র মহাশয় বলেছিলেন, আমাদের উদ্দেশ্য করে, আমরা কালিদাসের দল, ে ডালে আমরা বসে আছি, সেই ডালটা আমরা কাটছি। আমার তাঁর কাছে সবিনয়ে নিবেদন, আমরা কালিদাসের দল নই। আমরা ইতিহাস থেকে শিক্ষালাভ করি, আমরা বিজ্ঞান থেকে শিক্ষালাভ করি, আমরা সমাজবিজ্ঞানে ছাত্র, যে অধিকার আমার আছে, যে আইন করার অধিকার আছে, সেই আই করার অধিকার শুধু আইনসভারই আছে, সেখানে হস্তক্ষেপ করার মত শক্তি ব ক্ষমতা হাইকোর্টকে দেওয়া যায় না। আজকে আর একটা প্রশ্ন আসছে, জুডি শিয়ালের কাছ থেকে যদি ক্ষমতা কেড়ে নেওয়া হয়—এলাহাবাদ হাইকোর্টে যেদিন রায় বেরোল, সেদিন অনেকেই প্রশংসায় পঞ্চমুখ হয়ে গেলেন—গুটিকত নূতন দিল্লীর লোক, গুটিকতক আমেদাবাদের লোক, হঠাৎ দেখলাম তাঁরা খু জুডিশিয়ালের ভক্ত হয়ে পড়লেন এবং এই ভক্তি শুধু সেদিন আমেদাবাদ ব দিল্লীতেই দেখিনি, সেদিন দেখেছি নিউইয়র্কে, ভক্তি সেদিন দেখেছি ওয়াশিংটনে লণ্ডনের মত নগরীতে, এই ভক্তি দেখেছি ওয়েস্ট জার্মানির বন শহরে। একই সূত্রে গাঁথা বিনা সুতোর একটা মালা।

[3.50—4.00 P.M.]

আজকে যে জুডিসিয়ারী সম্বন্ধে তাঁরা প্রশংসায় পঞ্চমুখ তাঁদের সম্বন্ধে ভারত বর্ষের একজন শ্রেষ্ঠ মানুষের কথা মনে পড়ে যাচ্ছে, নেতাজী সুভাষচন্দ্রের কথা মনে পড়ে যাচ্ছে। তিনি সকালবেলা উঠে তাঁর সহকর্মী সত্য বক্সিকে বলতেন, দেখু তো আজকের স্টেটসম্যান কাগজে কি বলেছে। সত্যবাবু বলতেন, স্টেটসম্যান কাগজ বলছে সুভাষচন্দ্র বসু যা করছেন এটা সাংঘাতিক কাজ, এতে দেশের সর্বনাশ হয়ে যাবে। তখন সুভাষবাবু বলতেন, আমি আশ্বস্ত, আমি নিশ্চিত যে, আমি ঠিক বলছি এবং ঠিক করছি। আজকে বিদেশী কাগজ যখন ভারতবর্ষের বিষয় নিয়ে মাথা ঘামাচ্ছে এবং জুডিসিয়ারীর প্রশংসায় পঞ্চমুখ হচ্ছে তখন আমাদের এটা দেখা উচিত জুডিসিয়ারী ত্রুটিমুক্ত কিনা। কসবায় একটা ব্রিজ হওয়ার কথা ছিল ১০ বছর আগে এবং যোদপুর পার্কে একটা ব্রিজ হওয়ার কথা ছিল ১৫ বছর আগে এব

প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়ের সময় এই ব্রিজ দুটোর অনুমোদন দেওয়া হয়েছিল। এই ব্রিজ করতে গিয়ে কিছু জমি অধিগ্রহণের প্রয়োজন ছিল। সেই জমি অধিগ্রহণ না করলে জনগণের যাতায়াতের অসুবিধা হত, যাত্রী চলাচলের অসুবিধা হত, যানবাহন চলাচলের অসুবিধা হত। যখন সেই কাজে প্রফুল্লবাবু হাত দিয়েছিলেন তখন আর্টিকেল ২২৬ অনুযায়ী ইনজাংশন হল এবং সেই ব্রিজ তৈরি বন্ধ হয়ে গেল। ১০/১৫ বছর আগের ইনজাংশন পরবর্তীকালে উঠে গেল। কিন্তু এই ১০/১৫ বছরের মধ্যে মূল্য কোথায় গিয়ে দাঁড়াল, সেই ব্রিজ তৈরির খরচ ৪ গুণ বেড়ে গেল এবং এটা দিতে হচ্ছে পশ্চিমবাংলার মানুষকে। একজনের ফাণ্ডামেণ্টাল রাইটের মূল্য দিতে গিয়ে লক্ষ লক্ষ মানুষের ফাণ্ডামেণ্টাল রাইট কেড়ে নেওয়া হল। বিহারের একটা গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত সরকার, যে পদ্ধতিতে কাশীবাবু নির্বাচিত হয়েছেন—সেই রকম একটা নির্বাচিত সরকারকে পদচ্যুত করবার জন্য একটা সভা হল, এই সরকার অযোগ্য, এই সরকার অপদার্থ, এই সরকারকে হটাও, এই কথা তারা বলল এবং আরো বলল যে, এই সরকারকে হটাতে অহিংস আন্দোলন করতে হবে এবং সেটা সহিংস হয়ে গেলে আমাদের কিছু করবার নেই। স্বভাবতঃই সেই বক্তৃতার পর ওখানে আগুন লাগল, ঘর পুড়ল, বাড়ি পুড়ল, ট্রেন লাইন তুলে ফেলা হল, অনেক কিছু হল। তখন সেখানে তার ওপর কেস হল পাটনা হাইকোর্টে এবং সেখানে মহামান্য হাইকোর্ট বলছে এটা ফ্রিডম অব স্পিচ, মানুষের বক্তৃতা করবার অধিকার আছে। যে ফ্রিডম অব স্পিচের জন্য আগুন জ্বলল, সেই ফ্রিডম অব স্পিচ চলবে? এবং তার যে বাহক সেই জুডিসিয়ারী চলবে? আজকে সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবরা হচ্ছে সমাজের বঞ্চিত মানুষ, সমাজের জ্ঞানের আলো এদের মধ্যে প্রবেশ করে নি। তামিলনাড়ু সরকার মেডিকেল কলেজে এদের জন্য ৫% সিট রিজার্ভ করেছিলেন। তখন সেখানকার যে সমস্ত মানুষদের এই পারসেণ্ট রিজার্ভেশনের জন্য অসুবিধা হচ্ছিল, যারা সুবিধাভোগী মানুষ, যারা শিক্ষা পেয়েছে, জ্ঞানের আলো পেয়েছে, যাদের পকেটে পয়সা রয়েছে, তারা মহামান্য হাইকোর্টে গিয়ে বলল: It is discrimination on the ground of religion, on the ground of creed, on the ground of castes.

মহামান্য হাইকোর্ট, মাদ্রাজ হাইকোর্ট তার ওপর যে রায় দিলেন সেটা হল সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবদের জন্য যে সিট রাখা হচ্ছে এটা করা যায় না। অর্থাৎ সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবদের ওপর যে অত্যাচারের স্টিম রোলার হাজার বছর ধরে চলে আসছে তা অব্যাহত থাকবে। এই কার্টেলমেণ্ট অব রাইটস নিয়ে অনেকে উদ্বেগ বোধ করছেন, কলকাতায় সভা হচ্ছে, বোম্বাইতে সভা হচ্ছে,

এর জন্য বিভিন্ন বড় বড় জায়গায় সভা হচ্ছে। কিন্তু গ্রামবাংলায় কিম্বা ভারতবর্ষে বিভিন্ন সুদূর প্রান্তে যাঁরা রয়েছেন তাঁরা সেখানে সভা-সমিতি করতে দেন নি কারণ ওঁরা তাদের কথা বলবেন না। কার্টেলমেণ্ট অব রাইটস-এ একটা নতু পরিবর্তন সুনিশ্চিত হচ্ছে, সেটা হচ্ছে রাইট টু ব্যান পার্টিস।

আজকের খবরের কাগজে আপনারা দেখেছেন মিঃ ম্যাকনামারা বলেছে কলকাতা শহরকে সুন্দর করতে হবে, একে অস্বাস্থ্যকর পরিবেশ থেকে মুক্ত করা হবে এবং তার জন্য যত টাকা লাগে আমরা দেব। কিন্তু কয়েক বছর আগে যখ তিনি এসেছিলেন, তাঁর আগমন উপলক্ষ করে অনেক পলিটিক্যাল পার্টি তাঁকে এখা চলতে ফিরতে দেন নি। এই যদি পার্টির কাজ হয় তা হলে দেশের বৃহত্তর স্বা পার্টি করার কোন অধিকার তাঁদের নেই। আজ রাইট টু টেক অ্যাওয়ে ফানড মেণ্টাল রাইস-এ আপত্তি এসেছে। কিন্তু আমরা অ্যাঙ্গোলা, রোডেশিয়া, মোজাম্বি কি দেখছি? শ্রেষ্ঠ বঙ্গবন্ধুর নিধন আমরা দেখতে পাচ্ছি। এই রকম সব লোকে যদি ফাণ্ডামেণ্টাল রাইটস কেড়ে নেওয়া হয় দেশের বৃহত্তর স্বার্থে তা হ দেশের লোক স্বাগত জানাবে। স্মাগলারদের ফাণ্ডামেণ্টাল রাইটস যদি কে নেওয়া হয় তাতে আপত্তি কেন? Right to curtail freedom of speech—বা স্বাধীনতা হরণ হয়ে যাচ্ছে। কিন্তু এটা কি দেশে ছিল? মানুষ খুন হচ্ছে, গা এ্যাসিড ঢালা হচ্ছে, তখন একজন দায়িত্বশীল লোক বললেন এ কাজ ঠিকই হয়েছে এই রকম স্পীচ দেবার জন্য কনস্টিটিউশন কি তার সহায়ক হবে। এরকম অবস্থ চিন্তা করা কোন বিবেচক মানুষের উচিত নয়। আজ Right to limit holding of properties করা হয়েছে। আজ ইকোয়ালিটির নামে টাটা বিড়লার একখান ঘর এবং পর্ণকুটিরে যে বাস করছে তারও একখানা ঘর। গগনদীপে যে বা করছে তার যে অধিকার এবং তিলজলা বস্তিতে যে বাস করছে তারও একই অধিকার —এটা এখন It is the inequality of equality. আজ যে ফাণ্ডামেণ্টাল ডিউটিস করা হয়েছে, সেই ফাণ্ডামেণ্টাল ডিউটিস-এর মধ্যে ৮টি বিষয় বলা হয়েছে। আজ যিনি এই প্রস্তাব এনেছেন তিনিও একজন রচয়িতা। তাঁর দৃষ্টি আকর্ষণ করার জন্য কয়েকটা কথা বলছি। আমাদের অনেক অধিকার কেড়ে নেবার জন্য সরকারকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু সরকারী কর্মচারীর duties to work-এর কোন পরিবর্তন করা হয় নি—duties to maintain discipline in offices duty to work respectfully and respectably in office করা হয় নি একজন এম এল এ হয়ে ২০ দফা কর্মসূচীর জন্য বি ডি ও-র কাছে যাচ্ছি কিন্তু কুকুরের মত অপমানিত হচ্ছি। অর্থাৎ তাঁদের কোন অ্যাকাউণ্টেবিলি

নেই। দেশের মানুষের জন্য কোন বোধ নেই। এমারজেন্সি করে তাঁদের অফিসে আনতে হচ্ছে। সুতরাং যে ফাণ্ডামেন্টাল ডিউটিস হয়েছে তার মধ্যে এগুলি নেই, যা থাকা উচিত বলে মনে হয়। কারণ তা না হলে অসুবিধা হচ্ছে। যেমন workers participation in management নেই। এদিকে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা যারা সমাজের কাজ করি, রাজনীতির সঙ্গে জড়িত তাদের অনেক শত্রু বৃদ্ধি হয়। অনেক মানুষ হিংসায় হোক বা অন্য কোন কারণেই হোক আমাদের বন্ধুভাবাপন্ন তারা নয়। তাদের জন্য কি চিন্তা করা হয়েছে? আজকে ইনস্পেক্টর অব পুলিশ, বি ডি ও, এস পি, ডি এম-এর বিরুদ্ধে ফৌজদারী মামলা করা যায় না। এই কাজ করতে গেলে স্যাংশন লাগে। তা হলে এক্ষেত্রে এম পি, এম এল এ-দের যারা হয়রানি করছে, তাঁদের মান বিপন্ন করছে, সেক্ষেত্রে আমি বলব sanction of the speaker of Lok Sabha or the sanction of the spaeker of the State Legislature হওয়া উচিত।

[4.00—4.10 P. M.]

আজকে আমরা একটা নতুন সমাজব্যবস্থার স্বপ্ন দেখব যেখানে ধনী-নির্ধনের পার্থক্য থাকবে না, যেখানে রবীন্দ্রনাথের ভাষায় "ভাগ করে খেতে হবে সকলের সাথে অন্ন পান"। এই কনস্টিটিউশন সৃষ্টি করেছে ক্লাস ওয়েলফেয়ার, আমরা যে কনস্টিটিউশন সৃষ্টি করব সেটা হবে মাস ওয়েলফেয়ার।

Lockout at Mohini Mill

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটা কথা উল্লেখ করতে চাই মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করবার জন্য। মোহিনী মিলের আড়াই হাজার শ্রমিক, সেই মিল আই আর, সি, আই-এর কাছ থেকে অনেক টাকা নিয়ে লক-আউট করেছে, এই অবস্থায় সেই মিল টেক ওভারের দাবিতে তারা আজকে মিছিল করে বিধানসভার কাছে এসেছে। ইতিপূর্বে শ্রমমন্ত্রী এই মিল টেক-ওভার করার বিষয় বিবেচনা কবা হবে বলে উল্লেখ করেছিলেন। সুতরাং শ্রমিকরা এই দাবি করতে এসেছে যাতে দ্রুত এই মিল টেক ওভার করা হয় এবং যাতে তারা কাজে ফিরে যেতে পারে। শ্রমমন্ত্রী অনুপস্থিত থাকলেও এটা রেকর্ডেড থাকল, পার্লামেন্টারী মন্ত্রীর দায়িত্বে এটা যেন শ্রমমন্ত্রীকে কমিউনিকেট করা হয়।

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য রাখার আগে প্রথমে আপনাকে এবং আপনার মাধ্যমে এই সভার সকল সদস্যদের, বিশেষ করে মাননীয় কংগ্রেসী সদস্যদের আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি আমাকে বলবার সুযোগ করে দেওয়ার জন্য। মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসের নেতা হিসাবে ৪৪তম সংশোধন বিলের অনুমোদন নেবার জন্য আমাদের কাছে যে প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবের আমি বিরোধিতা করছি। কিন্তু বিরোধিতা করার আগে আমি খুব বিনয়ের সঙ্গে আমার কংগ্রেসীবন্ধুদের কাছে অনুরোধ করব যে, আমার বক্তব্যের মূল্যায়নের সময় তাঁরা যেন তিনটি বক্তব্য অনুগ্রহপূর্বক খেয়াল রাখেন। আমার প্রথম বক্তব্য কোন দল, কোন ব্যক্তি, কোন আন্দোলন অভ্রান্ত নয়। দ্বিতীয়তঃ শত্রুকে তোষণ করা যেমন অন্যায়, একজন মিত্র বা বন্ধু যে ভিন্ন পথে মহৎ লক্ষ্যে পৌঁছবার জন্য চেষ্টা করছে বা ভিন্ন কথা বলছে, তাকে শত্রুরূপে যেন চিহ্নিত, নিন্দিত না করা হয়। তৃতীয়তঃ ইতিহাসে একটা অন্যতম মৌলিক সত্য, যে ক্ষতিকারক সত্য, পরিশেষে এবং শেষ বিচারের প্রয়োজনীয় উপযোগী মিথ্যার চেয়ে শ্রেয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন যে দীর্ঘ ভাষণ দিয়েছেন আমি খুব মনোযোগ সহকারে তাঁর বক্তৃতা শুনেছি। আমি দুঃখের সঙ্গে, বিনয়ের সঙ্গে বলছি তিনি যে যুক্তিগুলি হাউসের কাছে রেখেছেন সংবিধান সংশোধন বিল সমর্থন সাপেক্ষে সেই যুক্তিগুলি কিন্তু আমার কাছে গ্রহণযোগ্য হয় নি। কেন হয় নি আমি তার উত্তর দেব। আমি আশা করব এখানে প্রবীণ বিচক্ষণ মন্ত্রী ডাঃ আবেদিন রয়েছেন, তিনি নোট নিচ্ছেন, তিনি উত্তর দেবেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী আমার পয়েন্টের উত্তর দেবেন। যদি ভুল হয় তা হলে সেটা বিশ্লেষণ করে দেবেন। আমি আবার বলব ধৈর্য সহকারে আমার বক্তব্য শুনুন। আমি কোন নিন্দা করার মন নিয়ে আলোচনায় যোগদান করতে আসিনি। জীবনের অপরাহ্ণে পৌঁছে আজকে আমি শুধু বলব আমার নিজের সযত্নে লালিত দীর্ঘ জীবনের রাজনৈতিক বিশ্বাস—যে বিশ্বাস ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের মুক্তি সংগ্রামের মধ্য দিয়ে সঞ্চিত হয়েছে, সেই বিশ্বাসটুকু যেন খান খান করে ভেঙ্গে যাচ্ছে। সেজন্য আমি দাঁড়িয়েছি আপনাদের হুঁশিয়ার বাণী শোনাবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রথম আপত্তি হচ্ছে এই সংবিধান সংশোধন বিলের বিরোধিতা করা দরকার এই জন্য যে, ভারতের সংবিধানের যে বেসিক ক্যারেক্টার তাকে বিনষ্ট করা হয়েছে সম্পূর্ণভাবে। দ্বিতীয়তঃ এই সংবিধান সংশোধন বিল পার্লামেন্টের সার্বভৌমত্বের নামে সত্যিকারে জনগণের সার্বভৌমত্বকে ক্ষুণ্ণ করেছে শুধু তাই নয়, সংবিধানের মর্যাদা, পবিত্রতাকেও দারুণ ভাবে ক্ষুণ্ণ করেছে।

তৃতীয়তঃ যে পার্লামেন্ট এই সংবিধান সংশোধন বিল এনেছেন সেই পার্লামেন্টের আয়ুষ্কাল শেষ হয়েছে এবং Parliament is existing on borrowed existence —এরকম একটা পার্লামেন্ট যে তার বর্ধিত আয়ুষ্কাল নিয়ে শেষ বছরে এসে দাঁড়িয়েছে তাকে দিয়ে এরকম একটা বিরাট সম্ভাবনা এবং বিপজ্জনক সম্ভাবনাপূর্ণ সংশোধনী বিল আনা আদৌ উচিত হয় নি। চতুর্থতঃ জনসাধারণের রায় না নিয়ে, ব্যাপক গণ-বিতর্কের ব্যবস্থা না করে, সংবাদপত্র, রেডিও এবং বিভিন্ন সভা-সমিতির মাধ্যমে প্রচারের ব্যবস্থা না করে, সর্বশ্রেণীর মানুষ বিশেষ করে গরিব মানুষ, মেহনতি মানুষের বক্তব্য না শুনে এরকম একটা বিরাট সংশোধনী বিল এত তাড়াতাড়ি করে আনা অযৌক্তিক হয়েছে, অগণতান্ত্রিক হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সংবিধানের বেসিক ক্যারেক্টার এবং কিভাবে এই সংশোধনী বিল সেই বেসিক ক্যারেক্টার অব দি কন্‌সটিটিউশনকে ডেসট্রয় করছে, সেকথা বলার আগে আমি অন্য একটা কথা বলতে চাই। আমাদের মুখ্যমন্ত্রী একজন বিশিষ্ট আইনজীবী। তিনি তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন এবং তিনি চ্যালেঞ্জ করেই বলেছেন যে, আমাদের সংবিধানের বেসিক ফিচার এবং বেসিক ক্যারেক্টার বলে আদৌ কিছু নেই। তিনি আরও বলেছেন কেশবানন্দ ভারতীর কেস-এ ১৯৭৩ সালে সুপ্রীম কোর্ট যে সিদ্ধান্ত নিয়েছিল সেখানে বিচারপতি শ্রীখান্না বেসিক ক্যারেক্টার অব দি কন্‌সটিটিউশন বলে যে মন্তব্য করেছেন সে সম্বন্ধে বিস্তারিত কিছু লেখা নেই, কাজেই সংবিধানের বেসিক ক্যারেক্টার বলে কিছু নেই। কাজেই সংবিধানের বেসিক ক্যারেক্টার যদি কিছু না থাকে তা হলে সংবিধান পাল্টালেও বেসিক ক্যারেক্টার ডেস্ট্রয় হচ্ছে, এই আর্গুমেন্ট অযৌক্তিক একথা তিনি বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মুখ্যমন্ত্রী এবং সকল সদস্যকে স্মরণ করিয়ে দিচ্ছি, আমাদের জাতীয় নেত্রী শ্রদ্ধেয়া শ্রীমতী ইন্দিরা গান্ধীর নির্বাচনী মামলার রায়ের পর সুপ্রীম কোর্টে যখন তার আপীলের বিচার হয় তখন সেখানে ৫ জন বিচারপতি ছিলেন এবং প্রিজাইডিং জাজ হিসেবে ছিলেন সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি শ্রীঅজিতনাথ রায়। আমি স্মরণ করিয়ে দিচ্ছি ইন্দিরার নির্বাচনী মামলার রায় এলাহাবাদ হাইকোর্ট থেকে ঘোষিত হবার পর সেটা যখন সুপ্রীম কোর্টে যায় আপীলের জন্য, সেই আপীল দাখিল করবার পর আমাদের সংবিধান সংশোধন করা হয়। অর্থাৎ পার্লামেন্টের থার্টিনাইন্থ অ্যামেণ্ডমেন্ট বিল আইনে পরিণত হয়। সেই আইনের দ্বারা আর্টিকল ৩২৯ (এ) বলে একটা নতুন আইন সংযোজিত হলো। সেই আর্টিকল ৩২৯ (এ)-তে বিশেষ বিশেষ কয়েকজন ব্যক্তি এবং বিশেষ করে প্রধানমন্ত্রী সম্বন্ধে বলা হল যে, এঁদের কোন নির্বাচন সংক্রান্ত মামলা কোন আদালতে বিচার হতে পারবে না, সুপ্রীম কোর্টে তো

নয়ই। এর বিচার হবে পার্লামেন্টের একটি কমিটির কাছে, পার্লামেন্টের ফোরামের কাছে। এই মামলার শুনানি যখন সুপ্রীম কোর্টে এল তখন স্মরণ আছে ভারতবর্ষের খ্যাতিমান আইনজীবী অশোক সেন প্রধানমন্ত্রীর পক্ষে সওয়াল করতে উঠে একটা মৌল আপত্তি তুলে বলেছিলেন যে, এই সুপ্রীম কোর্টের আদৌ কোন এক্তিয়ার নেই এই নির্বাচনী আপীল শুনবার, কারণ আইন সংশোধন হয়েছে, সংবিধান সংশোধন হয়েছে, সুপ্রীম কোর্ট এবং হাইকোর্টের এক্তিয়ার কেড়ে নেওয়া হয়েছে, পার্লামেন্টই একমাত্র প্রতিষ্ঠান যেখানে এর বিচার হতে পারে, তখন সুপ্রীম কোর্ট পরিষ্কার তার উত্তর দিয়ে এটা নাকচ করে দেন। এবং সুপ্রীম কোর্ট কিন্তু সেই কেশবানন্দ ভারতীর কেস, যেটা ১৯৭৩ সালে হয়েছিল, সেখানে সুপ্রীম কোর্টের রায় যেটা ১৩ জন বিচারপতি মিলে একজোট হয়ে বলেছিলেন, সেটাই পুনরায় ঘোষণা করে বললেন যে, বেসিক ক্যারেকটার অব দি কনস্টিটিউশন ইজ বিয়িং ভাইওলেটেড। নাগরিকদের অধিকার ক্ষুণ্ণ করা হচ্ছে, ফোরাম কেড়ে নেওয়া হচ্ছে, কাজেই আমরা আর্টিকল ৩২৯(এ) সাব-রুল ফোর আলট্রাভারিস দি কনস্টিটিউশন বলে ঘোষণা করছি। স্যার, আমি আপনাদের শোনাচ্ছি অল ইণ্ডিয়া রিপোর্টার, ১৯৭৫। Report begins at pages 2299 and 2300.

Per majority (Justice Khanna, Justice Mathew and Justice Chandrachur) : Clause 4, Article 329(a) as introduced by the Constitution 39th Amendment Act, 1975, is unconstitutional. Justice Khanna : Clause 4, Article 329(a) is liable to be struck down on the ground that it violates principle of free and fair election which is essentially postulate on democracy and which in its turn is a part of basic structure of the constitution in as much as : (1) It abolishes the forum without providing another forum for going into the dispute relating to the validity of the election of the appellant and further prescribes that said dispute shall not be governed by any election law and that validity of the said election shall be absolute and not consequential liable to be assailed ; and

[4.10—4.20 P.M.]

(2) it extinguishes both the right and the remedy to challenge the validity of the aforesaid election.

তা ছাড়া তিনি বললেন—The concept of equality which is basic to rule of law and that which is regarded as the most fundamental postulate of republicanism are both embodied in article 14. Clauses (4) and (5) of article 329A are

unconstitutional. These provisions are an outright negation of the right of equality conferred by article 14, a right which more than any other, is a basic postulate of our constitution. The provisions are arbitrary and are calculated to damage or destroy the rule of law.

শুধু তাই নয়, এই বিচারের সময় আমাদের প্রধান বিচারপতি মাননীয় অজিতনাথ রায় ২/৩/৪ পৃষ্ঠার প্যারাগ্রাফ ১৬-তে বলছেন—It should be stated that the hearing has proceeded on the assumption that it is not necessary to change the majority view of Keshabananda Bharati's case.

তা হলে মেনে নেওয়া হল কেশবানন্দ ভারতীর কেসে বেসিক স্ট্রাকচার অব কনস্টিটিউশন বলা হয়েছে ছাট স্টিল স্ট্যাণ্ড। সুতরাং মাননীয় মুখ্যমন্ত্রীকে খুব বিনয়ের সঙ্গে বলছি যে বক্তব্য তিনি বলেছেন তাতে তিনি সুপ্রীম কোর্টের মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী রায় নস্যাৎ করে দিচ্ছেন। এটা মনে রাখা দরকার সুপ্রীম কোর্টের কথা, তারা অ্যাপীলটাকে এনটারটেন করলেন, এনটারটেন করে বললেন এলাহাবাদ কোর্টের রায় ভুল এবং নির্বাচন বৈধ। তা হলে you can not approbate and reprobate, আপনি বলতে পারেন না যে, সুপ্রীম কোর্টের বেসিক স্ট্রাকচার অব দি কনস্টিটিউশন এই আরগুমেন্ট এটি গ্রহণযোগ্য, অ্যাপিলটা শোনবার জন্য সুপ্রীম কোর্টের এক্তিয়ার বা জুরিসডিকশান অ্যাসুউম করবার জন্য, কিন্তু বিচার হয়ে যাবার পর বলব, না না, সুপ্রীম কোর্ট এই রকম কথা বলেন নি। বেসিক স্ট্রাকচার অব দি কনস্টিটিউশন, ইকোয়ালিটি বিফোর দি ল আরটিকেল ১৪-এর শ্যাঙ্কটটি বলে কিছু নেই। এবারে আসা যাক অন্য প্রশ্নে—এই সংবিধানের মূল বৈশিষ্ট্য কি, এসেনসিয়াল ফিচার, বেসিক ফিচার কি কি? এই সংবিধান প্রথম একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামো আমাদের দেশে দিয়ে গেছে। সেখানে ট্রিপল প্রিন্সিপল অব ডিস্ট্রিবিউশন অফ পাওয়ার এবং লেজিসলেটিভ লিস্ট রয়েছে—স্টেট লিস্ট, ইউনিয়ন লিস্ট অ্যাণ্ড কনকারেণ্ট লিস্ট। রাজ্যগুলির কতগুলি ক্ষমতা রয়েছে, কেন্দ্রের কতগুলি ক্ষমতা রয়েছে, আর কতগুলি ক্ষমতা কেন্দ্রের এবং রাজ্যের সমান-ভাবে আছে, তাঁরা আইন করতে পারেন, তবে যদি দুটো আইনসভায় পার্লামেণ্ট এবং বিধানসভার মধ্যে আইনের যদি অসঙ্গতি দেখা দেয় তা হলে পার্লামেণ্ট যে আইন করবে সেটাই বহাল থাকবে। ৩য় এই সংবিধান বহুদলীয় রাজনীতি এবং গণতন্ত্রের দ্বারা নিয়ন্ত্রিত এবং সংযত, স্বাধীনতার দ্বারা নিয়ন্ত্রিত এবং সংযত। একটা পরিষদীয় গণতন্ত্রের কথা স্বীকার করে গেছেন এবং সংবিধানে একথা স্পষ্টভাবে বলা হয়েছে যে, প্রতি ৫ বছর অন্তর নির্বাচন হবে এবং বাধামুক্ত নির্বাচন হবে এবং

নির্বাচন করে জনতার রায় নিতে হবে। পঞ্চমতঃ এই সংবিধানের একটি বৈশিষ্ট্য হল রুল অব ল এবং আদালতের এক্তিয়ার হাইকোর্ট সুপ্রীম কোর্ট-এর ইণ্টারপ্রিটেটিভ ফাংশন থাকবে। রিটিন কনস্টিটিউশন যে দেশে থাকবে, ফেডারেশন যে দেশে থাকবে সে দেশে কোর্ট, হাইকোর্ট, সুপ্রীম কোর্ট-এ আইনের ব্যাখ্যার ক্ষমতা দিতেই হবে। ১৪১ ধারাতে বলা হয়েছে সুপ্রীম কোর্ট যে আইনের ব্যাখ্যা করবেন সারা ভারতের কাছে সেটা গ্রাহ্য হবে। এখানে আমরা দেখতে পাচ্ছি সেই রুল অব ল বা বিচার বিভাগীয়, judicial review of administrative actions, executive highhandedness or legislative enactments validity or constitutional propriety, এই রকম অধিকার আদালতের আছে। এই সংবিধানে আমরা দেখতে পাচ্ছি এই অধিকারগুলিকে খর্ব করে দেওয়া হচ্ছে। আমি মাননীয় কংগ্রেস সদস্যদের বলছি আপনারা চিরদিন পাওয়ারে থাকবেন এমন নাও হতে পারে, আমি বলছি এইজন্য যে আমার অতীতের অভিজ্ঞতা আছে, '৬৭ থেকে '৬৯ সালে, সেদিন আপনাদের মনে আছে একটা যুক্তি উঠেছিল, তত্ত্ব উঠেছিল যে সংবিধানের সীমাবদ্ধতাতে আমরা কি করে কাজ করব। যুক্তফ্রণ্ট সরকারের অনেক অক্ষমতা রয়ে গেছে, তাদের যুক্তি ছিল যে সীমাবদ্ধতার জন্য আমরা কাজ করতে পারছি না। এবং আর একটি যুক্তি উঠেছিল বুর্জোয়াদের আদালত দেশের প্রগতির পক্ষে অন্তরায় হয়ে দাঁড়াচ্ছে, একে হটাও। জনতার আদালত চাই। প্রকারান্তরে ঘুরেফিরে সেই আর্গুমেণ্টে কি আমরা ফিরে আসছি না? আমরা কি সেই আর্গুমেণ্টকে রিইনস্টেট করছি না?

আমরা এগুতে পারছি না তার কারণ সংবিধানের সীমাবদ্ধতা যে কথা মাননীয় কুমারদীপ্তি সেনগুপ্ত মহাশয় বলেছেন। আমরা এগুতে পারছি না কারণ আদালত রোড ব্লক করছে, বাধা সৃষ্টি করছে। কিন্তু ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সালে যখন যুক্তফ্রণ্ট ছিল তখন সংবিধানের সীমাবদ্ধতা তো নিশ্চয়ই ছিল, কিন্তু তার আর একটা সীমাবদ্ধতা ছিল—কেন্দ্রীয় ক্ষমতা তাদের হাতে ছিল না। কিন্তু এখন কি রাজ্যে, কি কেন্দ্রে সমস্ত ভারতবর্ষে একটা দলেরই শাসন। অতএব আজকে যদি কোন অসঙ্গতি থাকত সেই অসঙ্গতি দূর করবার ক্ষমতা কংগ্রেস দলের নিশ্চয়ই ছিল, ২৫ বছর ধরে সেই অসঙ্গতি দূর করবার চেষ্টা হয় নি। আমি কিন্তু একথা একবারও বলি না মাননীয় অধ্যক্ষ মহাশয় যে, এই সংবিধান একটা মডেল, এই সংবিধানের কোন গ্যাপ্স্ নেই, এর মধ্যে কোন অসঙ্গতি নেই, এর মধ্যে কোন অপূর্ণতা নেই। এর মধ্যে অপূর্ণতা আছে, এর গ্যাপ্স্ আছে, সেই গ্যাপ্স্ পূরণ করা দরকার। কিন্তু কে করবে, কখন করবে, কিভাবে করবে, এই মৌল প্রশ্নগুলি আসছে। এখন প্রশ্ন

হল যে, বলা হচ্ছে এম্‌স্‌ অ্যাণ্ড অবজেক্টে—আমি মাননীয় সদস্যদের বলব, মাননীয় ডাঃ আবেদিন আমার পুরনো দিনের বন্ধু এবং শ্রদ্ধাভাজন আবদুস সাত্তার সাহেব আছেন, আইনমন্ত্রী, তাঁকে অনুরোধ করছি যে আপনি দয়া করে একবার এম্‌স্‌ অ্যাণ্ড অবজেক্ট সম্বন্ধে আইনমন্ত্রী শ্রীগোখলের বক্তব্য আপনি মিলিয়ে দেখুন, একটু যদি পড়ে দেখেন তাহলে দেখবেন তিনি বলছেন :

The question of amending the Constitution for removing the difficulties which have arisen in achieving the objective of socio-economic revolution which would end poverty, ignorance and disease and inequality and inopportunity has been engaging the attention of the Government and the public for some time now.

শুধু তাই নয়, তিনি আরো একটি কথা বলেছেন, এটা খুব ফাণ্ডামেণ্টাল, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বিশেষ করে অনুরোধ করব তিনি যেন এটাও বিচার করে দেখেন। তিনি যখন তাঁর জবাবী ভাষণ দেবেন, প্যারাগ্রাফ টু-তে তিনি বলেছেন The democratic institutions provided in the Constitution are basically sound and the path of progress does not lie in denigrading any of these. তা হলে গণতান্ত্রিক প্রতিষ্ঠান যেগুলি দেশে আছে তার মধ্যে বিচার বিভাগ একটা, হাইকোর্ট, সুপ্রীম কোর্ট, তাদের বলেছেন যে তারা বেসিক্যালি সাউণ্ড এবং দেশের অগ্রগতির জন্য এইগুলির মর্যাদা ক্ষুণ্ণ করা হবে না। কিন্তু আমরা দেখছি যে তাদের মর্যাদা ক্ষুণ্ণ করা হচ্ছে। একথা যদি বলা হত যে, হ্যাঁ, দারিদ্র্য দূরীকরণের জন্য আমাদের সংবিধান সংশোধন করতে হবে—ভাল কথা। এতে কিসের আপত্তি থাকবে, নির্বাচনের কথা অন্য, কিন্তু এতে কারোরই আপত্তি থাকতে পারে না। আমি অনুরোধ করছি, মাননীয় স্পীকার মহাশয়, আইনের সামান্য একজন ছাত্র হিসাবে এই সমগ্র বিলে ৫২টি ধারা আছে, ডাঃ আবেদিন ও সাত্তার সাহেব বিচার করে দেখবেন, মাননীয় কংগ্রেস সদস্যরা বিচার করে দেখবেন, মাননীয় সি পি আই-এর বন্ধু যাঁরা আছেন তাঁরা বিচার করে দেখবেন, আমাদের দেখান একটি ক্লজ এই সংবিধানের সংশোধনী বিলে যে ক্লজে দারিদ্র্য দূরীকরণের কথা বলা হয়েছে। দুটি ক্লজ আছে, একটা হল লিগ্যাল এড টু দি পুয়োর, গরীবদের জন্য আইনের সাহায্য, অর্থের সাহায্য, আর দ্বিতীয়টি হল ওয়ার্কার্স পার্টিসিপেশন ইন দি ম্যানেজমেণ্ট অব ইণ্ডাস্ট্রিজ। তার জন্য কি ফাণ্ডামেণ্টাল রাইটস কেড়ে নেওয়া, তার জন্য কি সংবাদপত্রের স্বাধীনতা হরণ, তার জন্য কি মানুষকে জেলে পুরে রাখা, তার জন্য কি মতামত প্রকাশের অধিকার হরণ, তার জন্য কি বিধানসভার আলোচনা সংবাদপত্রে প্রকাশ বন্ধ? আমাকে বুঝিয়ে দেন তো যে আজ এই ফাণ্ডামেণ্টাল ফ্রিডম যা আর্টিকেল ১৯ (এ), (বি), (সি), (ডি),

(ই)-তে মত প্রকাশের স্বাধীনতা, শান্তিপূর্ণভাবে জমায়েতের স্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা, জনমত গঠনের স্বাধীনতা, যত্রতত্র স্বাধীনভাবে চলাফেরার স্বাধীনতা, সংগঠন করবার, অ্যাসোসিয়েশন গঠন করবার স্বাধীনতা—এই স্বাধীনতাগুলি যদি কেড়ে নেওয়া যায়, এর উপর যদি সংকোচন আসে, অধিকার যদি না থাকে তাহলে কাদের লাভ? লাভ সেই ইণ্ডাস্ট্রিয়াল টাইকুনদের, সেই শিল্পপতিদের, ঐ টাটা, বিড়লা, ডালমিয়া—এরা মিলে শ্রমিকদের সর্বনাশ করছে, মধ্যবিত্তের সর্বনাশ করছে এবং এতে সাধারণ মানুষের সর্বনাশ হবে। আজকে যদি দেখেন—তেলের দাম কাগজে দেখছি, বাজার ঘুরে দেখছি ১০টাকা ছুঁই ছুঁই করছে। তার প্রতিবাদে যদি সংবাদপত্র সোচ্চার না হয়, বিধানসভা যদি সোচ্চার না হয়, বিধানসভার মাননীয় সদস্যদের বক্তব্যের প্রতিফলন যদি কাগজে না বের হয়, সভা, শান্তিপূর্ণ সমাবেশ যদি না হয়, প্রতিবাদ যদি না হয় তাহলে মিল মালিকের লাভ। উত্তর প্রদেশে যাঁরা তেলের ব্যবসা করছেন তাঁদের ও আড়তদারদের লাভ, বাঙ্গালী ব্যবসায়ীদের লাভ এবং এতে জনগণকে লুণ্ঠন করা চলবে, জনগণকে শোষণ করা চলবে।

[4.20—4.30 P.M.]

আমরা জানি যেখানে জনতা গরম সেখানে বাজার নরম, আর যেখানে জনতা নরম সেখানে বাজার গরম। আজকে আমরা দেখছি সংবাদপত্রের স্বাধীনতা নেই, সভা-সমিতির স্বাধীনতা নেই, মত প্রকাশের স্বাধীনতা নেই, জনগণ দাঁড়িয়ে প্রতিবাদ করতে পারছে না, মনের কথা বলতে পারছে না। আমি জানি আমার চেয়েও অনেক কংগ্রেস সদস্য এবং সি পি আই সদস্য অনেকে সোচ্চার হয়ে আছেন কিন্তু তাঁদের বক্তব্য বলতে পারছেন না, তাঁদের ভয়, কি জানি কি হয়ে যায়। আমি আপনাদের বলছি যে, ফাণ্ডামেন্টাল ফ্রিডম কেড়ে নেওয়ার অধিকার আমাদের নেই। মাননীয় মুখ্যমন্ত্রী একটা পার্টিনেন্ট কোশ্চেন তুলেছিলেন তাঁর দীর্ঘ ভাষণে। তিনি সিভিল রাইটস, স্যাচারাল রাইটস, ফাণ্ডামেন্টাল রাইটস বিশ্লেষণ করেছেন, জেনারেল টেণ্ডেন্সী ইন দি নেচার অব দায়ভাগ ল, মিতাক্ষরা ল, হিন্দু ওয়োমেন্স রাইট টু প্রপার্টি অ্যাক্ট, ম্যারেজ আইন সব কিছুই বলেছেন। ম্যারেজ ইজ নট এ ফাণ্ডামেন্টাল রাইট, এটা স্যাচারাল রাইট। ফাণ্ডামেন্টাল রাইটস আর আন-এলিয়েনাবল রাইট হুইচ ক্যান নট বি টেকেন এওয়ে বাই অ্যানি গভর্নমেণ্ট। আমি মুখ্যমন্ত্রীর বিবেচনার জন্য একখানি বই এনেছি, বইটির নাম হল প্রটেকশন অব হিউম্যান রাইট

ম্যাণ্ডার দি ল, এর চ্যাপটার ওয়ানে আছে হিউম্যান রাইটস অ্যাণ্ড ফ্যাচারাল াইটস, আমি ওখান থেকে একটি ছোট্ট প্যারা পড়ে শোনাচ্ছি। মুখ্যমন্ত্রী যে-কথা লেছিলেন সেটা কিন্তু ইতিহাস এবং জুরিসপ্রুডেন্সের দ্বারা স্বীকৃত নয়, আমার যদি ুল হয় মুখ্যমন্ত্রী আমাকে সংশোধন করে দেবেন। ওখানে বলছে : Human or funda-ental rights is the modern name for what have been tradition ally known as tural rights, and these may be defined as moral rights which every humman ing, everywhere, at all times, ought to have simply because of the fact that, contradiction with other beings, he is rational and moral. No man may be prived of these rights without grave affront to justice.

অতএব দেখা যাচ্ছে, প্রত্যেক যুগেই এটা থাকবে, এটা কেউ কেড়ে নিতে ারে না। ভারতবর্ষের পার্লামেন্টের এই অধিকার নেই। আমি আপনাদের স্মরণ রিয়ে দিচ্ছি অ্যামেরিকান ডিক্লেয়ারেশন অব ইণ্ডিপেণ্ডেন্স, যেটা পৃথিবীর সর্বদেশের নুষকে ফরাসী বিপ্লবের মত মাতিয়ে দিয়েছিল। সেখানে বলা হয়েছে : e hold these truths to be self-evident, that all men are created equal, that they e endowed by their creator with certain unalienable rights, that among these life, liberty and the pursuit of happiness. That to secure these rights overnments are instituted among men deriving their just powers from the nsent of the governed ; that whenever any form of Government becomes structive of these ends, it is the right of the people to alter or abolish it and stitute new Government.

এখানে বলা হচ্ছে মৌল অধিকার যদি কেড়ে নেওয়া হয়, রাইট টু লাইফ, রাইট প্রপারটি এ কথা বলে নি, লিবারটি অ্যাণ্ড পারসুট অব হ্যাপিনেস, এটা যদি কেড়ে বার চেষ্টা করে তাহলে আমার অধিকার আছে, তার বিরুদ্ধে প্রতিবাদ করার, দ্রোহ করার। আমি কংগ্রেস এবং সি পি আই বন্ধুদের কাছে বলছি যে, ধীনতার জন্য আমরা লড়াই করেছি, সে লড়াই আমাকে কতকগুলো মৌল ধিকার দিয়ে গেছে। কাজেই If any government wants to take away this right ery citizen has right to resist and revolt.

এটা হল প্রত্যেক দেশের সংবিধানের মূল কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পনাকে আমি অনুরোধ করছি আপনি আপনার মানসচক্ষের সামনে একটি ঞ্জরাবদ্ধ পাখির কথা ভাবুন। পাখির মালিক তাকে খেতে দিচ্ছে, দানা দিচ্ছে, নি দিচ্ছে, ঝড়ে তার বাসা উড়বে না, ব্যাধের শর তাকে মেরে ফেলবে না, তবু পনি দেখুন সেই পাখি শুধু বার বার তার খাঁচার উপর গিয়ে আঘাত করছে,

এর অর্থ কি ? পাখি চায় নীল আকাশে সে উড়ে বেড়াবে, সে জানে খাঁচা থেকে বেরিয়ে গেলে ব্যাধের শর তাকে বিদ্ধ করবে, তার বাসা ঝড়ে ভাঙবে, কিন্তু তবুও সে উড়তে চায়। কাজেই মানুষও সেই রকম চাইবে। কোন আইনসভার অধিকার নেই সেই অধিকার কেড়ে নেওয়ার। বিশ্বনাথবাবু বলছেন, ৩১(বি) হয়েছে, তার মারাত্মক পরিণতি দেশের কাছে আসবে। আমি সংবিধানের ছাত্র, সংবিধানে আছে অ্যান্টি-ন্যাশনাল অ্যাক্টিভিটি কেউ করলে সংশোধন করবার, শাসন করবার ক্ষমতা আইনসভার ছিল, পার্লামেন্টের ছিল। তা সত্ত্বেও কেন আর্টিকল ৩১(বি) আনা হল ? আনা হল অধিকার হরণ করবার জন্য। আপনারা দেখবেন বাংলা-দেশের চা-বাগান, পাট শিল্পে লে-অফ, ক্লোজার, লক-আউট চলছে। হাজার হাজার শ্রমিক কর্মচ্যুত হচ্ছে, চা-বাগানগুলো শেষ হয়ে যাচ্ছে। মুখ্যমন্ত্রী চেম্বারস্ অব কমার্স-এর মিটিং-এ একটা গুরুত্বপূর্ণ ভাষণ দিয়েছিলেন আমার মনে আছে। তিনি সেখানে বলেছিলেন, বাংলাদেশের চা-বাগান এক শ্রেণীর টি-কিংসরা অর্থাৎ চা সম্রাটরা শেষ করে দিল, হি উড বি থিঙ্কিং ইন টারমস্ অব স্যুটিং দেম। আমি বলেছিলাম স্যুট-টুট করে দরকার নেই। তাদের যদি একটু বেত্রাঘাতের ব্যবস্থা করা যেত তাহলেই হত। কোটি কোটি টাকা এই সরকারের কাছ থেকে তারা নিয়েছে এবং এমপ্লয়িজ প্রভিডেন্ট ফাণ্ডকে তারা ফাঁকি দিয়েছে, বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়েছে। কিন্তু এই সংবিধানে রিমুভ্যাল অব প্রপারটি তার ক্লজ, কি একটা ধারা দেখাতে পারেন, যেখানে ইণ্ডাস্ট্রিয়াল টাইকুনস্, মনোপলি ক্যাপিটালিস্ট, মালটি-ন্যাশনাল করপোরেশনকে টাচ করতে পারেন, তা নেই। সুতরাং আমি বলছি, আমাদের লক্ষ্যটা হচ্ছে কি, অনিয়ন্ত্রিত সীমাহীন কেন্দ্রীয় সরকার গঠন করা। তাকে অনিয়ন্ত্রিত ক্ষমতা দেওয়া এবং সেই ক্ষমতার বলে লেভিয়েশন তৈরি হবে, জগন্নাথের রথ হবে, হয় টানতে হবে, নয় রথের চাকার তলায় পড়ে পিষ্ট হয়ে শেষ হতে হবে—নান্যঃ পন্থা বিদ্যতে। আজকে আমরা জগন্নাথের রথ তৈরি করে চলেছি। আমাদের এই সংবিধানের প্রণেতারা তাঁরা সংযত করতে চেয়ে-ছিলেন, তাঁরা স্টেট এবং পার্লামেন্টের পাওয়ার ভাগ করে দিয়েছিলেন। এখন নেই মাননীয় সদস্য শ্রীনুরুল ইসলাম। আমি জানি, বহুকাল বাদে এই তরুণ বন্ধুকে আমি দেখেছি এই বিধানসভার ভিতরে এবং বাইরে বাংলাদেশের পাট চাষীদের অবিচারের বিরুদ্ধে লড়তে। কিন্তু বলতে পারেন, কোন কিছু করতে পেরেছেন ? তাঁর এত সংগ্রাম সত্ত্বেও তুলোর দামের অবস্থা কি ? এই বাংলাদেশের বিধানসভায় কত কথা হয়েছে—বাংলা, বোম্বাই এবং গুজরাটের তুলোর দাম এক হোক। বাংলাদেশের বয়নশিল্প বেঁচে থাক, কটন টেক্সটাইল বেঁচে থাক। কিন্তু আমরা তা

পারি নি। লোহার দাম, কয়লার দাম সারা ভারতে এক। কলকাতায় যা কয়লার দাম পাঞ্জাবে তার চাইতেও কম। স্টীলের দাম সম্পূর্ণ এক অ্যাট অল লেভেলস। কেন হলো না তুলোর দাম এক। কেন হল না সরষের তেলের দাম এক। কেফিয়ত দিন, পাওয়ার নেই, সেই ক্ষমতা নেই। তার উপর এই সংবিধান সংশোধনে ক্ষমতা কেড়ে নিচ্ছেন। প্রথমতঃ আমরা দেখছি, জুডিসিয়ারির ক্ষমতা কারটেল করতে যাচ্ছেন। আমি জানি কুমারদীপ্তিবাবু যে কথা বলছেন, আদালতে ইনজাংশন-এর ফলে অনেক অসুবিধা হচ্ছে। কিন্তু সরকার কি পারেন না নোটিশ দিয়ে, অ্যাডভোকেট জেনারেল, স্ট্যাণ্ডিং কাউনসিল, গভর্নমেণ্ট অ্যাডভোকেট, গভর্নমেণ্ট প্লীডার দিয়ে তাড়াতাড়ি হিয়ারিং করিয়ে নিয়ে ইনজাংশন ভ্যাকেট করতে। সরকার কি পারেন না কোর্টকে বলতে রুল দিন, ইনজাংশন দেবেন না। বর্গাদারদের ক্ষেত্রে ইনজাংশন দেবেন না। সেটা করুন, কিন্তু পাওয়ার কেড়ে নিচ্ছেন কেন? এই পাওয়ার কেড়ে নিলে সর্বনাশ হবে, আপনাদের হবে, আমাদের সকলের হবে। আপনারা চিন্তা করে দেখুন। জনতার আদালতের কথা যাঁরা বলতেন আজকে তাঁরা কেন বলছেন আদালতের সার্বভৌমত্ব রক্ষা করা উচিত। আজকে তাঁরা বিরোধী। আজকে তাঁরা বুঝতে পারছেন ক্ষমতায় থাকলে একরকম বিচার, বিরোধী দলে থাকলে আর একরকম বিচার। তাই আজকে আমি বলবো, ট্রাইবুন্যাল করছেন, ক্ষতি নেই, আমি একবারও কিন্তু মনে করি না, মাননীয় অধ্যক্ষ মহাশয় যে, আপনারা যদি দেশে সার্ভিস ট্রাইবুন্যাল করে দেন, সেখানে যদি সরকারী কর্মচারীদের বিচার হয়, আমি বলব না দেশ রসাতলে যাবে। আইনের শাসন থাকবে না। কিন্তু মনে রাখবেন ৭ কোটি লোকের দেশ ইংল্যাণ্ডে সেখানে কতগুলো ট্রাইবুন্যাল আছে ৬০ কোটি লোকের দেশে তার এক-ভগ্নাংশও নেই। ট্রাইবুন্যাল করুন, কিন্তু ইংল্যাণ্ডের ট্রাইবুন্যাল থেকে হাইকোর্টের সাব-জুডিসিয়াল সুপারসিডিকশন আছে। ট্রাইবুন্যাল আইন অনুযায়ী কাজ করছে কিনা দেখবার লোক আছে। তার ফল কি হয়? ট্রাইবুন্যালের যিনি বিচারপতি থাকবেন তিনি বুঝবেন যে, আমি যথেচ্ছভাবে কাজ করতে পারব না। ভাল কাজ করলে অ্যাপ্রিসিয়েশন পাব, আর রায় যদি ভুল হয় আমি উপর থেকে ভর্ৎসনা পাব, আমার রায় নাকচ হবে। সৎভাবে বিচার করবার একটা প্রবণতা আসবে। আপনারা বলছেন, সুপ্রীম কোর্টে যাবে, আপনারা তো জানেন, সাত্তার সাহেবও জানেন, আরটিকেল ১৩৬ অব দি কনস্টিটিউশন, কজন সরকারী কর্মচারী স্পেশ্যাল লিভ নিয়ে দিল্লী যেতে পারবেন, কজন চাষী দিল্লী যেতে পারবেন। শুধু মিল মালিক, বড়লোক তাদের সুবিধা হবে। তারা ঘন ঘন দিল্লী যেতে পারবে। গরিবের তাতে কি সুবিধা হবে? তাতে

সুবিধা হবে বড়লোকদের। প্রতিবন্ধক দাঁড়াচ্ছিল জুডিসিয়ারী—তাকে সরাও, প্রতিবন্ধক হয়ে দাঁড়াচ্ছিল ফ্রি প্রেস—তাকে সরাও, প্রতিবন্ধক হয়ে দাঁড়াচ্ছিল অ্যালার্ট পাবলিক ওপিনিয়ান—তাকে রোখ, প্রতিবন্ধক হয়ে দাঁড়াচ্ছিল অ্যালার্ট, ভিগোরাস, ভিজিলেন্ট লেজিসলেচার পার্লামেন্ট এবং অ্যাসেম্বলী—তাকে ম্যাসটিগেট করা। অ্যাসেম্বলীর বাইরে, পার্লামেন্টের বাইরে কাগজ আসতে দিও না, প্রতিবাদ উঠবে না, কারণ প্রিভেনশন অব পাবলিকেশন অব অবজাকশেনেবল ম্যাটার অ্যাক্ট বলে একটা আইন হয়েছে, সেটা নাইনথ সিডিউলে ঢুকিয়ে দিয়েছেন। যা কিছু আজকে করবেন নুরুল ইসলাম সাহেব, তিনি পাট চাষীদের জন্য বিরাট সম্মেলন করবেন, কিংবা শ্রমিকনেতা শ্রীলক্ষ্মীকান্ত বসু, পঙ্কজ ব্যানার্জী বা নিরঞ্জন ডিহিদার বা বিশ্বনাথবাবু এঁরা যদি মিটিং করে বলেন, শ্রমিকের প্রতি অবিচার হচ্ছে, পাট চাষীদের প্রতি অবিচার হচ্ছে, এখনই বলবে অ্যান্টি-ন্যাশনাল অ্যাকটিভিটি, সেট্রাল গভর্নমেন্টের এগেনেস্টে ডিসঅ্যাফেকশন ছড়ানো হচ্ছে। এক্সিকিউটিভের হাতে পাওয়ার যাবে। দ্বিতীয়তঃ বলা হচ্ছে Parliamentary sovereignty—it is a decepting thing. Parliament is sovereign within the framework of the Constitution. The Constitution have created Parliament. Parliament cannot claim the right. It is not given by the Constitution creating Parliament. Parliament is the preacher of the Constitution. মনে রাখতে হবে যে, কনস্টিটিউশনটা হচ্ছে সুপ্রীম। It is the fundamental law of the land, Constitution is also a supreme national document. আমি জিজ্ঞাসা করি, এই যে সব আইন আমরা করছি, পার্লামেন্ট করছে, বিধানসভা করছে, তাহলে সেন্টার হচ্ছে Ordinary piece of Legislation-এর মত? আমাদের এই সংবিধান তার সেনসিটি, তার পবিত্রতা চাই। কেন্দ্র যখন তখন যে-কোন আইন পরিবর্তন করতে পারবে? কনস্টিটিউশনটা এক ধরনের একটা Central piece of Legislation which can be altered, amended and modified at the will of the majority, কিন্তু তা নয়। আমরা দেখতে পাচ্ছি যে, আমরা যে পথে যাচ্ছি সেই পথে সত্যিকারের একটা একজিট পাওয়ার দিচ্ছি, প্রচণ্ড পাওয়ার দিয়ে দিচ্ছি। আমরা দেখতে পাচ্ছি যে, ভিত্তিটাই উড়ে যাচ্ছে basic character of the Constitution নষ্ট হয়ে যাচ্ছে না? বিশ্বনাথবাবুও তো স্বীকার করেছেন যে, যুক্তরাষ্ট্রীয় কাঠামোর সংবিধানে আমরা কি দেখছি, আগে আইন ছিল, অধ্যক্ষ মহাশয়, দেশে জরুরী অবস্থা যদি এসে যায়, যদি দেখা যায় একটা রাজ্য সরকার is not being carried on in accordance with the Constitution, সেখানে সেন্টার ইন্টারভেন করেন। আজকে আমরা কি দেখছি?

পাবলিক অর্ডার যদি ক্ষুণ্ণ হয়, আইন-শৃঙ্খলার অবনতি হয় কেন্দ্র মিলিটারী পুলিশ পাঠিয়ে দেবে এবং কেন্দ্রীয় অফিসারের কর্তৃত্বাধীনে সেই মিলিটারী পুলিশ ঘুরে বেড়াবে। তাই আমি আপনাকে বলছি আপনি দেখবেন, ডাঃ আবেদিন এবং মাননীয় সাত্তার সাহেব দেখবেন যে, স্টেট লিস্টের সেকেণ্ড লিস্টের ফার্স্ট আইটেমে হচ্ছে পাবলিক অর্ডার—রাজ্যের যে ক্ষমতা সেই ক্ষমতার প্রথম ক্ষমতা হল আইন-শৃঙ্খলা রক্ষা। আজকে সেন্টার সেই ক্ষমতা কেড়ে নিল। তাহলে তো সমস্ত রাজ্যগুলি এক একটা কলোনী হয়ে যাবে। রাজ্যগুলি কেন্দ্রের এক একটা জমিদারী হবে। আজকে রাজ্যগুলি মন্ত্রীদের যত সদিচ্ছাই থাকুক না কেন, বিধানসভার সদস্যদের যতই সদিচ্ছা থাকুক না কেন কিছুই করতে পারবে না। মন্ত্রিসভাটা একটা নায়েব গোমস্তার মত তাদের জমিদারী এবং কলোনীর দায়িত্ব নিয়ে চলবে। তাদের আর কোন উপায় থাকবে না। রুখে দাঁড়ান, ফাইট করুন। মনে রাখবেন যুক্তফ্রন্টের সময় এই রকম জিনিস হয় নি। একটা কথা ভুলে গেলে চলবে না সেই সময় Delicate constitutional question, viz., the relationship between the centre and the state would be decided because the proper political, psycological and legal atmosphere were created for taking such a decision.

কারণ কেন্দ্রে একটা দল এবং ৯টি অঙ্গ রাজ্যে আরও বিভিন্ন দলের শাসন তখন ছিল। আজকে আবার সেই পুরানো প্যাটার্ন এসেছে—সমস্ত রাজ্য এবং কেন্দ্রে একই দলের শাসন। কিন্তু আজ যদি মাননীয় কংগ্রেস দলের সদস্যরা লড়াই না করেন, আপনারা যদি আপনাদের রাজ্যের ক্ষমতা না বাড়ান, আপনারা কৃষি খাতে আরও সুযোগ ও ক্ষমতা না নেন, ইরিগেশন পাওয়ারের খাতে বেশি ক্ষমতা না নেন, কটেজ অ্যাণ্ড স্মল ইণ্ডাষ্ট্রিতে র মেটিরিয়াল ডিষ্ট্রিবিউশনের ক্ষেত্রে যদি আরও ক্ষমতা না নেন, যদি স্বাস্থ্য ও শিক্ষার ক্ষেত্রে রাজ্যের ক্ষমতা আরও বেশি করে না নেন, যদি এমপ্লয়মেণ্ট-এর ক্ষেত্রে, প্ল্যানের ক্ষেত্রে রাজ্য সরকারের ক্ষমতা যদি আরও বিস্তৃত না হয় তা হলে ঠকে যাবেন। আমাদের হাজার ইচ্ছা থাকলেও কিছুই করতে পারবো না, হাজার পরিকল্পনা সংকল্প থাকলেও কিছুই করতে পারবো না। সুতরাং আমার কথা হচ্ছে এই অধিকারগুলিকে ক্ষুণ্ণ করা হচ্ছে। সেণ্টার-স্টেট রিলেশনশীপ এমন করে ভেঙ্গে গুঁড়িয়ে দেওয়া হচ্ছে যেখানে একটা কর্তৃত্ববাদী জবরদস্তি সেণ্ট্রাল একজিকিউটিভ পুষতে হবে। একটা ডিকটেটারশীপ তৈরী হচ্ছে, একনায়কত্বের প্রতিষ্ঠা হবার পথ তৈরী হচ্ছে। আমি আপনাদের সাবধান করে দিচ্ছি। আমাদের সময় শেষ হয়ে এসেছে। আপনারা রইলেন, আপনাদের সামনে উজ্জ্বল ভবিষ্যৎ রয়েছে, জনগণের হয়ে বহু লড়াই আপনাদের লড়তে হবে।

কিন্তু আজকে ভেবে দেখবেন যে, এই অধিকারগুলি যদি চলে গেল, মূল ভিত্তি মূল কাঠামো যদি চলে যায় তা হলে সর্বনাশ হয়ে যাবে। হ্যাঁ করুন, সম্পত্তির উপর করুন—সম্পত্তি সম্পর্কিত আমি কিছু দেখতে পাইনি। সম্পত্তি অর্পণ করুন—এটা Basic feature of the Constitution. আমি আপনাদের অনুরোধ করছি, আপনারা কেশবানন্দ ভারতীর কেসটা একটু পড়ুন। কেশবানন্দ কেস ১৩টি সুপ্রীম কোর্টের বিচারপতি বিচার করেছিলেন, একজন বিচারপতি বলেন নি Right to hold property is the basic fundamental feature of the Constitution If the right to hold property is not fundamental basic feature of the Constitution, what stops the Government to alter, to take away the right to hold property and the right to dispose of property ? property right, in my humble opinion, is at best a statutory right, but not the fundamental right.

করুন না ? তা তো হচ্ছে না। অধিকার হরণ হয়ে যাচ্ছে। তারপরে দেখবেন এরপর এমার্জেন্সী যে-কোন রাজ্যের যে-কোন প্রান্তে হতে পারে। সমগ্র রাজ্যে এতদিন এমার্জেন্সী করবার ক্ষমতা ছিল, আজকে পার্শিয়াল এমার্জেন্সী হতে পারে। আজকে বেঙ্গলে যদি এক ধরনের গভর্নমেন্ট থাকে, উড়িষ্যায় যদি এক ধরনের গভর্নমেন্ট থাকে, যদি সেই গভর্নমেন্টের সঙ্গে বা মধ্যপ্রদেশের গভর্নমেন্টের সঙ্গে কেন্দ্রের বনিবনা না হয় তাহলে তাঁরা বলবেন, ঐ রাজ্যের ঐখানে পার্শিয়াল এমার্জেন্সী ইম্পোজ করে দাও। এই কি আপনারা চাইছেন ? আজকে দেখবেন ফেডারালিজমের মুখোশ পরে ইউনিটারি ফর্ম অব গভর্নমেন্ট আসবে—তাহলে বেসিক ক্যারেকটার অব দি কন্‌সটিটিউশন অল্টার হচ্ছে না তো—অলরেডি প্ল্যানিং কমিশন নানা ভাবে নন-স্ট্যাটুটরি ফাণ্ড ইন এডের মাধ্যমে এবং প্ল্যানিং খাতে টাকা দেওয়ার নামে তারা অলরেডি স্টেটের বিভিন্ন সাবজেক্ট—সোসাল ওয়েলফেয়ার, হেল্‌থ, এডুকেশন, এগ্রিকালচার-এর মধ্যে পেনিট্রেট করে গেছে। এই সংশোধনী পাশ হলে আরো সর্বনাশ হবে। আমি তাই আপনাদের কাছে বলছি, বন্ধুগণ, মাননীয় সদস্যগণ, আপনারা ভিতর থেকে লড়াই চালান, ভিতর থেকে আপনাদের লড়াই করতে হবে। আপনারা লড়াই চালিয়ে গেলে জনসাধারণের অতি সাধারণ ভৃত্য হিসাবে আমি আপনাদের এই আশ্বাস দিতে পারি —জনগণের হয়ে যেখানেই আপনারা লড়াই করবেন আমার এই ক্ষুদ্র শক্তিতে যতটুকু ক্ষমতা আছে তাতে আমি আপনাদের পাশে এসে দাঁড়াব। গণতন্ত্রের মৌলিক কাঠামো ফাণ্ডামেন্টাল ফ্রিডমস রক্ষা করবার জন্য আপনারা সচেষ্ট হোন এবং আমাদের দেশের জুডিশিয়ারিস স্বাতন্ত্র্যকে রক্ষা করবার জন্য সজাগ

হান, সোচ্চার হোন এবং আমাদের মৌলিক অধিকারকে রক্ষা করবার জন্য সোচ্চার হোন এবং মনে রাখবেন পার্লিয়ামেন্ট ইজ সভারেন —এর জন্য সংবিধানের প্রথমে কেন বলা হল উই দি পিপল অব ইণ্ডিয়া, আমরা ভারতের জনগণ—এই কথা কেন বলা হল ? বলতে পারতেন উই দি মেম্বারস অব পার্লিয়ামেন্ট এটা করছি — এটা তো বলছেন না ? তার মানে হচ্ছে দি সভারেনটি ভেস্টস ইন দি পিপল এবং পার্লিয়ামেন্ট. লেজিসলেচার এগুলি লিগ্যাল সভারেন বোঝাচ্ছে। Political severeign and is one of the well-known political theories that whenever there is any confrontation, whenever there is any conflict between legal sovereign and political sovereign, ultimately the dispute has to be resolved by appealing to the political sovereign and not to the legal sovereign. পার্লিয়ামেন্টের মেজরিটির সঙ্গে জনগণের স্বার্থের সংঘাত হলে পার্লিয়ামেন্ট তখন ডিজলভ করে দিয়ে নির্বাচনে যান, জনতার রায় নেন। জনতা হলেন লিগ্যালি সভারেন, নট পলিটিক্যালি সভারেন—তা হলে ? আজকে পার্লিয়ামেন্টের সভারেনটি এই কথা আমরা বলতে চাচ্ছি। পার্লিয়ামেন্টের সভারেনটি মানে একজিকিউটিভ সভারেনটি অ্যাবসলিউটিজম—আমরা এই অ্যাবসলিউটিজমের পথ তৈরি করব। আমি তাই মাননীয় বন্ধু সদস্যদের অনুরোধ করছি এই অ্যাবসলিউটিজমের পথে যে প্রতিষ্ঠানগুলি প্রতিবন্ধক হচ্ছে সেই প্রতিবন্ধকগুলিকে রোড ব্লক বলে ভেঙ্গে দেবেন না, তাতে আমাদের সর্বনাশ হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বশেষে বিদায় নেবার আগে আমি এই কথা বলতে চাই কেশবানন্দ ভারতীর পর ১৯৭৩ সালের রায়ের সিদ্ধান্তের মধ্যে দিয়ে আপনারা জানেন, যে কথা মাননীয় বন্ধু সদস্য শ্রীপঙ্কজ ব্যানার্জি প্রিভি পার্সের কথা বলছেন এবং ব্যাঙ্ক ন্যাশনালাইজেশনের কেসের কথা বলছেন—কিন্তু মনে রাখবেন প্রিভি পার্স কেস, ব্যাঙ্ক ন্যাশনালাইজেশনের কেস ১৯৭০ সালের—১৯৭১ সাল থেকে ১৯৭৫ সালের মধ্যে এমন কোন আইন এসেছে যা দেশের ৩৫ কোটি নিরক্ষরতার অভিশাপ বহন করছে, যা পার্লিয়ামেন্ট বা রাজ্যগুলি এই নিরক্ষরতা দূরীকরণের জন্য আইন করেছেন হাইকোর্ট, সুপ্রীম কোর্ট আটকে দিয়েছে অবৈধ বলে ? আজকে আমরা দেখছি এককোটি লোক রেজিস্টার্ড নথিভুক্ত বেকার, আনরেজিস্টার্ড বেকার ৪ কোটি হবে। বেকার সমস্যা দূরীকরণের জন্য এমন কোন আইন হয়েছে যা সুপ্রীম কোর্ট, হাইকোর্ট অবৈধ বলেছে ? তা তো বলেনি। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে এসেছেন—আমি তাঁর বক্তৃতা দিয়ে উল্লেখ করেছিলাম, আবার বলছি ১৯২৭ সালে মাদ্রাজে ৪৩ তম কংগ্রেসের অধিবেশন হয় এবং পণ্ডিত মতিলাল নেহরুর নেতৃত্বে নেহরু কমিটি গঠিত হয় ১৯২৮ সালে, ইতিহাসে এটা নেহরু কমিটি রূপে খ্যাত। সেই রিপোর্টে এই কথা হয়েছে,

It is obvious that our first care should be to have our Fundamental Rights guaranteed in a manner which will not permit their withdrawal under any circumstances. কংগ্রেসের এই ঘোষণা এবং পণ্ডিত মতিলাল নেহরুর রিপোর্টের ঘোষণার এটা কিন্তু পরিপন্থী।

[4.40—4.50 P. M.]

কংগ্রেস দলের নেতা এবং এই সভার নেতা শ্রদ্ধেয় শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় হাউসে এসেছেন। তিনি শুনছেন, আমি তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, একজন মহান নেতা যাঁর কাছ থেকে জীবনে বহু প্রেরণা পেয়েছি—দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ, যাঁকে আমি রাজভিখারী বলে একদিন বিধানসভায় বলেছিলাম, সেই দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ যখন সুভাষচন্দ্রকে ১৯২৪ সালে গ্রেপ্তার করা হল রেগুলেশান থিতে ১৮১৮ সালের, তখন তিনি বলেছিলেন : It is lawless law. It offends against the very principle of justice. It is negation of justice and of law. We protest against this act because it is destructive of fundamental rights of man. To be taken and kept in custody for an indefinite period of time without being told what evidence there is and without being brought to justice according to law of the land is a denial of primary rights of humanity. আজকে এই যে মিসা আইনে হাজার হাজার মানুষকে বন্দী করে রাখা হচ্ছে, এটা কি সত্যিকারের দেশবন্ধুর সেই মহান বাণীর বিরোধী নয়? শুধু তাই নয়, মাননীয় মুখ্যমন্ত্রী পণ্ডিত নেহরুর কথা বলেছিলেন, আমি তাড়াতাড়ি করে পণ্ডিত নেহরুর সেই ছোট্ট বক্তৃতাটা লিখে এনেছি। তিনি সংবিধানের ফাণ্ডামেণ্টাল রাইটস সম্বন্ধে বলেছিলেন : A fundamental right should be looked upon not from the point of view of any particular difficulty of the moment but as something that you want to make it permanent. সর্দার বল্লভভাই প্যাটেল গণ-পরিষদের ডিবেটে বলেছিলেন : Learn to stand upon your pledged word can you go behind these things? Have moral no place in new Parliament? Is that how we are going to begin our new freedom? Do not take a *lathi* and say: Who is to give you a guarantee? We are a supreme Parliament. Have you supremacy for this kind of thing? To go behind your word? If you do that supremacy will go down in a few days. আচার্য জে. বি. কৃপালনী বলেছিলেন : I want this House to remember that what we have enunciated are not merely legal, constitutional and formal principles but moral principles. And moral principles have got to

be lived in life. They have to be lived throughout. These things we have to remember if our constitution is to succeed. আমাদের স্বর্গত প্রেসিডেন্ট, দার্শনিক নেতা, ডঃ রাধাকৃষ্ণান কনস্টিটিউয়েন্ট এ্যাসেম্বলীর ডিবেটে বলেছিলেন, যখন এই মৌল অধিকার সংক্রান্ত প্রস্তাব পাশ হল, This declaration which we want to make today is in the nature of a future pledge to our own people and a pact with the civilised world. তা হলে? তা হলে আমি বলতে চাই যে, মাননীয় মুখ্যমন্ত্রী যে কথা বলেছিলেন, সে কথা অন্ততঃ প্রধানমন্ত্রী স্বর্গত পণ্ডিত নেহরু, স্বর্গত সর্দার বল্লভভাই প্যাটেল, স্বর্গত ডঃ রাধাকৃষ্ণান এবং অন্যান্য নেতারা যেসব কথা বলেছিলেন, কংগ্রেস নেতারা যেসব কথা বলেছিলেন, তার সংগে তার কোন মিল নেই। অতএব আমি বলতে চাই যে, আমরা এইভাবে যে সংবিধান সংশোধন করবার চেষ্টা করছি এটা অযৌক্তিক, অগণতান্ত্রিক। কুমারদীপ্তিবাবু এবং আর একজন মাননীয় সদস্য বললেন প্রিএম্বেলের কথা। আমি এই প্রসংগে জিজ্ঞাসা করতে চাই, পার্লামেন্ট যদি সভারেন হয় তা হলে এই পার্লামেন্ট পারে বলতে, we want to convert this republic into a monarchy. যদি পার্লামেন্ট সভারেন হয়, তা হলে নিশ্চয় পারে। Because you know, Mr. Speaker, Sir, that the validity of the proposition is to be tested by proving an extreme case. If Parliament is sovereign to do whatever it likes except that it cannot make man a woman and woman a man, then this Parliament has power and is competent to declare itself to constitute into a body to give unto the people a bonnet. Can you think that it can do? No. Can this Parliament say that we want to make this Republic a Theocratic State? No. ধর্মনিরপেক্ষতা আমাদের মৌলিক আদর্শ। কোন শক্তির ক্ষমতা নেই এখানে একটা ধর্মীয় রাষ্ট্র তৈরী করবে। কারণ গণতন্ত্রের মূল কথাই হল পরম সহিষ্ণুতা, সে কথা আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীও বলেছেন যে, অন্য মতকেও সহ্য করতে হবে। পরম সহিষ্ণুতা, ধর্মনিরপেক্ষতা গণতন্ত্রের মূল কথা। তা হলে কেন আমরা সোস্যালিজম, সেকুলারিজম কথাগুলি জুড়ে দিচ্ছি। এইজন্য যে পার্লামেন্টকে সাবধান করে দিচ্ছি যে, Don't transgress your limit? তোমার হাতে আমি কুঠল দিয়েছি বাগানের বাবলা গাছগুলি কাটার জন্য, বাগানের মেহগনী গাছ কাটার জন্য নয়। মালঞ্চের মালিককে ক্ষমতা দিয়েছি শেয়ালকাঁটাগুলি উপড়াবার, আগাছা, পরগাছাগুলি উপড়ে ফেলার, কিন্তু এই বিধানসভা ভবনের সাজানো সুন্দর ঐ সমস্ত চন্দ্রমল্লিকা, গোলাপ, রজনীগন্ধার মতন গাছগুলি নষ্ট করবার পাওয়ার দেওয়া হয় নি। অতএব The greater the power the more sparing should be its uses. Power alone can limit power. সেখানে

ডিসেণ্ট্রালাইজেশন নেই, যেখানে ডিসেণ্ট্রালাইজেশন নেই সেখানে গণতন্ত্র নেই। গান্ধীজীর মূল কথা ছিল ডিসেণ্ট্রালাইজেশন। সেই ক্ষমতা বিকেন্দ্রীকরণ আদর্শের প্রতি কুঠারাঘাত করছে। আমার বক্তৃতা শেষ করার আগে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু স্মরণ করিয়ে দিতে চাই, যে প্রশ্ন উঠেছিল যে স্বাধীনতা বলতে কি বোঝায়? একই তর্ক আজকে আমাদের সি পি আই দলের প্রবীণ নেতা বিশ্বনাথবাবু, আমাদের বন্ধুস্থানীয়, তিনি ভিন্নমতে হলেও আমি অত্যন্ত শ্রদ্ধা করি, অশ্বিনীবাবু রয়েছেন, একই প্রশ্ন রাশিয়াতেও উঠেছিল। বৈপ্লবিক মহান নেত্রী রোজ লাক্সেমবুর্গ, যাঁর জীবন বিপ্লবের প্রতি নিমজ্জিত হয়েছিল, তিনিও লেনিনের সংগে একমত হতে না পেরে বলেছিলেন: Freedom only for the supporters of the Government, only for the members of one party however numerous they may be, is no freedom at all. Freedom is always and exclusively freedom for the one who thinks differently. All that is instructive, purifying and wholesome in political freedom depends on this essential characteristic and its effectiveness vanishes when freedom becomes a special privilege.

তিনি আরো বলেছিলেন: Without general elections, without unrestricted freedom of press and assembly, without a free struggle of opinions, life dies out in every public institution, becomes a mere semblance of life in which only bureaucracy remains as the active element. Public life gradually falls asleep, a few dozen party leaders of inexhaustible experience direct and rule. Among them in reality only a dozen of heads do the leading and an elite of the working class is invited from time to time to meetings where they have to applaud the speeches of the leaders and to approve the proposed resolutions unanimously—at bottom, then, a clique affair—a dictatorship of a handful of politicians.

আজকে এই সংবিধান সংশোধন বিলের আমি বিরোধিতা করছি এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এসেছেন তার বিরোধিতা করছি। কেননা আমাদের ফ্রিডমের কনসেপ্টের যে ধারণা তার মূলে কুঠারাঘাত করছে এই সংশোধনী। পরিশেষে এই হাউসে আমি আপনার মাধ্যমে আমার তরুণ মাননীয় কংগ্রেস সদস্যদের কাছে আমি প্রয়োজন মনে করছি, নৈতিক দায়িত্ব বলে মনে করছি সুভাষচন্দ্রের একটা ভাষণের অংশ বিশেষ পড়ে শোনানো। তিনি বলেছিলেন, "আমরা দেশে দেশে মুক্তির ইতিহাস রচনা করে থাকি। আমরা শান্তির জল ছিটাতে আসি নি। বিবাদ সৃষ্টি করিতে, সংগ্রামের সংবাদ দিতে, প্রলয়ের সূচনা করিতে আসিয়া থাকি। যেখানে বন্ধন, যেখানে গোঁড়ামি, যেখানে কুসংস্কার সেখানে আমরা কঠোর হস্তে উপস্থিত হই। আমাদের একমাত্র ব্যবসা মুক্তির পথ চিরকাল নিষ্কণ্টক রাখা যে পথ দিয়া মুক্তি সেনানী অবলীলাক্রমে গমনাগমন করিতে পারে।

মনুষ্য জীবন আমাদের কাছে একটা অখণ্ড সত্য। যে স্বাধীনতা আমরা চাই সে স্বাধীনতা ব্যতীত জীবন একটা বিড়ম্বনা মাত্র। সে স্বাধীনতা সর্বতোমুখী। জীবনের সকল দিকে আমরা মুক্তির বাণী প্রচার করিতে আসিয়াছি। কি সমাজনীতি, কি রাষ্ট্রনীতি, কি অর্থনীতি, কি ধর্মনীতি—জীবনের সকল ক্ষেত্রে আমরা সত্যের আলো আমাদের উচ্ছ্বাস, উদারতার মৌলিক ভিত্তি নিয়ে আসতে চায়—তরুণের স্বপ্ন।" আজকে আমরা যেন সেই মহান নেতৃ শ্রেষ্ঠ নেতাজীর ডাকে, তাঁর নেতৃত্বাধীনে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের গবের কথা যে আপনিও সংগ্রাম করেছিলেন, আপনার ফাঁসির হুকুম হয়েছিল, সেই মহান নেতৃর কথা যেন আমরা ভুলে না যাই। আমাকে ক্ষমা করবেন, হয়ত বলবেন যে আপনি একজন ইণ্ডিভিজুয়াল ব্যক্তি, কি দাম আছে—হয়ত নেই। কিন্তু আমি এইটুকু বলতে চাই, আমার ক্ষমতা কিছু নেই। আমি কি করতে পারি, আমি সেই সাম্রাজ্যবাদী হিউম্যানিস্ট কবি অডেনের কথা বলতে পারি :

All that I have to do is to undo
The folded lie of the romantic brain,
Of the sensual man in the street,
The lie of Authority whose buildings
Scrap the sky.
There is no such thing as State, no one
Lives alone, hunger gives no choice to
citizen and police.
We must love one another or die.

আজকে তাই বলতে চাই যে, শুধু ক্ষীণকণ্ঠে প্রতিবাদ রেখে গেলাম। জানি এই প্রতিবাদের হয়ত অনেকের কাছে দাম থাকবে না, কিন্তু আমি বলব যে মনে রাখবেন বিশ্বকবির সেই কথা। তিনি বলেছিলেন :

[4.50—5.00 P. M.]

"স্থির থেক তুমি, জাগি প্রদীপের মত, আলো সে ত্যাগী, আঁধার মাঝে তুমি থাকিবে, ফিরিয়া যাইবে না।" উত্তরকাল যেন না এসে আমাদের অভিযোগ করে মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে, দেশে যখন এত বড় সংকট এসেছিল গণতন্ত্রের উপর, যখন এত বড় আঘাত এসেছিল, স্বাধীনতা যখন হরণ করবার চেষ্টা হয়েছিল, তখন আমরা বিধানসভার মাননীয় সদস্যরা, আমরা জনতার প্রতিনিধিরা, আমরা ঘুমিয়ে থাকি নি, আমরা জেগেছিলাম, আমরা সজাগ

থেকে প্রদীপের মত আলো জ্বালিয়ে রেখে বলবার চেষ্টা করেছি যে না, আমরা সত্য, ধর্ম, ন্যায়নীতি, গণতন্ত্র, সাম্য, সমতা এবং ন্যায়বিচারের প্রদীপটাকে জ্বালিয়ে রেখে দিয়েছিলাম। পরিশেষে আমি আপনার মাধ্যমে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে, দলের নেতা শ্রীসিদ্ধার্থশংকর রায়কে এবং সমস্ত মন্ত্রিসভাকে এবং সমস্ত মাননীয় সদস্যদের আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি এইজন্য, সত্যই বলছি, এই যে ঔদার্য নিয়ে, যে সহিষ্ণুতা নিয়ে তাঁরা আমার কথা শুনেছেন, আমার জীবনে এই রকম সহিষ্ণুতা পাই নি অতীতে, এই রকম সহিষ্ণুতা আজকে পেয়েছি, এটা আমার জীবনে অক্ষয় সঞ্চয়, আমি জানি প্রতিদানে হয়তো তাঁদের এই বন্ধুত্বের ঋণ আমি শোধ করতে পারব না। আমি সেইজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কংগ্রেস দলের সকল সদস্যকে আমার অন্তরের আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি, যদি কারোর মনে কোন আঘাত দিয়ে থাকি, যদি কেউ কোন আঘাত পেয়ে থাকেন, যদি মুখ্যমন্ত্রী আমার এই শক্ত ভাষণে কোনরকম আঘাত পেয়ে থাকেন, আমি প্রত্যেকের কাছে এই হাউসের একজন সাধারণ সভ্য হিসাবে, জনগণের ভৃত্য হিসাবে ক্ষমা চেয়ে নিচ্ছি। আমি আবার বলছি অখণ্ড ভারতবর্ষ জিন্দাবাদ, ধর্মনিরপেক্ষ ভারতবর্ষ জিন্দাবাদ, সমাজতান্ত্রিক, প্রজাতান্ত্রিক ভারতবর্ষ জিন্দাবাদ, জনগণতন্ত্র এবং গণতন্ত্র দীর্ঘজীবী হোক, বন্দে মাতরম, জয় হিন্দ। আমি এই কটি কথা বলে সংবিধান সংশোধনের জন্য মুখ্যমন্ত্রী মহাশয় যে বিল নিয়ে এসেছেন তার আমি বিরোধিতা করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউসের নেতা মাননীয় সিদ্ধার্থশংকর রায় মহাশয় ৪৪ অ্যামেণ্ডমেণ্ট বিল এবং ৪২ অ্যামেণ্ডমেণ্ট অ্যাক্ট-এর সপক্ষে যে প্রস্তাব উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন জানাচ্ছি। এতক্ষণ বন্ধুবর আইনবিশারদ মাননীয় কাশীকান্ত মৈত্র মহাশয়ের বক্তৃতা অত্যন্ত ধৈর্যসহকারে শুনেছি। ভারতবর্ষের প্রগতির বিরুদ্ধে, ভারতবর্ষের সংহতির বিরুদ্ধে, ভারতবর্ষের অগ্রগতির বিরুদ্ধে যে অশুভ শক্তিগুলো এতদিন অত্যন্ত সুকৌশলে নিজেদের প্রচার এবং নিজেদের সংহত করে ভারতবর্ষকে আঘাত করতে ব্যগ্র এবং সর্বদাই তৎপর, বন্ধুবর কাশীকান্ত মৈত্র মহাশয়ের কণ্ঠে তার যেন আওয়াজ পাওয়া গেল। আজকে বিধানসভার মধ্যে বন্ধুবর কাশীবাবু ভারতের প্রগতির বিরোধী, ভারতবর্ষের সংহতিবিরোধী শক্তিগুলোর মুখপাত্রের ভূমিকা নিয়ে যে বক্তব্য রেখেছেন—বিনয় তিনি যতই করুন, আমি মনে করি এই সভায় একদিন তার বিশ্লেষণ, তার মূল্যায়ন হবে। আজকে যে কলঙ্কজনক অধ্যায়ের তিনি সূচনা

করেছেন, বাঙ্গালীর এই সংসদকে, এই অ্যাসেম্বলিতে সেই কথা একদিন প্রতীয়মান হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি কি দেখেছেন? স্বাধীনতার প্রায় ৩০ বছর হয়ে গেল, আজকে আমরা কি পেয়েছি? ভারতবর্ষে ১০০ জন মানুষের মধ্যে ৪০টি মানুষ—শতকরা ৪০ জন এখনও দারিদ্র্যসীমার নিচে বাস করে। বাঁচার মত ন্যূনতম উপকরণ তাদের কাছে পৌঁছয় না। আমরা পাশাপাশি কি দেখেছি? এই বাংলায় ১০০টি মানুষের মধ্যে ২৩ অংশ মানুষ—৭০ ভাগ মানুষ বাঁচার ন্যূনতম উপকরণ এখনও পায় নি।

বাঁচবার অধিকার পেয়ে বাঁচবার উপকরণ পাওয়া যায় না। একই সংগে আমরা দেখেছি এই সংবিধানের আওতায় থেকে, সার্বিক সংশোধগুলি করতে না পারার জন্য বাংলার ২/৩ অংশ মানুষ নিরক্ষর, লেখা-পড়া শিখতে পারে না। আমরা দেখেছি ভারতবর্ষের শতকরা ৫ ভাগ মানুষ একাধারে ইনকাম ট্যাক্স দেয় এবং তারা জাতীয় উন্নয়নের সিংহভাগ ভোগ করে, উপভোগ করে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাধীনতা সংগ্রামের সময় বাপুজী দেশবাসীকে উদাত্ত আহ্বান জানিয়ে বলেছিলেন, তিনি কোনদিন সুখী হবেন না, যতদিন পর্যন্ত দেশবাসীর শেষ মানুষটির চোখের জল মুছিয়ে দিতে পারবেন না। আজকে কি আমরা গর্ব করে বলতে পারি সংবিধানের এই সমস্ত উপকরণ থাকা সত্ত্বেও ভারতবর্ষের সমস্ত মানুষের দারিদ্র্যের নিষ্পেষণ ও চোখের জল মুছিয়ে দিতে পেরেছি? আমরা পারি নি। না পারার অনেকগুলি কারণ আছে। তার মধ্যে একটা হচ্ছে সংবিধানের সার্বিক সংশোধন করা হয় নি। সংবিধানের কতকগুলি অংশের জন্য কায়েমী স্বার্থ বার বার আমাদের বিচারালয়ে এবং আদালতে প্রবলতর আঘাত দিয়েছে। আমরা সেটা বুঝেছি, সেইজন্য আজকে এই উপযুক্ত মুহূর্তে ইতিহাস রচনা করতে যাচ্ছে ভারতবর্ষের ৬০ কোটি মানুষ। সেই সংগে বাংলার সাড়ে ৫ কোটি মানুষও ভারতবর্ষের ৬০ কোটি মানুষের সংগে কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বলছে, এই সংবিধান সংশোধন অত্যন্ত প্রয়োজন, একে আমরা স্বাগত জানাই, সমর্থন করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে কেন্দ্রকে শক্তিশালী করার বিরুদ্ধে যে যুক্তির অবতারণা করা হয়েছে, পরোক্ষভাবে বন্ধুবর কাশীকান্ত মৈত্র সেই যুক্তির অবতারণা করেছেন। ভারতবর্ষের ইতিহাস আজকের ইতিহাস নয়, ভারতবর্ষের ইতিহাস যীশু খ্রীস্টেরও পূর্বের ইতিহাস, উজ্জ্বল ইতিহাস। ভারতবর্ষের সংস্কৃতি উজ্জ্বল, ভারতবর্ষের সভ্যতা প্রাচীন সভ্যতা। সেখানে আমরা দেখতে পাই অশোক এবং আকবরের রাজত্বকাল। অশোক এবং আকবরের রাজত্বকালে শক্তিশালী কেন্দ্র, সেন্ট্রালাইসড রুল ভারতবর্ষকে আরো সমৃদ্ধিশালী করেছিল

এবং ভারতবাসীকে সুখী করতে সাহায্য করেছিল। আজকে যে মানুষগুলি এই সিস্টেম অব্ ইলেকশনের মধ্যে দিয়ে বিধানসভায় আমাদের নির্বাচিত করে পাঠাচ্ছেন, সেই মানুষগুলিই সেইভাবে নির্বাচিত করে লোকসভার সদস্যদেরও পাঠাচ্ছেন। একই নাগরিকরা অ্যাসেম্বলি এবং পার্লামেন্টের সদসাদের নির্বাচিত করে পাঠান। তা হলে আজকে পার্লামেন্ট যদি শক্তিশালী হয় তা হলে পশ্চিমবাংলার উৎকণ্ঠিত হওয়ার কোন প্রয়োজন নেই। সমস্ত ভারতবাসীর সংগে মিলে পশ্চিমবাংলাবাসীরাও একই সংগে ভারতবর্ষের বিভিন্ন রাজ্য শাসনে অংশ গ্রহণ করতে পারবে, উন্নয়ন প্রয়াসে অংশে গ্রহণ করতে পারবে। আমাদের এই মহান দেশে, বিরাট দেশে প্রত্যেক অংশের মধ্যে অনেক মিলও আছে আবার অমিলও আছে। যারা অমিলকে ব্যবধানকে পার্থক্যকে মূলধন করে ভারতবর্ষকে ভেঙে ফেলতে চায়, ভারতবর্ষের সংহতিকে বিনষ্ট করতে চায়, আজকে প্রয়োজন এসেছে সেই অশুভ শক্তিগুলিকে খর্ব করে শক্তিশালী কেন্দ্র গড়ে তোলা। সমস্ত ভারতবাসীর স্বার্থে আজকে সংবিধান সংশোধন করা প্রয়োজন। সেই শক্তিশালী কেন্দ্র গড়ে তোলার মধ্যে আমরা কোন আপত্তি দেখতে পাই না। আজকে শক্তিশালী কেন্দ্র সমস্ত ভারতবর্ষকে এক অটুট, অক্ষুণ্ণ এবং অভিন্ন রাখতে পারবে, সেইজন্য শক্তিশালী কেন্দ্রের প্রয়োজন আছে। বিধানসভার আসনের সঙ্গে প্রোপরশনেটলি লোকসভার আসন অবস্থিত, আজকে আমরা সারা ভারতবর্ষের সমস্ত মানুষের সংগে, একই সংগে সারা ভারতবর্ষের সুখ-দুঃখে অংশ গ্রহণ করতে পারব। আমাদের এই সংবিধান সংশোধনের ফলে যদি কেন্দ্র শক্তিশালী হয় তা হলে ভারতবর্ষে আজকে যেটা সবচেয়ে বেশী প্রয়োজন ভারতের সংহতি, ভারতের একতা, সেদিক থেকে এই সংশোধনে বাধা দেওয়া উচিত নয়। বাধা দেবার চেষ্টা যাঁরা করেন, তাঁরা আমাদের ভারতের শক্তি এবং সংহতিকে খর্ব করবার চেষ্টা করেন বলে আমি মনে করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সংশোধনের উপর আর একটা বেসিক এলিমেন্ট দেখতে পাচ্ছি, সেটা হচ্ছে ডেডিকেশন অ্যাণ্ড ডিভোশন। আজকে আইন পাশ করলেই হবে না, সংবিধান সংশোধন করলেই হবে না, আজকে আমরা যারা বিধানসভায় প্রতিনিধিত্ব করছি, লোকসভায় প্রতিনিধিত্ব করছি, রাজ্যসভায় প্রতিনিধিত্ব করছি তাদের ডেডিকেশন অ্যাণ্ড ডিভোশনের প্রয়োজন আছে।

[5.00—5.10 P. M.]

যে মূল উদ্দেশ্য নিয়ে এই সংশোধন তা যেন আমরা সফল করতে পারি। তাকে

যেন রূপায়িত করতে পারি এবং আমাদের যে প্রতিশ্রুতি দেশ থেকে দারিদ্র্য দূর করা তা যেন আমরা সফল করতে পারি। কিন্তু একাজ করতে যদি আমরা ব্যর্থ হই তাহলে এর হাত থেকে কাশীবাবু রেহাই পাবেন না। সেজন্য আমরা বলছি সংবিধান সংশোধনের উপরে ডিভোশন অ্যাণ্ড ডেডিকেশন-এর প্রয়োজন আছে। সংবিধান শুধুমাত্র একটা ডকুমেন্ট নয়। সংবিধানের রূপায়ণ এবং পরিবর্তনের ফলে সমস্ত মানুষের অগ্রগতি নির্ভর করবে এবং এটা সমস্ত জাতির একটা মস্ত বড় দলিল। এই আদর্শকে যদি সফল করতে চাই তাহলে সংবিধানের স্পিরিট এবং লেটার যেন রূপায়ণ করতে পারি সাধারণ মানুষের অবস্থার পরিবর্তন করার জন্য। এদিকে আমাদের দৃষ্টি দিতেই হবে। বিচারালয়ের অধিকার খর্ব করা হয়েছে বলে কেউ কেউ দুঃখিত। কিন্তু যতগুলি প্রগতিশীল ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার সবগুলিই এখানে মার খেয়েছে বিভিন্ন জুডিশিয়াল প্রনাউন্সমেন্ট দ্বারা। কাশীবাবু তিনি বললেন বেকার সমস্যা সমাধানের জন্য তো সংবিধান সংশোধন করা হয় নি। তিনি জানেন যখন ব্যাঙ্ক ন্যাশনালাইজ করা হয় আদালত থেকে আল্ট্রা ভাইরিজ ডিক্লেয়ার করে বলে সংবিধান আবার সংশোধন করতে হয়েছিল। ক্রেডিট পলিসির লিবারালাইজ করার ফলে, এটায়ার আউটলুক ডেভেলপমেন্ট ওরিয়েন্টেড করার ফলে এর আগে সিকিউরিটি ছাড়া, ক্যাপিটালিস্ট ছাড়া কেউ ব্যাঙ্ক থেকে লোন পেত না, আজ যা সাধারণ দরিদ্র মানুষও পাচ্ছে। তিনি বললেন ক্যাপিটালিস্টদের খর্ব করার তো কোন বিধান নেই। তিনি স্টেটমেন্ট অব অবজেক্টস্ অ্যাণ্ড রিজনস-এর ২ প্যারা পর্যন্ত পড়ে গেলেন। তৃতীয় প্যারা যেহেতু তাঁর বক্তব্যের বিরুদ্ধে যাবে, সেহেতু তিনি এটা পড়লেন না। সেখানে পরিষ্কারভাবে বলা আছে : "It is, therefore, proposed to amend the Constitution to spell out expressly the high ideals of socialism, secularism and the integrity of the nation, to make the directive principles more comprehensive and given them precedence over those fundamental rights which have been allowed to be relied upon to frustrate socio-economic reforms for implementing the directive principles."

এখানে পরিষ্কার বলা হয়েছে মৌল অধিকারের নামে সংবিধানের যা নির্দেশ তাকে ভায়োলেট করা চলবে না। সংবিধানের ডাইরেক্টিভ প্রিন্সিপলস চ্যাপটার থ্রি বলছে, সমস্ত ভারতবাসীর জন্য ইকোয়াল অপারচুনিটি, টু সিকিওর সোস্যাল জাষ্টিস। আজ মিনিমাম নীডস-এর সঙ্গে ইকোয়ালিটিস ইন টার্মস অব ল এগুলিকে প্রাধান্য দেওয়া হয়েছে। আজ ইনডিভিজুয়াল রাইট-এর নামে যারা আদলতের সাহায্য নেয়, সোস্যাল অবজেকটিভকে ফ্রাসট্রেট করে তাদের অধিকারকে খর্ব

করা হয়েছে। অর্থাৎ ব্যক্তিস্বাধীনতাকে খর্ব করে সাধারণ মানুষের স্বার্থ দেখা হয়েছে। সুতরাং আজ তিনি কিভাবে বলেন ক্যাপিটালিস্টদের খর্ব করা হয় নি। এতদিন আমরা দেখেছি যাদের অর্থ আছে তারা আদালতের সাহায্য নিয়ে প্রগতিশীল ব্যবস্থাকে বানচাল করে, ভূমি সংস্কারকে আদালতে নিয়ে গিয়ে ইনজাংশন করে দরিদ্রদের মধ্যে ভূমি বণ্টনে বাধা দিত।

In Article 143(1), "If at any time it appears to the President that a question of law or fact has arisen, or is likely to arise, which is of such a nature and of such public importance that it is expedient to obtain the opinion of the Supreme Court upon it, he may refer the question to that Court for consideration and the Court may, after such hearing as it thinks fit, report to the President for its opinion thereon."

In Article 143(2), "The President may, notwithstanding anything in the proviso to Article 131 refer a dispute of the kind mentioned in the said proviso to the Supreme Court for opinion and the Supreme Court, shall, after such hearing as it thinks fit, report to the President for its opinion thereon."

How has Supreme Court's position been lowered ? It remains where it was. Sir, what has been done is exparte injunction has been stopped. The powers of mandamus, habeas corpus, certiorari—all these are there. Who says that these are not there ? I am surprised to hear that these are not there. The power of certiorari you will find in Article 226, it is this, "Notwithstanding anything in Article 32 but subject to the provisions of Article 131A and Article 226A, every High Court shall have power throughout the territories in relation to which it exercises jurisdiction to issue to any person or authority, including in appropriate cases, any Government, within those territories directions, orders or writs, including writs in the nature of habeas corpus, mandamus, prohibition, quo warrante and certiorari, or any of them." So all these powers are there. What has happened is that certain disputes have been referred to certain tribunals. Now, for Motor Vehicles Act, there is Motor Vehicle Tribunal. There are tribunals like Income tax Tribunal, Sales Tax Tribunal, Labour Tribunal, Industrial Disputes Act Tribunal and

so many tribunals. These tribunals are being created in a large and organised manner so that the people can get justice, cheaper justice quickly—what is the wrong about it, Sir ? Must everybody go to the Supreme Court or High Court and pay high fees and high cost of litigation—it is something to my mind which is unthinkable and about which you cannot complain. The tribunals are there and the tribunals are not unknown. The only thing that is happening is that the tribunal's word will be final. What is the difference if the tribunals are equally qualified ? How is a man different from another ? If the tribunals are qualified and they are to render justice, what is there to complain about ? That particularly is the question which I ask because 60 crores of people are wanting it. It is a Republic and in a constitutional manner this Bill is being brought before the House for ratification. Again Sir, I find this is very peculiar when they say that it is going towards dictatorship. Well, I do not know, how the country is going towards dictatorship ? This is something again which I do not understand If before the amendment of the Constitution it did not represent dictatorship then how is it today, that it can be a document or a charter for dictatorship ? Election is there. People's right to vote has not been taken away ; people's right to cast vote for its representatives in the Parliament or in the Legislatures has not been taken away ; people's right to make his voice felt through his representatives has not been taken away. The majority rule in the Parliament or in the Assembly has not been taken away. No law could be passed unless and untill majority of the members of Parliament or of the members of the legislatures agree. How is it that by virtue of the word socialism, by virtue of certain sections or articles of the Constitution, it has become dictatorship ? The very fact that it is today saying the same thing, not a socialist pattern of society, but a secular socialism goes to show that it is anti-dictatorship It is only making the door open for progress to allow the law to survive the Court's striking down power which are beneficial for the society. No court except the Supreme Court can strike down the Central law. Legislative power, Parliament's power, the Constituent power that is supreme because under the constituent power courts have been created.

(At this stage red light was lit)

Now, the whole point of this I am absolutely sure is that by some mean or for some reason, some people have lost faith in themselves or in their own people. It is the people of India who have won independence ; It is the people of India who have made the Constitution and it is the people of India who are saying, 'we want socialism'. If necessary, it is the people of India again who will say, 'we want further progress and therefore we want to amend the Constitution'.

Sir, I wholeheartedly support this Bill and I think that there is no other way to achieve socialism on Indian pattern except through this machinery and philosophy in the proposed amendment of the Constitution.

Thank you, Sir.

[6.30—6.31 P. M.]

Fifteenth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the fifteenth report of the Business Advisory Committee which at its meeting held on the 29th November, 1976, in my chamber, considered the question of allocation of date and time for the disposal of legislative business and recommended as follows :—

Wednesday, 1-12-76 (1) The Calcutta Tramways Company (Acquisition of undertaking) Bill, 1976 (Introduction, consideration and passing) —1 hour.

(2) Discussion on the subject of drought situation in some districts of the State—3 hours.

There will be no calling attention or mention case on the above mentioned day, i.e., on the 1st December, 1976.

The Minisrer-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohan Pal : Sir, I beg to move that the Fifteenth Report of the Business Advisory Committee presented this day be adopted by the House.

The motion was adopted.

Adjournment

The House was then adjourned at 6.31 p.m. till 1 p.m. on Tuesday, the 30th December, 1976, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 30th November, 1976, at 1 pm.

P R E S E N T

Mr. Speaker (**Shri Apurba Lal Majumdar**) in the Chair, 12 Ministers, 9 Ministers of State, 1 Deputy Minister and 194 Members.

[1.00—1.10 P.M.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an Oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker : The Minister of State-in-charge of the Relief and Welfare Department will please make a statement on the subject of T.R. and G.R. for the drought affected people—attention called by Shri Kashinath Misra and others on the 29th November, 1976.

Shri Ramkrishna Saraogi : Mr. Speaker, Sir, I seek your kind permission to reply to the calling attention notice tabled by honourable Shri Kashinath Misra and others tomorrow, the 1st December, 1976 instead of today, as there will be a full debate on the same subject, that is to say, drought prevailing in some districts of the State.

Mr. Speaker : Thank you. You are allowed. Kindly make the statement tomorrow before initiating the discussion on the subject.

I have received 10 notices of calling attention out of which I have selected the notice of Shri Monoranjan Pramanik and three others on the subject of eviction of bargadars. The remaining notices are laid on the Table.

1. Eviction of bargadars by jotdars—from Shri Manoranjan Pramanik and three others.
2. Special permission for the Madhyamik Final Examination—from Shri Shambhu Narayan Goswami.
3. Unemployment problem in West Bengal—from Shri Md. Dedar Baks and three others.

4. Opening of Health Centres and Primary Health Centres—from Shri Md. Dedar Baksh and two others.
5. Affiliation of Schools in West Bengal—from Shri Md. Dedar Baksh and two others.
6. Break out of cholera and small pox in West Bengal—from Shri Md. Dedar Baksh and two others.
7. Distress of bargadars—from Shri Md. Dedar Baksh and two others.
8. Supply of rice through ration—from Shri Md. Dedar Baksh and two others.
9. Relief to the fisherman—from Shri Md. Dedar Baksh and two others.
10. Irresponsibly declaring a child as "dead" who is still alive, at the I. D. Hospital at Beliaghata—from Shri Md. Dedar Baksh and two others.

The Hon'ble Minister-in-charge may please make a statement today, if possible, or give a date for the same.

Shri Gyan Singh Sohanpan : A statement will be made tomorrow.

Mention Cases

শ্রীজ্যোতির্ময় মজুমদার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের সেচ দপ্তর এবং খাদ্য দপ্তরের মাননীয় মন্ত্রীদের একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। ইতিপূর্বে এই বিধানসভায় আমরা বার বার সেচ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করেছি যে, যে-সমস্ত অসেচ এলাকা পশ্চিমবঙ্গে রয়েছে সেই সমস্ত অসেচ এলাকা সেচ এলাকা হিসাবে অন্তর্ভুক্ত করে লেভির নোটিশ জারি শুরু হয়ে গিয়েছে। একদিকে অসেচ এলাকাকে সেচ এলাকা ব'লে অন্তর্ভুক্ত করায় পশ্চিমবঙ্গের মানুষের ওপর পশ্চিমবঙ্গ বিধানসভার আইন অনুযায়ী খাজনা তিনগুণ বৃদ্ধি হয়েছে, অপর দিকে লেভীর নোটিশ তিনগুণ জারি হচ্ছে। আমি জানি না সেচমন্ত্রী মহাশয়ের এই ব্যাপারে দৃষ্টি আকৃষ্ট হয়েছে কিনা। আমরা জানি বার বার তাঁকে জানিয়েছি, বার বার তিনি নির্দেশ দিয়েছেন, কিন্তু দুঃখের বিষয় সেচ দপ্তরের কর্মীরা অসেচ এলাকাকে সেচ এলাকা হিসাবে হিসাব করে রেখেছেন। তার ফলে হাজার হাজার ভূমিহীন মানুষ, নিম্ন মধ্যবিত্ত মানুষকে এই সমস্ত অসেচ এলাকার তিনগুণ খাজনা বেড়েছে, বিরাট পরিমাণে লেভী জারি হয়েছে। ফলতঃ নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত মানুষের মনে অসন্তোষের সৃষ্টি হয়েছে। এটা দূর করার জন্য চেষ্টা করা দরকার। এইসব আদায়ের সময় এই মানুষের উপর যে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে সেটা অবিচার করা হবে এবং এই অবিচারের

পরিবর্তে সুবিচার করার জন্য দৃষ্টি দেবেন কিনা জানতে চাই। সেচমন্ত্রী মহাশয় নিশ্চয় এই ব্যাপারে বক্তব্য রাখবেন বলে আশা করি।

শ্রীআবু বরকত আতাউল গনি খান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্বন্ধে আমাদের জানা আছে। আমাদের সঙ্গে ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্টের একটা ভুল বোঝাবুঝি হয়েছিল। আমরা এ সম্বন্ধে স্টেপ নিচ্ছি। আমি মাননীয় সদস্যকে অনুরোধ করব তিনি কালকে দয়া করে আমার কাছে আসুন। আমি পারসোন্যালি জানি কিছু কিছু জায়গায় এইরকম হয়েছে। আমি এগ্রি করি এই রকম কতকগুলি জায়গায় এই রকম হয়েছে।

শ্রীসরোজ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পার্লামেণ্টারী মন্ত্রী মহাশয় বলেছে যে, এ বিষয়ে কালকে একটা স্টেটমেণ্ট দেবেন। একটুখানি আমি এখানে আলোচনা করি—আজকে যুগান্তরেও লিখেছে যে বর্গাদার বিপন্ন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি একটু দয়া করে শুনুন এবং আপনি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করুন। কারণ এটা সিরিয়াসলি ভেবে দেখতে হবে যে বাস্তব অবস্থাটা কি। গ্রামাঞ্চলে বর্গাদাররা কি অবস্থায় পড়েছে—একেবারে অরাজকতা বলা চলে। বর্গাদারদের মালিক উচ্ছেদ করছে আর সেখানে পুলিস সাহায্য করছে মালিকদের। আমি সেদিনও বলেছিলাম এই অরাজকতা কি আমরা বন্ধ করতে পারি না? জোতদাররা আজকে রাতারাতি কংগ্রেস হয়ে যাচ্ছে। আমি জেনারেলাইজ করছি না। পুলিস মালিকদের সঙ্গে যোগাযোগ করে তাদের উচ্ছেদ করছে। তিনটি পয়েণ্ট এক সঙ্গে মিলিত হয়ে এ বর্গাদারদের বিরুদ্ধে কাজ চালাচ্ছে। এক হচ্ছে পুলিস, আর এক হচ্ছে জোতদার, আর এক দিকে কোর্ট। আজকে মেদিনীপুরে ৫০ জন অ্যারেস্টেড হয়েছে, ৫০ জন মেয়ে-পুরুষ আজ হাসপাতালে। একটিও জোতদার অ্যারেস্ট হয় নি, প্রত্যেকটি বর্গাদার অ্যারেস্টেড হয়েছে। এই অরাজকতা চলছে। এদিকে আপনারা একটু লক্ষ্য রাখুন, একটা বিশেষ ব্যবস্থা নিন পুলিস যাতে ঠিকমত বর্গাদারদের পাশে দাঁড়ায় তার ব্যবস্থা করুন। একটা স্ট্যাণ্ডিং প্রিন্সিপ্যাল নিন।

শ্রীরূপসিং মাঝি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুরুলিয়া জেলায় আদিবাসী ও হরিজন কল্যাণ বিভাগের বিভাগীয় কর্মচারীরা আজ তাদেরই মত অবহেলিত। সেখানে এইসব বিভাগের যে-সব কর্মচারী কাজ করেন তাঁদের বেতনহার সংশোধন না করার জন্য উপজাতি হরিজন কল্যাণ বিভাগে কাজের মন্থরতা দেখা দিয়েছে।

এবং তাঁদের মনে এই অসন্তোষ থাকার জন্য আদিবাসী কল্যাণ ও হরিজন কল্যাণ বিভাগের কাজকর্ম এবং যে-সমস্ত পরিকল্পনা রয়েছে সেগুলি বাস্তবে রূপায়িত হতে পারছে না। তারা দীর্ঘ ২৫ বছর ধরে কাজ করে যাচ্ছে, তাদের বেতনক্রম ও তাদের অন্যান্য সরকারী কর্মচারীদের মত সুযোগ-সুবিধা তারা পায় না। তাই সেখানে যে বিভিন্ন পরিকল্পনা রয়েছে আদিবাসী ও হরিজন কল্যাণ বিভাগে তা বাস্তবে রূপায়িত হতে বহু সময় বিলম্বিত হচ্ছে।

[1.10—1.20 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে একথা জানাতে চাই সেইসব থানা ওয়েলফেয়ার অফিসাররা একাধারে বি ডি ও অফিসে, তারা একাধারে জে এল আর ও অফিসে, একাধারে সেটেলমেন্ট অফিসে—আমার মনে হয় তারাই একমাত্র কর্মচারী হিসেবেও থাকেন। আমাদের পশ্চিমবঙ্গে যে-সমস্ত থানা ওয়েলফেয়ার অফিসাররা দীর্ঘদিন ধরে কাজ করে আসছেন তাঁরা প্রায় সমস্ত বিভাগের কাজই করে থাকেন। তাঁরা আদিবাসী ও হরিজন সম্প্রদায়ের উন্নতির জন্য বিভিন্ন দিক দিয়ে চিন্তা করে সেইসব উন্নয়নমূলক স্কীমের রূপায়ণের জন্য দিনরাত খেটে যান। অথচ আজ পর্যন্ত বিহার থেকে এসে ১৬ বছর যাবৎ তাঁদের বেতন বৃদ্ধি সংক্রান্ত কোন প্রস্তাবই বিবেচিত হচ্ছে না। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা সমগ্র মন্ত্রিমণ্ডলীর কাছে দাবি জানাচ্ছি তাঁদের বেতন কাঠামো সত্বর পুনর্বিন্যাস করা হোক এবং বেতনবৃদ্ধির ব্যবস্থা করা হোক।

শ্রীশেখ দৌলত আলি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন আমাদের ২৪ পরগনা জেলা সমগ্র পশ্চিম বাংলার মধ্যে অবহেলিত জেলা। এই জেলায় ৫০টি বিধানসভা কেন্দ্র। কিন্তু দীর্ঘদিন ধরে ২৪ পরগনা জেলাকে বিভিন্ন দিক দিয়ে পিছিয়ে রাখা হয়েছে। আপনি জানেন আজকে ২৪ পরগনা জেলাকে নামে মাত্র সাউথ এ্যাণ্ড নর্থ ভাগ করা হয়েছে। আসল কার্যক্ষেত্রে দীর্ঘদিন আজ পর্যন্ত দক্ষিণ ২৪ পরগনা অবহেলিত হয়ে রয়েছে। হয় বলুন ২৪ পরগনা জেলা এক না হয় বলে দিন—দক্ষিণ ও উত্তর হিসেবে সর্ব বিষয়ে আলাদা। যেভাবে ছাত্র পরিষদ আলাদা, যুব পরিষদ আলাদা, শিক্ষক সংগঠন আলাদা, সমবায় আলাদা হিসেবে দেখানো হচ্ছে তাতে ২৪ পরগনা জেলা কার্যতঃ একই—

কোনরূপ সেপারেশন হয় নি। এই দক্ষিণ ২৪ পরগনার জেলার অনেকখানি জুড়ে সুন্দরবন। এই সুন্দরবনের মানুষ কোন রকম সুবিচার পাচ্ছে না, প্রশাসনিক দিক দিয়েও কোন প্রকার ন্যায়বিচার পাচ্ছে না। অ্যাডমিনিস্ট্রেশন-এর দিক থেকে সেপারেশন করলে পর তারা অনেক সুযোগ-সুবিধা পেতে পারে। তাহলে আমরা সেপারেট স্কুল বোর্ড পেতাম, সেপারেট ডি এম'এর অফিস পেতাম, সেপারেট পুলিস অফিস পেতাম, যতক্ষণ না এইসব সেপারেট হচ্ছে ততক্ষণ আমাদের দক্ষিণ ২৪ পরগনা জেলার কোন উন্নতি সম্ভব নয়। আপনি জানেন এখানে অনেক সংখ্যক উইকার সেকশন অব দি পীপল বাস করে—তফসিলভুক্ত অধ্যুষিত বহু এলাকা এখানে আছে। সুযোগ-সুবিধার লায়নস শেয়ার থেকে এরা বঞ্চিত, অবহেলিতও বটে।

আপনি জানেন শরীরের একমাত্র মুখমণ্ডলে রক্তিম আভা শারীরিক সুস্থতার লক্ষণ নয়। সেই রকম ২৪ পরগনা জেলার ভগ্নাংশ জায়গার উন্নতি করে সামগ্রিক ভাবে পিছিয়ে থাকা যুক্তিযুক্ত নয়। জেলার জনগণকে তাদের প্রাপ্য সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা সরকারের উচিত হবে না। আপনি জানেন আমাদের দার্জিলিং জেলায় ৫টি বিধানসভার সীট আছে, কুচবিহারে ও মালদায় আছে ১০টি সীট, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি ও পুরুলিয়া জেলায় ১১টি করে সীট, বীরভূম জেলায় ১২টি সীট, বাঁকুড়া জেলায় ১৩টি, নদীয়া জেলায় ১৪টি, হাওড়া জেলায় ১৬টি, মুর্শিদাবাদ ও হুগলী জেলায় ১৮টি করে, আর দক্ষিণ ২৪ পরগনায় ২৪টি কাজেই আমাদের দক্ষিণ ২৪ পরগনাকে একটা সেপারেট জেলা বলে ডিক্লেয়ার করা হোক। দক্ষিণ ২৪ পরগনায় উইকার সেকশন তথা দরিদ্র তফসিল জাতীর বাস তাদের সর্বাত্মক উন্নয়নের জন্য এই জেলাকে সেপারেশন করবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করুন।

শ্রীনীরদ কুমার সাহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জয়নগর অঞ্চলের অন্তর্গত শ্রীশ্রীসারদামণি বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য নির্বাচন বৈধভাবে মাসাধিককাল হল হয়ে যায় এবং অফিস বেয়ারার ইলেকশান ডেট ২৮-১১-৭৬ তারিখে নির্দিষ্ট হয়েছিল। নোটিশ বোর্ডের নোটিশ দেখে সদস্যরা আশ্চর্যান্বিত হয়ে যান। একজিস্টিং কনভেনার যিনি মিটিং ডেকে ছিলেন তিনি উপস্থিত হন নি। নোটিশ বোর্ডে একটি মাত্র জিনিস লেখা আছে অ্যাজ ডিজায়ার্ড বাই দি স্টেট মিনিস্টার ফর এডুকেশন দি মিটিং রিমেনস উইদ

হলড"—আমার বক্তব্য হল বৈধভাবে আমাদের সদস্যরা নির্বাচিত হলেন এবং দেশের জনসাধারণ যাদের ভোটে নির্বাচিত করলেন ৩ তারিখ থেকে যাদের কর্মভার নবার কথা, সেটা কিজন্য এইভাবে অফিস বেয়ারারস ইলেকশান বন্ধ করা হল ই বিষয়ে আমি তদন্ত দাবি করছি। এখানে মাননীয়া শিক্ষামন্ত্রী আছেন, এই বিষয়ে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনারায়ণ ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী বক-যুবতী খেলাধুলার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আপনি জানেন স্পোর্টস ামাদের স্বাস্থ্য, চরিত্র গঠন করে এবং শক্তি ও মানসিকতা গঠন করে। অপসংস্কৃতি বং অবসর সময়ে আড্ডা দিয়ে কাটিয়ে আমাদের আগামী দিনের সমাজ নষ্ট য়ে যাচ্ছে। স্পোর্টসের ব্যাপারে মুখ্যমন্ত্রী আশার সঞ্চার করেছেন। জেলায় লায় স্পোর্টস হচ্ছে এবং বিভিন্ন মহকুমা শহরে স্টেডিয়াম হচ্ছে। ব্লক লেভেলে লাধুলার মাঠ হওয়া দরকার। আমরা যারা বিধানসভার সদস্য আছি তারাও লাধুলার সুযোগ নিতে চাই। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে নুরোধ করছি আপনি বিধানসভার সদস্যদের খেলাধুলা করার একটা সুযোগ রে দিন। এই ময়দানে যদি আমাদের একটা টেন্টের ব্যবস্থা করে দেন তাহলে ধানসভার সদস্যরা স্বাস্থ্য ঠিক রাখতে পারেন। স্যার, আপনি জানেন মুখ্যমন্ত্রী স্যদের খাটুনি বাড়িয়ে দিয়েছেন। তাই বিধানসভার সদস্যদের স্বাস্থ্য যদি ক না থাকে তাহলে তাদের মনও ঠিক থাকবে না, আর তার ফলে কাজও ঠিকমত ব না। পাঞ্জাব, মহারাষ্ট্রের তুলনায় পশ্চিমবঙ্গের খেলাধুলার সুযোগ কম। মাদের উন্মুক্ত প্রাঙ্গন নেই, খেলার মাঠ নেই। ছাত্র-ছাত্রী, যুবক-যুবতীরা লাধুলা করার সুযোগ পাচ্ছে না। আমাদের অর্থ বরাদ্দ অত্যন্ত কম, অর্থ বরাদ্দ ড়ানোর জন্য আমি অনুরোধ জানাচ্ছি। আপনি আমাকে এই কথা বলার যাগ করে দিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ ছি।

Mr. Speaker : Honourable Members will be glad to know that there will be exhibition cricket match on Sunday next between the Chief Minister's eleven the Speaker's eleven at the Ranji Stadium in Eden Gardens. I invite all the ourable Members to be present in the exhibition match. I also invite them he field to practise, and help me in selecting the team of the M.L.A s. All Members and also the Press are invited to witness the game. I think, the mbers of the Assembly and the employees of the Assembly team will be

selected amongst themselves, and I hope that the Chief Minister's team will be selected from amongst the members of the Treasury Benches and the employees of the Government.

শ্রীতুহিন কুমার সামন্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যারা খেলতে জানি তারা স্পীকারের দলের হয়ে খেলব। প্লেয়ার সিলেকশনের আগে একটা ট্রায়ালের জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : Willing persons who want to participate in the game will have to come for practice. I request some of the important players, viz., Shri Suprio Basu, Shri Kumar Dipti Sen Gupta and Shri Chandra Kumar De, to be present. They will help me in selecting the team. I request the other Members to be present who will want to participate in the game.

[1.20—1.30 P. M.]

শ্রীশচীনন্দন সাউ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি একটি ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা পণপ্রথার বিরুদ্ধে আইন করেছি এই বিধানসভায়। এই পণপ্রথার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন আমাদের অন্যতম স্মরণীয় পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়। ইদানীংকালে যুবনেতা শ্রীসঞ্জয় গান্ধী এই পণপ্রথার বিরুদ্ধে গর্জে উঠতে বলেছেন। কিন্তু বিবাহের পরে যদি বিবাহিত জীবনে কোন লোক তার স্ত্রীকে তার বাড়িতে আবদ্ধ রেখে নির্যাতন করে এবং সেই মেয়েকে তার বাপের কাছ থেকে একের পর এক টাকা আদায় করার জন্য দাবি জানায় সেই ব্যাপারে আমাদের সরকারের কিছু করণীয় আছে কিনা সেটা আমি আপনার মাধ্যমে জানতে চাই। এই বিষয়ে আমি করুণ মর্মান্তিক একটা বিবাহিত রমণীর আর্তনাদের কথা এই বিধানসভায় তুলে ধরতে চাই। আমি এ কথা এখানে বলতে চাই এইজন্য যে, এই বিধানসভায় আমরা এর বিরুদ্ধে আইন তৈরী করেছি এবং একটা অসহায় নারী তাকে যদি আবদ্ধ রাখে, তার উপর যদি নির্যাতন করা হয়, তার জন্য যদি কোন ব্যবস্থা এই সরকার গ্রহণ করতে না পারে তাহলে আমাদের এই যে আইন, এই আইনটা নিরর্থক হবে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, পণপ্রথা আমরা রোধ করেছি, কিন্তু যদি কোন রমণী তার বিবাহের পরে তার স্বামী তার বাবার কাছ থেকে টাকা আদায় করার জন্য অত্যাচার করে তাহলে তার বিরুদ্ধে সেই যে অন্যায় কাজ

করছে তার জন্য সেটা পুলিস গ্রাহ্য অপরাধ হবে কিনা আমি জানতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলী জেলায় সুশীলকুমার দে'র সঙ্গে একটি রমণীর প্রায় দুই বছর হল বিবাহ হয়েছে। বিবাহের পণ বা লৌকিকতা হিসাবে সেই টাকা পয়সা নিয়েছে এবং তার পরেও তার বাবার কাছে দিনের পর দিন টাকার জন্য সে দাবি জানাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সে ২ হাজার টাকা বিবাহের সময় নিয়েছে। বিবাহের পরে ১১ শত টাকা হাতে হাতে নিয়েছে এবং ৯ শত টাকা মানি অর্ডারের মাধ্যমে নিয়েছে। আমি আপনার সামনে সে যে মানি অর্ডার রিসিভ করেছে সেটা তুলে ধরবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কন্যার পিতা হচ্ছে বাজহাতী গ্রামের একজন সামান্য স্বর্ণকার। তার কাছে সর্বশেষ ১৫ হাজার টাকা দাবি জানানো হয়েছে। এই টাকা না দিলে তার মেয়েকে বাড়িতে পাঠাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই মেয়েকে বাড়ির ছাদের চিলে কোঠায় বন্দিনী করে রাখা হয়েছে এবং পশু পাখীকে যেভাবে উচ্ছিষ্ট খাবার দেওয়া হয় সেইভাবে তাকে খাবার দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২১-১১-৭৬ তারিখে তার বাবা সেই এলাকার আমাদের বিধানসভার সদস্য শ্রীকাশীনাথ মিশ্রের কাছে যান এবং তাঁকে সমস্ত ব্যাপারটা বলেন। তিনি তাঁকে থানায় যেতে বলেন। কিন্তু থানা থেকে সরাসরি বলে যে, তারা কিছু করতে পারবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানতে চাচ্ছি যে, আমাদের সরকারের এই ব্যাপারে কিছু করণীয় আছে কিনা? কারণ এই ব্যাপারে ডাঃ মোতাহার হোসেন মহাশয়কে তিনি দরখাস্ত দিয়ে জানিয়েছেন এবং আমি এই ব্যাপারে এখানে বলছি এই কারণে যে, আমরা যে আইন তৈরী করেছি। কাজেই বিবাহের পরে যদি কোন পিতার প্রতি এই ধরনের আচরণ চলে তাহলে তার বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা যাবে কিনা সেটা জানার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীবলাইলাল শেঠঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর নিকট গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, তারকেশ্বর একটা বিখ্যাত তীর্থস্থান। সেই এলাকায় পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য দপ্তর থেকে কোন রেশন দেয় না। প্রতিদিন যে-সমস্ত হাজার হাজার তীর্থযাত্রী সেখানে যায় তাদের খাবার জন্য সেই শহরের উপর নির্ভর করতে হয়। এখন দৈনিক বাজারে যে চাল আসে সেখানকার ডি আই বি অফিসার সেটা বন্ধ করে দেবেন যদি তাঁকে পয়সা না দেওয়া হয়। এইরকমভাবে তিনি প্রত্যেকটি ছোট ছোট খুচরা চাল ব্যবসায়ীদের উপর প্রচণ্ড অত্যাচার চালিয়ে

যাচ্ছেন এবং যারা কিনে খায় তারা এই ব্যাপারে হতাশ হয়ে পড়েছেন। ওখানে পুলিশ কর্মচারী ছাড়া আর কেউ রেশন পায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমি নিজে একজন 'ক' শ্রেণীর রেশন কার্ড হোল্ডার। কিন্তু আমার জ্ঞানত আমি বলতে পারি যে, আমি কোনদিন চাল পাইনি। কিন্তু বাজার থেকে যদি চাল কিনতে হয় তাহলে পার কেজিতে ৫০ থেকে ৬০ পয়সা লেভি দিতে হয়। অর্থাৎ সেই লেভি ডাইরেক্ট আমাদের কাছ থেকে নেয় না। যারা বিক্রয় করতে আসে তাদের কাছ থেকে নেয় এবং সেই লেভিটা আমাদের কাছে চলে আসে। শুধু তাই নয়, আরো দুঃখের কথা হচ্ছে, সেখানে ছোট চায়ের দোকানে যদি ৫ শত গ্রাম চিনি থাকে তাদের উপরও মাসিক বন্দোবস্ত আছে এবং শুধু তাই নয়, তিনি প্রায় ১৭/১৮ বিঘা জমি কিনেছেন। তিনি আবার সারের ব্যবসা করছেন। এইরকম একটা জঘন্য ব্যাপার চলছে। এই ব্যাপারে যুবক এবং স্থানীয় অধিবাসীবৃন্দ অত্যন্ত বিক্ষুব্ধ হয়ে আছে। তারা এই ব্যাপার পুলিশের উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছেন, কিন্তু কোন প্রতিকার হচ্ছে না। যদি এই ব্যাপারে কোন প্রতিকার না হয় তা হলে স্থানীয় জনসাধারণ নিজেদের হাতে আইন তুলে নিয়ে বিচার করতে বাধ্য হবে। আমি এই গণতান্ত্রিক সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি, যেখানে দুর্নীতি দমনের জন্য আমাদের শ্রদ্ধেয় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, বিধানসভার সদস্যদের মধ্যে দুর্নীতি থাকলেও তার বিরুদ্ধে মিসা করছেন, সেখানে সেই ডি আই বি অফিসার, তার খাকি পোশাক থাকার জন্য কি অধিকার আছে যে, দিনে-দুপুরে ডাকাতি করবে, তার কোন ক্ষতি করা হবে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ ডি আই বি অফিসার এই রকম ভাবে যদি অবাধে দুর্নীতি চালায় তা হলে সেখানকার জনসাধারণ আইন হাতে নিয়ে তার বিচার করতে বাধ্য হবে, সেজন্য আমি আগে থেকে এই সভাকে জানিয়ে রাখলাম। আমি আশা করি এর প্রতিকার হবে।

শ্রীবিশ্বনাথ মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুতর ঘটনা গতকাল ঘটেছে, সেটা আপনার মাধ্যমে মন্ত্রিসভার বা গভর্নমেণ্টের দৃষ্টিগোচর করতে চাইছি। ইউনাইটেড ব্যাংক অব ইণ্ডিয়ার এমপ্লয়িদের একটা অ্যাসোসিয়েশন আছে। তারা অল ইণ্ডিয়া ব্যাংক এমপ্লয়িজ ফেডারেশনের অন্তর্ভুক্ত। এই এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনটি ব্যাংক কর্তৃপক্ষের দ্বারা রেকগনাইজড—স্বীকৃত। এই অ্যাসোসিয়েশনের বাৎসরিক নির্বাচন হচ্ছে। গতকাল তাদের ওল্ড কোর্ট হাউস ষ্ট্রীটে যে হেড অফিস আছে সেখানে ইলেকশন ছিল, সকাল ১১টা থেকে বিকাল ৫টা

পর্যন্ত। এদের সংবিধান অনুসারে এরা সেই নির্বাচনটা করছিল। এখানে এই এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন একটাই ছিল, কিন্তু সম্প্রতি আর একটা সংগঠন হয়েছে—শ্রমিক-কর্মচারী সমিতি নামে। সেটা এখনও স্বীকৃত নয়। এই ব্যাংক এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন তাদের নির্বাচন করবার সময় তাদের ভোটার তালিকা টাঙিয়েছিল। এটা দেখে ঐ কর্মচারী সমিতির পক্ষ থেকে কয়েকজন গিয়ে এদের বলেন যে, অনেকে আমাদের ইউনিয়নের মেম্বার হয়েছেন। তাঁদের নাম আপনাদের তালিকাতে কেন? তখন এঁরা বলেন, আমরা বাধ্য এটা করতে। ৩১শে অক্টোবর তারিখ পর্যন্ত যাঁরা তাঁদের ডিউস ক্লিয়ার করেছেন আমাদের সংবিধান অনুসারে তাঁদের নাম আমাদের ভোটার তালিকায় দিতে আমরা বাধ্য। এঁরা ব্যাংক কর্তৃপক্ষকে জানিয়েছিলেন। ব্যাংক কর্তৃপক্ষ এঁদের লাস্ট মোমেন্টে বলেন, তোমরা অফিস আওয়ারসের মধ্যে করো না। এঁরা তখন বলেন, আমরা এখন আর বদলাব কি করে? ব্যাংক কর্তৃপক্ষ হস্তক্ষেপ করেন নি। নির্বাচন হবে সকাল ১১টা থেকে, এমন সময় বাইরের ৫০/৬০ জন লোক এবং ঐ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের কিছু লোক—বাইরে থেকে যারা এসেছিল তাদের অনেকে সশস্ত্র ছিল, তারা এসে বললে, আমরা হতে দেব না। এখন কাজের সময়, অফিস আওয়ার্স, এখন আমরা কোন ইলেকশন হতে দেব না। এরা বললে, অফিস আওয়ার্সের মধ্যে ইলেকশন হবে কি না হবে সেটা কর্তৃপক্ষ আছে, তারা বুঝবে, তারা ইলেকশন বন্ধ করবে, আপনারা কে? তারা বললে, না, আমরা হতে দেব না। এই কথা বলে তারা জোর করে ভিতরে ঢুকে মারপিঠ করেছে, বুথের মধ্যে ঢুকে ব্যালট বক্স ফেলে দিয়েছে এবং ইউনাইটেড ব্যাংক এমপ্লয়িজ ইউনিয়নের যে সেণ্ট্রাল কমিটি, তার যিনি প্রেসিডেণ্ট তারা ভারতের—তিনি একজন কংগ্রেসম্যান বলেই জানি—অশোকরতন গাঙ্গুলী, তার ছেলে এখানকার ইউনিয়নের একজন অফিস বেয়ারার এবং একজন ক্যাণ্ডিডেট হিসাবে এবারে কণ্টেস্ট করছিলেন তাঁকে প্রচণ্ড মেরেছে, সে উণ্ডেড হয়েছে। আরো অনেকে উণ্ডেড হয়েছে। এইরকম একটা তছনছ কাণ্ড তারা বাইরে থেকে এসে করেছে। পরে ব্যাংক এমপ্লয়িরা কর্তৃপক্ষের কাছে প্রতিবাদ জানিয়েছেন এবং তাঁরা বলেছেন, অফিস আওয়ার্সের মধ্যে আমরা ইলেকশন করছিলাম, সেই অফিস আওয়ার্সের মধ্যে কি করে তারা এসে আমাদের উপর আক্রমণ করে, কি করে এসে ডেমোনষ্ট্রেশান করে, কি করে এসে আমাদের ইলেকশন বানচাল করে এটা আমাদের বলুন। এখন স্যার, এটা একটা ব্যক্তি স্বাধীনতার প্রশ্নও বটে, কিন্তু তার সঙ্গেও একটা বড় প্রশ্ন, একটা রাজনৈতিক প্রশ্ন জড়িত রয়েছে বলে আমি উঠে দাঁড়িয়েছি, তা না হলে আমি উঠতাম না। স্যার, জরুরী পরিস্থিতি ঘোষণা করা

হয়েছে এবং বলা হয়েছে যে, দক্ষিণপন্থী বিরোধী শক্তি—তাদের চক্রান্তের বিরুদ্ধে আমরা জরুরী পরিস্থিতি ঘোষণা করেছি। কিন্তু এই জরুরী পরিস্থিতির সুযোগ নিয়ে দক্ষিণ-পূর্ব রেলের কর্তৃপক্ষ সেখানকার যে রেজিস্টার্ড ইউনিয়ন—দক্ষিণ-পূর্ব রেলওয়েমেন্স ইউনিয়ন—সেটা স্বীকৃত ইউনিয়ন, অল ইণ্ডিয়া ফেডারেশনের অংশ সেখানে তাদের ইলেকশনকে স্বীকার না করে একটা জালিয়াতি চিঠির ভিত্তিতে অফিস-বেয়ারার্স বদলে দিয়েছে।

[1.30—1.40 P. M.]

সেই নিয়ে মামলা চলছে, আর এই জরুরী পরিস্থিতির সুযোগে পি অ্যাণ্ড ইউনিয়ন ভাঙ্গবার জন্য একই রকম চক্রান্ত চলছে, আর এই জরুরী পরিস্থিতি সুযোগে অল ইণ্ডিয়া ব্যাঙ্ক এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন ভেঙ্গে দেবার জন্য একটা চেষ্টা শুরু হয়েছে। কোন একজন নেতা যখন এই শ্রমিক-কর্মচারী সমিতির মিটিং-এ তাঁর বক্তব্য রাখছিলেন, তখন তিনি বলেছিলেন যে সাউথ-ইস্টার্ন রেলওয়েমেন ইউনিয়ন ভেঙ্গে দিয়েছে, এবারে ব্যাঙ্ক ইউনিয়ন ভেঙ্গে যদি দিতে পারেন, যা ব্যাঙ্ক ইউনিয়ন মেমবার্সদের বেশির ভাগ অন্য কোন ইউনিয়নে যায় তাহলে ভে যেতে পারে। এতদিন পর্যন্ত ব্যাঙ্ক এমপ্লয়িজ ইউনিয়ন ইউনাইটেড হয়ে রয়েছে ব্যাঙ্ক এমপ্লয়িজ ইউনিয়ন, তারা ২০ দফা কর্মসূচীকে সমর্থন করেছে এবং এই ব্যা এমপ্লয়িজ ইউনিয়নের মধ্যে কংগ্রেস, কম্যুনিস্ট, অকম্যুনিস্ট, নির্দল, সব রকম লোক ঐক্যবদ্ধ হয়ে রয়েছে। আজকে যদি তাঁরা মনে করেন, আমরা এই ইউনিয়ন থাকব না, অন্য কোন ইউনিয়ন করব, তারা তা করতে পারে, কিন্তু ব্যাঙ্ক কর্মচা সমিতি ইউনিয়ন, রেকগনাইজড ইউনিয়ন, তাদের ইলেকশন হচ্ছে, সেই ইলেকশ বাইরে থেকে অ্যাটাক করে ভেঙ্গে দেওয়া হল, এটা কি কথা? এই যদি চ যদি এমপ্লয়িদের ব্যক্তিস্বাধীনতা গণতান্ত্রিক অধিকার মানা না হয়—এক রেকগনাইজড ইউনিয়ন-এর ইলেকশন গায়ের জোরে ভেঙ্গে দেওয়া হয়, কলকাতা শহরের ওল্ড কোর্ট হাউস স্ট্রীটে, একেবারে কলকাতার সেন্ট্রাল পে দাঁড়িয়ে—ঐরকম যদি ঘটে, তাহলে আমাদের নিরাপত্তা কোথায় এবং ইউনি করবার অধিকার কোথায়? এই প্রশ্ন আজকে উঠেছে। সেইজন্য আমি আপনা মারফৎ গভর্নমেণ্টের দৃষ্টি আকর্ষণ করছি, আশা করি চীফ মিনিস্টার শুনছেন এখানে অন্য মন্ত্রীরাও আছেন, তাঁদের শুনিয়ে আমি বলছি যে, আপনারা হস্তক্ষে করুন।

শ্রীপ্যাটরাশ হেমব্রম ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয় এবং তার সংগে সংগে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আমার এলাকার একটি হাই স্কুলে চরম দুর্নীতি চলছে, সেই সম্বন্ধে আপনাকে জানাচ্ছি। এই স্কুলের যে-সমস্ত আদিবাসী ছাত্র-ছাত্রী আজকে থেকে তিন/চার বছর আগে লেখাপড়া করত, বর্তমানে বাদ দিয়েছে তাদের নামে হস্টেল গ্র্যাণ্ট এবং টিউশন ফি তোলা হয়। এবং আদৌ যারা তফসিলী ভুক্ত নয়, তাদেরকে তফসিল দেখিয়ে সরকার থেকে টাকা তোলা হচ্ছে এবং আরও বিশ্বস্ত সূত্রে জানি, এই ধরনের দুর্নীতি বহুদিন থেকে এই স্কুলে চলে আসছে। কাজেই প্রধান শিক্ষক স্কুলের খাতে সরকারের টাকা দুর্নীতি করে আত্মসাৎ করছে, এখানে আপনার কাছে দাবি জানাচ্ছি তদন্ত-সাপেক্ষে যত শীঘ্র সম্ভব তার যথাযোগ্য বিচার হওয়া প্রয়োজন। যে-সমস্ত ছাত্র-ছাত্রীরা স্কুলে নেই, অথচ টাকা তোলা হচ্ছে, সেই সমস্ত ছেলেমেয়েদের নামের তালিকা আপনার সামনে দাখিল করছি।

শ্রীরজনী দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা জরুরী বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহার জেলায় কুচবিহার এক নং ব্লকে পানিশাল এবং ঘুঘুমারি অঞ্চলে ভারত বিভাগের পর শীতল পাটি তৈরী করে, এমন একটা সম্প্রদায় সেখানে বসবাস করছে, তাদের জীবিকা হল পাটির গাছের চাষ করে, তারপর তারা তা দিয়ে পাটি তৈরী করে। সেই শীতল পাটি বাংলাদেশের বিভিন্ন জায়গায় আসে। তারই পাশে কৃষিজীবী যারা, তারা ধান, গম এই সব আবাদ করছে। সেই ধান-গমের ক্ষেতের মাঝে মাঝে এই পাটির ক্ষেত আছে। এই পাটি যখন বড় হয় তখন সেখানে বাবুই পাখি এসে বাসা বাঁধে, লক্ষ লক্ষ বাবুই পাখি সেখানে আসে এবং পাশাপাশি ধান, গমের ক্ষেতকে নষ্ট করে দেয়। আবার অপর দিকে সেই পাটি শিল্পী সম্প্রদায় সমিতি করল পাটি শিল্পকে বাঁচাবার জন্য। তবে এখানে দুটি পক্ষেরই বাঁচবার অধিকার আছে। একদিকে ধান-চাল না হলে ঐ চাষী সম্প্রদায় বাঁচতে পারবে না, অপর দিকে ঐ শিল্পকে রক্ষা না করলে তারা বাঁচবে না, এই অবস্থা সেখানে। বর্তমানে সেখানে আইনশৃংখলার একটা গুরুতর অবনতি দেখা দিয়েছে। এই নিয়ে জেলা ম্যাজিস্ট্রেট, মহকুমা শাসক, ব্লক উন্নয়ন আধিকারিক, পুলিশ সুপার ঐ অঞ্চলে গিয়ে একটা অস্থায়ী কমিটি করে দেন যাতে আইনশৃঙ্খলার অবনতি না ঘটে। এই দুটি বিভাগের, কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় কুচবিহারে গিয়েছিলেন এবং কুটির শিল্প বিভাগের মন্ত্রী মহাশয়ও কুচবিহারে গিয়েছিলেন, তাঁরা উভয়েই এখানে আছেন। দুটি বিভাগের

মন্ত্রী মহাশয়ই আজকে এখানে আছেন, তাঁদের বলা হয়েছিল, দুটি বিভাগের অফিসারদের বলা হয়েছে একটা সুষ্ঠু পথে এর প্রতিকার করবার জন্য। প্রতিকার না হলে দুটি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের সম্ভাবনা আছে, সেই জন্য আমি আবার আপনার মাধ্যমে উভয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি এই বিষয়টির প্রতি আকর্ষণ করছি।

শ্রীমধুসূদন রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভূমি সংস্কারের ওপর তলার আমলারা ভূমি সংস্কারের ব্যাপারে বাস্তবের চেয়ে ফিগার বা কাগজ-কলমের হিসাবটাকে বেশী গুরুত্ব দিচ্ছেন। এর ফলে কুচবিহার জেলার সরকারী খাস জমি বণ্টনের ব্যাপারে নানারকম ত্রুটি-বিচ্যুতি হচ্ছে এবং বাস্তুহীনদের বাস্তু জমি দেওয়ার ব্যাপারে এমন অবস্থার সৃষ্টি হচ্ছে যে, ২০-দফা কর্মসূচী বানচাল হওয়ার উপক্রম হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাইটার্স বিল্ডিংস থেকে নির্দেশ দেওয়া হচ্ছে একটা টার্গেট ডেট দিয়ে যে, এই তারিখের মধ্যে জমি বিলি করতে হবে এবং সেইমত অ্যাডভাইসরী কমিটি করে জমি বিলি করা হচ্ছে। ১০০ একর জমি ১০০ লোকের মধ্যে বিলি হচ্ছে এবং সেটা হচ্ছে কাগজে-কলমে। আসলে ভূমিহীনরা জমির দখল পাচ্ছে না, তারা জমি কোথায় জানল না, এমন কি পাট্টা পর্যন্ত পেল না। এই রকম অবস্থা যে, শুধু ফিগার দেওয়া হচ্ছে এত একর জমি বিলি হয়ে গেল। আসলে ওটা কাগজে-কলমে হচ্ছে, বাস্তবে কিছুই দেখা যাচ্ছে না। আর বাস্তুহীনদের যে জমি দেওয়া হচ্ছে— আমার মহকুমার এক জায়গায় ২৫টি বাড়ি করে দেওয়া হল নদীর ধারে, সেখানে নদীর জল উঠে এবং বৃষ্টির জলে সেই বাড়িগুলি ধসে গেল। আর এক জায়গায় কতকগুলি বাড়ি করে দেওয়া হল বাংলাদেশের বর্ডারের কাছে। সেখানে কোন নিরাপত্তা নেই, যার ফলে সেই বাড়ীগুলিতে কোন বাস্তুহীন যাচ্ছে না। দেখা যাচ্ছে কাছাকাছি ভাল জমি থাকা সত্ত্বেও আমলারা এইভাবে বাস্তুহীনদের নিয়ে একটা চক্রান্ত করছে, এই রকম কাণ্ডজ্ঞানহীন কাজ কি উদ্দেশ্যে করছে তা আমরা জানি না। তবে এর প্রতিবিধান করা দরকার, এই নিয়ে জনসাধারণের মধ্যে যে হতাশা দেখা দিয়েছে এটা দূর করা দরকার।

মহঃ দেদার বক্সঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী, পুলিস বিভাগের মাননীয় রাষ্ট্রমন্ত্রী, রাজস্বমন্ত্রী এবং মন্ত্রিমণ্ডলীর অন্যান্য সদস্যদের দৃষ্টি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ

মহাশয়, আমাদের প্রিয় প্রধানমন্ত্রীর ২০-দফা যে কর্মসূচী ঘোষিত হয়েছে এবং আজকে ভারতবর্ষের বুকে সমস্ত রাজ্যে যেটা বাস্তবায়িত হতে চলেছে তার মধ্যে একটা ধারা হচ্ছে বর্গাচাষীদের স্বার্থ রক্ষার কথা। কিন্তু আজকে স্যার, আমাদের এখানে সেই স্বার্থ রক্ষিত হচ্ছে না। কাগজ খুললেই দেখা যায় ২৪ পরগনা, মেদিনীপুর, বর্ধমান, বীরভূম প্রভৃতি জেলায় ধান কাটার সময় সংঘর্ষ হচ্ছে, অনেকে আহত নিহত হচ্ছে জোতদারদের ভাড়াটে গুণ্ডার দ্বারা। আমি ভূমি রাজস্বমন্ত্রীকে বলছি যে, কিছু সংখ্যক জে এল আর ও কিছু ব্যবস্থা করে জোতদারদের সাহায্য করছে এবং রিপোর্ট জায়গায় না গিয়ে অফিসে বসেই দিচ্ছে এবং সেই রিপোর্ট দেখে এস পি ঐ সমস্ত বর্গাদারদের অ্যারেস্ট পর্যন্ত করছে। তারা ধান তো পাচ্ছেই না, উপরন্তু তারা অ্যারেস্ট পর্যন্ত হচ্ছে। কংগ্রেস দলের যে-সমস্ত কর্মীদের এগুলি দেখতে বলা হয়েছিল তারা পর্যন্ত এ ব্যাপারে অ্যারেস্ট হচ্ছেন এবং কেউ কেউ মিসা পর্যন্ত হয়ে গেছেন। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি যে, বর্গাদারদের স্বার্থ যাতে রক্ষিত হয় সেদিকে লক্ষ্য দিন এবং ২০-দফা কার্যসূচী যাতে বাস্তবায়িত হয় তার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1.40—1.50 P. M.]

শ্রীশীশ মহম্মদ: স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজস্বমন্ত্রী হাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় ২ নং সুতী ব্লকের জে এল আর -র দুর্নীতির কথা বহু বলেছিলাম। সরকারী পক্ষের নমিনিরা সঠিক তদন্ত করে য-সমস্ত জমি ভূমিহীনদের যখন দিচ্ছেন তখন জে এল আর ও নিজে তদন্ত করে মন এমন লোককে জমি দিচ্ছে যাদের প্রচুর জমি আছে। এরকম ভাবে তিনি কটা দলাদলি সৃষ্টি করছেন। আর ২০ দিন ধরে তারা রিটার্ন দাখিল করতে ারছে না। বিষয়টা যদি এস আর আর ও ডি এম-এর হাতে দেন তা হলে ারা কি তদন্ত করে জে এল আর ও-কে ধরবেন? কারণ তিনি তো তাদের চের অফিসার এবং তার অন্যায় নিজেদের অন্যায়। সাধারণ মানুষ যেভাবে বঞ্চিত হচ্ছে ১৯৭৩ সালের পর থেকে মন্ত্রী মহাশয় তার কিছুই সমাধান করতে পারেন নি। সে জন্য আপনাকে এ বিষয়ে তদন্ত করার জন্য অনুরোধ করছি।

শ্রীপরেশ গোস্বামী: স্যার, আজকের আনন্দবাজার পত্রিকা মেদিনীপুর জেলার প্রধান শিক্ষক সমিতি সেই জেলার শিক্ষকদের নির্যাতন ও বরখাস্তের কথা

শুনিয়েছেন। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি—পশ্চিমবাংলায় সেকেণ্ডারি টিচারস এবং হেড মাস্টাররা পাইকারি হারে যে ভাবে সাসপেণ্ডেড হচ্ছেন তাতে শিক্ষা জগতে একটা নৈরাজ্য দেখা দিয়েছে। আলিপুরদুয়ার হাই স্কুলের মলয় মহলানবিশ, টাউন স্কুলের শশাঙ্কবাবু, রামনরেশ চৌবে, বরাকর আদর্শ হিন্দি হাই স্কুলের অতুলচন্দ্র পাঠক, আসানসোল ওল্ড, বয়েস হাই স্কুলের হেড মাস্টার, চানসা গয়ানাথ ইনস্টিটিউশন ইত্যাদি পঞ্চাশজন হেড মাস্টার এবং মাধ্যমিক স্কুলের শিক্ষক ম্যানেজিং কমিটির দ্বারা সাসপেণ্ডেড হয়ে আছে। বোর্ড-এর আপীল কমিটিতে এই রকম বহু কেস পেণ্ডিং হয়ে পড়ে আছে। সেখান থেকে বা হাইকোর্ট থেকে যে-সমস্ত লোক রায় নিয়ে আসছেন তাঁরা বিদ্যালয়ে ঢুকতে পারছেন না। আমরা যখন শিক্ষার মান উন্নয়নের জন্য চেষ্টা করছি, সেখানে শিক্ষকদের প্রতি যদি এই রকম অবিচার হয় তা হলে শিক্ষার ক্ষেত্রে কোন প্রকার উন্নয়নমূলক কাজ সফল হবে না।

শ্রীগণেশচন্দ্র হাটুই: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন যে হাওড়া এবং হুগলী জেলার গ্রামীণ অর্থনীতি নির্ভর করত মার্টিন রেলের উপর এবং সেই মার্টিন রেল উঠে যাবার পর হাওড়া-আমতা-চাঁপাডাঙ্গা লাইন ব্রডগেজে রূপান্তরিত হওয়ার জন্য কেন্দ্রীয় রেলওয়ে বোর্ডের অনুমোদন পেল। অত্যন্ত ক্ষোভ এবং দুঃখের কথা আজ পর্যন্ত সেই ব্রডগেজের কাজ শুরু হল না। একটুও কাজ হচ্ছে না, টাকার অভাবে এই কাজ বন্ধ হয়ে আছে। হাওড়া এবং হুগলী জেলার মানুষ অনেক আশা করেছিল যে, এই কাজ ১৯৭৮ সালের মধ্যে সম্পূর্ণ হবে, এখন দেখছি ১৯৭৮ সাল কেন ১৯৮৮ সালের মধ্যে এই কাজ হবে কিনা জানি না। সেজন্য মন্ত্রিমণ্ডলীর কাছে আমার আবেদন আপনারা কেন্দ্রীয় রেলমন্ত্রীর সঙ্গে কোন যোগাযোগ করেছেন কিনা, কোন পত্র লিখেছেন কিনা এবং কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছ থেকে কোন আশ্বাস পেয়েছেন কিনা যে, এই কায়েন্ট ইয়ারে আপনারা টাকা পেয়েছেন। শিয়াখালা লাইনের অবস্থা কি তাও জানতে পারলাম না। এটা কি ফিফ্‌টি-ফিফ্‌টির জন্য পড়ে আছে? ডানকুনি-শিয়াখালা লাইন আজ পর্যন্ত অনুমোদন পায় নি। হাওড়া ও হুগলী জেলার গ্রামীণ অর্থনীতিকে যদি পুনরুজ্জীবিত করতে হয় তাহলে ব্রডগেজের কাজ ত্বরান্বিত না করলে উপায় নেই।

শ্রীসামসুল আলম খান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি

এগরা থানার ভয়াবহ খরা পরিস্থিতি সম্পর্কে এই মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করেছি। ইতিপূর্বে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল, তবুও আজকে করার উদ্দেশ্য হচ্ছে এই সরকার কর্তৃক যে পরিসংখ্যান সেখানে সংগৃহীত হচ্ছে সেটা অত্যন্ত ত্রুটিপূর্ণ। কাজেই সঠিক পরিসংখ্যান যাতে সংগৃহীত হয় তার ব্যবস্থা যেন করা হয়। সরকারী পরিসংখ্যান যদি ঠিক না থাকে তাহলে সরকারকে বিভ্রান্তিকর পরিস্থিতির মধ্যে পড়তে হবে এবং জনসাধারণ ঠিকমত সাহায্য পাবে না। এগরা থানায় ৬০ পার্সেন্টের বেশি ক্ষতি হয়েছে। আমি চ্যালেঞ্জ গ্রহণ করছি সেখানে যদি কেউ পরিসংখ্যান দিয়ে থাকে যে ক্ষতির পরিমাণ ৬০ পার্সেন্টের কম তাহলে সেটা অত্যন্ত ভুল। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঠিকমত পরিসংখ্যান নেওয়া হয়।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী এবং শ্রমমন্ত্রী দু'জনেরই দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতায় ১৬ নং মির্জা গ্যালিফ স্ট্রীটে যে বঙ্গশ্রী আইস অ্যাণ্ড কোল্ড স্টোরেজ আছে এই কোল্ড স্টোরেজে প্রায় ৫৫ জন শ্রমিক-কর্মচারী কাজ করেন। এতে মাছ, মাংস ইত্যাদি জমা হয়। এই হিমঘরের মালিক বিনা নোটিসে ২ মাস হিমঘরটি বন্ধ রেখেছেন। ফলে এই নিউ মার্কেটের হিমঘরের কর্মচারীরা বেকার হয়ে পড়েছে। এই যে ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট রয়েছে এটা এই কোল্ড স্টোরেজের উপর অ্যাপ্লিকেবল নয়। সেজন্য আমি কৃষিমন্ত্রী এবং শ্রমমন্ত্রী দু'জনের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাড়াতাড়ি এই হিমঘরটি খোলা হয় এবং শ্রমিক-কর্মচারীরা যাতে কাজ পান এবং ওখানে যাঁরা স্টোরেজে মালপত্র জমা রাখেন তাঁরা যাতে হিমঘরটি ব্যবহার করতে পারেন সেজন্য ত্বরান্বিত এটা খোলার ব্যবস্থা করুন।

[1.50—2.00 P. M.]

শ্রীরবীন্দ্র ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকার এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে। ফুলেশ্বরের শ্রীহনুমান কটন মিলে বারশ' শ্রমিক কাজ করে এবং এই মিলটি কানোরিয়া কোম্পানী চালায়। গত ২৮শে জুলাই মিলটি লক-আউট হল। আমাদের প্রধানমন্ত্রী জরুরী অবস্থা ঘোষণা করে বলেছেন যে, কোন একটি কারখানা বন্ধ করতে হলে ৬০ দিন আগে নোটিস্ দিতে হবে। আমরা এই জরুরী অবস্থায়

দেখছি শ্রমিকরা দাবি-দাওয়া পেশ করলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন কর হয়, কিন্তু জরুরী অবস্থায় কোন টাটা, বিড়লা, কানোরিয়াকে গ্রেপ্তার করা হয় না পাঁচ মাস হয়ে গেল মিল লক-আউট। ১,২০০ শ্রমিক পাঁচ মাস ধরে পরিবারব নিয়ে অনাহারে দিন কাটাচ্ছে। এই ব্যাপার নিয়ে লেবার সেক্রেটারীর ঘরে ব আলোচনা হয়েছে, কোন ফল হয় নি। কাজেই আমি শ্রমমন্ত্রীর কাছে এবং শ্র দপ্তরের কাছে অনুরোধ করছি মিলের মালিক তালা বন্ধ করার ফলে এই যে ১,২০ শ্রমিক অনাহারে দিন কাটাচ্ছে তাদের রেহাই দিন এবং কেন মালিক বে-আইনী ভাবে তালা বন্ধ করেছে, তার জবাব তাদের কাছ থেকে চাওয়া হোক। এ মিলের ব্যাপারে সমস্ত দায়িত্ব আমি শ্রমমন্ত্রীকে গ্রহণ করার জন্য অনুরো রাখছি।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এক বিশে গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন সা পশ্চিমবাংলায় তন্তুজীবীরা একটা শোচনীয় অবস্থার মধ্য দিয়ে চলেছে এ বিশেষ করে আমাদের বাঁকুড়া জেলার তন্তুজীবীরা এই খরা পরিস্থিতি আরও শোচনীয় অবস্থার মধ্যে পড়েছে। সরকার তাদের বিভিন্নভাবে সাহা করবার চেষ্টা করছেন। কুড়িদফা কর্মসূচীর মাধ্যমেও দেখছি তাদের জন্য আনুষঙ্গি পরিকল্পনা আছে এবং তাদের বাস্তবে রূপদান করবার চেষ্টাও হচ্ছে। তন্তুজীবী কাজকর্ম করছে বটে, কিন্তু তাদের উৎপন্ন বস্ত্রাদির বাজার না থাকার জন্য তাদে খুব অসুবিধা হচ্ছে। আমাদের মন্ত্রী জয়নাল আবেদিন সাহেব জনতা বস্ত্র দেবা জন্য একটা পরিকল্পনা গ্রহণ করেছেন। আমার অনুরোধ এটা যাতে আরও বাস্তবে রূপদান করতে পারেন, তার চেষ্টা করুন। এখন মাত্র কয়েকটি জেলায় এই রূপরেখ তৈরী হয়েছে। আমি অনুরোধ করছি সমস্ত জেলায় এটা দেবার চেষ্টা করুন দিনমজুর, ক্ষেতমজুর এবং নিম্ন মধ্যবিত্ত পরিবার যাতে জনতা বস্ত্র পেতে পা এবং সব জেলায় যাতে এটা দেওয়া হয় এবং দুস্থ তন্তুজীবীদের মাধ্যমে হয় অনুরোধ রাখছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে রেখেছি, এ সম্বন্ধে আমি আজ একটা স্টেটমেন্ট করব।

শ্রীএক্রামুল হক বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় খাদ্যমন্ত্রী এ

মন্ত্রিসভার অন্যান্য সদস্যদের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। স্যার, আপনি জানেন, এবারে পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় খরা চলেছে। আমাদের মুর্শিদাবাদ এবং নদীয়া জেলাও এই খরার প্রকোপ থেকে বাদ যায় নি। আপনি জানেন, মুর্শিদাবাদ এবং নদীয়া জেলার অধিকাংশ জমিতে আউশ ধান হয়। গত বছরে আউশ ধান অত্যন্ত কম হওয়ার ফলে চাষীরা কিছুই পায় নি। চাষীরা সেজন্য খাদ্য সঙ্কটের মধ্যে রয়েছে। গ্রামাঞ্চলে যে আংশিক রেশন দেওয়া হয় 'ক' এবং 'খ' শ্রেণীকে তার পরিমাণ বিধানসভায় বলতে লজ্জা করে। যাই হোক বর্তমানে খাদ্য সঙ্কটের মরশুম চলেছে। স্যার, মুর্শিদাবাদ এবং নদীয়াতে কর্ডনিং প্রচলিত আছে। ফলে অন্য জেলা থেকে আমাদের ঘাটতি জেলাতে চাল আসতে পারছে না, যার জন্য চালের দর আমাদের জেলাতে অত্যন্ত বেড়ে গিয়েছে। এ ব্যাপারে মাননীয় খাদ্যমন্ত্রীকে একটু চিন্তা করতে বলছি। তারপর আমাদের চিনি যা দেওয়া হয় তা মাত্র ১৫০ গ্রাম, তার পরিমাণ যাতে বাড়ানো হয় সে ব্যাপারেও খাদ্যমন্ত্রীকে চিন্তা করতে অনুরোধ করছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক ঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় ৯৫ লক্ষ তফসিলী বাস করে এবং ৯৫ লক্ষ মুসলমান সম্প্রদায়ের লোক আছে এবং তার সঙ্গে ২০ লক্ষ আদিবাসী সম্প্রদায়ের লোক বাস করে। এদের মধ্যে বেশ কিছু সংখ্যক হচ্ছে গরিব বর্গাদার। বর্তমান ফসল কাটার সময় অধিকাংশ বর্গাদার বিভিন্ন জেলাতে তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হচ্ছে। বর্ধমান জেলাতে খণ্ডঘোষ ব্লকে কয়েকটি জায়গায় বর্গাদারকে জোতদাররা উচ্ছেদ করছে এবং পুলিস এ ব্যাপারে নীরব দর্শকের ভূমিকা অবলম্বন করে আছে। আরো অনেক জায়গাতেই এ রকমের ঘটনা ঘটছে। বিভিন্ন জায়গাতে আমরা দেখেছি বেআইনীভাবে জোতদাররা পুলিসের সাহায্যে ফসল কেটে নিচ্ছে। এইভাবে ধান কাটার মরসুমে একটা নৈরাজ্য সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। যেখানে বর্গাদারদের স্বার্থরক্ষা করবার জন্য ব্যাপক প্রচেষ্টা চলেছে সরকারের তরফ থেকে মাননীয় প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর ২০-দফা কর্মসূচীর মাধ্যমে, সেখানে আমরা দেখছি এইভাবে বর্গাদারদের স্বার্থ ক্ষুণ্ণ করবার প্রচেষ্টা করা হচ্ছে। এই গুরুত্বপূর্ণ ব্যাপারের প্রতি আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীঅজিত গাঙ্গুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার আপনি কাগজে দেখেছেন যে, ভারতবর্ষের প্রধানমন্ত্রী তিনি তাঁর একট বক্তৃতায় বলেছিলেন যে কিছু কিছু মুখ্যমন্ত্রী, তাঁরা সাম্রাজ্য চালান। আমি তাঁরই কথা অনুসরণ করে আমাদের মুখ্যমন্ত্রীকে জানাতে চাইছি, তাঁরা নয় পুলিসরাই সাম্রাজ্য চালাচ্ছে। আমি একটি ঘটনার কথা এই পরিপ্রেক্ষিতে হাউসের সামনে তুলে ধরতে চাই। বসিরহাটে যে পুলিসী তাণ্ডব শুরু হয়েছে তাতে ২৪ পরগনার সমস্ত এম এল এ যাঁরা আছেন—এপক্ষ এবং ওপক্ষের, তাঁদের একটু ভাবতে হবে। আজকে পুলিস জোতদারদের সংগে মিলে প্রশাসনকে চালাচ্ছে। তারা জোতদারদের কাজ করে দিচ্ছে। স্যার, আপনি কি কখনও শুনেছেন যে, পুলিস প্রকাশ্য জায়গায় দাঁড়িয়ে গরিব কৃষকদের গায়ে হাত দেয়। এইরকম স্পর্ধাটা তাদের আসে কি করে? এটা আসে, কারণ তারা সাম্রাজ্য চালাচ্ছে। তা না হলে কি করে গরিব ভাগচাষী বা কৃষককে মেরে হাত ভেঙে দিয়েছে? আবার স্যার, কখনও দেখছি পুলিস জোতদারদের ধান তুলে তাদের বাড়িতে দিয়ে আসছে। এইরকম ঘটনা ২৪ পরগনা জেলার বসিরহাট মহকুমায় ব্যাপকভাবে হচ্ছে। আমরা এস পি-র কাছে গিয়েছিলাম, কিন্তু দেখছি এদের কেউ দেখবার নেই। আমি জানতে চাই, স্বরাষ্ট্রমন্ত্রী অবিলম্বে এই ব্যাপারটি তদন্ত করে ব্যবস্থা করবেন কিনা এবং গরিব চাষীদের স্বার্থ রক্ষা করবেন কিনা।

[2.00—2.10 P. M.]

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমি লক্ষ্য করছি ৩৪ নম্বর জাতীয় সড়ক আজকে যে চরম অবস্থায় পৌঁছেছে, তাতে এই বিষয়টা কিছুতেই এড়িয়ে যাওয়া যায় না। আমাদের মন্ত্রী জয়নাল আবেদিন, সাত্তার সাহেব, বরকত আলি খান আগে ঐ রাস্তা দিয়ে যেতেন, এখন তাঁরা ট্রেনে যান। আমি দেখেছি শান্তিপুরের ঐ দিকে একটা জায়গায় বাসের একটা জারকিং-এ পাঁচবার ওঠানামা করতে হয়েছিল, অর্থাৎ এই রাস্তা দিয়ে গেলে সুস্থ মানুষও অসুস্থ হয়ে পড়বে। তিন বছর ধরে মেরামতের কাজ শুরু হয়েছে, কিন্তু দেখছি যেটুকু মেরামত হয়েছি আবার সেটাকে মেরামত করতে হচ্ছে। যাত্রীরা বাসের মধ্যে আমাদের দে গালিগালাজ শুরু করল। আমি বুঝতে পারছি না মন্ত্রিসভা এমন অবস্থা দেখেও

করে চোখ বুজে আছে? মুখ্যমন্ত্রী বোধহয় একটা রিপোর্ট পেয়ে কিছু একটা করছেন। আমাদের পি ডবলিউ ডি মিনিস্টার নিজে অসুস্থ, তাই তিনি বোধহয় চান আমাদেরও অসুস্থ করে তাঁর সামিল করে হাসপাতালে ঢোকাতে। কিন্তু এত লোকের জায়গা কি হাসপাতালে হবে? বাসের চাকা অনবরত বার্স্ট করছে, গাড়ি ব্রেক ডাউন হচ্ছে, এই হচ্ছে অবস্থা। আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করে জানতে চাই পশ্চিমবাংলার মানুষ এই জাতীয় সড়কের উপর দিয়ে হাঁটবে কি হাঁটবে না? এই রাস্তার সঙ্গে নর্থবেঙ্গল এবং আসামের যোগাযোগ রয়েছে। যদি মনে করেন যে, টাকার অভাব হয়েছে, তাহলে পি ডবলিউ ডি বিভাগের উচিত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা এনে এই রাস্তা তাড়াতাড়ি মেরামত করা। কনট্রাকটারদের ব্যাপারে দেখছি, কন্‌ট্রাক্ট দেওয়া হয়েছে, এক বছরের মধ্যে রাস্তার কাজ হয় নি। আমরা সক্রিয় হলে অনেক কাজ করা যায়। যে-সমস্ত কন্‌ট্রাকটাররা ভালভাবে কাজ করতে পারবে তাদের নিয়োগ করুন। আজকে দেখছি জয়নাল আবেদিন, বরকত আলি সাহেব ঐ সমস্ত রাস্তা দিয়ে চলাফেরা করা ছেড়ে দিয়েছেন, কাজেই আমরা এম এল এ-রা ঐ রাস্তা দিয়ে যাই সাধারণ মানুষের সঙ্গে, তখন তারা গালাগালি করে। কাজেই অনুরোধ করছি যে, তাদের গালাগালির হাত থেকে রেহাই দিন, জাতীয় সড়কের মত অপদার্থ রাস্তা আর কোথাও নেই। রাণাঘাট থেকে পশ্চিম দিনাজপুর পর্যন্ত এই রাস্তা। অথচ তার এই অবস্থা হয়েছে। কাজেই অনুরোধ করছি ৩৪ নম্বর জাতীয় সড়কের উন্নতির জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হোক।

Statement Under Rule 346

Mr. Speaker : I now call upon Dr. Zainal Abedin to make a statement under rule 346.

Dr. Zainal Abedin : Mr. Speaker, Sir, I like to make a statement on the progress of the handloom industry in the State up to date.

Handloom is the largest cottage industry in West Bengal providing direct employment to about five lakh people. While our weavers have been producing beautiful fabrics, their financial position was far from satisfactory. The wages are low, employment is seldom continuous and the weavers, by and large, are at the mercy of the mahajans or master weavers. There has been no concerted effort to increase the productivity of the looms which can reflect in higher wages and fuller employment. Product diversification, quality control, and modern processing facilities were virtually non-existent.

When the present Ministry assumed office, the importance of the handloom industry in our rural economy was recognised and schemes were drawn up to increase the productivity by supplying inputs at reasonable rates as well as for improved marketing facilities. The West Bengal Handloom Development Corporation was set up. The Co-operative spinning mills at Serampore were reopened. A scheme for establishment of a spinning mill at West Dinajpur was taken in hand.

With the inclusion of handloom in the Prime Minister's 20-point Economic Programme the Central Government has come forward in a big way to help us and many of our schemes which we could not implement due to financial stringency are now being taken up with the financial support of the Central Goverrntment. Again the Government of India has introduced new schemes on an all-India basis in line with the recommendations of the High Powered Study Team on Handloom popularly know as the Sivaraman Committee.

We are convinced that no significant progress can be achieved without bringing the weavers under Co-operatives. As recommended by the Sivaraman Committee we have taken up a phased programme for bringing at least 60 per cent of the weavers within the Co-operative fold in course of next three years. Concerted efforts are being made to organise new Co-operative societies and to revive the dormant ones. There are at present 1,264 weavers' Co-operative Societies in Wast Bengal of which 196 have organised and registered in the last one year. More societies are in the process of being organised, our target being at least 250 new societies by March 1977. Out of the 511 dormant societies, 97 have so far been revived. It is our firm intention to reactivise at least half of these dormant societies in course of next three years. For the purpose of strengthening these Co-operative Societies, schemes have been drawn up to provide State participation in their share capital, managerial subsidy, interest subsidy, supply of improved appliances and other facilities.

[2.10—2.20 P.M.]

The main constraint in the handloom sector is the lack of working capital. The Government has been providing from its meagre resources working capital of about Rs. 10 lakhs on an average in the past. But the total requirement of this sector is estimated to be about Rs. 20 crores annually. Arrangements are being made for funnelling funds, at subsidised interest rate of $7\frac{1}{2}\%$, under the Reserve Bank of India scheme of refinancing to the handloom Co-operatives and 39 Societies have already been allowed credit limit of more than Rs. 10 lakhs under the scheme. The nationalised banks have also come forward to help the handloom sector in a very big way and more than a crore of rupees have been advanced by them in the last one year.

A meeting was held in Calcutta last month in which the representatives of the

State Governments of the Eastern States as well as the Handloom Development Commissioner, Govt. of India, with other officers of the Ministry of Commerce, representatives of the Agricultural Credit Division of the Reserve Bank of India as well as representatives of the nationalised banks took part. The meeting was intended to remove bottlenecks and to formulate strategies for channelising institutional credit to the handloom sector in a really big way so that the object dependance of the weavers on the mahajans can be successfully checkmated. We have been assured by the Reserve Bank of India that there will be no difficulty in the availability of funds under the Reserve Bank of India scheme of refinancing (which makes credit available at $7\frac{1}{2}\%$ p.a. which is much below the commercial lending rates). The Reserve Bank of India assistance will, however, be limited to Co-operative sector. We have, however, been assured by the nationalised banks, who are already doing commendable work, of larger support to the weavers outside the co-operative fold. They have also agreed to assist Co-operative Societies who may not be eligible for the Reserve Bank of India scheme.

Meanwhile, the State Government appointed a Committee consisting of the State Government officials and the Reserve Bank of India to lay down the norms of viability for weavers' Co-operative Societies. The Government has since accepted their recommendations and a formal resolution has been issued. We are now making a systematic assessment of the existing Co-operative Societies to identify the viable ones and also to take steps to make the other potentially viable by amalgamation and other administrative measures. Government has also drawn up schemes for providing managerial assistance (to have a paid wholetime Manager), and appointment of (deputed by Government) Executive Officers, to the Co-operative Societies. Arrangement for training of officers of he Co-operatives Societies has also been made. It is expected that once the Societies fulfil the norms laid down there will be no difficulty in obtaining the Reserve Bank of India credit to meet their entire working capital requirements.

But for a long time to come, large number of weavers will perforce remain outside the Co-operative fold. For them the Government of India has sanctioned a special pilot scheme known as Intensive Delelopment Project which will bring within its wing 10,000 weavers of Nadia, Malda and West Dinajpur districts. The Project has already started functioning. The weavers have been selected. A survey to identify their specific needs is currently under progress. The scheme envisages an expenditure of Rs. 1.85 crores in a five years period with additional assistance from the banks. In these projects, inputs will be supplied, training for modernisation given and improved appliances will be made available. The West Bengal Handloom Development Corporation who is the implementing agency will also take the responsibility of marketing substantial part of the production.

West Bengal so long was producing only traditional fabrics like dhuty, saree,

lungi and napkins, the market for which is not only limited but seasonal. The industry cannot survive unless its products are diversified and make export oriented. There is a significant demand of our beautiful handloom fabrics in the sophisticated Western markets which incidentally I had occasion to study personally. We have so far produced about 250 samples of shirtings and suitings by our weavers, some of which are now under commercial production. Already such non-traditional fabrics have started appearing in the internal markets of West Bengal. We have also entered into the export market, though on a modest scale. We are also taking up a centrally assisted scheme for the production of exportable materials, both silk and cotton. In this scheme, as well, which envisages an outlay of Rs. 40 lakhs in five years by the Governments we shall have substantial bank assistance. It is proposed to engage 1,000 looms in five different regions of West Bengal for production of exportable material of silk and cotton fabrics.

One of the long felt needs of the handloom industry has been the lack of pre-loom and post-loom processing facilities. Schemes have been drawn up for decentralized processing houses and we have been assured of a liberal central assistance. Two processing houses with modern facilities for dyeing, bleaching and printing are being set up, one in Nadia district and another in the outskirts of Calcutta. The project report is now under preparation and it is expected that work will commence within the current financial year. It is also proposed to set up with Central assistance two more processing houses, one in Midnapore district and another in North Bengal. The schemes are currently under formulation.

I take this occasion also to tell you something about a very ambitious scheme which we have recently taken up. This is regarding the production of controlled cloth in the handloom sector. We have with the approval of the Govt. of India engaged 1000 looms in West Bengal for the production of "Janata Saree" of three varieties which will be available to the consumers at prices ranging between Rs. 9.36 to 10.30, the Govt. of India giving a substantial subsidy over the cost of production. These sarees whose specifications will be strictly checked by our technical officers before marketing will not only be cheap but will clearly be much superior to similar varieties available in the market ordinarily produced by handloom or even mills. The first lot has been marketed in 'Rash Mela' in Cooch Behar.

This scheme will be of two fold benefit. It will not only make available coloured sarees of standards specification to the weaker section of the community but will also assure sustained employment to the weavers at reasonable remuneration throughout the year. With the programme already taken up the quantum of production up to March, 1977, is expected to be around 1.75 lakh pieces (more than 20,000 have already been delivered). Government wants to ensure that the material really reaches the weaker section of the community

...ecularly in the rural areas. Orders indicating manner of distribution is being ...ued shortly.

Another major problem faced by the handloom sector is the absence ...adequate marketing facilities. For this purpose West Bengal State Handloom ...avers' Co-operative Society Ltd., whose products are popularly known ...Tantuja' fabrics and the West Bengal Handloom Development Corporation ...td are being strengthened financially and organisationally. It is proposed ...open large number of retail outlets of these two organisations, the target ...ing 100 in the co-operative sector and 50 for the weavers outside.

Thank you, Mr. Speaker, Sir.

Resolution on Ratification of the Constitution (Forty fourth Amendment) Bill, 1976

শ্রীমতী ইলা মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আমাদের সংসদের উভয় ...া কর্তৃক গৃহীত ৪৪ তম সংবিধান সংশোধন বিলকে সমর্থন করি এবং ...এ সংশোধনীকে স্বাগত জানাচ্ছি। এর মধ্যে অবশ্য কতকগুলি ত্রুটিকর ধারা ...য়েছে। কিন্তু তা সত্ত্বেও এই সংশোধনীর দ্বারা সঠিকভাবে পরিচালিত হচ্ছে সেই ...ন্য আমরা একে সমর্থন করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর প্রগতিশীল গুরুত্বপূর্ণ ...কগুলি হল পার্লামেন্টের সার্বভৌমত্বের দ্ব্যর্থহীন ঘোষণা, সংবিধানের মুখবন্ধে ...াজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার চিত্রাবলীর অন্তর্ভুক্তি, মৌলিক অধিকারের উপর ...য়ামক নীতিসমূহকে অগ্রাধিকার দান। এইসব ব্যবস্থা যদি যথাযথভাবে ...য়োজিত হয় তাহলে সরকারের প্রগতিশীল আইন ও ব্যবস্থা গ্রহণের পথে কায়েমী ...র্থ, প্রতিক্রিয়াশীল শক্তি ও আদালতের যে সরকারের কাজের প্রতিবন্ধক দূর ...রতে আমরা এগিয়ে যেতে পারব এবং আমাদের দেশের সামাজিক ও ...র্থনৈতিক অগ্রগতির স্বার্থে এই সংবিধান সংশোধন অনেক আগে হওয়া উচিত ছিল।

[2.20—2.30 P.M.]

এবং আপনি জানেন, যে সংবিধান সংশোধনী লোকসভা এবং রাজ্যসভায় পাস ...য়েছে তাকে বানচাল করবার জন্য কিভাবে কায়েমী স্বার্থের প্রতিক্রিয়াশীল চক্র ...এবং কংগ্রেসের এক অংশ চেষ্টা করেছিলেন, সে কথা আপনারা সকলেই জানেন। ...প্রস্তাবিত যে সংশোধনী বিল এখানে উপস্থাপিত হয়েছে সে সম্বন্ধে আমি দু'একটি ...থা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশের সামাজিক অর্থনৈতিক অগ্রগতি ...ধনের উদ্দেশ্যে এবং প্রগতিশীল কাজে বিচার বিভাগীয় প্রতিবন্ধকতা দূরীকরণের ...ন্য সংবিধানের মৌলিক সংস্কার দরকার, অর্থাৎ সভারেন্টি অব পার্লিয়ামেন্ট এই

দাবি আমাদের কমিউনিস্ট পার্টির দীর্ঘদিনের। প্রস্তাবিত যে ৪৪ তম সংশোধনী বিল আমাদের এখানে উপস্থিত হয়েছে, জরুরী অবস্থার অনেক আগে থেকে সংসদে, বিধানমণ্ডলীর ভিতরে এবং বাহিরে বিভিন্ন সময়ে এর বিভিন্ন ধারা নিয়ে আলোচনা হয়েছে, বিতর্ক হয়েছে—বিতর্ক হয়েছে এই দিক থেকে যে মৌলিক অধিকারের উপর নিয়ামক নীতিসমূহের প্রাধান্য থাকবে কি থাকবে না, বিতর্ক হয়েছে সংবিধান সংশোধনের অধিকার সংসদের রয়েছে কি নেই—হাইকোর্টে বিভিন্ন সময়ে এক্তিয়ার নিয়ে বারে বারে এই বিষয়ে প্রশ্ন উঠেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয় মনে আছে ১৯৫৪ সালে জওহরলাল নেহরুর নেতৃত্বে যে কমিটি গঠিত হয়েছিল সেই কমিটি ২২৬ ধারা বাতিল করবার জন্য সুপারিশ করেছিলেন এবং তা ছাড়া আরো অনেকগুলি ধারা সম্পর্কে সুপারিশ করেছিলেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ ১৯৫৪ সালের সেই সুপারিশ আজ পর্যন্ত কার্যকরী হয় নি এবং এর ফলে একচেটিয়া পুঁজি, কায়েমী স্বার্থ এবং জমিদাররা নানাভাবে প্রগতিশীল কাজকর্মে বাধা সৃষ্টি করছিল সেই কথা আপনারা সকলেই জানেন। এমন কি জমির সর্বোচ্চ যে সিলিং তাও ২২৬ ধারার শিকার হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ১৯৬৭ সালে গোলক-নাথের কেসে সংসদের সংবিধানের অধিকার নিয়ে কোন প্রশ্ন তোলে নি। এই প্রথম এক ভোটের ব্যবধানে সংবিধান সংশোধনের ক্ষমতার উপর সুপ্রীম কোর্টের নিয়ন্ত্রণ রায় আরোপ করা হয় মৌলিক অধিকারের নামে কতকগুলি ভূমিসংস্কার আইনকে আপনি বানচাল করবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয় নিশ্চয় জানেন এই রায় দেওয়া হয়েছিল ১৯৭৩ সালে কেশবানন্দ ভারতীর মামলায়। এই রায় কিন্তু বাতিল হয়ে যায়। ১৯৭৩ সালে ঐ রায়ে ব্যাখ্যা করে বলা হয় যে সংসদ সংবিধানের বুনিয়াদী কাঠামো, অর্থাৎ বেসিক স্ট্রাকচার-এর কোন পরিবর্তন করতে পারবে না। বর্তমানে ৪৪ তম সংশোধনী বিল এখানে যে উপস্থিত হয়েছে—জনগণের দ্বারা নির্বাচিত যে সংসদ সেই সংসদকে পূর্ণ ক্ষমতা দেওয়া হয়েছে সংবিধান সংশোধনের। সেই জন্য একে আমরা সমর্থন করি এবং এটা অবিলম্বে কার্যকরী করা হোক আমরা চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয় মনে আছে ১৯৬৯ সালে যখন কংগ্রেস দ্বিধাবিভক্ত হল তখন এই পার্লিয়ামেণ্টে অনেকগুলি প্রগতিশীল আইন পাস হয়েছে —যেমন ভূমি সংস্কার, প্রিভি পার্স, ব্যাংক জাতীয়করণ। কিন্তু সুপ্রীম কোর্ট এই সমস্ত আইনগুলি কার্যকরী করার পথে বাধা সৃষ্টি করেছিল। কাজেই ১৯৬৯ সাল থেকে এই সমস্ত দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল এবং কায়েমী স্বার্থের বিরুদ্ধে আমরা সংগ্রাম করে চলেছিলাম। আজকে যে সংশোধনী বিল পাস হয়েছে, আমরা মনে করি যে দক্ষিণপন্থী প্রতিক্রিয়ার বিরুদ্ধে সংগ্রামে আমাদের জয়লাভ এবং অবশ্য

সবকিছুই নির্ভর করবে একে কি করে সরকার ইমপ্লিমেণ্ট করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয় মনে আছে ১৯৪৮-৪৯ সালে সংবিধান যখন প্রথম তৈরি হয়েছিল তখন সংবিধানের উপদেষ্টা কনস্টিটিউশন মেকার কেউ কেউ বলেছিলেন, যদি কোন মৌল অধিকার ও নীতি নির্দেশকের মধ্যে সংঘর্ষ সৃষ্টি হয় তবে নীতি নির্দেশককে প্রাধান্য দিতে হবে। কিন্তু এটা কোন সময়েই গৃহীত হয় নি, যার ফলে দেশকে অনেক মূল্য দিতে হয়েছে। বর্তমান বিলে এই নীতি নির্দেশক মৌল অধিকারের উপর প্রাধান্য দেওয়া হয়েছে এবং এই বিলের অন্যতম বৈশিষ্ট্য হল আমরা মনে করি যে, সংবিধানের কোন সংশোধনী কোর্টে চ্যালেঞ্জ করা যাবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, পৃথিবীর খুব কম দেশই আছে যেখানে বিচার বিভাগকে সংবিধান সংশোধন করবার অধিকার দেওয়া হয়েছে বা দায়িত্ব দেওয়া হয়েছে। যাই হোক, এই সংবিধান সংশোধনের মধ্যে কতকগুলি আপত্তিকর এবং ক্ষতিকারক ধারা আছে যেগুলি সম্বন্ধে স্বরণ সিং কমিটি থেকেও সুপারিশ করা হয় নি। যে ধারাগুলি ক্ষতিকারক সেগুলি নিয়ে সংসদের উভয় সভাতে আমাদের নেতারা—কমরেড ভূপেশ গুপ্ত, কমরেড ইন্দ্রজিৎ গুপ্ত, কমরেড রণেন সেন, তাঁরা বিস্তৃতভাবে আলোচনা করেছেন। আমি এখানে সেগুলি বিশদভাবে আলোচনা না করে কয়েকটি বিশেষ বিষয় নিয়ে বলছি। যে-সমস্ত ক্ষতিকারক ধারা আছে তার মধ্যে জাতীয়তা-বিরোধী কার্যকলাপ সংক্রান্ত ধারাটি অত্যন্ত ক্ষতিকারক ধারা বলে আমরা মনে করি। কারণ, এই ধারা অনুযায়ী এমনকি যেকোন জনসেবামূলক প্রতিষ্ঠানকে, যথার্থ ট্রেড-ইউনিয়ন কার্যকলাপকে, এমনকি প্রকৃত অভাব-অভিযোগ দূর করার জন্য সংখ্যালঘু সম্প্রদায়, তারা যদি কোন আন্দোলন করে সেই সমস্ত প্রতিষ্ঠান-গুলিকে জাতিবিরোধী বলে আখ্যা দেওয়া যেতে পারে এই ধারার ব্যাখ্যা অনুযায়ী। আমরা কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে এই ধারাটির তীব্র বিরোধিতা করেছি। এছাড়াও আরো অনেকগুলি ধারার আমরা বিরোধিতা করেছি। সংবিধানকে যাতে আরো গণতান্ত্রিক করা যায় তার জন্য আমরা অনেকগুলি সংশোধনী সংযোজন করতে চেয়েছি। সেইসব সংশোধনীর মধ্যে আমরা বলেছি, লোকদের যৌথ দরকষাকষির সুযোগ দিতে হবে, সমস্ত নাগরিককে কাজ করার অধিকার দিতে হবে, মুসলমান এবং সংখ্যালঘু সম্প্রদায়ের সমস্ত অধিকার সম্পূর্ণ-ভাবে রক্ষা করতে হবে, ভোটাধিকারের বয়স কমিয়ে ১৮ বছর করতে হবে। তা ছাড়া পার্লামেণ্ট এবং রাজ্য বিধানসভা উভয়ের জন্য স্ট্যাণ্ডিং কমিটি গঠন করা উচিত বলে আমরা মনে করি। তা ছাড়া লোকসভা এবং রাজ্যসভার মেয়াদ পাঁচ

বছর রাখা উচিত বলে আমরা মনে করি। অন্যান্য যে-সমস্ত ক্ষতিকারক ধা আছে সংসদের উভয় সভাতে আমরা তার বিরোধিতা করেছি এবং তার বিরু আমরা ভোটও দিয়েছি। যেমন রাজ্য সরকারের পরামর্শ ছাড়াই কেন্দ্র থে আইন-শৃঙ্খলার নামে সৈন্য পাঠাতে পারবে, দেশের যে-কোন অংশে রাষ্ট্রপতি হ করলে জরুরী অবস্থা ঘোষণা করতে পারবেন, সংসদের বা আইনসভার সদস্যে যোগ্যতা বিচারের পুরো দায়িত্ব দেওয়া হয়েছে রাষ্ট্রপতির হাতে —এগুলির আম বিরোধিতা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে বলতে চাই, গণ পরিষদে দাবির আমরা তীব্র বিরোধিতা করি। গণ পরিষদের দাবি তুলেছিল প্রতিক্রিয়াশী চক্র এবং কায়েমী স্বার্থ। তারা চেয়েছিল গণপরিষদের দাবি তুলে নির্বাচন অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখতে। তাছাড়া রাষ্ট্রপতির সীমিত ক্ষমতাসম্পন্ন এক সংসদীয় শাসনব্যবস্থা যাতে কায়েম করা যায় এবং এই সংবিধান সংশোধন বিল এবারে যাতে সংসদে না আসে তার জন্যই তারা গণ পরিষদের দাবি তুলেছিল।

[2.30—2.40 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই গণপরিষদের দাবি যদি গৃহীত হয় তা হ প্রতিক্রিয়াশীল শক্তির জয় হচ্ছে এবং বর্তমান সংশোধনী বিল যা পাস হচ্ছে আ মনে করি তার দ্বারা প্রতিক্রিয়াশীলরা সামগ্রিকভাবে পরাজিত হচ্ছে। এই ষড়যন্ত্র, এই ষড়যন্ত্র অনেক সাধারণ নিরীহ মানুষ বুঝতে না পেরে তারা গণপরিষদ দাবির পক্ষে ও সংবিধান সংশোধন স্থগিত রাখার পক্ষে মত দিয়েছেন। মাননী অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে বলতে চাই যে, লোকসভা ও বিধানসভার মেয়াদ বা করা এবং নির্বাচন স্থগিত রাখা এটা অত্যন্ত অন্যায় হচ্ছে বলে মনে করি। কর এর দ্বারা কায়েমী স্বার্থ এবং প্রতিক্রিয়াশীলরা যা চেয়েছিল সেটাই করা হচ্ছে এই কাজের দ্বারা আজকে কায়েমী স্বার্থ, প্রতিক্রিয়াশীলরা উল্লসিত। আমি মনে করি এই সিদ্ধান্ত গণতান্ত্রিক নীতির বিরুদ্ধে একটা প্রচণ্ড আঘাত এবং এ একচেটিয়া পুঁজি, প্রতিক্রিয়াশীল এবং আমলাতন্ত্রকে সহায়তা করবে। আমাদে নেতা শ্রীভূপেশ গুপ্ত রাজ্যসভায় ১২ নভেম্বর বলেছেন : It has been said again and again that Parliament is supreme as it represents the will of the people. How can it represent the will of the people if the will of the people is bottled up artificially in this manner and not allowed to be expressed? I mentioned one businessman in Calcutta today. That businessman is very powerful in Calcutta. I repeat that the postponement of the elections will shield him, will cover him up and will not bring him to light. That businessman who

name I mentioned as Kamalnath—how did he get a contract for nearly 3 crores of rupees from a department of the West Bengal Government without any tenders. If elections are held such things will be discussed.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেজন্য বলছিলাম যে, আজকে নির্বাচন স্থগিত রাখা এবং লোকসভা, রাজ্যসভার মেয়াদ বৃদ্ধি করাতে প্রতিক্রিয়াশীল শক্তির হাতকে শক্তিশালী করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে বলতে চাই আমরা গণতান্ত্রিকভাবে বিল-এর লক্ষ্য এবং উদ্দেশ্য সমর্থন করলেও একটা গুরুত্বপূর্ণ বিষয়ে না বলে পারছি না যে, বিলের লক্ষ্য এবং উদ্দেশ্য সমাজতান্ত্রিক পথে অগ্রসর হওয়ার যে ইচ্ছা প্রকাশিত হয়েছে তার সঙ্গে সঙ্গতি রেখে সম্পদের অধিকারকে মৌলিক অধিকারের তালিকা থেকে বাদ না দেওয়ায় আমরা প্রতিবাদ জানাচ্ছি এবং সম্পত্তির পবিত্র অধিকারকে মৌলিক অধিকারের তালিকা থেকে বাদ দেবার জন্য দাবি করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এসব সত্ত্বেও সংবিধানের যে গুরুত্বপূর্ণ সংশোধন হচ্ছে তা যদি যথাযথভাবে প্রতিপালিত হয় তা হলে ভারতের সামাজিক এবং অগ্রসরের পথে দেশকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবে। এই সংশোধনীর প্রথম বক্তব্য হল আইন রচনার ক্ষেত্রে পার্লামেন্টে সর্বোচ্চ কর্তৃত্বকে প্রতিষ্ঠিত করা। সংবিধানে লিখিত মৌলিক অধিকারগুলি, সংবিধানের নির্দেশ নীতিগুলি কার্যকরী করার ক্ষেত্রে যাতে কোন বাধার সৃষ্টি না হয় সেটাকে সুনিশ্চিত করা। বেসিক স্ট্রাকচারের যে ধারণা প্রচার করা হচ্ছে দেশের অগ্রগতির স্বার্থে—পার্লামেন্ট যেটা বুনিয়াদ বলে মনে করবে সেই অনুযায়ী কাজ করা এর প্রধান উদ্দেশ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কারণে আমরা কমিউনিস্টরা এই বিল পেশ করার প্রশ্নে অত্যন্ত আগ্রহান্বিত ছিলাম। অন্যদিকে এই সংশোধিত বিল এবারে যাতে লোকসভায় না আসে তার জন্য নানা কায়দায় তাদের চক্রান্ত হয়েছে, চেষ্টা হয়েছে। শুধু সংশোধনী বিলকে বানচাল করাই নয়, সংসদীয় গণতান্ত্রিক কাঠামোকে ধ্বংস করার জন্য দেশী ও বিদেশী প্রতিক্রিয়া এবং কংগ্রেস দলের মধ্যে একটা অশুভ শক্তি একত্রিতভাবে সংগঠিত প্রয়াস চালাচ্ছে এটা আপনারা সকলেই জানেন এবং তার প্রমাণও পাওয়া গেছে। কেননা উত্তর প্রদেশ, পাঞ্জাব এবং হরিয়ানা কংগ্রেস কমিটির সভায় গণপরিষদ গঠনের প্রস্তাব পাস করানো হয় এবং এই পরিকল্পনা ছিল খুব তাড়াতাড়ি করে রচনা করার জন্য। প্রধানমন্ত্রী যখন আফ্রিকা সফরে গিয়েছিলেন তখন থেকে এর সূত্রপাত হয় এবং এর পাণ্ডা ছিলেন একজন মুখ্যমন্ত্রী এবং তিন জন উচ্চ ক্ষমতাসম্পন্ন কংগ্রেস নেতা এবং প্রধানমন্ত্রী আফ্রিকা সফর করে যখন দেশে ফিরে আসেন তখন থেকে তাঁদের এই ষড়যন্ত্র আবার শুরু হয়।

অথচ আমরা সকলেই জানি যে, এ আই সি সি-র আগেই সব রাজ্যে কংগ্রেস কমিটির কাছে সংবিধান সংশোধনের বিষয়টা অনুমোদন করিয়ে নেবার জন্য সার্কুলার পাঠিয়েছিলেন কংগ্রেস কমিটি ও কংগ্রেস পরিষদীয় দলের যুক্ত বৈঠক ডাকার নির্দেশ দিয়েছিলেন। এদিকে কিন্তু এই চক্রান্তকারীরা এই যে চক্রী, এই ককাস, তাদের কাছ থেকে উপর থেকে গোপনে নির্দেশ আসে যে, রাজ্য কংগ্রেস কমিটিতে গণপরিষদের দাবি তোলা হোক। অনেকগুলো রাজ্যের সঙ্গে যোগাযোগ করে—যে কথা বলছিলাম, উত্তর প্রদেশ, পাঞ্জাব, হরিয়ানায় এটা পাস হয়ে যায়। বিহার, এদের নির্দেশ একটু বুঝতে ভুল করে, তাঁরা ভেবেছেন বোধহয় এই বিলটা একটু দেরি করে দিতে হবে। তাই তাঁরা ড্রাফ্‌টিং কমিটির কাছে আরও বিবেচনার জন্য পাঠান। রাজস্থানের কাছেও এই গোপন নির্দেশ আসে। কিন্তু রাজস্থান কংগ্রেস রাজ্য কমিটি তাদের নির্দেশ মানতে অস্বীকার করে এবং এই সংশোধনী বিলকে অনুমোদন করে এবং আপনারা জানেন, আমাদের নেতা ভূপেশ গুপ্ত, এই কথা রাজ্যসভায় ১২ নভেম্বরের বক্তৃতায় বলেছেন যে, পশ্চিমবঙ্গেও একজন মন্ত্রীর কাছে ১৫ অক্টোবর দিল্লী থেকে গোপনে নির্দেশ আসে, এই সংশোধনী বিল যাতে পাস না হয় এবং গণপরিষদের প্রস্তাব যাতে কংগ্রেস কমিটি থেকে পাস করিয়ে নেওয়া হয়। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে জানাতে পারি, দেশের মধ্যে আজ কি ধরনের প্রতিক্রিয়াশীল চক্রান্ত চলছে। এই সমস্ত দাবি, গণপরিষদের দাবি স্বরণ সিং কমিটিতেও ছিল না। স্বরণ সিং কমিটি এই প্রস্তাব শুনে আশ্চর্য হয়ে যান। কেন্দ্রীয় মন্ত্রিসভার সদস্যরা পর্যন্ত জানতেন না এই গণপরিষদের দাবির কথা। স্বরণ সিং যখন চণ্ডীগড়ে কংগ্রেস কমিটির সভা করতে আসেন, তিনি এই প্রস্তাব শুনে হতচকিত হয়ে যান এবং উপর থেকে নির্দেশ এসেছে এই বলে সেখানে এটা পাস করিয়া নেওয়া হয়। ঠিক তেমনি অবস্থা হয় উত্তর প্রদেশে। উত্তর প্রদেশেও উপর সে আয়া বলে এইভাবে প্রস্তাব পাস করানো হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে এই সুপ্রিম্যাসি অব পার্লামেন্ট, এটা যাতে বিছুতেই, এটা যাতে কিছুতেই না হয়, গণতান্ত্রিক কাঠামোকে ধ্বংস করে যাতে রাষ্ট্রপতির একটা সর্বেব ক্ষমতাসম্পন্ন একটা ককাস কায়েম হয় তার যে চেষ্টা চলছিল, তার বিরুদ্ধে ১২ অক্টোবর—

শ্রীকৃষ্ণকুমার শুক্লা: অন এ পয়েন্ট অব অর্ডার, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবিধান সংশোধন নিয়ে এখানে আলোচনা প্রসঙ্গে, রাজনৈতিক দলের অভ্যন্তরীণ কেচ্ছা রটানোর যে চেষ্টা, এই বক্তব্যটা এখানে রেলেভ্যান্ট কিনা—উনি কংগ্রেসকে গালাগাল দেবার সুযোগ পেয়েছেন বলে যা

ইচ্ছা বলে যাবেন, কোথায় কি করেছেন না করেছেন, এইসব কেচ্ছা হাউজের মধ্যে না রটিয়ে সংবিধান সংশোধন সম্পর্কে যা বলার উনি তাই বলুন। আমাদের পার্টির অভ্যন্তরীণ ব্যাপারে নাক গলানোর কেন চেষ্টা করছেন ?

শ্রীমতী ইলা মিত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে চক্রান্ত চলছিল, গণপরিষদের দাবি তুলে যাতে বর্তমানে এই সংশোধনী বিল পাস না হয়, যে সংশোধনী বিলকে আমরা স্বাগত জানিয়েছি, যে সংশোধনী বিলকে আমরা সমর্থন করি, যে সুপ্রিমাসি অব পার্লামেন্ট, যার জন্য কমিউনিস্ট পার্টি দীর্ঘদিন ধরে দাবি করে আসছে, সেটা যাতে কিছুতেই পাস না হতে পারে তার জন্য প্রচণ্ডভাবে যে চক্রান্ত চলছিল, সেই কথার আমি উল্লেখ করেছি এবং এই কথাও বলছি যে, সেই সময়ে একদিকে যেমন কমরেড ভূপেশ গুপ্ত ২২ অক্টোবর তারিখে, তিনি আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী গান্ধীকে চিঠি লেখেন গণপরিষদের দাবির নিন্দা করে। ২৩ অক্টোবর আমাদের সাধারণ সম্পাদক কমরেড রাজেশ্বর রাও বিবৃতে বিবৃতি দেন এই গণপরিষদের দাবির নিন্দা করে, সুখের বিষয় কংগ্রেসের মধ্যেও অনেক নেতা এবং কর্মী আছেন দেশপ্রেমিক এবং প্রগতিশীল, তাঁরা এগিয়ে এসেছিলেন বলেই এটা সম্ভব হয়েছে। তাঁদের আমরা অভিনন্দন জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই চক্রীরা গণপরিষদ গঠনের আওয়াজ তোলার জন্য যে চক্রান্ত করেছিল, তার পিছনে দুটো উদ্দেশ্য ছিল। একটা হচ্ছে, বর্তমান লোকসভার মেয়াদ বাড়িয়ে নেওয়া এবং নির্বাচন স্থগিত রাখা এবং এই আইনসভার শক্তি, চক্রান্তকারীরা হিসাবের মধ্যে ধরেন নি, কংগ্রেস পার্টিতে এবং দলের মধ্যে এখনও যে দেশপ্রেমিক এবং বহু প্রগতিশীল ব্যক্তি আছেন, যাঁরা এই সময়ে এসে সামনে দাঁড়িয়েছেন এবং তাঁদের ষড়যন্ত্রকে ব্যর্থ করেছেন।

[2.40—2.50 P.M.]

এ আই সি সি-র সিদ্ধান্ত অনুযায়ী প্রধানমন্ত্রীর সমর্থন নিয়ে এই বিল পাস হওয়া সম্ভব হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংবিধান সংশোধনকে কেন্দ্র করে দেশের কায়েমী স্বার্থ এবং প্রতিক্রিয়াশীল শক্তির তৎপরতা কেবলমাত্র কংগ্রেসের বাইরেই দেখি নি, কংগ্রেসের ভেতরেও প্রত্যক্ষভাবে দেখলাম। সুখের কথা যে, কংগ্রেসের মেজরিটি অংশ এত প্রগতিশীল, এত দেশপ্রেমিক যে তাঁরা দেশপ্রেমিকের কর্তব্য করার জন্য এগিয়ে এসেছেন এবং সুখের বিষয় এই বিল পাশ হয়েছে। এটা

লক্ষণীয় বিষয় যে, বিরোধিতা শুধু বাইরে থেকে আসে নি, বিরোধিতা এসেছে কংগ্রেসের ভেতর থেকেও। তাই আমরা এই কথা বলছি এই যে, প্রতিক্রিয়াশীল শক্তি, এই যে ককাস, এরা কিন্তু হঠাৎ আজকে দেখা দেয় নি, এই ককাস, এই চক্র জরুরী অবস্থার পূর্ব থেকেই চক্রান্ত করতে শুরু করেছে, এটা বুঝতে হবে। এ যে সংশোধনী বিল পাস হল, এটা কার্যকরী হবেই, এটা মনে করার কোন কারণ নেই। কারণ তারা এখনও লড়াই ছাড়ে নি, চক্রান্ত ছাড়ে নি। কারণ, এই চক্রান্তের একটা সর্বাঙ্গীণ পরিকল্পনা আছে। সেই পরিকল্পনার কথা সকলেই জানেন। সে অনুযায়ী তাঁরা কেন্দ্রীয় প্রশাসনে অনুপ্রবেশ করতে চাইছেন, তাঁরা চান যে-সমস্ত মুখ্যমন্ত্রী তাঁদের কথামত কাজ না করবে তাঁদের অপসারণ করে দেশের মধ্যে একটা ডিস্টেবিলাইজেশন আনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশের মধ্যে ডিস্টেবিলাইজেশন সৃষ্টি করা এঁদের একটা উদ্দেশ্য। আর একটা উদ্দেশ্য ছিল সাজানো গণপরিষদ দিয়ে বর্তমান সংসদীয় গণতান্ত্রিক কাঠামোর মধ্যে দিয়ে রাষ্ট্রপতির ক্ষমতা সম্পন্ন শাসন প্রতিষ্ঠা করা, যা ব্যক্তি-বিশেষের ব্যক্তিগত শাসনতন্ত্র। সেজন্য আমাদের এখনো অনেক সতর্ক থাকতে হবে এই বিল পাস হয়ে গেলে পরও। আমাদের দলের সাধারণ সম্পাদক কমরেড রাজেশ্বর রাও বলেছেন Members of the caucus support formally the ideology and the declard p li of the Congress. One has to judge them by practice and not by words. T does not mean that the plan of burrowing into position of pow both in t Centre and in the States has been given up It will be pursued quite skilful giving the appearance of doing it in a democratic way. No doubt c country is today passing through a critical situation, politically, econmica and otherwise. But the patriotic and democratic forces are quite sizeable the ruling party. Otherwise the conspiracy of the caucus for scuttling t 44th Constitution Bill could not have been foiled.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুখের বিষয় শেষ পর্যন্ত গণপরিষদের দাবির বিরু এই সংশোধনী বিল পাস হয়েছে। তবুও এই সংশোধনীর মধ্যে অনেকগু আপত্তিকর ধারা আছে। সেগুলি যেন জনসাধারণের বিরুদ্ধে অপপ্রয়োগ না সেটা আশা করছি এবং যে সংশোধনগুলি দিয়েছিলাম সেগুলি যাতে গৃহীত হয় আশাও রাখি এবং যে সংশোধনীগুলি পাস হল সেগুলি যেন অবিলম্বে ইমপ্লিমেন্ট হয়। এই কথা বলে এই সংশোধনী বিলকে সমর্থন করে শেষ করছি।

শ্রীবিমল পাইক: স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী যে সংশোধনী বিল—৪৪তম বি এনেছেন এবং ৪২তম অ্যামেণ্ডমেন্ট অ্যাক্ট এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন কর

বিগত দুদিন ধরে বিপক্ষ দলের বক্তৃতা শুনে মনে হয়েছে তাঁদের বক্তৃতা ভিন্ন ভাবে হয়েছে। বিশ্বনাথবাবু এবং ইলা মিত্র বক্তৃতায় বলেছেন সংবিধান সংশোধন হতে পারে, কিন্তু কতকগুলি ক্ষেত্র আছে যা জনস্বার্থবিরোধী। কাশীবাবুর কথা হচ্ছে পার্লামেন্ট কোনক্রমেই এই কনস্টিটিউশন অ্যামেণ্ড করতে পারবে না এবং যেগুলি অ্যামেণ্ড করেছেন সেগুলি সব জনস্বার্থবিরোধী। প্রথমে ধরা যাক প্রকৃতপক্ষে পার্লামেন্ট এই কনস্টিটিউশন অ্যামেণ্ড করতে পারে কিনা এবং যদি অ্যামেণ্ড উইদাউট জুরিসডিকশন হয়ে থাকে তা হলে সেটা কি প্রকার তা আলোচনা করা যাক। কাশীবাবুর বক্তৃতার মধ্যে কয়েকটা জিনিস ফুটে উঠেছিল যে পার্লামেন্ট যদি কনস্টিটিউশন অ্যামেণ্ড করতে পারে তা হলেও ফাণ্ডামেণ্টাল রাইট অ্যামেণ্ড করতে পারে না, যদিও ফাণ্ডামেণ্টাল রাইট অ্যামেণ্ড করতে পারে, বেসিক প্রিন্সিপল করতে পারে না। পৃথিবীর মধ্যে যে-সমস্ত দেশে রিটেন কনস্টিটিউশন আছে সেই রিটেন কনস্টিটিউশন অ্যামেণ্ড হয় কিনা সেটা দেখা যাক। মুখ্যমন্ত্রী জেফারসন-এর কথা বলেছিলেন। তিনি একজন আমেরিকান জুরিস্ট এবং মার্কিন কনস্টিটিউশন ড্রাফ্‌ট তিনি করেছিলেন। তিনি বলেছিলেন আমেরিকান কনস্টিটিউশন দেশের স্বার্থে প্রসিং নীড অব দি কান্ট্রি অ্যামেণ্ড করা যেতে পারে। ভারতবর্ষেও বহুবার সংবিধান সংশোধন হয়েছে। অতএব সংবিধান যে সংশোধন করা যায় না তা ঠিক নয়। তিনি বলেছেন, ফাণ্ডামেণ্টাল রাইট অ্যামেণ্ড করা যায় না। আমি প্রথমেই বলছি তা কোনরকমে অ্যামেণ্ড হয় নি। কেননা একথা কি ঠিক নয় যে, আজকে ইউলেজিসলেচার-এর সঙ্গে পার্লামেন্ট-এর যে তফাত হচ্ছে সেটা মেনটেনড হচ্ছে। অ্যাডাল্ট ফ্রানচাইস মেনটেনড হচ্ছে। আজ পর্যন্ত যাদের মেজরিটি আছে, তারা যে আইন পাস করবে সেটাই হার। অতএব ফাণ্ডামেণ্টাল রাইট অ্যামেণ্ড হল কোথায়? আবার ফাণ্ডামেণ্টাল প্রিনসিপল যদি অ্যামেণ্ড হয় তা হলে বাধা কোথায়? কান বাধাই নেই। ফাণ্ডামেণ্টাল ল-তে দুটি জিনিস আছে—একটা স্যাচারাল ল, আর একটা সিভিল ল। স্যাচারাল ল বিভিন্ন দেশে বিভিন্ন রকমের আছে। যেমন ভারতবর্ষে ডেথ পেনাল্টি যা আছে ইউ কে-তে সেটা অবসোলিট হয়ে গেছে। অতএব স্যাচারাল ল-তে ফ্রীডম অব লাইফ বিভিন্ন দেশে বিভিন্নভাবে আছে।

[2·50—3·00 P. M.]

তারপর দেখুন রাইট অব ফ্রিডম। সেই রাইট অব ফ্রিডমে প্রিভেনটিভ ডিটেন-

শান আমাদের আছে, অন্যান্য দেশে নেই। অতএব ন্যাচারাল ল সেখানে চ্যালেঞ্জ হতে পারে এবং হচ্ছেও। এবারে ধরা যাক সিভিল ল-এর কথা। কারণ, ন্যাচারাল ল এবং সিভিল ল এই দুটোকে একত্রিত করলে ফাণ্ডামেন্টাল ল হয়। মাননীয় স্পীকার মহোদয়, আপনি একজন আইনজ্ঞ, আপনি জানেন ১৭-৬-৫৬ তারিখে হিন্দু উত্তরাধিকারী আইন পাস হয়েছে, নিশ্চয়ই তার পূর্বে দায়ভাগ, মিতাক্ষর প্রভৃতি আইন ছিল। আপনি জানেন সেই দায়ভাগে ছেলে বাবার সম্পত্তি পেত বাবার মৃত্যুর পর। মিতাক্ষর আইনে ছিল ছেলে জন্মাবার সঙ্গে সঙ্গেই সম্পত্তি পাবে। ১৭-৬-৫৬ তারিখের পূর্বে কি ছিল—বাবা মারা গেলে তারপরে আসবে সান, সান যদি না থাকে তাহলে সেখানে আসবে উইডো, উইডো যদি না থাকে তাহলে ডটার, ডটার যদি না থাকে তাহলে মাদার, এই রকম ছিল। কিন্তু ১৭-৬-৫৬ তারিখের পর সেই সান, ডটার, উইডো, মাদার সকলকে ক্লাস ওয়ান করে দিল। পরিবর্তন হয় নি সিভিল ল? এর পূর্বে দেখুন হিন্দু উইডো লিমিটেড এস্টেট ছিল, এই আইন করে ফুল রাইট তাদের দেওয়া হয় নি? অ্যাডপশান অ্যাণ্ড মেনটেন্যান্স অ্যাক্ট করে, সেই অ্যাডপশানের পূর্বে ছিল সেই দত্তক প্রথা গিভিং অ্যাণ্ড টেকিং সেরিমানি করে, বর্তমানে সেটাকে দরকার হয় না, সিভিল ল চেঞ্জড হয় নি? মাইনরিটি অ্যাণ্ড গার্ডিয়ানশিপ এ্যাক্ট পাস হয়েছে। মিঃ স্পীকার, স্যার, আপনি নিশ্চয়ই জানেন যে, ১৯৫৬ সালের পূর্বে কোন মাইনরের ন্যাচারাল গার্ডিয়ান যে আছে সে ন্যাচারাল গার্ডিয়ান ফর দি বেনিফিট অব দি মাইনর, প্রেসার অব দি এস্টেট সে সম্পত্তি বিক্রি করতে পারত ১৯৫৬ সালের পর সেটা কি হল? যে-কোন অবস্থাতে সম্পত্তি হস্তান্তর করতে হলে সেখানে ডিস্ট্রিক্ট জাজের পার্মিশান নিতে হবে। পরিবর্তন হয় নি? অতএব ন্যাচারাল ল যদি পরিবর্তিত হতে পারে, সিভিল ল পরিবর্তিত হতে পারে এবং হয়েছেও, তাহলে ফাণ্ডামেন্টাল ল পরিবর্তিত না হওয়ার কোন কারণ নেই। মিঃ স্পীকার, স্যার, কনট্রাক্ট, টর্ট, এভিডেন্স অ্যাক্ট, ট্রান্সফার অব প্রোপার্টি অ্যাক্ট, সিভিল প্রোসিডিওর কোড-এর পরিবর্তন হয় নি? অতএব পরিবর্তন হতে বাধাটা কোথায়? ঠিক এই ফাণ্ডামেন্টাল রাইটের পরিবর্তন হতে পারে বলে ১৯৫১ সালে শঙ্করী প্রসাদ কেসে পাঁচ জন জাজ ইউনানিমাস হয়ে বলেছিলেন যে, ফাণ্ডামেন্টাল রাইট পরিবর্তন করা যেতে পারে, অল্টার করা যেতে পারে এবং সজ্জন সিং-এর কেসে সেম ভিউ সাপোর্ট করল। তিন জন জাজ বলে দিলেন যে, হ্যাঁ, পরিবর্তন হতে পারে। তারপর এল ১৯৬৭ সালে গোলকনাথ কেস। সেই কেসে পাঁচজন জাজ বললেন যে, হ্যাঁ, পরিবর্তন হতে পারে, ছ'জন জাজ বললেন, পরিবর্তন হতে পারে না। অতএব সেই ভিউটাকে অ্যাকসেপ্ট করেছিলেন। আজকে আমি বলি

যদি ন্যাচারাল ল, সিভিল ল এবং অন্যান্য ল যদি পরিবর্তিত হয়ে গিয়ে থাকে তাহলে ফাণ্ডামেন্টাল ল পরিবর্তিত হতে পারে, পূর্ব রুলিং অনুসারে বহুবার বহু জাজ একমত হয়েছেন। মিঃ স্পীকার, স্যার, এবারে আসছি বেসিক স্ট্রাকচার পরিবর্তিত হতে পারে কিনা। কালকে মাননীয় কাশীবাবু কেশবানন্দ ভারতী কেস রেফার করে বলেছিলেন যে, সেখানে ১৩ জন জাজ ইউনানিমাস হয়েছিলেন। হ্যাঁ, একথা সত্য। আমার মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে কথা ছিল এই বেসিক স্ট্রাকচার কথাটা কোথায় পেলেন? কনস্টিটিউশনের কোন জায়গায় রয়েছে যে বেসিক কোন্‌টা, নন-বেসিক কোন্‌টা? সেটা কোথাও নেই। তাই ১৩ জন জাজ কেশবানন্দ ভারতী কেসে যেটা বলেছিলেন সেই বেসিক স্ট্রাকচারটাকে নতুনভাবে আনলেন, যেটা কনস্টিটিউশনের মধ্যে কোথাও নেই। কোন ডেফিনিশান নেই যে কোন্‌টা বেসিক স্ট্রাকচার, কোন্‌টা নন-বেসিক স্ট্রাকচার। অতএব প্রকৃতপক্ষে ফাণ্ডামেন্টাল রাইটটাকে অ্যামেণ্ড করার ক্ষমতা পার্লামেন্টের আছে। আর একটা কথা উঠেছে যে, রুলিং পার্টি কি ম্যানডেট পেয়েছে যার জন্য সে আইনটাকে পরিবর্তন করতে এসেছে। আমি বলি যে, তারা সেই ম্যানডেট পেয়েছে। মিঃ স্পীকার, স্যার আপনি জানেন যে, ব্যাঙ্ক ন্যাশনালাইজেশন করেছিল, অ্যাবলিশান অব প্রিভি পারস করেছিল, চট করে কয়েকজন স্বার্থান্বেষী ব্যক্তি হাইকোর্টে গিয়ে কেস করে দিল, কিন্তু পারল না। সেদিন ভারতবর্ষের টু-থার্ড লোক সেখানে মেজরিটি, তাঁরা ভোট দিয়েছিলেন যে, প্রকৃতপক্ষে দেশের স্বার্থে তোমরা এই আইন পাস কর। সেই ম্যানডেট সেখানে তাঁরা পেয়েছিলেন। মিঃ স্পীকার, স্যার, দ্বিতীয় কথা হচ্ছে আজকে ফাণ্ডামেন্টাল রাইট অ্যামেণ্ড করার ক্ষমতা যদি পার্লামেন্টের থেকে থাকে তাহলে এই ফাণ্ডামেন্টাল রাইট পরিবর্তনের দ্বারা দেশের কোন উপকার হতে পারে কিনা সেটা বিচার্য বিষয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকটি জিনিস আছে যেটাকে এঁরা বলছেন, বিশেষ করে সি পি আই বলছেন কয়েকটি ক্ষেত্রে নাকি অত্যন্ত খারাপ হয়েছে। এই ব্যাপারে যে অ্যামেণ্ডমেন্ট এসেছে তাতে আমরা দেখছি ৬৯টি অ্যামেণ্ডমেন্ট এসেছে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করে দেখুন এটা জনস্বার্থের জন্য হয়েছে, না এটা জনস্বার্থবিরোধী হয়েছে। নূতন একটা জিনিস ইনসার্ট করা হয়েছে থার্টি-ওয়ান ডি-তে। ওঁরা বলছেন ইনরেসপেক্ট অব অ্যান্টি-ন্যাশনাল অ্যাকটিভিটিস্ এটা নাকি দেশের স্বার্থবিরোধী। ১৯৬৭ সালের পর থেকে আমাদের দেশের মধ্যে যেভাবে রাস্তাঘাট নষ্ট করা হয়েছে, ট্রাম-বাস নষ্ট করা হয়েছে, সেই অ্যান্টি-ন্যাশনাল অ্যাকটিভিটিস্-কে দমন করবার জন্য যদি থার্টিওয়ান ডি করা হয় তাহলে তাতে কি দোষ হয়েছে আমি তা বুঝতে পারছি না। আজকে ফ্রি লিগ্যাল এইডের

কথা বলা হয়েছে। আমরা শুনি জাস্টিস ইজ সোল্ড অ্যাণ্ড বট বাই দি হায়েস্ট বিডার। অর্থাৎ যাদের পয়সা আছে তারা বিচার কেনে। কাজেই আজকে যদি লিগ্যাল এইড দেওয়া হয়ে থাকে তাহলে সেটা কি অন্যায় হয়েছে? তারপর, নূতন একটা জিনিস ফর্টিথ্রি এ-তে ইনসার্ট করা হয়েছে এবং সেটা হচ্ছে পার্টিসিপেশন অব ওয়ার্কার্স ইন ম্যানেজমেন্ট অব ইণ্ডাস্ট্রি। এটা কি জনস্বার্থবিরোধী? তারপর কতকগুলি যে ফাণ্ডামেণ্টাল ডিউটি ইনসার্ট করা হয়েছে সেটা কি জনস্বার্থবিরোধী? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন চিরকালের একটা কথা আছে, রাইট ইম্প্লাইস ডিউটি। স্ত্রী মেণ্টেনেন্স চাইবে, অথচ স্বামীর সেবা করবে না, এটা হতে পারে না। কাজেই শুধু রাইট থাকবে, ডিউটি থাকবে না, এটা কখনও হতে পারে না। দেশের আইন মেনে চলার ডিউটি লোকের থাকবে না, এটা কখনও হতে পারে না। এটা কোন কথাই নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে দেখাব কেন এই অ্যামেণ্ডমেণ্টের প্রয়োজন হল। আপনি জানেন বহু জায়গায় হাইকোর্টের ইনজাংশনের জন্য বহু জমি আটকে পড়ে আছে। এইসব ক্ষেত্রে যদি ইনজাংশন না হত তাহলে সেইসব জমি গরিব মানুষদের মধ্যে বিলি করা যেত। ক্ষমতা কখনও কেড়ে নেওয়া হয় নি। একটা কথা ছিল —ফর এনি আদার পারপাস সেটাকে শুধু ডিলিট করা হয়েছে এবং ওখানটা অনেকের স্বার্থে লেগেছে। আমরা দেখেছি একটি পিয়নকে ট্রান্সফার করা হয়েছে, কিন্তু সেই পিয়নটি ওই ধারার বলে হাইকোর্টে এসে কেস করেছে। আমি একটা ঘটনা জানি, গোপাল রায়চৌধুরী নামে একজন ও সি-কে তাঁর কুকীর্তির জন্য ট্রান্সফার করা হল এবং তিনি তখন হাইকোর্টে এসে আমাদের ভোলা সেন মহাশয়ের মত বড় ব্যারিস্টারের সাহায্য নিয়ে হাইকোর্টে কেস করলেন এবং ৫ বছর ধরে সেই ইনজাংশন চলেছিল। কাজেই আপনারা ভেবে দেখুন এই "ফর এনি আদার পারপাস"-এর জন্য কি অসুবিধা হচ্ছিল। আমি আমার কনস্টিটিউয়েন্সীর একটা ঘটনা জানি—একটা ড্রেনেজ স্কীমে ১ লক্ষ লোকের উপকার হত, কিন্তু সেটা হাইকোর্টের ইনজাংশনের জন্য পড়ে আছে। আমি মনে করি দেশের স্বার্থে, সমাজের স্বার্থে আমাদের সংবিধানের সংশোধন প্রয়োজন ছিল এবং সেই জন্যই আমি একে পূর্ণভাবে সমর্থন করছি।

(At this stage the House was adjourned for half an hour)

(After adjournment)

[3.30—3.40 P. M.]

শ্রীমধুসূদন রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে সংবিধান

সংশোধন বিল এই বিধানসভায় এনেছেন সেটা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। আজকে এই সংশোধন নিয়ে যারা হৈ-হল্লা করছে, স্বাধীনতা গেল গেল বলে, মৌলিক অধিকার গেল গেল বলে যে রব তুলছেন তার মূল কারণ সংবিধানের আর্টিকেল ১৪ থেকে ৩২ এই কয়েকটি ধারার উপর তাঁরা বেশি করে জোর দিচ্ছেন এবং ঐ বেশি করে জোর দিচ্ছেন বলে নানারকম বিরোধ আসছে। কিন্তু তাঁরা ভুলে গেছেন এই আর্টিকেল ১৪ থেকে ৩২ ছাড়াও সংবিধান একটা বিরাট ব্যাপার। তাঁরা যদি প্রিএম্বেল দেখতেন তা হলে বুঝতে পারতেন যে, আজকে এই সংশোধন অত্যন্ত প্রয়োজন এবং সময় উপযোগী হয়েছে। প্রিএমবেলের ভিতর একটা জাস্টিস বলে কথা আছে। সেটা সোসাল, ইকোনমিক্যাল এবং পলিটিক্যাল জাস্টিস। আমাদের অর্থনৈতিক ক্ষেত্রে, রাজনৈতিক ক্ষেত্রে, সামাজিক ক্ষেত্রে একটা ন্যায়-বিচার যে দরকার এ কথাটা তাঁরা ভুলে গেছেন। আজকে আমরা রাজনৈতিক স্বাধীনতা লাভ করেছি, কিন্তু সামাজিক এবং অর্থনৈতিক ন্যায়বিচার কোথায়? একদিকে দেখা যাচ্ছে কোটিপতি লোক, অপরদিকে দেখছি লাখ লাখ লোক খেতে পাচ্ছেন না। আজকে এই যে একটা বিরাট ব্যবধান, এই যে বৈষম্য এই কথাটা তাঁরা ভুলে গেছেন, এই ন্যায়বিচার আমাদের আসে নি বলে আজকে সেই ন্যায়বিচার আনার জন্য সংবিধান সংশোধনের প্রয়োজন আছে। স্যার, আমি আপনার সামনে ডঃ রাধাকৃষ্ণানের একটা উক্তি বলছি। তিনি বলেছেন :

'Poor people who wonder about, find no work, no wages and starve, whose lives are a continued round of sore affliction and pinching poverty, cannot be proud of its constitution or its law."

ভারতবর্ষের যেখানে শতকরা ৪০ ভাগ লোক দারিদ্র্যসীমার নীচে বাস করছেন সেখানে পশ্চিমবঙ্গের অবস্থা ভয়াবহ। আমাদের পশ্চিমবঙ্গের শতকরা ৭০ ভাগ দারিদ্র্যসীমার নিচে বাস করছে, অর্থাৎ অধিকাংশ লোকেরা ২০ টাকার বেশী খরচ করতে পারছে না। একটা পরিবার গড়প্রতি পাঁচ জন ধরলে তারা যদি মাসে ২০ টাকা খরচ করতে না পারে তাহলে বুঝতে হবে যে তাদের কি অসহনীয় অবস্থা।

আমরা যে গরিব মানুষের জন্য চিৎকার করছি তাদের স্বার্থে এবং দেশের অধিকাংশ মানুষের স্বার্থে এই সংশোধন করা হয়েছে। প্রিএম্বলে ছাড়া আছে ডাইরেকটিভ প্রিন্সিপলস, যেখানে নির্দেশ দিচ্ছে এইসব কাজ করা দরকার। আমাদের কনস্টিটিউশন বলছে আমাদের সোস্যাল জাস্টিস এবং ইকোয়ালিটি অব জাস্টিস করতে হবে এবং সেই জন্যই আমাদের প্রধানমন্ত্রী এই সংশোধন বিল এনেছেন। আমরা বিধানসভায় এই বিল নিয়ে আলোচনা করছি এবং আমি পূর্ণ সমর্থন

করছি। আজকে দু'দিন ধরে যে আলোচনা চলেছে তাতে একটা জিনিস পরিষ্কার বোঝা গেল কলকাতা হাইকোর্টের ইনজাংশনের জন্য বহু জমি আটকে পড়ে আছে যেগুলি গরিব মানুষদের দেওয়া যাচ্ছে না। বিভিন্ন বক্তা তাঁদের বক্তৃতায় একথা বলেছেন। কাজেই কনস্টিটিউশনের এই যে বাধা রয়েছে সেটাকে আমরা যদি সরাতে না পারি তা হলে গরিব মানুষেরা আমাদের ক্ষমা করবে না এবং সেই জন্যই এই সংশোধন আনা হয়েছে। আমি এখানে নেহেরুস রিমার্কস ইন দি কনস্টিটিউয়েন্ট অ্যাসেম্বলী উল্লেখ করছি। তিনি বলেছিলেন : No Supreme Court and no judiciary can sit in judgement over the sovereign will of the Parliament representing the will of tho entire community.

আমাদের জনসাধারণের যে মত সেটা প্রভাবিত হয় পার্লামেন্টে এবং সেই জন্যই পার্লামেন্ট এই সংশোধন নিয়ে এসেছে। আমি এখানে গান্ধীজীর একটা ভবিষ্যদ্বাণী উল্লেখ করছি। তিনি বলেছিলেন : The contrast between the palaces of New Delhi and miserable havels of the poor labouring class nearly cannot last one day in free India in which the poor will enjoy the same power as the riches in the land. A violent and bloody revolution is a certainty one day unless there is a voluntary abdication of riches and poor that riches give and sharing them for common good.

আজকে যে অসংখ্য মানুষ না খেয়ে রয়েছে, দিনের পর দিন ধুঁকে মরছে তাদের কথা যদি আমরা চিন্তা না করি তাহলে একদিন দেখব ভারতবর্ষে অশান্তি আসবে, বিদ্রোহ আসবে। কাজেই দেশের শান্তির জন্য, দেশের স্বার্থের জন্য গান্ধীজীর কথার যদি মূল্য দেই তাহলে এই সংবিধান সংশোধনী বিল যেটা এখানে এসেছে তাকে সমর্থন করতেই হবে। আজকে যাঁরা এর বিরোধিতা করছেন তাঁদের কাছে জিজ্ঞাসা করি তাঁরা কি দেশে শান্তি চান, না, দেশে অরাজকতা আসুক এটা চান ? আমি তাঁদের কাছে এই প্রশ্ন রাখলাম এবং আশা করি তাঁরা আমার এই প্রশ্নের উত্তর দেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরোজ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সংবিধান সংশোধন বিল নিয়ে এখানে দু'দিন ধরে আলোচনা চলছে এবং আজকে তার শেষ দিন। আমাদের দলের শ্রীমতী ইলা মিত্র যখন বলছিলেন তখন একটা পয়েন্ট অব অর্ডার তুলে বলা হল এখানে দলীয় রাজনীতি আসছে। আমি এই প্রসঙ্গে স্মরণ করিয়ে দিচ্ছি সঞ্জীব

রেড্ডীর প্রেসিডেন্সিয়াল ইলেকশনের কথা। আমাদের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী বলেছিলেন দক্ষিণপন্থীদের বিরুদ্ধে সংগ্রাম শেষ হয় নি, তারা বিভিন্ন দিক থেকে জোট পাকাচ্ছে। আমি মনে করি এই যে ৪২তম কনস্টিটিউশন অ্যামেণ্ডমেণ্ট হল এটা আমাদের সংগ্রামের একটা অংশ। আমরা মনে করি সংগ্রাম আমাদের শেষ হয় নি, আমাদের একে আরও এগিয়ে নিয়ে যেতে হবে এবং সমাজকেও এগিয়ে নিয়ে যেতে হবে সোস্যালিজম-এর দিকে। আমরা জানি বহু বাধা আসবে, তবে সেই সমস্ত বাধা অতিক্রম করে এই যে বিল আনা হয়েছে তার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। তবে একটা জিনিস লক্ষ্য করলাম শেষ মুহূর্তে কনস্টিটিউয়েণ্ট অ্যাসেম্বলীর প্রস্তাব এল এবং স্বর্ণ সিংও এটা জানলেন না, যদিও এটা দলের ভেতর থেকেই এল।

[3.40—3.50 P. M.]

আজকে আমাদের দেশে একটা সংগ্রাম চলছে। শ্রেণীস্বার্থের সংগ্রাম। একদল চায় ক্যাপিটালিজম রাখো, ফিউডালিজম রাখো, দেশকে শোষণ কর। আর একদল চায় দেশকে এগিয়ে নিয়ে যাও, অগ্রগতির পথে নিয়ে চল। আজকে দেশ পদে পদে সমাজতন্ত্রের দিকে যাচ্ছে—দ্বিতীয় মহাযুদ্ধের পরে। ১৬টি দেশে সামাজতন্ত্রবাদ কায়েম হয়েছে। আগে সমাজতন্ত্র দেশ ছিল একমাত্র রাশিয়া। তখন সারা দুনিয়া তার বিরুদ্ধে ছিল। শ্রমজীবী মানুষ তাদের সঙ্গে ছিল। এই সমাজতন্ত্রের সঙ্গে শ্রমজীবী মানুষের উৎপাদন ব্যবস্থার সম্পর্ক আছে। এই উৎপাদন ব্যবস্থা যদি সঙ্গে না নেওয়া হয় তাহলে সমাজকে টেকান যেতে পারে না। একটা গতি দিতে হবে। অন্যান্য ছোটখাটো ব্যাপার বলে লাভ নেই। সেই গতি বা প্রগতির সংগ্রাম চলছে—আরো চলবে। সমাজ হচ্ছে গতিশীল, এটা স্ট্যাটিক নয়। যদি কেউ নেতৃত্ব রাখতে চায়, তাহলে তাকে সমাজের গতিশীল মানুষের সঙ্গে পা মিলিয়ে চলতে হবে। তা না পারলে বিপদ। যার ফলে হিটলার, মুসোলিনী সকলকে সরে যেতে হয়েছে। নানা রকম খেলা তাঁরা খেলেছিলেন। জনগণ তাদের শেষ করে দিয়েছে। আজকে আমাদের দেশে সোস্যালিজম-এর কথা উঠেছে, এই পথে দেশ এগিয়ে যাবে। আমাদের সেজন্য লড়াই করতে হবে, অন্য তরফ থেকে চেষ্টা চলছে কি করে এই কনস্টিটিউশন অ্যামেণ্ডমেণ্টটা বানচাল করে দেওয়া যায় তার জন্য, তারা কনস্টিটিউয়েণ্ট অ্যাসেমব্লীর কথা টেনে আনছে, যাতে পার্লামেণ্টে এই কনস্টিটিউশন অ্যামেণ্ডমেণ্ট না আসে, কি করে রাইট রিঅ্যাকশনারীরা সুযোগ করে নিতে পারে তার জন্য কত রকম প্রচেষ্টা। তারপর এল কী? সিলেক্ট কমিটির প্রশ্ন। এই সব

করে ছয় মাস আরো পেছিয়ে দাও। এরপর আবার প্রেসিডেনশিয়াল ফরম অব গভর্নমেণ্টের কথাও উঠেছিল। এর একমাত্র লক্ষ্য হল আজকে ভারতবর্ষের মত দেশে যেটা প্রয়োজন আছে—সুপ্রীমেসী অব পার্লামেন্ট, সেই পার্লামেন্টারি ডেমোক্রাসি আজ ভারতবর্ষে দরকার। যারা এটাকে বানচাল করে দিতে চায়, তারা চাইবে, তাদের বিরুদ্ধে চলেছে আমাদের লড়াই। সেই জন্য সংগ্রাম আমাদের এখানেই শেষ হয়ে যাচ্ছে না। কালকে তো স্যার দেখলেন এই হাউসের মধ্যে দাঁড়িয়ে কাশীকান্তবাবু বললেন কী? তিনি মানুষের সেন্টিমেণ্ট-এ সুড়সুড়ি দিলেন। তিনি বললেন কংগ্রেসের যুব সমাজকে—তোমরা তো আমাদের ভবিষ্যৎ—পার্লামেন্ট সভারেন না পিপল সভারেন ইত্যাদি। এইসব কথার জাগলারি দিয়ে আর এখন চলে না। আজ জমানা বদলে যাচ্ছে। একজন ল' ইয়ার আর একজন ল' ইয়ার সম্বন্ধে বললেন, তিনি হাইকোর্টে আজকাল প্রচুর রোজগার করছেন, এই রোজগারের পথে ২২৬ হচ্ছে একটি বড় সুযোগ। এই ২২৬-এর সুযোগ যদি না থাকে তাহলে অনেক সুযোগই বদলে যাবে। ঐসব ল' ইয়ার না থাকলে চলবে কি করে, যারা হাজার/দু'হাজার/তিন হাজার নিচ্ছেন। তিনি গণমানসে সুড়সুড়ি দিয়ে বৃটিশ পিরিয়ডের কথা উল্লেখ করলেন, দেশবন্ধুর কথা বললেন, সুভাষচন্দ্রের কথা বললেন। যখন সুভাষবাবুকে গ্রেপ্তার করা হয়েছিল তখন দেশবন্ধু ডেমোক্রেসী সম্পর্কে কী কথা বলেছিলেন?

ওঁর জবাব দিতে ইচ্ছে করে না। সেটা ছিল পরাধীন ভারতবর্ষ বৃটিশ শাসনে। আমরা সেদিন লড়াই করেছি, আমরা জানি, সেটার সঙ্গে তুলনা করা স্বাধীন ভারবর্ষের খাটে না। ওই কথা বলে তিনি অনেক যুবককে সুড়সুড়ি দিতে চেয়েছিলেন। আমরা নিশ্চয় সমর্থন করি সভারেন্টি অব পার্লামেন্ট এবং পার্লিয়ামেন্টারী ডেমোক্রেসী। এই দেশকে রক্ষার জন্য যে সংগ্রাম চলছে আমরা তার সঙ্গে আছি। আমরা সংগ্রাম করছি এবং করবো। এই যে বাধা আসছে তাকে অতিক্রম করা সম্পর্কে একটা জিনিস রাখতে চাইছি। এখানে দুটো কনসেপ্ট দেওয়া হয়েছে। সেটা ভাল করে সকলের নজর দেওয়া উচিত। সোস্যালিজমের কনসেপ্ট রাখা হয়েছে। কাগজে লিখলেই সোস্যালিজম আসে না। লড়াই করতে হয়। লড়াই কারা করে? আমাদের দেশের শ্রমজীবী মানুষ, আমাদের সামাজিক, অর্থনৈতিক অগ্রগতির জন্য তারাই সংগ্রাম করে। সেই সব সংগ্রামের যারা বিরোধী, যারা সংগ্রাম করবে তাদের সাহায্য করাটাই আজকে কনস্টিটিউশন-এর ভিতর দিয়ে কাজ হবে। তাদের সাহায্য করার পিছনে এটাই সবচেয়ে বড় লক্ষ্য। এটা লক্ষ্য রাখা দরকার। সেজন্য আজকে একটা কথা বলতে চাইছি, ডাইরেকটিভ

প্রিন্সিপলের কথা যেখানে বলা হয়েছে, আমরা সেখানে কিছু অ্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম। এক জায়গায় আমরা বলেছিলাম ডাইরেকটিভ প্রিন্সিপলে যেমন আজকে রাইট টু ওয়ার্ক এটা স্পেসিফিকালি রাখা উচিত ছিল। ডাইরেকটিভ প্রিন্সিপলে দ্বিতীয়তঃ to ensure minimum living wages.

যারা লড়বে, যারা সমাজকে বাঁচায়, প্রোডাকশন করে, তাদের সঙ্গে ডাইরেক্ট রিলেশনস আছে। তাদের হাতকে শক্তিশালী করতে গেলে ডাইরেকটিভ প্রিন্সিপলে এটা রাখা উচিত ছিল। বড় বড় লোক যাদের প্রপার্টি আছে তাদের একটা আঘাত করা হত। দুঃখ করার কিছু নেই, সংগ্রামের ভিতর দিয়ে জানি একে এগিয়ে নিয়ে যাওয়া যাবে। সেদিন আলোচনা প্রসঙ্গে উঠেছিল সেই জন্য বলছি। কেউ কেউ বলছিলেন, সোস্যালিজমের যেটা লেখা হলে, যেটা আপনারা বলেন সেটা নয়। আমরা তো বলি বৈজ্ঞানিক সমাজতন্ত্রের কথা। কোন দেশের সমাজতন্ত্র নয়। অন্য দেশ থেকে শিখতে চাই, জানতে চাই, অভিজ্ঞতা অর্জন করতে চাই। আমাদের ভারতবর্ষে যে সমাজতন্ত্রবাদ হবে ভারতবর্ষের যে ঐতিহ্য আছে, সংস্কৃতি আছে, কৃষ্টি আছে তাকে ভিত্তি করে। তাকে দিয়ে একটা বৈজ্ঞানিক সমাজবাদ তৈরি হবে। তবে মানুষ বাঁচতে চায়। এটা উল্লেখ করে সোভিয়েট বিপ্লব সম্পর্কে আমাদের প্রয়াত নেতা শ্রীজওহরলাল নেহরু যে কথা বলেছিলেন সেটা বলতে চাই। তিনি ছিলেন দূরদৃষ্টিসম্পন্ন নেতা, যখন সোস্যালিজমের দিক থেকে এখানে কথা উঠেছে তখন বলি, তিনি বলেছিলেন : Soviet revolution had advanced human society by great leap and has lit the flame which could not be smothered and had laid the foundation for a new civilisation towards which the world can advance.

সারা ওয়ার্ল্ডের মানুষ তার থেকে শিখতে চায়। সেইজন্য বর্তমান যুগে আমাদের দেশে শুধু নয়, আজকে আমরা বুঝি আমরা পদে পদে আঘাত পাচ্ছি, ক্যাপিটালিজমের মধ্য দিয়ে এগোতে পারছি না।

[3.50—4.00 P. M.]

প্রতি পদে পদে সেখানে আঘাত আসে। সেই জন্য আজকে ধনবাদকে ভেঙ্গে সমাজবাদ সমাজের দিকে এগিয়ে যেতে হবে। আজকে আমরা অ্যাডভান্সমেণ্ট এটাকেই বলি এবং একেই সম্বল করে আমাদের এগিয়ে যেতে হবে, আর নিশ্চয়

তাই সেগুলি আলোচনার মধ্যে আসবে। মিনস অব প্রোডাকশন—উৎপাদন কাদের হাতে থাকবে—যারা উৎপাদন করে তাদের হাতে থাকবে, না একচেটিয়া পুঁজিপতিদের হাতে—এর কন্ট্রোল কাদের হাতে থাকবে? ঐ বণিকদের হাতে থাকবে, না ঐ শ্রমজীবী মানুষদের হাতে থাকবে—সেটা কো-অপারেটিভ-এর মধ্যে থাকবে কি না, গভর্নমেন্টের কন্ট্রোলে আসবে কি না। সমাজব্যবস্থার পরিবর্তনের দিকে যেতে গেলে এদিকে যেতে হবেই। আমি আরও একটি/দুটি কথা বলতে চাই। আমরা জানি এদিক থেকে আজকে কোনরকম ব্যবস্থা নেওয়া হয় নি কিছু কিছু দুর্বলতা দেখতে পাওয়া যাচ্ছে। আমরা এ সম্বন্ধে পার্লামেন্টে অ্যামেণ্ডমেন্ট দিয়েছিলাম—সে সম্পর্কে আমাদের নেতা গতকাল এখানে উল্লেখ করেছিলেন। তবে এই অ্যামেণ্ডমেন্টের মধ্যে একটা অগ্রগতির সামগ্রিক দিক রয়েছে, তাই একে আমরা সমর্থন করি। আজকে এ দুর্বলতা থাকা উচিত নয়। কারণ একটা জাতিকে এগিয়ে নিয়ে যেতে গেলে সেখানে একটা পরিষ্কার আলোচনা হওয়া দরকার এবং সেই আলোচনায় নিশ্চয় প্রাধান্য দিতে হবে কোন্‌টা ঠিক, কোন্‌টা বেঠিক। ২১১ ধারাকে যেভাবে অ্যামেণ্ডমেন্ট করা হয়েছে তাতে মনে হল প্রবলেম সলভ ঠিক হচ্ছে না—আজকে আমরা যেটা চাচ্ছি তার সংগে ১৬ আনা এটা সংগতিপূর্ণ হয়েছে কি? সোসিও-ইকনমিক রিফর্ম বলে একটা জিনিস এখানে স্টেটমেন্ট অব অবজেক্ট অ্যাণ্ড বিজনসে রয়েছে, এটা আমি এখানে পড়ে দিচ্ছি—এখানে আমরা একমত। It is, therefore, proposed to amend the constitution to spell out expressly the high ideals of socialism, secularism and the integrity of the nation, to make the directive principles more comprehensive and give them precedence over those fundamental rights which have been allowed to be relied upon to frustrate soci-economic reforms for implementing the directive principles. আমরা এর উপর জোর দিয়েছি।

সোসিও-ইকনমিক ফর্মে নিয়ে যেতে গেলে যেভাবে এই কনস্টিটিউশনকে, তার ডাইরেকটিভ প্রিন্সিপলকে যেভাবে যে জায়গায় লাগানো দরকার সে জায়গায় যদি লাগাতে না পারি তাহলে ফল ঠিক হবে না এবং এর বেসিকালি দায়িত্ব আছে। নানা বাধা-বিপত্তি আসবে এবং দেখবেন সেখানেও সুযোগ নেবে। তাই আমরা বলি: It is also proposed to specify the fundamental duties of the citizens and make special provisions for dealing with antinational activities, whether by individuals or associations.

সেই জন্য আমরা এর উপর সবচেয়ে বেশী জোর দিতে চেয়েছিলাম। ২২৬ যেভাবে অ্যামেণ্ডেড হয়েছে এবং আমরা যেভাবে সেখানে অ্যামেণ্ডমেন্ট দিতে চেয়েছিলাম তাতে আমরা আশা করি ভবিষ্যতে এটা আসবে দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য। আজকে এখানে একটা কথা বলা চলে হাইকোর্টে বহু ইনজাংশন রয়েছে, বিভিন্ন দেশহিতকর কাজের উপর, লেভির উপর, জমির উপর এবং এই আইন পাস হয়ে গেলে কনসিকোয়েন্সটা উঠে যাবে, সেখানে আরও সর্বনাশের কথা রয়েছে, যদি প্রয়োজন হয় move from one High Court to another High Court transfer হয়ে যেতে পারে। এখানে দুর্বলতা রয়ে গেছে—পরিষ্কার হওয়া উচিত ছিল।

তারপরে অনেক ছোটখাট ব্যাপার আছে। এম পি, এম এল এ-দের ডিসকোয়ালিফিকেশন, কোয়ালিফিকেশন সম্পর্কে অ্যাটলিস্ট একটা ট্রাইবুনাল করলে হত, কিন্তু সেখানে একেবারে রাষ্ট্রপতির হাতে ক্ষমতা দিয়ে দেওয়া হল। আমরা সেখানে পয়েন্ট আউট করেছি পার্লিয়ামেন্ট যখন আছে তার উপর যদি সমস্ত ভারটা থাকত তাহলে আইনের বেসিকালি যেটা চেঞ্জ হয়েছে সেটা ঠিক হত। আমি শেষ কথা যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে এই, ডাইরেকটিভ প্রিন্সিপল, নির্দেশক নীতি একটা জিনিস—যেমন সকলে মিলে আমরা এই আইনকে সমর্থন করছি, এতে কোন প্রশ্নই থাকত না—কিন্তু প্রশ্ন হল সোস্যালিজম। ভারতবর্ষ যাতে সোস্যালিজমের দিকে না যায় সেইজন্য দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীলের মাথার উপরে মার্কিন সাম্রাজ্যবাদ ঘুরছে। একচেটিয়া পুঁজি, ভারতের সমস্ত বড় বড় জোতদার আজকে ঐক্যবদ্ধ হয়েছে। সেইখানে আমাদের প্রশ্ন হল সোস্যালিজমের দিকে যদি যেতে হয় তাহলে ডাইরেকটিভ প্রিন্সিপল্-এর দিকে এগিয়ে নিয়ে যেতে হবে। এই কথা বলে আমি বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Ajit Kumar Panja : Mr. Speaker, Sir, for the last few days there has been very interesting debate over this issue. In fact, there were so many speakers, and each one of the honourable Members including of course the honourable Members of the CPI have given new light, new thought about what should be done. Let me first take up the points made by Shri Kashi Kanta Maitra because when his speech was heard it appeared that he was speaking really against the Resolution. But, Mr. Speaker, Sir, after careful analysis of his very big speech after it was translated by our good colleagues it appears that in pith and substance—I wish Mr. Maitra would have been here—being an astute lawyer Mr. Maitra was really searching some way out so that there could be more amendments of the Constitution for relief being given to the poor. Sir, it

appears that he started with two main objections, one is that basic character of the Constitution cannot be changed, and the second is that by seeking the forty-fourth amendment the prestige and honour of the Constitution have been farnished. It appears after careful analysis that Shri Maitra points out that he searched in vain and out of so many clauses only two clauses were found for giving relief to the poor. Exactly that is the point why it has been adopted and upheld that the Constitution of ours is not a static document, it is not a Goddess made of stone kept inside the temple.

[4.00—4.10 P.M.]

But it is a document in which we must seek and find the aspirations of our people—600 millions of Indians. Sir, these are the two points for which Shri Maitra was agitated but from the full analysis of his entire speech it appears that he really argued in favour of the amendment and not against it. He has stated in his argument that he really believes that the basic character of the Constitution cannot be changed. Obviously, Sir, Shri Maitra drew his inspiration from Golaknath's case but Golaknath's case itself and thereafter later decisions clearly indicate that whether it is Golaknath's case or Sajjan Singh's case the main idea is that under Article 368 of the Constitution there is enough power to amend the Constitution itself. Sir, we all must read what was the old Article 368, otherwise, if we only read the present amendment portion we shall be out of touch of the main powers of the Constitution. In Article 368 Part XX as it stood, Sir, it is stated clearly and in categorical terms in regard to amendment of the Constitution. Amending power of the Members of the Parliament it is not stated, it is not stated the procedure of amendment, it is not stated the amendment of the Constitution except fundamental rights, it is not stated the amendment of the Constitution except directive principles, it is not stated that amendment of the Constitution means only this that Shri Maitra does not like any amendment. Sir, in Article 368 it is stated that "amendment of this Constitution may be initiated only by the introduction of a Bill for the purpose in either House of Parliament and when the Bill is passed in each House by a majority of the total Membership of that House and by a majority of not less than two-thirds of the Members of that House present and voting it shall be presented to the President for his assent and upon such assent being given to the Bill the Constitution shall stand amended in accordance with the terms of the Bill". Sir, I repeat "the Constitution shall stand amended in accordance with the terms of the Bill". So where does Shri Maitra find that there is no power given or that the power is restricted or that there is any infringement or that the entire Constitution would be put into ignominous shame if constitutional amendments are passed. The only proviso which has come under this Article is five-fold and it is already known to each

one but the categorical wording of the Article clearly proves the fact that the Constitution itself can be amended. Why, Sir ? The reasons are two-fold—(1) general law and (2 constituent powers. General law can be formed by the Parliament or the Assembly itself and the Constituent Assembly can be so formed, can be so constituted that the amendments of the Constitution can be ushered in.

Therefore, Sir, the Parliament, when formed, had got two fold powers—(1) to make law for governing the country for administration and (2) for bringing change in the Constitution so that the hopes and aspirations of the people could be given effect to. Sir, when the Parliament itself sits within the powers of Article 368, the Parliament is functioning not as an only ordinary law making body. The parliament is functioning as the Constituent Assembly itself and therefore it has got the power of amending the Constitution. Sir, the framers of the Constitution never thought, in the year 1951, we shall make a book like the holy Quoran, or the holy Bible or the Chandi or the Geeta which can never be touched by our people and the people will keep it in their own library or in the National Library and, thereafter, even in 2051, the people shall not be able to change the Constitution. The effect is this that the framers of the Constitution then had thought that, if that be the case, then even from the grave, even after their death, they would go on ruling India for ever and ever and for time immemorial. Sir, I think, the framers of the Constitution never thought like that because that would be the worst form of tyranny, that 1 or 2 or 7 or 50 legislators or the framers sat together and for ever decided the fate of the people of India and for ever decided what was to be done for the people of India. That can never be, and, therefore, Sir, we have to look into what the framers of the Constitution themselves said when they framed this Constitution itself. No less a person than Pandit Jawaharlal Nehru was fully aware of this fact that in the written Canstitution with so many provisions and amendments, only on Article 368, there may be question raised that this is such a holy book that nobody could touch it and nobody could change it and then the whole of India will remain chained while the entire world will go towards progress. Pandit Jawaharlal Nehru, therefore, just after the Constitution was framed, told the people and told us—the honourable members present here in no unambiguous terms, and the words are as follows : "Laws are meant to fit in with the exisiting conditions. They are meant to help us, to better ourselves. If conditions change, how can the old laws fit in ? They must change with the changing conditions, or else, they become iron chained keeping us back while the world marches on. No law can be an unchangeable one. It must be based on knowledge and as knowledge grows it must grow with it." Sir, in clear language the basic philosophy of the Constitution is enshrined in these few lines. The only point is this that whether the knowledge has grown. Knowledge means not knowledge of one judge of Supreme Court. Knowledge does not mean the knowledge of a parti-

cular person. Knowledge does not mean the personal philosophy, liking, disliking or personal political thought of a particular person. Knowledge means, knowledge of the entire country—the hopes and aspirations of millions of people of India.

[4.10—4.20 P. M.]

Sir, out of so many people, 33⅓% are so far educated which means they can only sign and read their own names. It is we, the Parliament, who have been elected by those people. They have charged us to perform our duty and to give effect to their hopes and aspirations. We have given a manifesto before the election. The party in power is there. The manifesto give the socio-economic philosophy. We are going to do this and that and these things. The election manifesto is one of the parts of democratic set-up. We tell the people that we are going to reform about agarian land reforms. We are telling the people that we are going to nationalise some of the banks ; we are telling the people that we are going to abolish the privy purse and thereafter when we want to change and make the law immediately the Supreme Court comes in, strikes it and sit down. How can that be, Sir ? It is not possible that in a country while giving effect to the socio-economic ideas of the people there would be a law and by that law somebody else will be there who may or may not have touch with the people. They will say that Parliament is not supreme. Supreme Court is supreme. It cannot be. That cannot be the thought of the land either in the case of the Judges of the Supreme Court or the legislators or the framers of the Constitution. Sir, in that case it will be a ruling from the grave and the worst type of tyranny. Sir, these are not my words. There are the words of Sir Thomas Paine, the great social thought and philosopher. Sir, may I have this opportunity to place before the House the golden words which are seldom though repeated. Thomas Paine, the great social philosopher said this, "There never did, there never will, there never can exist if Parliament or any description of men or any generation of men in any country possessed of the right of the power of binding posterity to the end of time. The vanity and presumtion of governing beyon l the grave is the most ridiculous and insolent of all tyrannies." 'The vanity and the presumption of governing beyond the grave is the most ridiculous and insolent of all tyrannies'. The framers of the Constitution, many of these great men, are now dead and gone. Sir, did they ever think that, even though 'we are dead, even though we have not got any touch with the thoughts and aspirations of the people of India, even though we are not with them, but still from behind our grave we shall go on ruling them saying these are your fundamental rights only, these are your directive principles only and you cannot change any more whatsoever.' That

cannot be so. Sir, they are the people who ushered in independence. They have given the leadership to the millions of people who are living. Therefore, Sir, in my humble speech I want only to make that there is no such sacrosanct principle that the Constitution can never be amended or the fundamental rights are such things that they cannot be touched. Now, Sir, whenever any Constitution amendment comes we shall have to decide very dispassionately. I was hearing with rapt attention the speech of the CPI members, specially of Shrimati Ila Mitra this morning. Sir, while Shrimati Mitra wonders about the dangers by the rightists, I do want to warn the CPI that if you bring in such matters which are not related to the constitutional amendment power, if you try to make some gain of your own party because the constitution amendments are the anvil of the Parliament, you will be doing the greatest harm to the society. Because we have to decide very dispassionately, we are not trying to open a flood gate so that the entire rights and aspirations should be taken in. The constitution is such that it shall have to be decided on knowledge and means what the people of India, at present, now, want to fulfil according to their hopes. Therefore, if extraneous circumstances are brought in, our ideas will be completely coloured. We shall fail to see reason, we shall utterly become disorganised in such a manner that we shall not be able to put through this constitutional amendments. Now, Sir, coming to the very basic feature, Mr. Maitra argued that amendment cannot be done. Why it cannot be done—because there is no power. In Article 368 itself there is power and what is the shame or ignominy or how we are tarnishing the image of the Constitution when we are trying to give effect to the hopes and aspirations of the people ? Sir, if it is stated from the political platform it might sound that a political speech being made. But I am not trying to do so. Let us see very dispassionately what the greatest of the lawyers had said on this point. May I readily refer to Sajjan Singh case, Sir ? In Sajjan Singh's case what the Judges could do in giving effect to the hopes and aspirations of the people ? We have learnt what is justice ; we have learnt what is to be done for the benefit of the people and the ill and the handicapped. But things are changing, Sir. We are thinking of social justice and it is not the utterance of any political personality. It is the utterance of the then Chief Justice, Gajendragadkar in Sajjan Singh's case that every Judge shall have to look into and decide according to the social changes obtaining in the country itself. In Sajjan Singh's case the then Chief Justice, Gajendragadkar at page 944 said this, in no uncertain terms, "It would be seen that the genesis of the amendment made by the Parliament in 1951 by adding article 31 and 31(b) of the Constitution clearly to assist the State Legislature in this country to give effect to the economic policy in which the party in power passionately believes to bring about much needed agrarian reforms." Sir, this was in reference from a Kerala case where the State Legislature wanted to make some agrarian reforms. They wanted to bring social revolution and thereby

amend the Constitution. It was struck down by saying that this is *ultra vires* the constitution because there is no power. Immediately Parliament brought in article 31(a) and thereafter it was challenged in Supreme Court in Sajjan Singh's case. It has been held in no uncertain terms that the Judges shall have to look into what is the social philosophy. Are you going to give effect to the knowledge ? Are you going to give effect to the aspirations of 600 million people ? Are you going to do some good for your country ? If that be so, there is no fetter in the constitution. You can certainly amend the constitution. You can certainly make the law if it gives better life to the people of India, if it gives better benefit to a large section of the people, if it tries to give what is necessary according to their needs. Sir while doing so what is necessary is the pith and substance. There are so many chapters. What we examine is this. By examining this we find that we shall be able to usher in a new economic order. Sir, there will be a big book like Constitution and each one of the legislators present here, so many members of the Parliament, legislators and M L.A.s elected by 600 million people will remain utterly callous and we will all be the worshipper of a book and saying, 'we are sorry we cannot touch it. It is such a holly book that whatever be your aspiration, you may die and the Zaminder will come and take away your property, but we shall not be able to see'. What is the definition of property ? We shall not be able to add instead of the word 'compensation' the word 'amount' which was sought to be done in the latest legislation.

[4.20—4.30 P.M.]

Therefore, Sir, the entire thing to be decided is—what is necessary at that time for the people and which is best forum for deciding that. For what is necessary for West Bengal, is this not the best place ? This House of ours, this temple of ours is the best place to decide for the people because the members have been elected by the people of West Bengal. So in Parliament, and all over India, there were elections and the Parliament has been given power to give effect to their wishes and the political party on which the power rests. Sir, Shri Gajendragadkar did not wait there it was just not a single line which I have quoted. His lordship again repeated this very thing in no uncertain term like this : "If the pith and substance, test is applied, and the amendment made by the impugned Act, it would be clear that Parliament is seeking to amend fundamental rights solely with the object of removing any possible obstacle in the fulfilment of the socio-economic policy in which the party in power believes." What else the 44th Amendment has done, Sir ? Therefore, it is only and solely for the fulfilment of the socio-economic policy in which the party in power believes that the amendment of the Constitution has been sought for.

(**At this time the blue light was lit**)

Sir, the time is short. and, therefore, I will not trouble the House with Keshabananda Bharati's case. But whatever may be the case law, whatever may be the decision, Sir, we must and shall have to remind ourselves that the lady justice is painted blind but she is neither deaf nor she is dumb. Therefore, we have to hear the voices of the people and utter their words for those who cannot say what they desire. I would request the C P I members—you have been the elected members—to withdraw whatever they have stated they want to add because according to the needs of the time that would come. There is no idea of saying that 'we want something more; this is good but we want something more'. Let us have it passed in such a manner as the hopes and aspirations of the 600 million people are properly given effect to. There is a power, there was always a power, to amend the Constitution, and I do support this 44th Amendment Bill. Thank you, Sir.

শ্রীশরদিন্দু সামন্ত ঃ স্যার, আজকে ৪৪তম অ্যামেণ্ডমেন্ট-এর যে প্রশ্ন আমাদের অ্যাসেম্বলির সামনে এসেছে, আমাদের বিজনেস-এর আমাদের পার্টিসিপেশন হচ্ছে, আমরা র‍্যাটিফিকেশন করব সেই প্রশ্নে আমি সম্পূর্ণ একমত। কয়েকটি কথা বলা হয়েছে কেন এই অ্যামেণ্ডমেন্ট? প্রথম ১৯৫১-এ কনস্টিটিউশন-এর ফার্স্ট অ্যামেণ্ডমেন্ট অ্যাক্ট পাস হয়েছিল। একথা কিন্তু কাশীবাবু বলেন নি। ২৬শে নভেম্বর, ১৯৪৯-এ আমাদের কনস্টিটিউশন-এর প্রিয়েম্বল লেখা হয়েছিল। তারপর ১৩টি প্রদেশে অ্যাগ্রেরিয়ান রিফর্মস পাস হয়েছিল। বিহারে ১৯৫০-এ ল্যাণ্ড রিফর্ম অ্যাক্ট, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশে ল্যাণ্ড রিফর্ম অ্যাক্ট পাস হয়েছিল। এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট পাস হবার পর সেগুলির হাইকোর্টে ভ্যালিডিটি চ্যালেঞ্জ করে, তার ফলে বিহার ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট সম্পর্কে পাটনা হাইকোর্ট বলে এটা আন-কনস্টিটিউশনাল। উত্তর প্রদেশে বলা হল, নাগপুর হাইকোর্ট থেকে বলা হল এটা কনস্টিটিউশনাল। এই কারণে ৩টা জাজমেণ্ট সুপ্রীম কোর্টে চ্যালেঞ্জ হয়েছিল।

সুপ্রীম কোর্টে চ্যালেঞ্জ হওয়ার পর আমরা দেখলাম সেই সময়ে ফার্স্ট অ্যামেণ্ডমেন্ট অ্যাক্ট পাস হয় এবং পাস হওয়ার পর সেই অ্যামেণ্ডমেন্ট অ্যাক্ট সুপ্রীম কোর্টে যখন চ্যালেঞ্জ হল তখন সুপ্রীম কোর্টের ৫ জন জাজ একমত হয়ে রায় দিয়েছিলেন যে, ইণ্ডিয়ান কনস্টিটিউশনের আর্টিকেল ৩৬৮ অনুসারে অ্যামেণ্ডমেন্ট করার পার্লামেন্টের ক্ষমতা আছে। তারপর সজ্জন সিং কেস এল, সেভেনটিন্থ অ্যামেণ্ডমেন্ট অ্যাক্ট কনস্টিটিউশনে যখন পাস হল সেটাও চ্যালেঞ্জ হয়েছিল এবং তখন জাজরা মেজরিটি ভিউ দিয়েছিলেন যে, কনস্টিটিউশনের সেভেনটিন্থ অ্যামেণ্ডমেন্ট অ্যাক্ট যেটা পাস

হয়েছিল সেটার অ্যামেণ্ডমেণ্ট করার ক্ষমতা পার্লামেণ্টের আছে। তারপর আমরা দেখলাম গোলকনাথ কেস এল, সেটা আবার সুপ্রীম কোর্টে চ্যালেঞ্জ হল এবং গোলকনাথ কেসে বলা হল যে, সজ্জন সিং কেসে যেটা সুপ্রীম কোর্ট রায় দিয়েছিলেন সেই কেসটা তাঁরা আবার রিভিউ করতে চাইলেন। শুধু তাই নয়, শংকরীপ্রসাদ কেস এবং সজ্জন সিং কেস রিভিউ করা হয়েছে। আমার জানা নেই কোন দেশের বিচার ব্যবস্থায় বা ভারতের কোন জাজমেণ্টে এমন কোন কথা আছে কিনা যে, দুটো জাজমেণ্টে সুপ্রীম কোর্টের মেজরিটি জাজ তাঁদের ভিউজে বলে গেলেন যে, কনস্টিটিউশনের আর্টিকেল ৩৬৮ অনুসারে অ্যামেণ্ডমেণ্ট করার ক্ষমতা পার্লামেণ্টের আছে, সেই জাজমেণ্ট আবার টেস্টেড হল গোলকনাথ কেসে এবং সেই গোলকনাথ কেসে মিঃ স্পীকার, স্যার, আপনি জানেন যে, ৬ জন এবং ৫ জন মোট ১১ জন জাজ কি জাজমেণ্ট দিয়েছিলেন। ৬ জন জাজ বলেছিলেন যে, আমরা শংকরীপ্রসাদ কেস এবং সজ্জন সিং কেস রিভিউ করতে পারি, ৫ জন জাজ বলেছিলেন আমরা রিভিউ করতে পারি না এবং পার্লামেণ্টের ক্ষমতা আছে আর্টিকেল ৩৬৮ অনুসারে কনস্টিটিউশন অ্যামেণ্ডমেণ্ট করার। মিঃ স্পীকার, স্যার, গোলকনাথ কেস থেকে আমি পড়ে শোনাচ্ছি, কেননা বেসিক স্ট্রাকচার অব দি কনস্টিটিউশন সম্বন্ধে অনেক প্রশ্ন উঠেছে আমরা করতে পারি কি না পারি। এখানে জাজরা বলছেন :

We have given our careful consideration to the agrument that certain basic features of the Constitution cannot be amended under Art. 368 and have come to the conclusion that no limitation can be and should be implied upon the power of amdndment of under Art. 368 One reason for coming to this conclusion is that if we were to accept that certain basic features of the Constitution cannot be amended under Art. 368, it will lead to the position that any amendment made to any article of the Constitution would be liable to be challanged before the courts on the ground that it amounts to amendment of a basic feature. Parliament would thus never be able to know what amendments it can make in the Constitution and what it cannot; for till a complete catalogue of the basic features of the Constitution is available, it would be impossible to make any amendment under Art. 368 with any certainty that it would be upheld by courts.

স্যার, সেই জাজমেণ্টে বলে গেলেন সুপ্রীম কোর্ট যে, তাঁদের এই ক্ষমতা আছে। এই অ্যামেণ্ডমেণ্ট প্রসঙ্গে কালকে কাশীবাবু বলে গিয়েছিলেন যে, আমাদের কারোর ক্ষমতা নেই, পার্লামেণ্টের ক্ষমতা নেই কনস্টিটিউশন অ্যামেণ্ডমেণ্ট করার! তাহলে আমরা জিজ্ঞাসা করি কার এই ক্ষমতা আছে? ল দিনের পর দিন চেঞ্জড হচ্ছে এই বিষয়ে কোন সন্দেহ নেই। আজকে পার্লামেণ্টের যদি ক্ষমতা না থাকবে তাহলে

কার এই ক্ষমতা আছে? বেসিক ফিচার্স অব দি কনস্টিটিউশন সম্বন্ধে গোলকনাথ কেসে এই কথাগুলি বলা হল, আমি সেই গোলকনাথ কেস উদ্ধৃত করে দেখালাম যে, পার্লামেন্টের ক্ষমতা আছে কনস্টিটিউশন অ্যামেণ্ডমেণ্ট করার। আমি স্যার, পণ্ডিত জওহরলাল নেহরুর কয়েকটি লাইন আপনার সামনে পেশ করতে চাই। তিনি বলেছিলেন: The service of India means service of the millions who suffer. It means the ending of the poverty, ignorance and disease and inequality of opportunity. The ambition of the greatest man of our generation has been to wipe every tear from every eye. That may be beyond us, but as long as there are tears and sufferings, so long our work will not be over.

দেয়ারফোর, স্যার, আমাদের নিজেদের ধারণা আজকে আমরা যেটাকে আইন বলছি সেই আইনটা আজকে দেশের প্রয়োজন আছে, কালকে যদি একটা জেনারেশান চিন্তা করে যে, এই আইন চেঞ্জ করা দরকার, নিশ্চয়ই সেই আইন চেঞ্জ করা হবে।

[4.30 -4.40 P. M.]

হোয়াট ইজ আওয়ার কনস্টিটিউশন, স্যার? ইট ইজ এ রিটেন কনস্টিটিউশন। কোন দেশের এমন কনস্টিটিউশন নেই যে, ইট ইজ রিজিট অ্যাণ্ড ইট ক্যান নট বি অ্যামেণ্ডেড। টেক ফর ইনস্ট্যান্স—অস্ট্রেলিয়ার কনস্টিটিউশন, জাপানস কনস্টিটিউশন, আয়ার্ল্যাণ্ডস কনস্টিটিউশন, প্রত্যেক জায়গায় দেখবেন এই ব্যবস্থা রয়েছে। কাজেই এটা কোন কথা নয় যে, কনস্টিটিউশন অ্যামেণ্ড করা যাবে না। এখানে বলা হয়েছে যে, কনস্টিটিউশন অ্যামেণ্ড করে আমরা হাইকোর্টের ক্ষমতা কেড়ে নিচ্ছি। এটা মোটেই ঠিক কথা নয়। আমরা আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি আগে হাইকোর্টে দাঁড়ালেই এক্স পার্টি ইনজাংশন পাওয়া যেত। কিন্তু এই কনস্টিটিউশন অ্যামেণ্ড করে বলে দেওয়া হয়েছে যে, এক্স পার্টি ইনজাংশন পাবে না। তবে ইন এক্সট্রিম কেস্ হাইকোর্ট ইচ্ছা করলে ইনজাংশন দিতে পারে, না হলে দিতে পারবে না। উইথ নোটিশ টু দি আদার সাইড অর গভর্নমেণ্ট দিতে পারে। কাজেই কোর্টের ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে এটা ঠিক কথা নয়। আর একটা কথা বলছি, পিপল কি একেবারেই ব্লকড? তাদের কি কোন অল্টারনেটিভ ফোরাম বা অল্টারনেটিভ রেমিডি নেই? এটাও ঠিক কথা নয়। আমরা দেখছি সার্ভিস ট্রাইবুনালে

প্রভিসন রয়েছে যে, সার্ভিস ট্রাইবুনাল করে যারা অ্যাফেক্টেড হচ্ছে তারা যেতে পারবে। কাজেই একেবারে উইদাউট রেমিডি হয়েছে এটা ভুল কথা। যাঁরা এই কনস্টিটিউশনের অ্যামেণ্ডমেন্টে বাধা দিচ্ছেন তাঁরাই আজকে চিৎকার করছেন। আমরা দেখেছি যখন অ্যাগ্রেরিয়ান রিফর্মস এল, আপনারা জানেন কনস্টিটিউশনে নাইনথ সিডিউল যেটা অ্যাড করা হয়েছে সেখানে থার্টিওয়ান বি-তে বলা হল, যে আইন ঢোকানো হল সেখানে কনস্টিটিউশনের ভ্যালিডিটি চ্যালেঞ্জ করা যাবে না। আমি উদাহরণস্বরূপ আপনাদের কাছে বলছি শংকরীপ্রসাদের কেস-এ কি হল? বিহার ল্যাণ্ড রিফর্ম অ্যাক্ট যখন পাস হল তখন পাটনা হাইকোর্ট বলল যে, দিস ইজ আনকনস্টিটিউশনাল। মধ্যপ্রদেশে যখন আইন পাস করা হল তখন এলাহাবাদ হাইকোর্ট বলল যে, এটা কনস্টিটিউশনাল এবং সঙ্গে সঙ্গে আমরা দেখলাম নাগপুর হাইকোর্টও বলল যে, এটা কনস্টিটিশনাল। এখন কথা হচ্ছে কোন আইন ভ্যালিড বা ইনভ্যালিড, কনস্টিটিউশনাল বা আন-কস্টিটিউশনাল দ্যাট থিং ক্যান ওনলি বি চ্যালেঞ্জড ইন সুপ্রীম কোর্ট অ্যাণ্ড নট ইন এনি আদার হাইকোর্ট। কাজেই এটা কোন অন্যায় হয়েছে বলে আমি ব্যক্তিগতভাবে মনে করি না। একই আইন সম্বন্ধে কোন কোন হাইকোর্ট বলছেন ঠিক হয়েছে, আবার কেউ কেউ বলছেন এটা ঠিক হয় নি। দেশের সবচেয়ে বড় আদালত হচ্ছে সুপ্রীম কোর্ট, কাজেই তারা যেটা বলবেন ঠিক, তার বাইরে কিছু হতে পারে না। কাজেই আমি এই ফর্টিফোর্থ কনস্টিটিউশন অ্যামেণ্ডমেন্টকে সাপোর্ট করছি এবং এটা যাতে র‍্যাটিফাইড হয় সেকথা বলছি। আমাদের মুখ্যমন্ত্রী এই যে রেজলিউশন এনেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুশান্ত ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী ফর্টিফোর্থ অ্যামেণ্ডমেন্ট বিল র‍্যাটিফিকেশনের জন্য হাউসে যা এনেছেন আমি তাকে সমর্থন করছি। এই যে অ্যামেণ্ডমেন্ট বিল আনা হয়েছে, আমি মনে করি এটা একটা ঐতিহাসিক ব্যাপার। গতকাল কাশীবাবু কংগ্রেসী যুব সম্প্রদায় যাঁরা বিধানসভায় এসেছেন তাঁদের উদ্দেশ্য করে বার বার আবেদন জানিয়েছেন যে, তাঁরা যেন এই অ্যামেণ্ডমেন্ট বিলকে সমর্থন না করেন। গতকাল কাশীবাবুর বক্তৃতা শুনে আমার একটা কথা মনে হয়েছিল যে, কাশীবাবুর বয়স হয়েছে ঠিকই, কিন্তু আমাদের সঙ্গে এতটা যে জেনারেশন গ্যাপ সেটা ভাবতে পারিনি। কাশীবাবু বার বার বলেছেন আমাদের ভারতবর্ষ বিপন্ন হতে চলেছে, ভারতবর্ষের গণতন্ত্রের নাম করে এখানে কায়েমী স্বার্থ, মনাকি ইত্যাদি প্রতিষ্ঠা করা হচ্ছে। আমি তাঁকে জানাচ্ছি ভারতবর্ষের

সর্ব প্রথম কনস্টিটিউশনের যে প্রিএম্বেল সেখানে বলা হয়েছে দি সভারিন ডেমোক্রেটিক রিপাবলিক। সেখানে এর সঙ্গে আরও যে কথা যোগ করা হয়েছে সেটা হচ্ছে সভারিন সোসালিস্ট সেকুলার ডেমোক্রেটিক রিপাবলিক। আমাদের ভারতবর্ষ একটা সোসালিস্ট দেশ এবং ভারতবর্ষের কনস্টিটিউশন সেটা স্বীকার করেছে। কাজেই আমি বুঝতে পারছি না কোথায় তিনি দেখলেন ভারতবর্ষে মনার্কি এল। আমি কাশীবাবুর কাছে আবেদন জানাচ্ছি, যুগ এগিয়ে চলেছে, ভারতবর্ষ এগিয়ে চলেছে এবং আমাদের ভাবনা-চিন্তাও এগিয়ে চলেছে। এই যখন অবস্থা তখন আমরা যদি ইণ্ডিয়ান কনজারভেটিভ অ্যাটিচুড নিয়ে চলতে চেষ্টা করি তাহলে আমরা ভুল করব। আমার আগেকার বক্তা বলেছেন হাইকোর্টে এক্স পার্টি ইনজাংশন হচ্ছে। ভারতবর্ষের সাধারণ মানুষের হাইকোর্টে আসার ক্ষমতা নেই। ২২৬ ধারা অ্যামেণ্ড করা হলে এক্স পার্টি ইনজাংশন করা যাবে না। কাশীবাবু তাঁর বক্তব্য রাখার সময় বার বার স্বপ্নের কথা বলছিলেন, বার বার খাঁচার পাখি, বনের পাখির কথা বলছিলেন। কিন্তু আমি কাশীবাবুকে বলছি, আপনি একবার চিন্তা করুন একজন কৃষক সারা বছর ধরে মাঠে চাষ করেছে, সারা বছরের তার খাদ্যের কথা ভেবেছে, তার সন্তান-সন্ততিদের পালন-পালন করবে একথা ভেবেছে, কিন্তু হঠাৎ দেখা গেল হাইকোর্ট থেকে আমাদের ভোলাবাবুর মত বড় ব্যারিস্টারের বা শংকরবাবুর মত বড় ব্যারিস্টারের মাধ্যমে বা অজিতবাবুর মত ব্যারিস্টারের মাধ্যমে বা অন্য কোন ব্যারিস্টারের মাধ্যমে যাঁদের ফি হচ্ছে ১½ হাজার টাকা একটা এক্স পার্টি ইনজাংশন গেল সেই কৃষকের হাতে।

যে কথাটা আমার আগের বক্তা বলে গেলেন যে, এক্স পার্টি ইনজাংশন হাইকোর্টে হচ্ছে—ভারতবর্ষের সাধারণ মানুষের হাইকোর্টে আসার ক্ষমতা নেই। ২২৬ ধারা অ্যামেণ্ড করা হলে এক্স পার্টি ইনজাংশন করা যাবে না। কাশীবাবু বক্তব্য রাখার সময় বার বার আমাদের সামনে স্বপ্নের কথা তুলে ধরেছিলেন। বার বার তিনি বলেছিলেন ভারতবর্ষের মানুষের কথা, ভারতবর্ষের খাঁচার পাখি বলে বলছিলেন। আমি তাই কাশীবাবুকে বলি, ভাবুন তো একজন কৃষকের স্বপ্নের কথা—একজন কৃষক মাঠে চাষ করছেন সমস্ত বছরের খাদ্যের জন্য, তার সন্তান-সন্ততিদের পালন করবার জন্য, হঠাৎ তাতে দেখা গেল এক্স পার্টি ইনজাংশন হাইকোর্ট থেকে। কাশীবাবুর মতো উকিল, ভোলা সেন মহাশয়ের মত, অজিতবাবুর মত ব্যারিস্টার যদিও মাননীয় মুখ্যমন্ত্রী এখন ব্যারিস্টারী করেন না, সিদ্ধার্থবাবুর মত ব্যারিস্টার যাঁরা দু'হাজার/আড়াই হাজার টাকা নেন তাঁরাই এক্স পার্টি ইনজাংশন করে দিলেন হাইকোর্ট থেকে। সরাসরি চলে গেল সেই কৃষকের

হাতে, সমস্ত ধান চলে গেল জমির মালিকের হাতে। কোথাও ভারতবর্ষের মানুষের কথা এখানে বলা হচ্ছে না। সংবিধান সংশোধন করে সেই শোষিত মানুষ, নিপীড়িত মানুষের জন্য এখানে সংবিধান সংশোধনের কথা বলা হচ্ছে। এই সংবিধানে কোথায় কাশীবাবু দেখলেন বনের খাঁচার পাখির কথা। এইসব কাব্যে চলে, জীবনে নয়। জীবনটা যদি কাব্য হয় তা হলে সেই জীবন হচ্ছে জীবনের অবক্ষয়। স্বপ্নেই কাব্যের সৃষ্টি হয়। কেবলমাত্র খাঁচার পাখির কথা বলেই হয় না। ভারতবর্ষের মেহনতী মানুষের কথা এই সংবিধান সংশোধনেই থাকবে। কাশীবাবু অনেক বড় উকিল, তাঁর কাছে আমি প্রশ্ন করছি workers' participation in the management—এটা কি সাধারণ মানুষের কথা নয়? এটা কি শোষিত মানুষদের পার্টিসিপেশন ইন ম্যানেজমেন্ট —এটা কি তাঁদের কথা নয়? আমাদের সংবিধান অ্যামেণ্ড করা হচ্ছে, তাতে বলে দেওয়া হচ্ছে দায়িত্বের কথা এবং কিছু ডিউটির কথা। সেই ডিউটি আমাদের হচ্ছে জাতীয় পতাকার প্রতি সম্মান করতে হবে, আমাদের জাতীয় যে সঙ্গীত তার প্রতি সম্মান করতে হবে, নারীর প্রতি সম্মান জানাতে হবে। কাশীবাবুকে আমি বলি যুগ এগিয়ে চলেছে, মানুষের ভাবনা-চিন্তা অনেক এগিয়ে চলছে, পুরোন দিনের ভাবনা-চিন্তা ঝেড়ে ফেলার জন্য আবেদন করছি। তিনি বার বার বলছেন, আমার দিন শেষ হয়ে গেছে। আমি তাঁকে বলতে চাই তাঁর দিন শেষ হয় নি, এখনও তাঁর সামনে অনেক দিন পড়ে রয়েছে। তিনি দেখবেন, ভারতবর্ষ সোভারিন, সোস্যালিস্টিক, সেকুলার দেশ হবে, এ বিশ্বাস আমাদের আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়েকটি কথা বলে এই সংশোধনী বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপরেশচন্দ্র গোস্বামীঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে সংবিধান সংশোধন বিল র‍্যাটিফিকেশন-এর প্রস্তাব আজ এনেছেন আমি আন্তরিকভাবে তা সমর্থন করছি। আমরা দেখেছি যে, এই হাউসের প্রধানতঃ তাঁরাই যাঁরা আইনজীবী, যাঁরা আইনজ্ঞ, যাঁরা আইন ভাল বোঝেন বেশীর ভাগই তাঁরাই এখানে বক্তব্য উপস্থিত করলেন। আমরা যাঁরা সাধারণ মানুষ আমাদের চোখে এই সংবিধান সংশোধন কেমন লাগছে সেটা আপনার মাধ্যমে জানানো উচিত বলে মনে করি। আইনজ্ঞ যাঁরা আছেন তাঁদের চিন্তা-ভাবনা অন্য রকম, তাঁদের সংস্কার অন্য রকম। আমরা যাঁরা সাধারণ মানুষ তাঁরা জানি যাঁরা আইন রচনা করেন এবং আইনের যাঁরা ব্যাখ্যা করেন তাঁদের নিজ নিজ ভূমিকা আলাদা। যাঁরা আইনের ব্যাখ্যা

করেন তাঁদের মর্যাদা বেশী, তাঁদের সম্মান বেশী, আর যাঁরা আইন রচনা করেন তাঁদের ভূমিকাকে খাটো করে দেখানোর চেষ্টা আমরা লক্ষ্য করি।

[4.40—4.50 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে আলোচনা হচ্ছে তাতে দেখছি, নানা রকম জিনিসের উদ্ধৃতি দেওয়া হচ্ছে এবং কিভাবে আইন করা হয়েছে তার ব্যাখ্যা করা হচ্ছে। আমাদের এখানে একটি অলিখিত আইন চলে আসছে এবং সেই অলিখিত আইন হচ্ছে, 'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই'। বিভিন্ন মনীষীরা এটা রচনা করেছেন। আমাদের স্বামী বিবেকানন্দ বলেছেন, 'হে ভারত, ভুলিও না, মূর্খ, দরিদ্র ভারতবাসী আমার ভাই'। আমরা উপনিসদের যুগে দেখেছি, 'তেন তাক্তেন ভুঞ্জীথা'। হাজার হাজার বছর ধরে বহু চেষ্টা করা হয়েছে। আমাদের দেশের বহু মনীষী ব্যক্তিগত বহু মূল্যবান কথা বলেছেন, কিন্তু তাকে কাজে রূপায়ণ করা যায় নি। তাঁরা যে দিক্‌দর্শন দিয়ে গেছেন তাকে কার্যকরী করবার জন্য আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী এগিয়ে এসেছেন। কিন্তু আমরা লক্ষ্য করছি তিনি যখন একে কার্যে পরিণত করবার জন্য এগিয়ে এলেন তখন চারিদিক থেকে এল প্রচণ্ড বাধা। আমরা লক্ষ্য করেছি এই আইন সংশোধন করবার চেষ্টা করা হচ্ছিল ৪/৫ বছর আগে থেকে। এতদিন পর্যন্ত সেটা কার্যকরী না হবার জন্য আমাদের মূল্যবান ৫টি বছর চলে গেল। বেসিক স্ট্রাকচারের কথা বলা হয়েছে। আপনারা সকলেই জানেন ফাণ্ডামেণ্টাল রাইট কাকে বলে। বাঁচার অধিকারকে বলে ফাণ্ডামেণ্টাল রাইট। এই অধিকারকে রক্ষা করবার জন্য আহ্বান জানানো হল, গরিবী হঠাও বলা হল। আগে আমাদের দেশে শ্লোগান ছিল ইংরেজ হঠাও। আজকের ন্যাশনাল শ্লোগান হল গরিবী হঠাও। কিন্তু আমরা লক্ষ্য করছি, যাদের হাতে ক্ষমতা আছে, যাদের হাতে সোর্স অব প্রোডাকশন রয়েছে, মিন্স অব প্রোডাকশন রয়েছে তাদের জন্য এই গরিবী হঠানো যাচ্ছে না। আমরা লক্ষ্য করছি, সাধারণ মানুষের জন্য যে আইন পাস হয়েছে সেটা কার্যে পরিণত করতে গিয়ে বাধা প্রাপ্ত হচ্ছে, পার্লামেণ্টে আইন পাস হয়েছে, কিন্তু কার্যে পরিণত করতে গিয়ে দেখছি বাধাপ্রাপ্ত হচ্ছে। এর ফলে সমাজতন্ত্রের কথা, ন্যাশনালাইজেশনের কথা, গরিবী হঠাওর কথা অনেক লোকের কাছে মনে হচ্ছে এগুলি ভাঁওতা। আমরা দেখেছি, টু টুয়েন্টি সিক্স-এর সুযোগ নিয়ে অনেকে এই সমস্ত কাজে বাধা দিয়েছে এবং তার ফলে আমাদের মূল্যবান ৫টি বছর নষ্ট হয়ে গেছে। কাজেই বলছিলাম, এই সংবিধান

সংশোধন আমাদের অনেক আগেই আনা উচিত ছিল। ইংরেজ আমলে তারা সামন্তদের এবং পুঁজিপতিদের রক্ষা করবার জন্য দুটি জিনিস করেছিল এবং তার মধ্যে একটি হল ল অ্যাণ্ড অর্ডার এবং আর একটি হল হাইকোর্ট এবং সুপ্রীম কোর্ট। এটা হচ্ছে একটি দুর্গ। আজকে দেখছি তার প্রহরীরা চিৎকার করছে ফাণ্ডামেণ্টাল অ্যাণ্ড বেসিক স্ট্রাকচার নষ্ট হয়ে যাচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ঊনবিংশ শতাব্দীর যে চিন্তাধারা, যে কনসেপ্ট, অষ্টাদশ শতাব্দীর যে কনসেপ্ট, সেই কনসেপ্ট কখনো বিংশ শতাব্দীতে কার্যকরী হয় না। যুগ এগিয়ে চলেছে; মহাকাল চক্রের আবর্তনে মানুষের মূল্যবোধও পাল্টাচ্ছে, চিন্তাধারা পাল্টাচ্ছে সঙ্গে সঙ্গে। আজকে আর অ্যাটমিক যুগ নয়, আজ অন্য যুগ এসে গেল—আজ মানুষ পৃথিবার মাটি ছাড়িয়ে মহাকাশের মহাশূন্যের কোথায় যে সে চলে যাচ্ছে, তার ঠিক-ঠিকানা নেই। আজকে আমরা সেই স্পেস যুগে চলে যাচ্ছি। আজকে হাইকোর্টের অনুশাসনের কথা বা তথাকথিত ফাণ্ডামেণ্টাল রাইটস-এর কথা শুনছি। আজকে মহামানবের যে জয়যাত্রা চলেছে দিকে দিকে—আজকে কবিগুরু রবীন্দ্রনাথের ভাষায় বলতে ইচ্ছা করে:

"ঐ মহামানব আসে,
দিকে দিকে রোমাঞ্চ জাগে—
মর্ত্য ধূলির সাথে সাথে।
সুরলোকে বেজে ওঠে শঙ্খ,
নরলোকে বাজে জয়ডঙ্ক—
এল মহাজনমের লগ্ন,
আজ অমারাত্রির দুর্গ তোরণ যত
ভূমিতলে হয়ে গেল ভগ্ন।"

হাইকোর্ট সুপ্রীম কোর্টের যে দুর্গ, সেটা তো ইংরেজ গভর্নমেণ্ট তৈরী করে গেছেন নিজেদের স্বার্থে। আজকে শ্রীমতী ইন্দিরা গান্ধী সেই সংবিধান সংশোধনের মাধ্যমে সেই মহাজীবনের যাত্রাকে শোধন করবার জন্য জনগণের হাতে ক্ষমতা তুলে দেবার জন্য চেষ্টা করছেন। তাঁকে বাধা যাঁরা দিচ্ছেন তাঁরা ভুল করছেন। কবির কথায় বলছি—'ওহে, পশ্চাদপদ যাত্রী মনে সন্দেহ জাগে আজ।' তাদের মনে সংশয় জাগছে। যে কাশীকান্তবাবুকে আমি একজন প্রগতিশীল ব্যক্তি বলে জানতাম, তাঁর মনেও সংশয়, দ্বিধা জাগছে কেন—আমি জানি না! আজকে হাইকোর্টের পাওয়ার গেল গেল বলে তিনি চিৎকার করছেন। আজকে জনগণের আদালতে যে আইন তাদের হাতে তুলে দেওয়া হচ্ছে জনগণকে সামনে এগিয়ে নিয়ে যাবার

জন্য, তাদের চলার পথ সুগম করবার যে ইতিহাস দেখিয়ে দেওয়া হচ্ছে, সেই ইতিহাসের চৌমাথায় দাঁড়িয়ে আজকে আমি তাকে স্বাগত জানাচ্ছি, আজকে তাকে সমর্থন করছি।

Sixteenth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the Sixteenth Report of the Business Advisory Committee which at its meeting held on the 30th November, 1976 in my chamber recommended the following revision in the order in which the programme of business for the 1st December, 1976 will be taken up :

Wednesday, 1-12-76	(i)	Discussion on the subject of drought situation in some districts in the state—3 hours.
	(ii)	Calcutta Tramways Company (Acquisition of Undertaking) Bill, 1976, (Introduction, Consideration and Passing) —1 hour.

There will be no Calling Attention or Mention Case on the above mentioned date.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Sixteenth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

(The motion was then adopted)

শ্রীঅজিতকুমার বসুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কিছুদিন আগে জোট-নিরপেক্ষ দেশগুলির মহাসম্মেলন হয়ে গেল কলম্বোতে। সেখানে যে অর্থনৈতিক কর্মসূচী নেওয়া হয়েছে তা আমরা অনেকেই জানি। আমি যেটা নজরে আনতে চাই, সে একটা নতুন জিনিস। আমরা অর্থে সামর্থ্যে শিল্পে, এমনকি কৃষি ব্যবস্থায়, বিজ্ঞানে ও কারিগরী জ্ঞানে খুবই অনগ্রসর। তবু আমরা একজোট হয়ে পৃথিবীর অন্যান্য ধনিক রাষ্ট্রকে বলেছি—যারা তোমরা চিরকাল আমাদের শোষণ করে পৃথিবীতে সম্পদের সমারোহ করেছ এবং জ্ঞান-বিজ্ঞানের অধিকারী হয়েছ, তাদের আমরা জোর গলায় বলছি—এই যে অর্থনৈতিক অসাম্য এটা তোমাদের দূর করতে হবে—যাকে রিস্ট্রাকচারিং অব ওয়ার্লড ইকনমি বলা হচ্ছে। গত ২৫ বছর আগে এই সমস্ত কথা শোনা যায় নি—কেউ বললে তাকে পাগলের প্রলাপ বলা হত। আজকে পৃথিবীর রাজনৈতিক পরিস্থিতি এতখানি বদলে গেছে যে, প্রতিক্রিয়াশীল শক্তিগুলো

আজ কোণঠাসা হচ্ছে এবং সঙ্গে সঙ্গে সে আজও লড়ে যাচ্ছে। যে জায়গায়, যে ক্ষমতা তার হাতে আছে, তার সে অধিকার ও ক্ষমতা কিছুতেই ছাড়তে রাজি নয়, তবু আজকে তাকে সেটা ছাড়তে হচ্ছে। এই পরিস্থিতি আজকে দাঁড়িয়েছে। আমাদের জোটনিরপেক্ষ দেশগুলি আজকে ধনিক দেশগুলিকে স্পষ্ট করে বলে দিয়েছে—তোমরা এতকাল আমাদের শোষণ করে বড় হয়েছ, আজকে আর তোমাদের মুরুব্বিগিরি চলবে না। আজ নতুনভাবে পৃথিবীকে সংগঠন করে যাতে অর্থনৈতিক বৈষম্য অনেকখানি দূর হতে পারে তার চেষ্টা তোমরা কর, আর রাজনৈতিক ক্ষেত্রে নতুন নতুন কথা এনে এবং নতুন নতুন কথার অবতারণা করে টেনে নিয়ে যাও।

[4.50—5.00 P. M.]

যদিও এটা সত্য কথা যারা সেই অধিকারগুলো ভোগ করছে তারা সহজে সেগুলো ছেড়ে দেবে না। কখনও যবনিকার অন্তরালে, কখনও প্রকাশ্যে, নানা কায়দায়, শাখা-প্রশাখা বিস্তার করে তারা আক্রমণ করবে এবং নতুন পথে যে দেশ যাবার চেষ্টা করছে, সেখানে যেভাবে তারা পারে বাধার সৃষ্টি করবে। এই পরিবর্তিত অবস্থার পরিপ্রেক্ষিতে ভারতবর্ষ এই সংবিধান সংশোধন বিল আলোচনা করছে। একথা সত্যি কথা, কতবার এইখানে দাঁড়িয়ে এইকথা বলা হয়েছে, সংবিধান সংশোধন হক, এই ২২৬ ধারা দেশের সর্বনাশ করছে এবং আমরা মনে করি এবং অনেকেই মনে করে অনেক দেরিতে এই সংবিধান সংশোধনের ব্যবস্থা হয়েছে, আরও অনেক আগে এটা হওয়া উচিত ছিল। আমাদের দেশে এই সংবিধান সংশোধনের প্রয়োজন অত্যন্ত বেশি হয়ে পড়েছিল সাধারণ মানুষের স্বার্থে এবং দেশের মানুষের অগ্রগতির স্বার্থে। সুতরাং এই সংশোধনী বিলের বিপক্ষে অনেকে থাকবে। এই সেদিনও যারা বাইরের সাম্রাজ্যবাদী শক্তির লোক প্রতিক্রিয়াশীল তারা কি চরম আঘাত আনল। অবশ্য আমাদের দেশের লোক তাকে পরাস্ত করেছে, প্রত্যাখ্যাত করেছে। আমাদের দেশে এই শক্তি যখনই কোন সংশোধন আসবে তখনই বাধা দেবে। এই বাধা অদ্ভুত লক্ষ্য করলাম যখন এই সংশোধনী সামনে আসে। আইনের নানা বাধা দেওয়ার চেষ্টা হয়েছে। সুপ্রীম কোর্টের কথা বলা হয়েছে, কনস্টিটুয়েন্ট অ্যাসেম্বলীর কথা বলা হয়েছে, আইনের কুজ্ঝটিকার কথা বলা হয়েছে। আর বিভিন্ন শাখা-প্রশাখা বিস্তার করে এই সংশোধনী বিল যাতে পাস না হতে পারে তার জন্য নানা কথার অবতারণা করা হয়েছে। কখনও কখনও

বলা হয়েছে কনস্টিটিটুয়েন্ট অ্যাসেম্বলী কর। যেন কনস্টিটুয়েন্ট অ্যাসেম্বলী বেশি গণতান্ত্রিক পার্লামেন্টের চেয়ে। কনস্টিটুয়েন্ট অ্যাসেম্বলী যখন গঠিত হয় তখন তা হয় মুষ্টিমেয় লোকের ভোটে। আর পার্লামেন্ট গঠিত হয় সাধারণ মানুষের ভোটে। বিভিন্ন রকম কথা বলা হয়েছে। এইসব কথা শুনে আমরা আশ্চর্য হই না। সাধারণ মানুষের অগ্রগতির স্বার্থে যখনই আইনের কথা ভাবি তখনই আমাদের দেশের স্ট্যাটাস কো যারা মেনটেন করতে চায়, শুধু তাই নয়, পুরানো অবস্থায় দেশকে ফিরিয়ে যারা আনতে চায়, তারা বার বার এই কথা বলবে, কথার কুজ্ঝটিকা সৃষ্টি করে বাধা দেবার চেষ্টা করবে। কাজেই এখানে সংবিধান সংশোধনের কথা বলতে গিয়ে এই সমস্ত কথা এসে পড়ে, এগুলো অন্তর থেকে বলতে হচ্ছে, অন্য কিছু নয়,। একজন বন্ধু বললেন, আপনারা সুযোগ নেওয়ার চেষ্টা করছেন। জানি না সুযোগ নেওয়ার কথা কেন বলেন। আমাদের কৌশল পারটি যে কাগজ বলে, আমি তাদের বলি আমরা যদি সত্যিই তাই হতাম তা হলে আমরা সেই কাগজের ডিরেক্টর হতাম। যেসব মন্ত্রী এইসব কথা বলেন, তাঁদের আমরা বলি আমরা তাই হলে আমরা ওই মন্ত্রীদের ওখানেই বসতাম। কাজেই এই সমস্ত কথা বলে লাভ নেই। সংবিধান সংশোধন করতে গিয়ে কায়েমী স্বার্থেরা স্ট্যাটাস কো মেনটেন করার জন্য যে-সব কথা বলে সে-সব কথা ভাবতে হবে। আগামী দিনে একে ইমপ্লিমেন্টের দায়িত্ব আমাদের এবং আমরা ইমপ্লিমেন্ট করতে পারব না যদি জনসাধারণকে ইনভলভ্ করতে না পারি এবং সেই জনসাধারণকে ইনভলভ্ করতে গেলে কোথা থেকে বাধা এসেছে, কি বাধা এসেছে, সমস্ত কথা যদি জনসাধারণকে না বলি তা হলে তাদের কি করে ইনভলভ্ড করতে পারব?

সেইজন্য বলছি, এটা কোন সুযোগ নেবার ব্যাপার নয়। আজকের দিনে যে রাজনৈতিক পটভূমিকার পরিবর্তন হচ্ছে সেদিকে আমরা টেনে নিয়ে যাচ্ছি—এই কথাই আমরা চিৎকার করে বলবো। যে কথা এখানে উঠেছে যে, আপনারা এত বড় বড় কথা কেন বলছেন। আজকে পরিস্থিতি যা তাতে আমরা যতটুকু এগিয়ে যেতে চাই, আসুন না, আমরা সকলে মিলে যাই। আজকের এই পরিস্থিতি থেকে দূরে যাওয়া যাবে না। আমাদের দুর্ভাগ্য যে, আপনাদের ঠিকভাবে বুঝিয়ে দিতে পারছি না। আমাদের দেশের বহু জ্ঞানী-গুণী লোক মনে করেন, যতটুকু হল ঐটুকুই যথেষ্ট। এটা খুবই দুঃখের কথা। ল্যাসিস-ফেয়ার প্রিনসিপল আপনারা নিশ্চয় পড়েছেন। আন্তর্জাতিক আইনের ব্যাপারটি উপেক্ষা করেছেন—উপনিবেশ সৃষ্টি করেছেন—আমাদের ভাগ দিতে হবে। তার পিছনে এই যে পরিবর্তন করছেন তাতে যে ফাঁক থেকে গেল যে, অ্যামেণ্ডমেন্ট আমরা দিয়েছি আগামী দিনে নিশ্চয়

তা ফুলফিল করতেই হবে। কেননা এটা আজকে প্রয়োজন—বহু আংশিক গ্রহণযোগ্য দাবি সকলে মিলে না করলে হবে না। আজকে জোটনিরপেক্ষতা দেশের লোক দাবি করছে। তার উপর নির্ভর করে আমি বলি যেটুকু এসেছে এইটুকুকেই গ্রহণ করা হোক। কেউ বলছেন গ্রহণ করবেন না। কিন্তু কেন এ কথা বলছেন? যে দুর্বলতা আজকে রেখে যাওয়া হচ্ছে আগামী দিনে সেইসব দুর্বলতার ফাঁক দিয়ে প্রতিক্রিয়াশীলরা বিভিন্ন সূত্র বের করে হরেক রকম কারচুপি করে বাধা সৃষ্টি করবার চেষ্টা করবে। দ্বিতীয় কথা হচ্ছে, মেহনতী মানুষের স্বার্থে এক কদম এগিয়ে যেতে যেতে যে ট্রাইবুনালগুলি তারা তৈরী করেছে সেগুলি অন্তর্ভুক্ত করা হোক। এটা আমি বুঝতে পারছি না কেন তা করা হল না। পৃথিবীর সমস্ত দেশের মধ্যে ভারতবর্ষের ক্ষেতমজুর বেশি নির্যাতিত নিপীড়িত। আর এই ক্ষেত-মজুরকে বাদ দিয়ে সমাজতন্ত্র আসতে পারে না এটা সকলেই জানেন। তাই আমি বলব, ট্রাইবুনালের বিচারকে অন্তর্ভুক্ত করা হোক। আর একটা জিনিস গোলমাল হচ্ছে, ইমারজেন্সি হল—স্বীকার করি বেশ তা হোক। কিন্তু দেশের এক জায়গায় এমারজেন্সি হল তো সব জায়গাতেই সেটা প্রয়োগ করা যাবে—এ কিরকম কথা? এই যে এমারজেন্সি হয়েছে কিন্তু কেরলে এমারজেন্সি হয় নি। কিন্তু এই এমারজেন্সি করে নাগাল্যাণ্ডে যে আইন করা হল আজকে সেটা কেরলেও লাগানো যাবে? এটা কিরকম ব্যাপার বুঝতে পারছি না। ভারতবর্ষ মস্ত বড় দেশ—এখানে ভাষা সাংস্কৃতিক বিভিন্ন রকম বৈষম্য আছে এবং এখানে দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল শক্তি অত্যন্ত শক্তিশালী। এখানে একটা রাজ্যে কোন গোলমাল হলে এমারজেন্সি হতে পারে, কিন্তু সেই এমারজেন্সি আইন অন্য রাজ্যেও প্রযোজ্য হবে বা হয়ে যাবে? এর ভিতর কি গণতন্ত্রের বিকাশ হতে পারবে? আমি শুধু এইটুকুই বলব।

[5.00—5.10 P.M.]

আমাদের সংবিধান সংশোধনীতে যে-সমস্ত ভাল ভাল জিনিস রাখা হয়েছে, যে-সমস্ত অগ্রগতির ব্যবস্থা রাখা হয়েছে তার সঙ্গে সঙ্গে পাশাপাশি আমরা দেখতে পাচ্ছি অত্যন্ত নগ্নভাবে অনেক জায়গায় কায়েমী স্বার্থের সংগে আপস করা হচ্ছে, তা না হলে এই জিনিসগুলো হত না। ধরুন ট্রাইবুনালের কেস। সরকারী কর্মচারীরা তারা অন্য কোথাও যেতে পারবে না, ট্রাইবুনালে আসতে হবে। গভর্নমেণ্ট যতক্ষণ পর্যন্ত কেস না পাঠাচ্ছে ততক্ষণ পর্যন্ত নিজেদের যাবার কোন উপায় নেই। পার্লামেণ্টে বিতর্ককালে আইনমন্ত্রী গোখলেকে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বলেছিলেন, আমার মত এই, এরপরে কি হবে জানি। কোর্টের

বিচারে অনেক বিধিনিষেধ আছে। জাস্টিস ডিলেড ইজ জাস্টিস ডিনায়েড। ঠিক আছে, একটা বিচারের ব্যবস্থা কর—সেখানে কর্মচারী প্রতিনিধি থাকবে। এই যেমন ধরুন শ্রমমন্ত্রী লেবার ট্রাইবুনালে চলে গেলেন—যেটুকু পাঠান সেটুকু হতে পারে। কাজেই সেইগুলি সব সময় করা যাচ্ছে না। সেগুলি করার কথা বললেই উড়িয়ে দেওয়া হচ্ছে। কাজেই এইসমস্ত জিনিসগুলি না করলে যে-সমস্ত কথা বলা হচ্ছে তার গুরুত্ব বেশ খানিকটা কমে যায়। এই যে ফাঁকগুলি আছে এগুলি কি সবই অবাস্তব? আমি বেশী দূরের কথায় যাচ্ছি না—দৃষ্টিভঙ্গি ফিরে আসছে। সমাজতান্ত্রিক রাষ্ট্রে আমরা বাস করছি না, সমাজতান্ত্রিক পরিবেশের মধ্যেও বাস করছি না, সমাজতান্ত্রিক অর্থনীতি আমাদের দেশে এখন কায়েম হয় নি। আমাদের উদ্দেশ্য হল আমরা সেদিকে যাবার চেষ্টা করছি, করব। কিছুদিন আগেও আমাদের কনস্টিটিউশনে সমাজতন্ত্রের কথা ছিল না। আজকে হঠাৎ আমদানি করবার প্রয়োজনীয়তা কেন হল? এটা কি অনুগ্রহ করে করেছি? আজকে আমাদের দেশে কায়েমী স্বার্থের চাপাচাপি থাকা সত্ত্বেও বহু রাজনৈতিক, অর্থনৈতিক সংঘাতের ভিতর দিয়ে আমাদের দেশকে সমাজতন্ত্রের দিকে যেতেই হবে। কাজেই সেইজন্য এই কথাটি এসেছে। সমাজতন্ত্রের কথা আগে ছিল না, এখন এসেছে। সমাজতন্ত্র ছেলেখেলা নয়—সুইডিস, ইজরায়েল ধরনের নয়। সমাজতন্ত্রে উৎপাদিত জিনিস মেহনতী জনতার হাতে আসবে, কায়েমী স্বার্থ সাধারণ মানুষকে শোষণ করতে পারবে না। সমাজের যে অর্থনৈতিক অবস্থা তাতে কনস্টিটিউশনের মধ্যে এটাকে যদি আমদানি করতে পারা যায় তা হলে যেটুকু কথা বলছি এই দুর্বলতাগুলি আগে দূর করতে হবে। আমরা বলছি এর মধ্যে প্রচুর দুর্বলতা রয়েছে। কাজেই আমরা মনে করি যে বিভিন্ন শাখা-প্রশাখার সঙ্গে কিছু কিছু আপস করা হয়েছে এবং ধনিক শ্রেণীর সঙ্গে সরকার বিভিন্ন সময়ে আপস করেন। মনোপলি ক্যাপিটাল, বিদেশী পুঁজিকে গত বছর আরো বেশী মুনাফা অর্জন করতে দেওয়া হয়েছে। কাজেই আপসের প্রবণতা রয়েছে। সংবিধান সংশোধনের ক্ষেত্রে যে অগ্রগতি হচ্ছে তাকে কার্যকরী করার জন্য আসুন আমরা সকলে মিলে এক জায়গায় দাঁড়াই। কায়েমী স্বার্থের ষড়যন্ত্রকে অপসারিত করে দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য আমরা সকলে মিলে এক জায়গায় দাঁড়িয়ে কাজ করি। এই কথা বলে আমি সংবিধান সংশোধনী বিলকে সমর্থন করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভায় মাননীয় মুখ্যমন্ত্রী ৪৪তম সংবিধান সংশোধন সম্পর্কে যে বিল এনেছেন তাকে পরি-

পূর্ণভাবে সমর্থন করে আপনার মাধ্যমে দু/একটি কথা এই সভায় রাখছি। স্যার, এই সংবিধান সংশোধন নিয়ে একশ্রেণীর আইনজীবী, রাজনৈতিক নেতা এবং যাঁরা জনগণকে বিভ্রান্ত করতে চান তাঁরা সারা দেশ জুড়ে জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্য একটা আবহাওয়ার সৃষ্টি করতে চাইছেন। স্যার, আইনজ্ঞরা কি ভাবছেন তা বলার এক্তিয়ার আমার নিশ্চয় নেই, কারণ, আমি আইনজ্ঞ নই। আমাদের দেশের যিনি প্রধানমন্ত্রী, তিনিও বোধহয় আইনের কোন প্রতিষ্ঠানে শিক্ষা গ্রহণ করেন নি। কিন্তু স্যার, আমাদের প্রধানমন্ত্রী যে শিক্ষা গ্রহণ করেছেন সেই শিক্ষার নাম হচ্ছে ভারতবর্ষের জনসাধারণের প্রতিভূরূপে জনসাধারণের স্বার্থরক্ষা করা। আর সেই স্বার্থরক্ষার জন্য সংবিধান সংশোধন সহ আরো অনেক প্রগতিশীল এবং বাস্তবানুগ কর্মপন্থা গ্রহণ করা। প্রশ্ন উঠেছে এবং চিৎকার করা হচ্ছে যে, বিচারালয়ের উপর নাকি হস্তক্ষেপ করা হচ্ছে। স্যার, এই সংবিধান সংশোধন নিয়ে আইনজীবীরা অনেক চিৎকার করছেন, কিন্তু মহাত্মা গান্ধী ছাড়া আমার অন্য কোন আইনজীবীর নাম জানা নেই—অন্য কারুর যদি জানা থাকে বলতে পারেন, যিনি আইনের ব্যবসার সঙ্গে সত্যকে সামনে রেখে সেই ব্যবসা করেছেন। আইনের যাঁরা ব্যাখ্যা করেন, আইনের মাধ্যমে যাঁরা তাঁদের জীবিকা নির্বাহ করেন তাঁরা যদি সত্যকে সামনে রেখে জীবিকা নির্বাহ করতেন তা হলে আমি মনে করি অনেক আইনজীবীই প্রচণ্ড অর্থনৈতিক দারিদ্র্যতার মধ্যে পড়তেন। সুতরাং আইনজীবীরা যে কথা বলছেন যে, বিচারালয়ের উপর হস্তক্ষেপ করা হচ্ছে সে সম্পর্কে আমি একথা বলতে পারি যে, কিছু বিচারক কিংবা কিছু আদালত কিংবা কিছু আইনজীবী নিয়ে দেশ নয়। দেশটা কোটি কোটি মানুষকে নিয়ে। এই দেশটা এমন একটা দেশ যেখানে শতকরা ৭০ ভাগ লোক এখনও দারিদ্র্যসীমারেখার নীচে বাস করে। সেই মানুষগুলির উত্থানের জন্য, সেই মানুষগুলির কল্যাণের জন্য সংবিধান সংশোধন একবার কেন যদি বারংবার প্রয়োজন হয় বারংবারই সেই সংশোধন আসবে। স্যার, সংবিধান বেদ নয়, বাইবেল নয়, কোরান নয়, গ্রন্থসাহেব নয়, গীতা নয়। সংবিধান যাঁরা সৃষ্টি করেছিলেন তাঁরা কোন সময় এই নীতি নির্দেশ করেন নি যে, সংবিধান সংশোধন করা যাবে না। সংবিধানের জন্য মানুষ নয়, মানুষের জন্যই সংবিধান। তাই মানুষের কল্যাণের পথে যদি কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করে এই সংবিধান, মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণের ক্ষেত্রে যদি কোন বাধার সৃষ্টি করে এই সংবিধান, মানুষের অর্থনৈতিক জাগরণের ক্ষেত্রে যদি এই সংবিধান অচল অবস্থার সৃষ্টি করে তা হলে সেই সংবিধান পরিবর্তন করবে দেশের মানুষ, পরিবর্তন করবে তাঁদের যাঁরা নির্বাচিত প্রতিনিধি তাঁরা। অনেকে বলেছেন, সংবিধান সংশোধনের ব্যাপার নিয়ে

জনগণের কাছে যাওয়া হোক, আরো অনেক কিছু করা হোক। স্যার, ভারতবর্ষে যেখানে প্রায় ৫৬/৫৭ কোটি মানুষ বাস করেন সেখানে সেই দেশের মানুষের পক্ষে সম্ভবপর নয় প্রত্যক্ষ গণতন্ত্রের মাধ্যমে এই সংবিধান সংশোধনের ব্যাপারে তাঁদের মতামত জানানো।

[5.10—5.20 P. M.]

প্রত্যক্ষ ভোটের দ্বারা বিধানসভার এবং লোকসভার সদস্যরা নির্বাচিত হন। সুতরাং বিধানসভার সদস্যরা এবং লোকসভার সদস্যরা জনগণের মতের প্রতিফলন করার যোগ্য অধিকারী এবং যোগ্য মানুষ। তাই লোকসভায় এই যে ৪৪তম সংবিধান বিল গৃহীত হয়েছে তাতে জনমানসের আশা-আকাঙ্ক্ষা ব্যক্ত হয়েছে এবং আজকে বিধানসভায় সেই সম্পর্কে আলোচনা করে আমরা সেটা গ্রহণ করতে চলেছি তাতে মানুষের আশা-আকাঙ্ক্ষা ব্যক্ত হয়েছে, আশা-আকাঙ্ক্ষা প্রতিফলিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি না যে, আর কিসের মাধ্যমে এর প্রতিফলন হওয়া সম্ভবপর ছিল। আজকে যাঁরা আশঙ্কা করেছেন, সি পি আই-রা নির্বাচন পিছিয়ে দেওয়ার তীব্র বিরুদ্ধে—কই এই সংশোধনীতে তো বলা হয় নি যে, দেশ থেকে নির্বাচন উঠে গেল, দেশে আর নির্বাচন হবে না একথা তো বলা হয় নি? অনেকে বলেছেন যে, এই সংবিধান সংশোধনের মাধ্যমে একটা একনায়কতন্ত্রের মনোভাব লক্ষ্য করা যাচ্ছে। কিসের একনায়কতন্ত্র মনোভাব? এখানে তো কমিউনিস্ট দেশের মত একটা পদ্ধতি নেই। গণতন্ত্রকে আমরা স্বীকার করেছি, গণতন্ত্রকে রক্ষা করার জন্য যখন আমরা প্রতিশ্রুতিবদ্ধ এবং গণতন্ত্রের বিকাশের জন্য যখন আমরা কাজ করে চলেছি এবং প্রধানমন্ত্রী নিজে যখন মত ব্যক্ত করেছেন যে, যত শীঘ্র নির্বাচন হয় ততই মঙ্গল, তখন তো আশঙ্কার কোন কারণ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নির্বাচন তো চিরকালের জন্য পিছিয়ে যাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অনেক শ্রেষ্ঠ পুরুষ, আমাদের অনেক বড় মানুষ ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় বলেছিলেন যে, আইন এমন একটা জিনিস, সেই আইন বড়লোকেরা কেনেন। বড়লোকেরা আইন খরিদ এবং বিক্রয়ের মাধ্যমে তাঁরাই তামাসা দেখেন। তিনি বিরাট একজন আইনজ্ঞ ছিলেন, তিনি বিচারক ছিলেন। শুধু তিনিই নন, আমরা দেখেছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই নজরুলের কথা:

তোমার চক্র রুধিয়াছে আজ,
বেনের রৌপ্য টাকায় কি লাজ,
আপন আচার ছেড়ে দাও তুমি
তুমি মহামহীয়ান।
ক্ষুধিত মানব পারেনাকো আর,
সবে না এ অপমান।

বেনের রৌপ্য টাকায় হাইকোর্ট চলে, বেনের রৌপ্য টাকায় সুপ্রীম কোর্ট চলে সেই শরৎচন্দ্রের অভাগী, সেই ক্যাংলা, তার ক্ষমতা ছিল না এই গাছ কেটে নেবার প্রতিবাদে হাইকোর্টে যাবার। ক্ষমতা ছিল না গফুরের অত্যাচারের বিরুদ্ধে সুপ্রীম কোর্টে যায়। সেই বঙ্কিমচন্দ্রের হাসিম শেখ ও রামা কৈবর্তর কাছে সুপ্রীম কোর্টের দরজা, হাইকোর্টের দরজা কোনদিন মুক্ত নয়। আজকে যদি ব্যারিস্টার নিয়োগ করতে হয় হাইকোর্টে বা সুপ্রীম কোর্টে, আমি মনে করি মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেখানে সাধারণ মানুষ কোন অধিকার পাবে না, সাধারণ মানুষের সেখানে কোন স্থান হবে না। তাই আজকে শেষে এই কথা বলি মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল কাশীকান্ত মৈত্র মহাশয় বলেছিলেন যে, এই সংবিধান সংশোধনে কোথায় বলা আছে বর্গাদারদের অভ্যুত্থানের কথা, কোথায় বলা আছে মেহনতী মানুষদের অধিকার রক্ষার কথা, দারিদ্র্যমুক্ত সমাজ তৈরী করতে হবে—এ কথা কোথায় বলা আছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগুলি করার জন্য অনেক আইন তৈরী করেছে ভারতবর্ষের লোকসভা, অনেক আইন তৈরী করেছে ভারতবর্ষের বিধানসভাগুলি। কিন্তু একমাত্র প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে আদালত এবং তার বিচারকরা এবং অর্থলোভী ব্যবহারজীবীরা। সেই আইনের জগদ্দল পাথরকে মুক্ত করে সাধারণ মানুষকে মুক্তি দেবার জন্য ৪৪ তম সংবিধান সংশোধন করা হয়েছে, এই সংবিধান আমাদের কাছে আশা-আকাঙ্ক্ষার এবং আলোর প্রতীক তাই এটা আমরা সকলে আন্তরিকভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Naresh Chandra Chaki: Mr. Speaker Sir, I feel proud to cast my hearty support to the ratification proposal which has been proposed by our beloved Leader, the Chief Minister, Shri Siddhartha Sankar Ray. Mr. Speaker Sir, we know that we have been living in a dynamic age and we know that in this dynamic age everything is getting sense daily, everything is getting sense in every hour. If we look into the past we shall see that the framers of the Constitution also thought of the changes to come upon and also thought of the changes which may come upon the country, which may come upon the society

which may influence the people of this country. That is why if we look into the past we shall see that the framers of the Constitution also deeply thought of the changes to come upon the Constitution. And in this connection, I can cite an example of Pandit Jawaharlal Nehru. What he said ? He said, "While we want this Constitution to be as solid and permanent as you can make it, there is no permanence in Constitution. There should be a certain flexibility. If you make anything rigid and permanent you stop nation's growth—the growth of a living vital organic people. In any event we could not make this Constitution as rigid that it cannot be adapted to the changing conditions. When the world is in turmoil we are passing through a very swift period of transition, what we may do today may not be wholly capable tomorrow." This is what Pandit Jawaharlal Nehru said while discussing on this Constitution, and we cannot forget it. So, by these changes we are paying respects to the leaders who framed this Constitution, and we are also implementing their thoughts and will of the founders of the Constitution. The criticism that these changes will not bring new things into country is not at all acceptable,—I can tell you this Sir, by citing the example of the founder of the Constitution which I have just now stated.

Sir, on the next point as to whether the Parliament will be the supreme or the judiciary will be the supreme, I am to inform you that there was a debate on this point by some people living in our country. They were telling us that the judiciary should be the supreme. But, we all know what is democracy. Democracy is by the people, for the people and of the people. So, Sir, if the meaning of democracy is this that the Parliament and the Assembly are the output of democracy and if we pay honour to the democracy, we are to pay honour to the elected Parliament and the elected Assembly. In this connection, I can cite an example of a renowned and eminent theoretician, Mr. Blackstone. What Mr. Blackstone said ? He said, "Parliament can do everything that is not naturally impossible and that the court cannot nullify any Act of Parliament on any ground whatsoever." Mr. Blackstone also said, "Parliament embodies people's opinion. Parliament represents the people's will aud the will of the country." So, the will of the Parliament, the desire of the Parliament that is ventilated is the desire and will of the people as a whole of the country. That is why, if democracy prevails in a country then the Parliament and the Assembly are bound to be supreme. As regards this matter what Pandit Jawaharlal Nehru said ? I can cite his example as regards the supremacy of the Parliament. He said, "No Supreme Court or judiciary can stand in judgment over the sovereign will of Parliament, representing the will of the entire community. It can pull up that sovereign will it goes wrong, but in the ultimate analysis, where the future of the community is concerned no judiciary can come in the way. Ultimately, the fact remains that the legislature must be supreme and must not be interfered with by the courts of law." Sir, this is the utterance of Pandit Jawaharlal Nehru. He said that

when Parliament takes some policy or positive steps for the betterment of the country as a whole then the judiciary should not stand in the way of Parliament. The judiciary cannot halt the progress of Parliament and cannot halt the progress of the country as a whole which is being utilised and materialised by the Parliament. Mr. Nehru told this thing on many occasions.

[5.20—5.30 P.M.]

As these things are being put forward by this amendment I do extend my hearty co-operation and hearty support to these amendments, Sir. Mr. Speaker, Sir, as regards fundamental rights many friends are telling that fundamental rights cannot be changed What are fundamental rights, Sir? No right, in the true sense of the term can be called fundamental rights. What is the opinion of an eminent theoretician who dealt with in politics? The eminent theoretician has said, "The English Legislature, on the other hand being theoretically 'Omnipotent', there is no law which it cannot change. As has been already said, the individual has right, but they are founded on the ordinary law of the land, hence they can be changed by Parliament like other laws. So, there is no right which may be said to be 'fundamental' in the strict sense of the term".

Sir, this is not told by the Indian people; this is not told by the members of the Parliament or members of the Assembly. This thing which has been established by the theoreticians of the world who are respected by all corners of the people; by all people and all countries of the world. They have established these things in the pages of these political theories. That is why Mr. Speaker, Sir, I support this amendment.

I can cite another example as regards the insertion of fundamental duties in the constitution. We know that rights and duties are correlated. We shall enjoy rights, but we shall not do our duties—that right cannot be at all expected. If we cannot do our duties others cannot enjoy the right. So, the fundamental duties ought to have been inserted in the constitution at the time of framing of this amendment as the Chinese people and U.S.S.R. people did it. So, Mr. Speaker, Sir, that is why all these things have been done and all these things have been put forward by the amendment of the constitution. I do believe that by this amendment the downtrodden people of India will get a new life under the leadership of Prime Minister, Shrimati India Gandhi and that is why, because of the fact that the people of India will get a new life by this amendment under the leadership of our beloved Prime Minister, Shrimati Indira Gandhi, I do support this Constitution Amendment Bill. Mr. Speaker. Sir, thank you.

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই দুদিন ধরে সংবিধানের ৪৪ তম সংশোধনীর ওপর এই আলোচনা মন দিয়ে শুনছিলাম এবং এর ওপর কিছু বলবার আগে আপনাকে জানাতে চাই রিগার্ডিং দিস অ্যামেণ্ডমেন্ট, কমিউনিস্ট পার্টি'স স্ট্যাণ্ড ইজ ক্লিয়ার অ্যাণ্ড এক্সপ্লিসিট অ্যাজ এক্সপ্রেসড ইন দি পার্লামেণ্ট। ফলে আমরা কি ভাবছি, কি বলছি সে কথা আগেই সারা ভারতবর্ষের লোক জেনেছে এবং সেই রিলেশনেই আমি আপনার মাধ্যমে আজকে দু / একটি কথা রাখতে চাই। প্রথমেই কিছু বলবার আগে আমি মাননীয় অজিত পাঁজার কথা বলি। তিনি বললেন যে, আমাদের ডিসপ্যাসিওনেটলি জিনিসগুলিকে দেখতে হবে। স্পীকার, স্যার, আমি তাঁকে আজকে পৃথিবীর দিকে একটু তাকাতে বলি, বুর্জোয়া সোসাইটিতে বিগ পাওয়ারের একটা সেন্স আছে, তারা অন্যকে উপেক্ষা করে, অন্যকে উপেক্ষা করার মনোভাব—এটা তাদের দোষ নয়, এটা এই সমাজের চিন্তাধারার দোষ। আজকে বিগ পাওয়ার এবং স্মল পাওয়ারের প্রশ্ন নেই, যে প্রশ্ন বিবেচিত হচ্ছে পৃথিবী জুড়ে সেটা হচ্ছে, যে যত ছোটই হোক আর বড়ই হোক—সম্মিলিতভাবে এগুতে না পারলে যে যত শক্তিশালীই হোক না কেন খুব সুবিধা হয় না। ঠিক শত্রুর বিরুদ্ধে ঠিক শত্রু নিরুপণ করে এগতে হবে, তা না হলে কিছুই করা যাবে না। সেই দিকে লক্ষ্য রেখে আমরা সংবিধান সংশোধনের কথায় এসেছি। স্পীকার স্যার, আপনি জানেন, প্রতিক্রিয়াশীলরা যেভাবে এই সংবিধানকে আক্রমণ করতে চেয়েছিল, যেভাবে প্রেসিডেনসিয়াল রুল-এর চেষ্টা করেছিল বা গণপরিষদ আহ্বানের চেষ্টা করেছিল, সে সমস্ত কিছুই আপনি জানেন। এ জিনিস আমরা করিনি। শাসকশ্রেণীর মধ্যেই এঁরা আছেন যাঁরা পাঞ্জাব, হরিয়ানা, ইউ পি-তে বসে গণ-পরিষদের প্রস্তাব আনেন। এদিকে দৃষ্টি দিতে হবে। আজ সংবিধান সংশোধনের মধ্য দিয়ে একটা তীব্র লড়াই আরম্ভ হয়েছে। এদিকে দৃষ্টি রেখে যদি বিবেচনা করেন তা হলে আমি মনে করি এই সংশোধন করতে গিয়ে যদি কোথাও কোন লুপহোল থাকে তা হলে তাকে বন্ধ করতে হবে যাতে কোন ছেঁদা দিয়ে শত্রু আঘাত না করতে পারে। এই দৃষ্টিভঙ্গি থেকে সংবিধান সংশোধনের কথা বিবেচনা করতে হবে। এদিকে দৃষ্টি রেখে কমিউনিস্ট পার্টি রি-অ্যাসার্ট করে Parliament is the Supreme, Legislature is the Supreme—এসব জিনিস বিবেচনা করতে বলব। কিন্তু এর আগে ২/১টি কথা বলতে চাই। একটা হচ্ছে ২২৬ অ্যামেণ্ড হয়েছে। সেখানে একথা বলা হয়েছে ফর এনি আদার পারপাস এ জিনিস সংশোধন করা ভাল হয়েছে। মিঃ গোখলে স্বীকার করেছেন কোন কোন ক্ষেত্রে প্রতিক্রিয়াশীলরা সুযোগ সব সময় নিয়েছে। ভেস্টেড ইন্টারেস্টরা

সুযোগ নিয়েছে, কিন্তু কোন কোন সময়ে গরীবরাও সুযোগ পায়। আমরা যখন ১৯৬২ সালে ডি আই আর এ আটকে পড়ি তখন আমরা জামিন পাইনি। কিন্তু পাটনা হাইকোর্টের রুলিং নিয়ে আমরা বেরিয়ে আসি। আপনারা দেখেছেন কোন কোন সময়ে সরকারী কর্মচারী কিংবা নিপীড়িত মানুষ ২২৬-এর সুযোগ গ্রহণ করতে পারছে। কিন্তু এখানে সে রাস্তা নেই। মিঃ গোখলে বলেন, এটা নিশ্চয় চিন্তা করার কথা—আমরা ট্রাইব্যুনাল-এর কথা বলেছি। ট্রাইবুনালে যেতে পারে। ভোলাবাবু ট্রাইব্যুনাল-এর পক্ষে অনেক কথা বলেছেন। খরচ কম হয়, সময় তাড়াতাড়ি হয়। আপনি জানেন বহুবার স্পেশাল ট্রাইবুনাল হয়েছিল এবং তাতে ফাঁসির হুকুম ও দীপান্তর তাড়াতাড়ি হয়েছে। সেজন্য অজিতবাবু ঠিকই বলেছেন, ট্রাইব্যুনাল-এর কম্পোজিশনটা কি? Tribunal is Composed by whom—Indian? সেই সমস্ত ঘুঘু জজ দিয়ে যদি এটা করেন তা হলে কি বিচার আশা করবেন? সুতরাং সেই লুপহোল থেকে যাচ্ছে। এর জন্য আমরা পার্লামেণ্ট-এর মূল দৃষ্টিভঙ্গিকে সমর্থন করে একথা বলতে চাই এই গর্ত বন্ধ করতে হবে এবং ট্রাইবুনাল-এর কম্পোজিশন ঠিক করতে হবে। লেবার ট্রাইবুনাল আছে। কিন্তু সেখানে কি যখন খুশী শ্রমিকরা যেতে পারে মুখ্যমন্ত্রী একথার উত্তর দেবেন? গভর্নমেণ্ট যেটা পাঠায় সেটাই লেবার ট্রাইবুনালে যায়, ইণ্ডাস্ট্রিয়াল ট্রাইবুনালে গিয়ে উপস্থিত হয়।

[5.30—5.40 P. M.]

তা না হলে কোন কারখানার শ্রমিক লেবার ট্রাইবুনালে ডাইরেক্ট অ্যাপ্রোচ করতে পারে, সরাসরি গিয়ে বলতে পারে না। এই যে ট্রাইবুনাল নিয়ে এত বলছেন, অনেক ল'ইয়ার আছেন, বিমলবাবু প্রশংসা করছিলেন, আপনিও ল'ইয়ার, আপনারা বলুন কম্পোজিশান অব দি ট্রাইবুনাল, স্কোপ অব দি ট্রাইবুনাল যদি ঠিক না হয় তাহলে শুধু ট্রাইবুনালের কথাটা থাকলেই কি সংবিধান সংশোধন সম্পূর্ণ হবে? হবে না। দেয়ার ইজ এ লুপহোল দেয়ার, এই উইকনেস দূর করতে হবে। যতই ডিসপ্যাসানের কথা বলুন, এটা হচ্ছে ডিসপ্যাসান কি করে এটাকে স্ট্রেনদেন করব, কি করে অল ক্লিয়ার করব। তা যদি না ঠিক করতে পারি, যদি কোথাও দুর্বলতা থেকে যায় তাহলে সংবিধান সংশোধনের যে মৌলিক লক্ষ্য প্রতিক্রিয়া শক্তিকে আঘাত করব সেটা হবে না। সেকেণ্ড কোয়েশ্চেন হচ্ছে ফাণ্ডামেণ্টাল রাইটের কথা বলা হয়েছে—ফাণ্ডামেণ্টাল রাইট কিছু কার্ব

করা হয়েছে ঠিক, কিন্তু ফাণ্ডামেণ্টাল রাইট টু প্রোপার্টি কি তুলে দেওয়া হয়েছে? তা হয় নি। সেখানে আনকোয়ালিফায়েড রাখা হয়েছে, এটা কি গুরুতর কথা নয়? আমি হোল হাউসকে বিবেচনা করতে বলব যে, সম্পত্তির অধিকার প্রিএম্বেলে নিয়ে আসুন খুব সঠিক ভাবে। উই হোলহার্টেডলি সাপোর্ট দিজ আইটেমস—সোস্যালিজম, সেকুলারিজম অ্যাণ্ড ডেমোক্র্যাসি। কিন্তু সোস্যালিজমের অর্থ কি, আমি পণ্ডিত নেহরুর কোটেশান দিতে পারি, কিন্তু সময়ের অভাব, সেজন্য কোটেশান দিচ্ছি না, তিনি সমাজতন্ত্র বলতে বলেছেন সায়েন্টিফিক, নট হিউম্যানিট্যারিয়ান। বড়লোকের কাছ থেকে নিয়ে গরীবকে দিলে সমাজতন্ত্র হয় না, তার জন্য বেসিস ঠিক করতে হবে। তা করতে হলে রাইট টু প্রোপার্টি রাখছেন কেন? বিমলবাবু সিভিল ল, জুডিসিয়াল ল, স্যাচারাল ল, অনেক ল'র কথা বললেন। ওঁর সঙ্গে আমার মতভেদ নেই, কারণ সমাজ এগুচ্ছে, পরিবর্তন হচ্ছে, কিন্তু রাইট টু প্রোপার্টি নিয়ে ভয় পাচ্ছেন কেন? আমি সেদিন বলেছিলাম ট্রেটারদের জমি নিয়ে নিতে হবে। আপনি পলিটিক্যালি যদি মনে করেন যে, জমির অধিকার, সম্পত্তির অধিকার হরণ করে নিলে সমস্ত মধ্যবিত্ত ভয় পেয়ে যাবে তাহলে ঠিক করুন, যে সম্পত্তি দ্বারা শোষণ হয়, যে সম্পত্তি দিয়ে মুনাফা হয় সেই সম্পত্তির অধিকার আমরা কন্‌সটিটিউশনে রাখব না, ফাণ্ডামেণ্টাল রাইট টু প্রোপার্টি অব সাচ টাইপ, এক্সপ্লয়টেশন টাইপ, থাকবে না, এগুলি আমরা রাখব না। এ রাখলে সহজ হত, লোকে আশীর্বাদ করত। আমাদের প্রিএম্বেলে যে সমাজতন্ত্রের কথা আছে সেই সমাজতন্ত্রকে আঘাত করবে শোষণ থাকলে, শোষণ সমাজতন্ত্রকে ধ্বংস করার যন্ত্র। সেজন্য প্রিএম্বেলের দিকে লক্ষ্য রেখে আপনাকে সে কথা ভাবতে হবে। প্রিএম্বেলের সঙ্গে ডাইরেকটিভ প্রিন্‌সিপলের কথা আছে, খুব ভাল ভাল কথা বলেছেন, আমিও মনে করি খুব ভাল কথা। তাঁরা বলেছেন ওয়ার্কার্স পার্টিসিপেশন হবে ভাল কথা। ফ্রি লিগ্যাল এইড পাবে—নিশ্চয়ই এটা সমর্থনযোগ্য। কিন্তু যেখানে বলছেন মোর কমপ্রিহেনসিভ করতে চান সেখানে এই কথা নেই কেন? আমরা যখন ক্রমেই শ্রমের দিকে যাচ্ছি তখন এই সমস্ত শ্রমিকের যে ট্রেড-ইউনিয়ন আছে তাদের কলেকটিভ বার্গেনিং এই কথাটা কেন কন্‌সটিটিউশনে রাখলেন না? Let him stand and say. আই সাপোর্ট ইট। কাজেই আমি মনে করি কালেকটিভ বার্গেনিং-এর প্রভিসন থাকা উচিত যেখানে ডাইরেকটিভ প্রিন্‌সিপল-এর কথা আপনি বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, একটা কথা আছে, এ পার্সন, অ্যান ইনডিভিজুয়াল যতই মেধাবী হোক না কেন তারও ভুল হতে পারে। কিন্তু কোন একটা জিনিস যদি

যৌথভাবে হয় তাহলে সেটা হয় না। কাজেই কারুর দয়ার উপর নির্ভর না করে যদি কালেকটিভ বার্গেনিং-এর প্রভিসন রাখা হতে কন্‌সটিটিউশনে তাহলে আমি মনে করি কন্‌সটিটিউশনের মূল্যবান সংশোধন হত। এই জিনিস যদি থাকত তাহলে আমাদের যারা শত্রু, যারা আমাদের সংবিধানকে নষ্ট করতে চায়, নস্যাৎ করতে চায় তাদের অসুবিধা হোত। জুডিসিয়ারী কার স্বার্থ রক্ষা করছে আমি সেকথা বলছি না। কিন্তু এই যে রাইট টু প্রোপার্টি কথাটা আছে সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী আশা করি তাঁর জবাবে কিছু বলবেন। আমি সমস্ত দেশের কন্‌সটিটিউশন পড়েছি এবং আমি জানি কোন দেশের সংবিধানের মধ্যে ফান্‌ডামেণ্টাল রাইট টু প্রোপার্টি এটা দেখা যায় না। কাজেই এই রাইট টু প্রোপার্টি সম্বন্ধ আমাদের একটু বিবেচনা করা দরকার। তারপর ডিউটিস সম্বন্ধে যে-সব কথা বলা হয়েছে সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। ফাণ্ডামেণ্টাল ডিউটিস-এর মধ্যে অ্যান্টি-ন্যাশনাল কথাটা ঢোকানো আছে। আমরা জানি ট্রেটরকে কেউ ক্ষমা করে না। অ্যান্টি-ন্যাশনালকে কেউ ক্ষমা করে না। এখানে বলা হয়েছে, হোয়্যার ইট ইজ ইটেন্‌ডেড দ্যাট দেয়ার ইজ অ্যাকটিভিটি অব স্যাবোটেজিং দি ন্যাশনাল ইণ্টারেস্ট। স্যার, এই ইন্‌টেণ্ডেড কথাটার অর্থ আমরা সারাজীবন ধরে দেখছি। এই ইন্‌টেণ্ডেড যেখানে বলছেন সেখানে ভেবে দেখুন পার্ট অব এ স্কীম হুইচ ইজ ইনটেন্‌ডেড টু ক্রিয়েট ইণ্টারনাল ডিসটারবেন্‌স অর ডিসরাপশন অব পাবলিক সার্ভিস। স্যার, এই খপ্পরে আপনি পড়েছেন, মুখ্যমন্ত্রী পড়েছেন কিনা আমি জানি না। ইংরেজ আমলে একথাটা তারা রেখেছিল। এর মানে হচ্ছে এ ম্যাটার অব ইণ্টারপ্রেটেশন। আমরা দেখছি কন্‌সটিটিউশনে কোন ব্যাখ্যা করবার সুযোগ রাখেনি। কন্‌সটিটিউশন হচ্ছে পবিত্র জিনিস এবং এটা হচ্ছে দেশের কাঠামো, যার উপরে আমরা দাঁড়িয়ে আছি। কেউ হয়ত এর ব্যাখ্যা চাইতে পারেন যে, এটা কাঠামো কি কাঠামো নয়। যেমন কাশীবাবু বলেছেন, এটা কাঠামো কি কাঠামো নয়? যা হোক, আমি জানতে চাই হু উইল ডিসাইড হোয়েদার ইট ইজ ইনটেন্‌ডেড অর নট? তার ডেফিনেশন কি? ইউ আর নট দি মাস্টার অব ইণ্টারপ্রেটেশন। তাহলে আপনি একজিকিউটিভকে ক্ষমতা দিয়ে দিচ্ছেন যে, যে-কোন মুহূর্তে সে আপনাকে বেকায়দায় ফেলতে পারে।

[5.40—5.50 P. M.]

সংবিধান জলের মত স্বচ্ছ জিনিস। এই জন্যই সংবিধানকে পবিত্র বলে,

সংবিধান ব্যাখ্যা করার জিনিস নয়। আমি একটা ব্যাখ্যা করবো, আপনি একটা ব্যাখ্যা করবেন, কনস্টিটিউশন ইজ নট সাচ। সেই জন্য ইনটেন্‌ডেড এই কথাটা আমাদের সংশোধন করবার কোন ক্ষমতা নেই। আমি জয়নাল ভাইকে চিন্তা করতে বলি যে, এই ফাঁদে আপনিও পড়বেন, আমিও পড়বো। ঘুঁটে পোড়ে গোবর হাসে করে লাভ নেই। ঐ Intended to dispense with their services. আপনাকে ডিসকোয়ালিফাই করবে ইলেকশনে দাঁড়াতে, যদি এই ভাবে থাকেন—একথা ভাবতে হবে, এটা বুঝতে হবে। আমি ডিসপ্যাসানেটলি ভাবছি না তা নয়, ডিপ্যাসানেটলি ভেবেই আমি আপনাদের কাছে এই জিনিস রাখতে চাই। এই জিনিস আমি মনে করি সংবিধান যেভাবে সংশোধিত হয়েছে তার মধ্যে এই লুপহোল, এই উইকনেস থেকে যাচ্ছে, এটাকে রাখা ঠিক হবে না। এটা রাখলে অ্যান্টি-ন্যাশানাল বলতে যা বুঝছেন তা হবে না। সেই জন্য আমি মনে করি জুডিসিয়ারিকে যেমন খানিকটা কার্ব করা হচ্ছে, তেমনি এক্সিকিউটিভকেও কার্ব করার প্রয়োজন আছে। আমাদের কোচিন পার্টি কংগ্রেসে আমরা শত্রু নিরূপণ করেছিলাম প্রথম দিকে চারটে সাম্রাজ্যবাদ মনোপলি একচেটিয়া পুঁজিপতি, সামন্তবাদ আর বুরোক্রেসী। যখন দেখলাম বুরোক্রেসী ইজ নট এ ক্লাস, শ্রেণী নয় তখন বুরোক্রেসীকে আমরা শ্রেণীশত্রু বলিনি, ইটস এ স্টামলিং ব্লক ইন দি আডমিনিস্ট্রেশন। সেই জন্য বুরোক্রেসীর হাতে ক্ষমতা তুলে দেওয়া বিপজ্জনক। সংবিধানে সেই সুযোগ কখনও থাকা উচিত নয়। এই কথাটা আমি বলতে চাই—অ্যান্টিসোসাল অ্যাকটিভিটিস-এর কথা বলা হচ্ছে, সেখানে এই ক্লজটিকে এইভাবে বিবেচনা করবার জন্য যদি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পাঠান তা হলে আমি খুশি হবো এই বিষয়ে কোন সন্দেহ নেই। শেষ কথা হচ্ছে আজকে যা নিয়ে আমরা দুদিন আলোচনা করলাম, এই আলোচনার মূল তাৎপর্য আমাদের বুঝে নিতে হবে। এখানে যেহেতু আমরা বিরোধী পক্ষ—এই দৃষ্টিভঙ্গি নিয়ে আপনারা বিচার-বিবেচনা করেন তাহলে বিচারে ভুল হবে। আমরা মনে করি যে, আজকের গুরুতর সংকটের মধ্যে দিয়ে আমরা চলছি, রুলিং পার্টির ভিতরে বা বাইরে যে অবস্থা দেখছি সেইজন্য সমস্ত দিক বিবেচনা করে সংবিধানে যাতে কোন দুর্বলতা না থাকে বা কোনরকম ফাঁক না থাকে সেটাই আমাদের বন্ধ করতে হবে। আমাদের জাতীয় শত্রু দক্ষিণপন্থী প্রতিক্রিয়াশীল, আমেরিকান সাম্রাজ্যবাদের যে ক্লাস রুলিং পার্টির ভিতর ঢুকে রয়েছে যেটা আমরা পাঞ্জাব এবং হরিয়ানায় দেখতে পেয়েছি, তাদের সম্বন্ধে আমাদের সচেতন হতে হবে। আমরা সংবিধানকে সেই দৃষ্টিভঙ্গিতে নিয়ে যেতে চাই।

শ্রীআবদুস সাত্তারঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪২তম সংশোধন আইন র‍্যাটিফিকেশনের জন্য আমাদের মুখ্যমন্ত্রী যে প্রস্তাব নিয়ে এসেছেন আমি তা সমর্থন করছি। এই সংশোধনের ব্যাপারে সমগ্র ভারতবর্ষে অনেক সেমিন হয়েছে, অনেক আলোচনা হয়েছে। সেখানে বিভিন্ন গোষ্ঠীর লোকেরা, বুদ্ধিজীবীর রাজনীতিবিদরা, ব্যবহারজীবীরা, অধ্যাপকরা এই ব্যাপার নিয়ে আলোচ করেছেন। এই সভায়ও এই ব্যাপার নিয়ে যখন অ্যাক্ট হয় নি, যখন একটা প্রস্তা এসেছিল, তখন তা নিয়ে বিধানসভায় আলোচনা হয়েছে এবং সেই আলোচনা অনেক সদস্যই অংশ গ্রহণ করেছিলেন। তখন মাননীয় সদস্য কাশীবাবু তাঁর বক্ত রেখেছিলেন এবং সি পি আই-র সদস্যরাও তাঁদের বক্তব্য রেখেছিলেন। মাননী সদস্য কাশীবাবু মোটামুটিভাবে সমগ্র অ্যামেণ্ডমেন্টের বিরোধিতা করেছেন। সি পি আই বন্ধুদের রোল বোঝা কঠিন—তাঁরা সমর্থন করছেন, ভোটও দেবেন, কি প্যাকেজ ডিবেট কথাটা আমি এইজন্য বলছি যে, দিল্লী থেকে একটা প্যাকেজ প্যা করে তাঁদের কাছে পাঠিয়ে দিয়েছে যে, এইভাবে তেমোদের বলতে হবে এবং সেইজ তাঁরা কয়েকটি পয়েন্টে তাঁদের বক্তব্য বিরোধী না হলেও এখানে রেখেছেন। তাঁ নিবাচনের ব্যাপারে এবং ফাণ্ডামেণ্টাল ডিউটিস-এর ব্যাপারে বলেছেন। নিবাচনে ব্যাপারে তাঁরাই বেশী লাভবান হয়েছেন। আমরা যদি দেশের অবস্থা এ রাজনৈতিক অবস্থা বিচার করি তা হলে দেখব যে, সময়কাল ৫ বছরের জায়গা ৬ বছর হয়েছে। আজকে যারা সাধারণ মানুষ, এই যে মিলিয়ন মাসেস দোজ লিভ বিলো দি প্রভার্টি লাইন তাদের কাছে যদি জিজ্ঞাসা করেন হোয়েদার উই ওয়া ইলেকশন অর ব্রেড তা হলে দেখবেন একটি উত্তরই হবে—উই ওয়াণ্ট ব্রেড অ্যাণ্ড দি ইলেকশন। কাজেই ইলেকশান ৫ বছর পর হল না, কাজেই সমস্ত কিছু বানচা হয়ে গেল—এটা কোন প্রশ্নই নয়। যাদের কথা আমরা বলছি তাদের কথা নিয়ে কি আমরা আলোচনা করছি না, সংবিধান সংশোধন সম্বন্ধে তাদের কি বক্তব্য সেটা বলা হচ্ছে না। এই বক্তব্য রাখছেন হাইকোর্টের ব্যবহাজীবীরা, কারণ এতে টু টুয়া সিকস্-এর মামলা কমে যাবে, তাঁদের ইনকাম কমে যাবে। সংবিধানের যে সংশোধ আনা হয়েছে তাতে জুডিসিয়ারীর পাওয়ার কার্ব করা হয় নি। জুডিসিয়ারী ইজ ক্রিয়েচার অব দি কনষ্টিটিউশন। কনষ্টিটিশনে তাদের জুরিসডিকশন ডিটারমিন কে দেওয়া হয়েছে। জুডিসিয়ারীর যেমন দিয়েছে, ঠিক তেমনি লেজিসলেচারের দিয়েছে, একজিকিউটিভের দিয়েছে। আপনারা সকলেই জানেন আমরা এই তি পিলারের উপর আছি। দিজ আর দি থ্রি পিলার্স অব পার্লামেণ্টারী ডেমোক্রেটি ফর্ম অব গভর্নমেণ্ট। কখনও কখনও একসেস হয়েছে এটা ঠিক। ফাণ্ডামেণ্টা

রাইট-এর উপরে যখন জাজমেন্ট দেওয়া হয় তখন আনঅ্যানিমাস ভার্ডিক্ট কম হয়েছে। প্রথমে ধরুন শঙ্করীপ্রসাদের কেস। তখন বলা হয়েছিল ফাণ্ডামেন্টাল রাইটের ব্যাপারে অ্যামেণ্ডমেন্ট আনতে পারবে এবং তারপর দেখা গেছে ফাণ্ডামেন্টাল রাইটের উপর অ্যামেণ্ডমেন্ট আনা যাবে। আমরা দেখেছি সজ্জন সিং-এর কেস-এ ফাণ্ডামেন্টাল রাইটের উপর অ্যামেণ্ডমেন্ট আনা যাবে এবং সেটা হল থ্রি টু টু। তারপর সেই ফেমাস গোলকনাথের কেস-এর কথা কাশীবাবু বলেছেন। সেখানেও দেখা গেছে ১১ জন জাজের মধ্যে সিক্স টু ফাইভ। আগেকার সমস্ত কেস ওভাররুল করে দেওয়া হল। তারপর কেশবানন্দ ভারতীর কেস-এ দেখা গেল থার্টিন জাজেস আনঅ্যানিমাস যে, সো ফার অ্যাস দি পার্লামেন্টস রাইট ইজ কনসার্নড দি পার্লামেন্ট হ্যাজ গট দি রাইট টু অ্যামেণ্ড দি ফাণ্ডামেন্টাল রাইটস। তবে তাঁরা একটা ক্লজ দিলেন যে, বেসিক ফিচার অব দি কনস্টিটিউশন সেটা হবে না এবং সেটা হল বাই সেভেন টু সিক্স।

[5.50—6.00 P.M.]

কাজেই আজকে সংবিধানের সংশোধন নিয়ে কেন যে হৈ চৈ করা হচ্ছে সেটা আমি বুঝতে পারছি না। আর্টিকেল থ্রি সিক্সটি এইট অব দি কনস্টিটিউশন চিরদিন আছে এবং সেখানে কথা হল পার্লামেন্টের রাইট আছে কনস্টিটিউশন সংশোধন করার। জুডিসিয়ারীর হিস্ট্রি যদি দেখা যায় তা হলে দেখব যখনই কোন প্রগতিশীল আইন আনা হয়েছে তখন যাদের ভেস্টেড ইন্টারেস্ট আছে, যারা বড় জোতদার, যারা অনেক জমি চুরি করে রেখেছে, যারা জমিদার, যারা বিত্তশালী তারা সেটাকে বাধা দিয়েছে। ল্যাণ্ড রিফর্ম বিল যখন আনা হল তখন প্রথম কেস হল শংকরী প্রসাদ কেস। কিন্তু তখন আনঅ্যানিমাস ভার্ডিক্ট হল পার্লামেন্টের অধিকার আছে, কারণ পার্লামেন্ট ইজ দি সুপ্রীম, পার্লামেন্টারী ফর্ম অব গভর্নমেন্টে পিপল হচ্ছে সুপ্রীম, কারণ পার্লামেন্টে পিপল-এর রিপ্রেজেনটেটিভ রয়েছে। তারপর অবশ্য তাঁরা চ্যালেঞ্জ করেছিলেন। কিন্তু সজ্জন সিং-এর কেস-এ দেখা গেল যে, না, পার্লামেন্ট হ্যাজ গট দি রাইট। কাজেই থ্রি সিক্সটি এইট অনুসারে যে অ্যামেণ্ডমেন্ট আনা হয়েছে সেটা ঠিকই আনা হয়েছে। তারপর ১৯৬৭ সালে দেখলাম গোলকনাথের কেস। তখন চিফ জাস্টিস হিসেবে ছিলেন সুব্বারাও এবং তিনি এই কেস করছেন। সুব্বারাও তখন ভারতবর্ষের প্রেসিডেণ্ট হিসেবে দাঁড়াবার জন্য চেষ্টা করেছিলেন এবং এই ব্যাপারে স্বতন্ত্র পার্টি যারা কোন অর্থনৈতিক পরিবর্তন

চায় না, যারা সমাজকে এগিয়ে নিয়ে যেতে চায় না তাদের কথা কাশীবাবুর মুখ থেকে বেরিয়েছে। যারা কোন পরিবর্তন চায় না, যারা স্থিতিশীল অবস্থা চায়, যারা প্রোগ্রেস চায় না তাদের কথা কাশীবাবু বললেন। সুব্বারাও যে কথা বলেছিলেন সে কথাই তিনি এখানে নিয়ে এসেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশ অনেক এগিয়ে গেছে এই ২৭ বছরে, অনেক পরিবর্তন হয়েছে এই ২৭ বছরে, কিন্তু এক শ্রেণীর মানুষ এখনও পিছিয়ে রয়েছে যাদের জন্য আমরা এই ২০-দফা কর্মসূচী তুলে ধরেছি। আমরা জানি আমাদের দেশে এখনও অর্থনৈতিক স্বাধীনতা আসে নি। চেঞ্জ মিনস্ প্রোগ্রেস, প্রোগ্রেস মিনস্ প্রোব্লেম, প্রোবলেম মিনস্ সলিউশন। আমরা জানি আমাদের অনেক সমস্যা আছে যার সমাধান এখনও করা যায় নি। আমি আমাদের সংবিধান পুঙ্খানুপুঙ্খরূপে দেখেছি, কিন্তু আমি কোথাও দেখি নি যে, পাওয়ার অব দি জুডিসিয়ারী হ্যাজ বিন কার্টেল্ড। কতকগুলি পাওয়ার ডিটারমিন করা হয়েছে। এটা সম্পূর্ণ ভুল কথা যে, জুডিসিয়ারীকে ছোট করা হয়েছে।

জাজেস আর দি স্লেভস অব দি সিস্টেম জাস্ট অ্যাস মিনিস্টার্স আর দি স্লেভস অব দি সিস্টেম। আইন দেবার মালিক কে? আইন দেবার মালিক হচ্ছে পার্লামেণ্ট বা লেজিসলেচার। তারা যে আইন দেবে তাকে তাঁরা ইণ্টারপ্রেট করবেন। আপনারা শুনলে অবাক হবেন হাইকোর্টে টু টুয়ান্টি সিক্স-এর নাম্বার অব কেসেস কত। আপনাদের জানাচ্ছি ৩০-৬-১৯৭৬ পর্যন্ত এর সংখ্যা হচ্ছে ২৭ হাজার ৩০৩টি। অর্থাৎ একমাত্র ২২৬-এই হাইকোর্টে ২৭ হাজার ৩০৩টি কেস পেণ্ডিং রয়েছে। আমরা যে মিলিয়ন মাসেস-এর কথা বলছি তাতে আপনারা বলতে পারেন তারা জীবনে কোনদিন কোন্ বিচার হাইকোর্টের কাছ থেকে পাবে? আমি এই ব্যাপারে বিচারকদের কোন দোষ দিচ্ছি না। এত কেস হয়েছে যার ফলে বহুদিন সময় লাগবে। আপনারা জানেন হাইকোর্ট ইজ ভেরি ভেরি এক্সপেনসিভ, সুপ্রীম কোর্ট ইজ ভেরি ভেরি এক্সপেনসিভ। ক্যান দে রিচ্ দি গেট অব দি হাইকোর্ট? ক্যান দে অ্যাভেইল অব দ্যাট অপারচুনিটি? জাস্টিস ইজ বিয়ণ্ড দেয়ার রিচ্। আণ্ডার টু টুয়ান্টি সিক্স—এত কেস হাইকোর্টে পেণ্ডিং রয়েছে যে, সেগুলো ডিসপোজ অব করতে বহু সময় লাগবে। কিন্তু আমরা জানি জাস্টিস ডিলেড ইজ জাস্টিস ডিনাইড। আমরা বলি সামাজিক, অর্থনৈতিক ন্যায়বিচার করতে হবে। কিন্তু এই সমস্ত সাধারণ মানুষ কি হাইকোর্টের দরজায় যেতে পারবে? আমরা দেখছি বিচার তাদের কাছে অনেক দূরে। আমি দেখছি একমাত্র টু টুয়ান্টি সিক্স—এই ২৭ হাজার ৩০৩টি কেস পেণ্ডিং রয়েছে হাইকোর্টে। আপনারা বলুন তো কত বছর সময় লাগবে এগুলি শেষ করতে? আমি আগেই বলেছি আপনারা সকলেই জানেন

জাস্টিস ডিলেড ইজ জাস্টিস ডিনাইড। তারপর, টু টুয়ান্টি সিক্স-এ কি বলা হয়েছে, সেখানে কি অ্যামেণ্ডমেণ্ট হয়েছে? অ্যামেণ্ডমেণ্ট যেটা হয়েছে যেখানে দেখছি কতকগুলি পাওয়ার দেওয়া হয়েছে। এর দ্বারা তো হাইকোর্টকে ছোট করা হয় নি বা তাদের অধিকার কেড়ে নেওয়া হয় নি। টু টুয়ান্টি সিক্স-এ দেখুন: Notwithstanding anything in article 32, every High Court shall have power, throughout the territories in relation to which it exercises jurisdiction, to issue to any person or authority, including in appropriate cases any Government, within those territories directions, orders or writs, including writs in the nature of habeas corpus, mandamus, prohibition, quo warranto and certiorari, or any of them, for the enforcement of any of the rights conferred by Part III and for any other purpose. পার্ট থ্রি হচ্ছে ফাণ্ডামেণ্টাল রাইট অ্যাণ্ড ফর এনি আদার পারপাস।

এই ফর এনি আদার পারপাসটা এই অ্যামেণ্ডমেণ্টে চলে গিয়েছে। কিন্তু আপনার অনেক রুলিং আছে ফর এনি আদার পারপাসের ব্যাপারে যদি অল্টারনেটিভ রিমেডি ওপেন থাকে তাহলে হাইকোর্ট থেকে রিমেডি হবে না। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন এবং আমরা সকলেই জানি যে, যে সামান্য একটা ট্রান্সফারের কারণে, একটা কনস্টেবল যদি ট্রান্সফার হয় হাইকোর্ট থেকে সঙ্গে সঙ্গে ইনটিরিম ইনজাংশন পাওয়া যায়। সামান্য একটা ব্যাপারে একটা কোন কিছু করা হয়েছে, ল্যাণ্ড ভেস্টেড হয়েছে সে জমি বিতরণ হবে, সে সময় জমির মালিক, সে অনেক জমি রেখেছে, তিনি সঙ্গে সঙ্গে হাইকোর্টের ইনজাংশন অর্ডার নিয়ে চলে যান। বছরের পর বছর, ৫, ১০ বছর পড়ে থাকে। যখনই কোন জমি ভূমিহীনকে দেওয়া হবে, পাট্টা আনতে গেলে, তখন হঠাৎ সকলে দেখলো তার উপর একটা ইনজাংশন চলে এলো। সে দখল পাবে না। যখন কোন গৃহহীনকে কোন হোমস্টেড ল্যাণ্ড দেওয়া হবে, সে নিতে গেলে দেখলো হাইকোর্ট থেকে একটা উকিল বলে দিলো, একটা ইনটিরিম ইনজাংশন হয়েছে। এই ধরনের অনেক কেস আছে, যদিও এই কেস করার জন্য আলাদা কোর্ট আছে, রিমেডি আছে, এই কেস করার জন্য আলাদা জায়গা আছে। তবুও দেখা গিয়েছে বহু করেছে, এইজন্য বানচাল হয়ে গিয়েছে, অ্যারেস্টড হয়েছে বলে পারা যাচ্ছে না। হাইকোর্টে এই ধরনের অনেক কেস আছে। যদি এইগুলো ঠিক করা হয়, ফর আদার পারপাস ক্লীয়ারলি যদি বলা থাকে যে, ফর এনি আদার পারপাস এইটা কিছু নয়। আজকের অ্যামেণ্ডমেণ্টে বলে দেওয়া হচ্ছে ২২৬ বলে দেওয়া হলো, কোন পিটিশান—Petition for redress and other remedies

are available in the High Court. তাহলে হবে না। হাইকোর্ট যা করতো সেইজন্য একটা নূতন চ্যাপটার করা হয়েছে, সেটা হচ্ছে ট্রাইব্যুনালস চ্যাপটার Part 14(a) that has been inexarted.

এইখানে অনেকগুলো কেস যেমন জমি সংক্রান্ত, লেভি সংক্রান্ত, প্রকিওরমেণ্ট সংক্রান্ত, কি সারভিস সংক্রান্ত কেস হবে। একটা অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল হবে। এইটা বলে দেওয়া হয়েছে যদি অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল হয় এবং কোন জায়গায় রিমেডি থাকে তাহলে হাইকোর্টে যাওয়ার দরকার নেই। এইখানে হাইকোর্টের কেসকে আমার মনে হয় সহজ করে দেওয়া হলো। এর ফলে হাইকোর্টে যে কেসগুলো ট্রায়ালের জন্য যায় সেগুলো তাড়াতাড়ি ডিসপোস করতে পারবে। এইখানে পাওয়ার কেড়ে নেওয়া হয় নি, জুডিসিয়ারীকে ছোট করা হয় নি। তবে এটা ঠিক এই অ্যামেণ্ডমেণ্ট-এ দু/একটা জিনিস আছে। পার্লামেণ্ট বড় না জুডিসিয়ারী বড়—এই দু/একটা প্রশ্ন উঠেছে। কিন্তু এখানে অ্যাসার্ট করা আছে, পার্লামেণ্ট ইজ দি সুপ্রীম অথরিটি। পার্লামেণ্ট যেহেতু পিপলসের দ্বারা নির্বাচিত এবং দেশে ডেমোক্রেটিক ফরম অব গভনমেণ্ট আছে, স্যাচারালি পার্লামেণ্ট উইল বি সুপ্রীম অথরিটি। পার্লামেণ্ট আইন করলে এখনও দেখা যাবে হাইকোর্ট বা সুপ্রীম কোর্ট তার লিগ্যাল সাইড দেখবে। যদি পশ্চিমবঙ্গ বিধানসভা কোন আইন করে, এখন যে সংবিধান সংশোধন হচ্ছে, তাতেও দেখা যাবে, হাইকোর্ট এখনও তার লিগ্যাল সাইড দেখবে, Whether it is consistent with the provisions of the constitution amendment.

এখনও দেখার অধিকার আছে। এই অ্যামেণ্ডমেণ্টে পরিষ্কার বলে দেওয়া হয়েছে, সিমিলারলি পার্লামেণ্টে যদি কোন আইন করা হয় সুপ্রীম কোর্টের সেই আইন দেখার অধিকার আছে। তবে একটা ক্লজ যোগ করা হয়েছে, আগে হাইকোর্টে একজন জজ কনস্টিটিউশন বেঞ্চে বসতেন, সুপ্রীম কোর্টে বোধহয় পাঁচজনের কম বসেন না, কিন্তু হাইকোর্টে একজনে বসে গেলেন, তিনি তাঁর উইসডমে বললেন, এই আইনটা ঠিক নয়, ইনকন্সিসটেণ্ট উইথ দি কনস্টিটিউশন, তাই সে আইনটা বাতিল হয়ে গেলো। এখন বলে দেওয়া হচ্ছে তা নয়, মিনিমাম জাজেস একটা হাইকোর্টে হবে পাঁচজন, সুপ্রীম কোর্টে হবে সাতজন। সংবিধানেও সেখানে আছে। আজকে লণ্ডনে আছে সেখানেও দেখবেন এনঅ্যাক্টমেণ্ট-এ হাইকোর্টের পাওয়ার টু নালিফাই এনি এনঅ্যাক্টমেণ্ট নেই। অথচ আমাদের এখানে সংবিধানে কোর্টকে সে ক্ষমতা দেওয়া হয়েছে—সুপ্রীম কোর্টকে দেওয়া

হয়েছে, হাইকোর্টকেও দেওয়া হয়েছে, আগেও ছিল এখনও আছে—কেবল একটা ক্লজ যোগ করা হয়েছে—একজন/দু'জন হলে হবে না—এর জন্য বেঞ্চ থাকবে এবং সেই বেঞ্চের টু-থার্ড মেজরিটি যদি বলে তবে হবে এবং সেই বেঞ্চে সুপ্রীম কোর্টে ৭ জন জজ এবং হাইকোর্টে ৫ জন জজ থাকতে হবে। অনেকেই বলছেন এটা ঠিক হয় নি। বলতে পারেন। কিন্তু এমন কিছু বদল করা হয় নি। আমরা হাইকোর্টকে বা সুপ্রীম কোর্টকে ছোট করি নি, তার জুরিসডিকশন বেঁধে দেওয়া হয়েছে যে, এই জুরিসডিকশন অনুসারে কোর্ট কাজ করবে। ২২৬ নিয়ে একটা বড় কনট্রোভারসি হয়েছে। আমরা ল'ইয়াররা যারা কোর্টে প্রাকটিস করি, হাইকোর্টে তাদের ক্ষতি হবে। তাই বলে কোর্টকে ছোট করা হয় নি। ঐ হাইকোর্টে সুপ্রীম কোর্টে যাঁরা প্রাকটিস করেন তাঁদের ক্ষতি হবে—তাঁদের কেস কম হবে। কিন্তু ক্ষতি হলে কি হবে—আমাদের স্বার্থ বড়? না, ঐ হাজার হাজার লক্ষ লক্ষ কোটি কোটি মানুষ যারা এখনও সোস্যাল জাস্টিস পায় না, যারা অর্থ-নৈতিক স্বাধীনতা পায় নি তাদের স্বার্থ বড়? আজকে তাদের কথা ভাবা দরকার। আপনাদেরও ভাবতে বলি ঐ মুষ্টিমেয় যারা হাইকোর্টে বা সুপ্রীম কোর্টে প্রাকটিস করে তাদের কথা ভাববে, না কোটি কোটি মানুষের কথা ভাববে। ২২৬-এতে অনেকটা ক্ষমতা নিয়ে নেওয়া হল, সব যেন বানচাল হয়ে গেল। কিন্তু আমি বলছি ২২৬-এ যা আছে তাই রেখে দেওয়া হয়েছে, কতকগুলি স্পেশাল প্রভিসন জমি সংক্রান্ত ব্যাপার ইত্যাদি বিভিন্ন কয়েকটি ব্যাপারের জন্য করা হয়েছে। কোর্টের সঙ্গে কিছু কিছু সংঘাত দেখা যায়—কোর্টস সামটাইমস ওভার জিলাস হলে তখন সংঘাতে পড়তে হয়। আপনারা ইতিহাস দেখুন ঐ প্রিভি পার্স অ্যাবলিশন, ব্যাঙ্ক ন্যাশালাইজেশন যে সমস্ত জিনিস ইন্দিরা গান্ধী করতে চেয়েছিল এবং তার জন্য যখন প্রভিশন নেওয়া হল—কিন্তু সেগুলি নালিফায়েড বাই দি সুপ্রীম কোর্ট হয়ে গিয়েছিল। আমি কাশীবাবুকে বলব, কাশীবাবু আপনি বলুন ব্যাঙ্ক ন্যাশনালাইজেশনে দেশের কি মঙ্গল হয় নি? এই যে ব্যাঙ্ক ন্যাশানাইজেশন হল তাতে কি জনগণের উপকার হয় নি। হয়তো এতে কিছু রাজা-মহারাজার যারা কোন কাজ না করে কোটি কোটি টাকা নিয়ে আমোদ-প্রমোদ করছিল তাদের ক্ষতি হয়েছে। কিন্তু ঐ হাজার হাজার কোটি কোটি মানুষ যারা খেতে পায় না, রাস্তায় ঘুরে বেড়ায় তাদের কথা কি ভাববেন না? ২৬ বছর আগের অবস্থার পরিবর্তন হয়ে গেছে এবং সে পরিবর্তনে খাপ খাইয়ে চলতে হবে, সংবিধানকে সেইভাবে নিয়ে যেতে হবে। ইন এ ডেমোক্রাটিক সেট-আপে তার আর চলবে না। তা যদি না পারেন জনগণ নিজের হাতে রক্তাক্ত বিপ্লব করবে।

এবং সেই রক্তাক্ত বিপ্লবকে আপনি বন্ধ করতে পারবেন না। আমরা তাই পিসফুলি ডেমোক্রাটিক ওয়েতে সেটা করতে চাই। তাই বলছি এই যে পরিবর্তন আসবে এই পরিবর্তন আমরা আপনারা ইচ্ছা করে বন্ধ করতে বা সেই পরিবর্তনকে রোধ করতে পারব না। চীফ জাস্টিস গজেন্দ্রগদকর বলেছিলেন : Law must act as an agent of social change. My duty as a judge may be to objectify in law not my own aspirations and convictions and philosophies but the aspirations and convictions and philosophies of men and women of my times.

[6.10—6.20 P. M.]

সুতরাং গজেন্দ্রগদকর যিনি আমার মনে হয় সজ্জন সিং-এর কেসে বোধহয় ছিলেন, তিনি বলছেন : my duty as a judge may be to objectify in law not my own aspirations, convictions and philosophies but the aspirations, convictions and philosophies of men and women of my times.

সুতরাং জনগণই হচ্ছে আমাদের সবচেয়ে বড় প্রশ্ন। এই জনগণকে বাদ দিয়ে কতিপয় ভেস্টেড ইনটারেস্টেড ব্যক্তি যারা আছে তাদের স্বার্থের কথা চিন্তা করে সংবিধানের এই অ্যামেণ্ডমেণ্টে সব চলে গেল, দেশ ধ্বংসের মুখে চলে গেল বলে বিরাট হৈ চৈ করছেন। মিলিয়নস অব মাসেস আর কনসার্নড, তারা জানে না তাদের জন্য কি করা হচ্ছে। কারা হৈ চৈ করছেন? যাঁরা ভোকাল, রাজনীতি করেন, কোর্টে গিয়ে হাজার হাজার টাকা লক্ষ লক্ষ টাকা ইনকাম করেন, মক্কেলের কাছ থেকে হাজার / দু' হাজার টাকা ফিজ নেন, এই সমস্ত ভেস্টেড ইনটারেস্টরাই সব চলে গেল গেল বলে হৈ চৈ করছেন। কারণ তারা খুব পাওয়ারফুল পারসনস। পাওয়ারফুল ইন দি সেন্স তাদের কথা পেপারে ভেন্টিলেটেড হচ্ছে, জনগণ কি চায়, কি চায় না, পিপল কি বলছে সেটা বলা হয় না। আমাদের কাশীবাবু খুব সুন্দর বক্তৃতা করেন, সেন্টিমেণ্টের কথা বলেন, ইমোশনাল কথা বলেন। তাঁর এই সেন্টি-মেণ্টাল এবং ইমোশনাল দুটো মিলে বেশ সুন্দর হয়ে ওঠে—আমরা বলি বেশ সুন্দর বলছেন। এই সুন্দর সেন্টিমেণ্টাল, ইমোশনাল বক্তৃতার মধ্যে যদি গরীব মানুষদের কথা বলতেন তাহলে আজকে কত ভাল হত। স্বাধীনতার পর থেকে যে মানুষ-গুলিকে বঞ্চিত করে রাখা হয়েছে, তারা এখন পর্যন্ত এগোতে পারছে না। আজকে একটা ব্যবস্থা যখন করা হচ্ছে তখন সঙ্গে সঙ্গে তাতে বাধা সৃষ্টি করা হচ্ছে। ভাল কিছু হলেই ইনজাংশন দেবার চেষ্টা হয়। এই বাধাগুলি দূর করবার জন্যই এটা

করা হয়েছে এবং জুডিসিয়ারী জুরিসডিকশন ঠিক করে দেওয়া আছে তার দ্বারা শ্লেভস—সুতরাং এত হৈ চৈ কেন হচ্ছে বুঝতে পারছি না এবং যাঁরা কনসার্নড পিপল তাঁরা বুঝতে পারছেন না। পিপল ঠিক আছে, তারা বুঝছে এটা ঠিক পথেই চলছে। কিন্তু কতকগুলি লোক যাঁরা পিপলের প্রতিনিধি নয়, যাঁরা পিপল রিপ্রেজেণ্ট করে না, যাঁরা আনকনসার্নড অব দি মিলিয়নস অব মাসেস তাঁরাই আজকে হৈ চৈ করছেন। তাঁরা অনেক সময় সেমিনার করে দেখাচ্ছেন এটা দেশের পক্ষে অমঙ্গল হবে। দেশের পক্ষে অমঙ্গল কি করে হবে বুঝতে পারছি না। আর্টিকেল ২২৬ করে ১ লক্ষ ৪১ হাজার বিঘা জমি ভেস্টেড ল্যাণ্ড বন্ধ হয়ে আছে—ভেস্টেড ল্যাণ্ডস আর দি সাবজেক্ট ম্যাটার অব ভেরিয়াস ইনজাংশনস—এছাড়া ২৩ থাউজ্যাণ্ড সিভিল স্যুটস হ্যাভ বিন ফাইল্ড ইন দি লোয়ার কোর্ট—২৩ হাজার সিভিল স্যুটস পেণ্ডিং আছে—তাতে ৪০ হাজার একর জমি আণ্ডার ইনজাংশন—তাহলে মোট ১ লক্ষ ৮১ হাজার কোর্ট ইনজাংশনের ফলে বন্ধ হয়ে আছে, যেগুলি গরীব মানুষ পেত। কাজেই এই সমস্ত ভেস্টেড ইণ্টারেস্ট মানুষ, যাদের পয়সা আছে, তারা ল'ইয়ার দিয়ে কোর্ট কেস করে বন্ধ করে রেখে দিয়েছে।

আজকে যদি এগুলির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য সংবিধান সংশোধন করা হয় তাহলে সেটা কি দেশের পক্ষে অমঙ্গল হবে? দেশ কি তাতে রসাতলে যাবে? আজকে ১ লক্ষ ৮১ হাজার জমি ইনজাংশনের জন্য আটকে আছে, এই সংবিধান সংশোধন করার ফলে সেই ইনজাংশন ভেকেটেড হয়ে যাবে। তাছাড়া প্রকিওর-মেণ্টকে বানচাল করার জন্য থাউজেণ্ডস অব কেসেস হ্যাভ বিন ফাইল্ড লেভি অর্ডারের এগেনষ্টে। আজকে সমস্ত প্রগ্রেসিভ মেজার্স যা নেওয়া হয় সবগুলিকে এইভাবে বানচাল করার চেষ্টা করা হয়। এই সংবিধান সংশোধনের ব্যাখ্যা করতে গিয়ে—আমি বলছি, জাজেরা ইচ্ছা করে করছে তা নয়, They are the slaves of the system just as the Ministers who are the system of the slaves.

সেই সংবিধান সংশোধন করে ইভেন ইন দেয়ার উইসডাম এক-একজন এক-একটা করছেন। তবে দেয়ার আর আদার্স—নিশ্চয় আছে, আমি বলছি, যেমন সুব্বারাও-এর কেস। সেখানে তিনি জজ থাকতে থাকতে স্বতন্ত্র পার্টির সঙ্গে কথা বলেছেন। তখন তিনি জজ হিসাবে জাজমেণ্ট দেন নি। তাঁর কথা বলে আজকে যদি আর্গুমেণ্ট করা হয় তাহলে আমি বলব, গরিব মানুষের কথা বলা হচ্ছে না। বলা হচ্ছে তাদের কথা যাদের প্রতিনিধি হিসাবে সুব্বারাও নির্বাচনে নামতে চেয়েছিলেন। সুতরাং সামাজিক এবং অর্থনৈতিক বিপ্লব নিয়ে আসার ব্যাপারে

আজকে পার্লামেণ্ট, বিধানসভা, সরকার, আদালত এবং জনগণের নিজ নিজ ভূমিকা সম্বন্ধে এই সংশোধন একটা সুনির্দিষ্ট পথের নির্দেশ দিয়েছে। এতে প্রায় ৫৯টি ধারা আছে এবং ইলাবরেটলি বলা হয়েছে। আজকে এই ৫৯টি ধারা দেখেই অনেকে ভয় পেয়েছেন। কিন্তু সবগুলিই গুরুত্বপূর্ণ নয়, কিছু কিছু মামুলি ব্যাপারও আছে। যেমন ধরুন, কোরামের ব্যাপারটা। এই বিধানসভা বা পার্লামেণ্টে ওয়ান-টেনথ অব দি টোটাল মেম্বারস থাকলে তবে কোরাম হয়, সেটা উঠিয়ে দেওয়া হয়েছে। অনেক সময় কোরামের জন্য স্পীকারকে ঘণ্টা বাজাতে হয়, অনেক কিছু করতে হয়, সেটা উঠিয়ে দেওয়া হয়েছে। এরকম ছোটখাটো কিছু কিছু ব্যাপার আছে। সবগুলিই মারাত্মক নয়। এই সংবিধান সংশোধনে আরো যেটা করা হয়েছে সেটা হচ্ছে ফাণ্ডামেণ্টাল রাইটস তার ডাইরেকটিভ প্রিন্সিপল—ডাইরেকটিভ প্রিন্সিপলসকে প্রেফারেন্স বেশি দেওয়া হয়েছে। আমি বলছি, পার্ট থ্রির চেয়ে পার্ট ফোর ইজ মোর ইম্পরটেণ্ট। যদি সামাজিক দিক থেকে ধরা যায় তাহলে আজকে সেই প্রেফারেন্স, সেই প্রিসিডেন্স সংবিধান সংশোধনে দেওয়া হয়েছে। তারপর জুডিসিয়ারীর ইনডিপেণ্ডেন্সের কথা বলা হয়েছে। আমি বলছি একটিও প্রভিসন নেই যেখানে তার ইন্ডিপেণ্ডেন্স কেড়ে নেওয়া হয়েছে। তার ইন্ডিপেনডেন্স যতটা থাকা দরকার ততটাই আছে। কেবল কতকগুলি মামলা হাইকোর্ট থেকে ট্রাইব্যুনালে নিয়ে যাওয়া হয়েছে।

[6.20—6.30 P. M]

প্রিএম্বল ইজ নট এ পার্ট অব দি কন্স্টিটিউশন ঠিকই, কিন্তু এটার মেইন অবজেকটিভস কি সেটা তাতে বলে দেওয়া থাকে এবং ইট ইজ এ কী টু দি ইনটেনশনস অব দি মেকারস অব দি অ্যাক্ট, কিন্তু প্রিএম্বল ইজ নট এ পার্ট অব দি কন্স্টিটিউশন। সে জন্য আমরা স্ট্যাটাসে বিশ্বাস করি, আমরা সেকুলারিজমে বিশ্বাস করি, আমরা সোসালিজমে বিশ্বাস করি। কিন্তু সোসালিজমে এবং সেকুলারিজম সংবিধানের আর্টিকেলের কোন জায়গায় পাওয়া যাবে না। সুতরাং আমাদের প্রত্যেকটি কথা যেটা আমরা প্রিএম্বলে বলেছি, সেখানে আমরা সোসালিজম এবং ডেমোক্রাসি চাই, ইউনিটি চাই এবং এটাই হচ্ছে সেকুলারিজমের মূল কথা। ধর্মনিরপেক্ষতা, ইউনিটির কথা ভিতরে বলা আছে, কিন্তু প্রিএম্বলে বলা নেই, সেজন্য সেখানে যোগ করে দেওয়া হয়েছে। তাতে ক্ষতি কি হয়েছে সেটা আমি বুঝতে পারছি না। এটা নিয়ে নাকি তোলপাড় করা হচ্ছে। কিন্তু আসল

কথা যেটা বলা হয়েছে: We the people of India having solemnly resolved to constitute India into a sovereign democratic Republic and to secure to all its citizens justice—social economic and political—এটাই আমাদের মূল উদ্দেশ্য। এই উদ্দেশ্য অ্যাচিভ করার উদ্দেশ্যে আজকে সংবিধান সংশোধন। সংবিধান সংশোধন করে আমার মনে হয় আমরা জাস্টিস যেটা সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক—এর বিচার দিতে চাই সেটাই বলেছি। আজকে সংবিধান সংশোধন নিয়ে যাঁরা খুব বেশি হৈচৈ করছেন তাঁরা সংখ্যায় খুব লিমিটেড। হাজার হাজার মানুষ, কোটি কোটি মানুষ যাদের জন্য করা হয়েছে দে আর ওয়েলকামিং দিজ অ্যামেণ্ডমেণ্টস। আমি আবার বলছি, আজকে সংবিধান সংশোধন যেটা করা হয়েছে এবং তার র‍্যাটিফিকেশনের জন্য যে প্রস্তাব আনা হয়েছে তাকে পূর্ণ সমর্থন করছি এবং আমার বিশ্বাস এই সংবিধান সংশোধন করার পরে অর্থনৈতিক স্বাধীনতা, সামাজিক ন্যায়বিচার এবং রাজনৈতিক সমস্ত কিছু এর মাধ্যমে আস্তে আস্তে অ্যাচিভ করতে পারা যাবে। আজকে যদি এটাকে স্যাকরোস্যাংক মনে করে পরিবর্তন না আনি তাহলে আমাদের সমাজ কখনই এগিয়ে যেতে পারবে না। আজকে গতিশীল সমাজ হওয়া দরকার। আজকে সমাজ যদি এগিয়ে না যেতে পারে তাহলে দেশের মানুষের যে অ্যাসপিরেশান, যে আশা-আকাঙ্ক্ষা সেটা কখনই পূরণ করতে পারা যাবে না। আজকে তাদের আশা-আকাঙ্ক্ষাকে পূরণ করতে হবে। আজকে হাজার হাজার মানুষ অর্ধাহারে আছে, তাদের মুখে আহার দিতে হবে, তাদের পরনে কাপড় দিতে হবে, শিক্ষার ব্যবস্থা করতে হবে। আজকে ডাইরেকটিভ প্রিন্সিপলসে যে-সমস্ত জিনিস আছে তাতে এই সমস্ত আমাদের করা অবশ্যই কর্তব্য, এগুলি আমাদের করতে হবে। আজকে ডাইরেকটিভ প্রিন্সিপলস-এর উপর জোর দেওয়া হয়েছে। আজকে এই জিনিসের উপর জোর দিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। এটা যদি না করা হয় তাহলে আমার মনে হয় আমাদের দেশের মানুষ ক্ষমা করবে না। কতিপয় কোথায় কোন হাইকোর্টের কোন ল'ইয়ার এর বিরুদ্ধে বক্তৃতা করলেন, তার জন্য এটা বন্ধ হয়ে যেতে পারে না। তাই আমার মনে হয় এটাই জাস্টিসের পথ এবং সংবিধান সংশোধন ছাড়া এটা কখনই অ্যাচিভ করা যাবে না। আজকে সংবিধান সংশোধন নিয়ে মারমার, কাটকাট হচ্ছে। আপনাদের আজকে এ কথা বলতে চাই যে, আপনারা এইসব গরিব মানুষদের কথা একবার ভাবুন। কাশীবাবু তাঁর বক্তৃতায় সংবিধানের কয়েকটি ক্লজ সম্পর্কে বলেছেন। আজকে এইসব গরিব মানুষ হ্যাভ বীন বুচার্ড। ফাণ্ডা-

মেন্টাল রাইটসের ব্যাপারে আমি বলছি যে, এইসব গরীব মানুষের দিকে লক্ষ্য রেখে করা হয়েছে যেটা আর্টিকেলস ৩০এ, ৩১বি, ৩১সি এবং নূতন করে যোগ হয়েছে ৩১ডি। আর আর্টিকেলস ৩৯বি এবং সি এই ব্যাপারে যদি কোন আইন করা হয় তাহলে সেটা ভয়েড হবে না। এখানেও বলা হয়েছে ডাইরেকটিভ প্রিন্সিপলস-এ যেটা আছে, আর্টিকেল ৩৯এ টু এফ পর্যন্ত যে ক্লজগুলি আছে সমস্তগুলি সম্পর্কে বলে দেওয়া আছে যে, যদি কোন আইন করা হয় সেটা ভয়েড হবে না। তাই আজকে ফাণ্ডামেণ্টাল রাইটস নিয়ে এত হৈচৈ করেছেন। ফাণ্ডামেণ্টাল রাইট, কার জন্য ফাণ্ডামেণ্টাল রাইটস? ফর হুম? ফাণ্ডামেণ্টাল যদি হয়, যাদের বিরাট সম্পদ আছে, যাকে আমরা বলি অর্থবান লোক, তাদের জন্য কি ফাণ্ডামেণ্টাল রাইটস? আজকে এখনও যারা বিলো পভার্টিতে বাস করছে, তাদের জন্য বলুন ফাণ্ডামেণ্টাল রাইটস। আজকে তারা কিভাবে বঞ্চিত হচ্ছে, সেই সম্পর্কে দেখতে হবে। আজকে কার সম্পত্তি চলে যাচ্ছে, কার বাড়ি চলে যাচ্ছে, যাদের সম্পত্তি চলে যাচ্ছে তাদের নিয়ে আজকে হৈচৈ। কারা সুপ্রীম কোর্টে যায়? কারা হাইকোর্টে যায়? সুপ্রিম কোর্টে হাইকোর্টে ফাণ্ডামেণ্টাল রাইটের নামে কারা যায়? গরিবরা গেছে কি এই পর্যন্ত? সেখানে পয়সাওয়ালারা যায়। আজকে তারা ফাণ্ডামেণ্টাল রাইটের নামে এই সমস্ত গরীব মানুষদের বঞ্চিত করছে। আজকে ফাণ্ডামেণ্টাল রাইট which fulfils the hopes and aspirations of the people.

আজকে সেটা যদি মিট করতে না পারি, তাহলে সেই ফাণ্ডামেণ্টাল রাইটের পরিবর্তনের প্রয়োজন আছে। এখানে কিছু কিছু পরিবর্তন হয়েছে। পরিবর্তন করতে হলে ভবিষ্যতে আরও পরিবর্তন হতে পারে। সেই জন্য আমি আজকে যে র‍্যাটিফিকেশন—যে পরিবর্তন নিয়ে আসা হয়েছে, এর দ্বারা দেশের মঙ্গল হবে, দেশের হাজার হাজার লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের মঙ্গল হবে, সেই জন্য এই যে প্রস্তাব নিয়ে আসা হয়েছে, তাকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জবাবে কিছু বলতাম না, কিন্তু তিনটি বক্তব্য সম্পর্কে আমার বোধহয় কিছু বলা দরকার। দুটি বক্তব্য বন্ধুবর কাশীকান্ত মৈত্র মহাশয়ের এবং একটি বক্তব্য বিধানসভার বিরোধী দলের নেতা বিশ্বনাথ মুখার্জী মহাশয়ের। কাশীবাবু বলেছেন যে, এই যে সংবিধান

পাল্টানো হচ্ছে, এতে মালিক শ্রেণীর বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব নেই। এটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বিনয়ের সঙ্গে আমি অস্বীকার করছি। সবচেয়ে গুরুতর যে সংশোধন করা হয়েছে সেটা হচ্ছে এই যে directive principles of State policy—যেটা সংবিধানের চার নং অধ্যায়ে আছে। সেই সমস্ত ব্যবস্থাকে ফাণ্ডামেন্টাল রাইটের আর্টিকেল ১৪, আর্টিকেল ১৯, আর্টিকেল ৩১-এর উর্ধ্বে রাখা হয়েছে। অর্থাৎ কিনা ডিরেকটিভ প্রিন্সিপলস মেনে কোন কাজ করা হয়। আমরা মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি কোন আইন পাস করি বা সংসদে—কেন্দ্রীয় সংসদ যদি কোন আইন পাস করে ডিরেকটিভ প্রিন্সিপল অনুযায়ী তাহলে সেই আইনকে বাতিল করার অধিকার কোন কোর্টের থাকবে না অন দি গ্রাউণ্ড যে, ফাণ্ডামেন্টাল রাইট-এর আর্টিকেল ১৪, ১৯, ৩১-কে লঙ্ঘন করা হয়েছে। আর্টিকেল ফোর্টিনটা রাইট অব ইকোয়ালিটি। আমরা কি দেখেছি, এই রাইট অব ইকোয়ালিটিতে কারা কারা বেরিয়ে গেছে? সুরজমল মেহেতা বেরিয়ে গেছে, ইনকাম ট্যাক্স ইনভেস্টিগেশন কমিশন অ্যাক্টের সেকশন ফাইভ, সাব-সেকশন ফোর আলট্রা ভায়ারস ডিকলেয়ার করা হল, সুপ্রীম কোর্টে, ১৯৫৪ সালে ডিকলেয়ার করল কেন? বলল, ইনকাম ট্যাক্স ইনভেস্টিগেট কেন করছ?

[6.30—6.40 P. M.]

তারপর দেখলাম কি? তারপর দেখলাম আবার একদল শিল্পপতি গেলেন, তাঁদের বক্তব্য অনুসারে সেকশন ৫ (১), ইনকাম ট্যাক্স ইনভেস্টিগেশন অ্যাক্ট বাতিল করে দেওয়া হল। শেষ পর্যন্ত মডেল নিটিং কেস, সর্বশেষ যে কেস হয়েছিল তাতে ইনকাম ট্যাক্স ইনভেস্টিগেশন কমিশনের সমস্ত ধারাগুলি অবৈধ ঘোষণা করে দিলেন। সুপ্রীম কোর্ট এটা কি ভিত্তিতে করলেন, না, আর্টিকেল ১৪-এর ভিত্তিতে। তারপর দেখুন আনোয়ার আলীর কেস, কেদারনাথ বাজোরিয়ার কেস, চিরঞ্জিৎলাল বাজোরিয়ার কেস—এই কেসগুলিতে ব্ল্যাক মার্কেটিং অ্যাক্ট অবৈধ ঘোষণা করা হল '৫১/'৫২ সালে, কেন, না, আর্টিকেল ১৪-এর জন্য। আর্টিকেল ১৪-এ যতগুলি কেস হয়েছে সুপ্রীম কোর্টে, সেগুলি বিচার করে দেখলে দেখবেন কেবলমাত্র সরকারী কর্মচারীদের ব্যাপারে দরিদ্র মানুষ গিয়েছিল আর্টিকেল ১৪ অনুযায়ী বক্তব্য রাখার জন্য, তা ছাড়া যাঁরা বক্তব্য রাখতে গিয়েছিলেন—শতকরা ৯৫ ভাগ শিল্পপতি বা মালিক পক্ষের লোক। রাইট অব ইকোয়ালিটির জন্য আদিবাসী

কেউ যায় নি, সিডিউল কাস্টরা কেউ যায় নি সুপ্রীম কোর্টে, দরিদ্র মানুষরা কেউ যায় নি। গিয়েছে ধনী শ্রেণীর মানুষরা, তাদের রাইট অব ইকোয়ালিটি এস্টাবলিস করবার জন্য একটার পর একটা আইন অবৈধ হয়ে গেছে। আর্টিকেল ১৯ কি? টু ক্যারি অন এনি অকুপেশন, ট্রেড অব বিজনেস—এগুলি হচ্ছে ফাণ্ডামেণ্টাল রাইটস। এই ফাণ্ডামেণ্টাল রাইটস-এর জন্য কারা গিয়েছে কোর্টে, সেটা দেখুন। সোলাপুর স্পিনিং মিল, দ্বারকানাথ ইত্যাদি এই সমস্ত শিল্পপতির দল, মালিক গোষ্ঠীর দল আর্টিকেল ১৯ অনুযায়ী গিয়ে আইন যা পাস করা হয়েছিল সেটা আলট্রা ভায়ারস করে দিয়েছে সুপ্রীম কোর্টের মাধ্যমে। আর একটা আর্টিকেল ৩১ কি বলছে? আর্টিকেল ৩১-ও ফাণ্ডামেণ্টাল রাইট টু হোল্ড অ্যাণ্ড অ্যাকুয়ার প্রপার্টি। আগে বলা যায় নি যে, এই আইন অবৈধ ঘোষণা করবেন না, কারণ ডাইরেক্টিভ প্রিনসিপলটা পড়ে দেখুন, ডাইরেক্টিভ প্রিনসিপলস বলছে, "দ্যাট দি ওনারশিপ অ্যাণ্ড কনট্রোল অব দি মেটিরিয়াল রিসোর্সেস অব দি কমিউনিটি আর সো ডিসট্রিবিউটেড অ্যাজ বেস্ট টু সাবসার্ভ কমন গুড।" সুতরাং এতে বলা যায় নি, কারণ ডাইরেক্টিভ প্রিনসিপলস-এর কোন স্থান ছিল না। আগে বলা যায় নি দ্যাট দি অপারেশন অব দি ইকনমিক সিসটেম ডাজ নট রেজাল্ট ইন দি কনসেনট্রেশন অব ওয়েল্থ অ্যাণ্ড মিন্স অব প্রোডাকশন টু দি কমন ডেট্রিমেণ্ট। আগে বলা যায় নি যে, দ্যাট দেয়ার ইজ ইকোয়াল পে ফর ইকোয়াল ওয়ার্ক ফর বোথ মেন অ্যাণ্ড ওমেন। আগে যদি এই সমস্ত বলা হত আর্টিকেল ৩৯, যা ছিল—এগুলি বলতে গেলে সুপ্রীম কোর্ট বা অন্য কোর্ট বলত এইজন্য ডাইরেকটিভ প্রিনসিপল রাখা আছে। এটা আমাদের দেখতে হবে, ফাণ্ডামেণ্টাল রাইটস-এ কেন আজকে বলে দেওয়া হচ্ছে আর্টিকেল ১৪, আর্টিকেল ১৯, আর্টিকেল ৩১ খাটবে না, যদি ডাইরেক্টিভ প্রিন্সিপলে যে-সমস্ত কথা বলা আছে সেই অনুযায়ী আইন পাস হয়ে থাকে। ফাণ্ডামেণ্টাল রাইটস-এর রাইট টু প্রপার্টি, টু ক্যারি অন অকুপেশন, ট্রেড অব বিজনেস বা রাইট অব ইকোয়ালিটি খাটবে না, যদি ডাইরেক্টিভ প্রিন্সিপলে যে-সকল কথা বলা আছে সেই অনুযায়ী কোন আইন পাস হয়ে থাকে। তাই ওনারশিপ অ্যাণ্ড কনট্রোল অব দি মেটিরিয়াল রিসোর্সেস অব দি কমিউনিটি আর সো ডিসট্রিবিউটেড অ্যাজ বেস্ট টু সাবসার্ভ কমন গুড, এই অনুযায়ী যদি কোন আইন পাস হয় বা অপারেশন অব দি ইকনমিক সিস্টেম ডাস নট রেজাল্ট ইন দি কনসেন্ট্রেশন অব ওয়েল্থ অ্যাণ্ড মিন্স অব প্রডাকশন টু দি কমন ডেট্রিমেণ্ট, এই কথা ভেবে যদি কোন আইন পাস করা যায়, আজকে এই দুটো খাটবে না, ১৯ খাটবে না, ৩১ খাটবে না। এর থেকে কি বোঝা যাচ্ছে? মালিক গোষ্ঠীকে বাদ দিয়ে সংবিধান

করা হচ্ছে ? একটা বৈপ্লবিক অদল-বদল হয়ে গেছে, এখন সেটা কাশীবাবু এখানে বুঝতে পারছেন না, কিন্তু মামলা যখন করবেন তখন বুঝতে পারবেন সংবিধান কিভাবে বদলানো হয়েছে দরিদ্র মানুষের পক্ষে, নির্যাতিত মানুষের পক্ষে, নিপীড়িত মানুষের পক্ষে, অবহেলিত মানুষের পক্ষে।

দুই নম্বর, তিনি বললেন দেশবন্ধুর থেকে উদ্ধৃতি দিয়ে যে, তিনি বলেছিলেন প্রিভেনটিভ ডিটেনশন ভাল নয়। কি ব্যাকগ্রাউণ্ডে তিনি বলেছিলেন, কাদের জন্য এটা করা হত ? যারা স্বাধীনতা সংগ্রামী—যে চুরি, জোচ্চুরী, মুনাফাবাজী, গুণ্ডামী, করাপশন করছে না—তুমি কেন বলেছ ভারতবর্ষের স্বাধীনতা চাই, সেজন্য তোমাকে রেগুলেশন অ্যাক্ট অব ১৮১৮-এ ধরা হবে। কি ব্যাকগ্রাউণ্ডে দেশবন্ধু, নেতাজী, মতিলাল বলেছিলেন তা মনে রাখতে হবে। তিনি বলেছিলেন, If Subhas is a criminal, I am the greatest criminal. আজ যদি একজন ব্ল্যাক মার্কেটিয়ার, জোতদার, মুনাফাবাজীকে ধরা হয় তাহলে কি বলা যায় If to love my country is a crime, I am the greatest criminal. সমাজের পরিবর্তন হচ্ছে। আমি সোসালিস্ট দেশের কথা বলছি না। যে দেশ থেকে উদাহরণ দিলে তিনি বলবেন সে-সব দেশে হয়, অন্য দেশে হয় না। ইংল্যাণ্ড, ফ্রান্স, ওয়েস্ট জার্মানির কথা বলছি, পাকিস্তান, মালয়েশিয়া, থাইল্যাণ্ডের কথা বলছি না। ইংল্যাণ্ডে কি আছে ? ১৬২৭ খ্রীস্টাব্দে বিলেতে একটা মামলা হয়, তার নাম হল ডানেলস কেস। সেই কেসে কোর্ট বললেন—The Crown has no absolute power to commit. সরকারের অবাধ ক্ষমতা নেই কাউকে জেলে দেবার এবং যদি পারে তা হলে হেবিয়াস কার্পাস করে তাকে বার করে দেওয়া হবে। কিন্তু আমরা দেখলাম ৩০০ বছর পর সেই আইনের পরিবর্তন হল। প্রথম যুদ্ধের সময় ইংল্যাণ্ডে প্রিভেনটিভ ডিটেনশন হল, আইন হল—Parliament may empower the executive to make regulation for detention without trial of persons if such detention appears to be expedient in the interest of public safety or for the defence of the country. কিন্তু পরে আবার কি দেখলাম ? ১৯৪২ সালে লিভিংস্টোন ভার্সেস অ্যাণ্ডারসন মামলা হল, সেখানে পরিষ্কার বলা হল—For the security and safety of the country, the Parliament of the United Kingdom is quite competent for enacting low providing for preventive detention in the interest of national safety. এটা গেল বিলেতের কথা। আমেরিকায় একটা আইন আছে তার নাম হচ্ছে ইণ্টারনাল সিকিউরিটি অ্যাক্ট অব ১৯৫০, তাতে বলা হল—During

the continuance of any emergency the President is authorised to detain any person about whom there is a reasonable ground to believe that such person will engage himself in conspiring with others to engage in acts of espionage and acts of sabotage পসিবলি, না প্রোব্যাবলি এনগেজ। আজও সেই ইনটারনাল সিকিউরিটি অ্যাক্ট অব ১৯৫০ আমেরিকাতে আছে। অস্ট্রেলিয়াতে দুটি বড় বড় মামলায় আইন পরিষ্কার হয়ে গেছে। একটা হচ্ছে লিটল ভার্সেস কমনওয়েলথ, আর একটা হচ্ছে অস্ট্রেলিয়া কমিউনিস্ট পার্টি ভার্সেস কমনওয়েলথ। সেখানে বলা হল—Legislation empowering the executive to detain any person on suspicion for preventing them from acting in any manner prejudicial to the public safety and defence of the Commonwealth is valid under the Constitution of Australia. আয়ার্ল্যাণ্ডে আর্টিকলে ২৮, সাব-সেকশন ৩ বলছে—Nothing in the Constitution shall be invoked to invalidate any law which is meant for the purpose of security of public safety and preservation of the State in times of war or arm rebellion.

[6.40—6.50 P. M.]

সেখানে পি ডি আই হয়েছে এবং সেটা বৈধ আইন, অবৈধ আইন নয়। ক্যানাডাতে ওয়ার মেজার্স অ্যাক্ট বলে একটা আইন আছে, সেই আইনের সেকশন ৬(৫)-তে বলা আছে—That any Act or thing done under the authority of this Act shall be deemed not to be an abrogation, abridgement or infringement of any of the rights or freedom recognised by the Canadian Bill of Rights. ক্যানাডায় যে-সমস্ত বিল অব রাইটস আছে সেগুলি কিছু নয় যদি ওয়ার মেজার্স অ্যাক্টে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়। নেদারল্যাণ্ডে কি দেখছি—আর্টিকেল ১৬৪ অব দি নেদারল্যাণ্ডস্ কন্সটিটিউশন তাতে বলা হয়েছে—Except in cases determined by law, no person may be arrested otherwise than under the order of a judge. এক্সেপ্ট ইন কেসেস ডিটারমিণ্ড বাই ল—তার মানে আইনে বলে দিতে পারে এই এই কেসে ওয়ারেণ্ট ছাড়া বিনা বিচারে যাকে তাকে আটক রাখা যেতে পারে। হল্যাণ্ডে এই আইন আছে। জার্মান ডেমোক্রাটিক রিপাবলিকের সংবিধানের ৮ নম্বর ধারা

যদি দেখি তা হলে দেখব সেখানে বলছে—Personal liberty is guaranteed but the State authority may restrict or revoke this freedom. রেস্ট্রিক্ট অর রিভোক, একেবারে কেড়ে নিতে পারে এই অধিকার অন দি বেসিস অব এ ল অ্যাপ্লিকেবল টু অল সিটিজেনস। সেখানে প্রিভেন্টিভ ডিটেনশন অ্যাক্ট আছে। আজকেও সেই আইন আছে ফ্রেঞ্চ কন্সটিটিউশনে। ফ্রেঞ্চ কন্সটিটিউশনের আর্টিকেল ৭ বলছে যে—No one shall be accused, arrested or imprisoned except in cases determined by law—অর্থাৎ কিনা আইন যদি বলে দেয় যে, একে ধরা যেতে পারে, বিনাবিচারে আটক রাখা যেতে পারে তবে সংবিধানে সেটা আটকায় না। পৃথিবীর যে-কোন কন্সটিটিউশন দেখুন, সেখানে প্রিভেন্টিভ ডিটেনশন অ্যাক্ট আছে। আমরা জানি আমেরিকা আমাদের শত্রু দেশ নয়, আমেরিকার কিছু মানুষ আমাদের বিরুদ্ধে, যারা ভারতবর্ষ শক্তিশালী সমৃদ্ধশালী হোক এটা চায় না, যারা ভারতবর্ষের স্বার্থের বিরুদ্ধে কাজ করছে। আমেরিকার কিছু মানুষ, ওয়েস্ট জার্মানীর কিছু সংখ্যক মানুষ আছে যারা অনেক কথা লিখছে। এসবের জার্নাল, খবরের কাগজ আমরা দেখাতে পারি যে, তারা ইন্দিরা গান্ধীকে গালাগালি দিচ্ছে প্রিভেন্টিভ ডিটেশন করছে বলে। অথচ তাদের বেলায় প্রিভেন্টিভ ডিটেনশন ঠিক আছে, কেউ কিছু বলতে পারে না, আর ভারতবর্ষ যদি করে তা হলে দোষী ভারতবর্ষ। তারা তাদের দেশে শক্তিশালী সরকার প্রতিষ্ঠিত করার জন্য যা খুশী তাই করতে পারবে, আর ভারতবর্ষ যদি বলে আমরা এ জিনিস করব, তাহলে ভারতবর্ষ তা করতে পারবে না, কারণ ভারতবর্ষ মহাত্মা গান্ধীর দেশ, তোমরা অহিংসভাবে থাক, তোমাদের দেশে শত শত জয়প্রকাশ নারায়ণ গড়ে উঠুক, তোমাদের সেই অধিকার নেই। আর আমরা বুক ফুলিয়ে বলব যে, আমরা গণতান্ত্রিক, আমাদের দেশে যে আইন আছে সেটাকে ঠিকমত চালু করি। ভুল কি কোথাও হয় নি? ক্যাপটেন ইভান্স কেস কি? যুদ্ধের সময় সেখানে কিং জর্জের স্ত্রীর একজন আত্মীয়কে সাসপিশনে ধরা হল, ৬ বছর জেল খাটল, কিন্তু তিনি নির্দোষ ছিলেন, ভুল সাসপিশন ছিল। একজিকিউটিভ অ্যাকশন ভুল হতে পারে, কিন্তু আইনের বিরোধিতা করা আর এক কথা। অন্যান্য সমস্ত দেশে তাই আছে, এ দেশেও থাকছে না কেন? আজকে সেই সকল দেশ থেকে কিছু সংখ্যক মানুষ এই কথা বলবে, তাদের সরকার এই কথা বলছে না। সেই সমস্ত দেশের অধিকাংশ মানুষ আমাদের বন্ধু, মাইনর সেকশন ভারতবর্ষের বিরুদ্ধে বলছে। ইংরাজীতে একটা কথা আছে—What is sauce for the gander is sauce for the goose. সুতরাং আপনাদের থাকবে, আমাদের

থাকতে পারে না, এটা হতে পারে না। আমাদের ব্ল্যাক মার্কেটিয়াদের বিরুদ্ধে লড়াই করতে হবে, লড়াই করতে হবে অসৎ জোতদারদের বিরুদ্ধে, লড়াই করতে হবে গুণ্ডাদের বিরুদ্ধে, লড়াই করতে হবে অসৎ মানুষদের বিরুদ্ধে। আমাদের গুণ্ডামী বন্ধ করতে হবে, আইন-শৃঙ্খলা যাতে দেশে থাকে তার ব্যবস্থা করতে হবে।

Mr. Speaker : The times is to expire shortly. So with the sense of the House, under Rule 290 may I extend the time by fifteen minutes more ?

(Voices : Yes)

So, the time is extended by fifteen minutes more. Now, the Hon'ble chief minister may resume.

শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় : মাননীয় সদস্য কাশীবাবু যখন বক্তৃতা করছিলেন তখন তিনি আমাদের পুরান যুগের অত্যন্ত শ্রদ্ধাবান ব্যক্তিদের কথা তুলে বক্তব্য রাখলেন। তাঁর বক্তব্যের সঙ্গে আমার কোন অমিল নেই। আমরাও মতিলাল নেহরু, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ এবং নেতাজী সুভাষচন্দ্র বসুকে মানি। কিন্তু তাঁরা যে বক্তব্য রেখেছিলেন সেটা তাঁরা কি ব্যাকগ্রাউণ্ডে রেখেছিলেন সেটা দেখা অত্যন্ত দরকার। দুঃখের বিষয় তিনি সেটা না দেখে অন্য বক্তব্য এখানে রেখেছেন। মাননীয় সদস্য বিশ্বনাথবাবু অ্যান্টি-ন্যাশানাল সম্বন্ধে একটা বক্তব্য রেখেছেন। আমি বুঝতে পারছি না এতে দোষ কি হয়েছে? যদি কেউ অ্যানটি-ন্যাশনাল কাজ করে তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করলে দোষের কি হয়েছে? তিনি বলেছেন ট্রেড-ইউনিয়ন করতে গিয়ে যদি কাউকে ধরে ফেলে? আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী বলেছেন জেনুইন ট্রেড-ইউনিয়নিজম করলে সেটা অ্যান্টি-ন্যাশনাল অ্যাকটিভিটি নয়। কিন্তু ট্রেড-ইউনিয়নের নামে যদি কেউ অন্য কাজ করে তাহলে সেখানে কি হবে? আমি বিশ্বনাথবাবুকে জিজ্ঞাসা করি জর্জ ফার্নাণ্ডেজ-এর কাজকে কি তিনি সমর্থন করেন? জর্জ ফার্নাণ্ডেজ বলেছিলেন ১৫ দিনের জন্য যদি তোমরা রেলওয়ে বন্ধ করতে পার তাহলে ভারতবর্ষের একটা মানুষও খেতে পাবে না, একটাও স্টীল মিল চলবে না, কোন ট্রেন চলবে না, কাজেই তোমরা ১৫ দিন ধৈর্য ধরে ধর্মঘট কর। সারা ভারতবর্ষের মানুষ খেতে পাবে না। সমস্ত দেশের ব্যবসা-বাণিজ্য বন্ধ হয়ে যাবে—একথা ফার্নাণ্ডেজ বলেন নি? বিশ্বনাথবাবু কি সেই ধরনের ট্রেড-ইউনিয়নিজম সমর্থন করেন? না, তিনি তা সমর্থন করেন না,

তিনি তার বিরোধিতাই করেছিলেন। আমি আপনাদের জিজ্ঞাসা করি এই ধরনের ট্রেড-ইউনিয়নিজম কি অ্যান্টি-ন্যাশানল অ্যাক্টিভিটি নয়? কাজেই সরকারের কতকগুলি ক্ষমতা থাকা উচিত। তবে সরকার যদি সেই ক্ষমতার অপব্যবহার করেন তাহলে আপনারা নিশ্চয়ই আপনাদের বক্তব্য রাখবেন। ক্ষমতা এক জিনিস, কিন্তু তার সদ্ব্যবহার বা অসদ্ব্যবহার অন্য জিনিস। আমার তো মনে হয় অ্যান্টি-ন্যাশনাল অ্যাক্টিভিটির যে ৫টি ক্লজ আছে তার একটিরও আপনারা বিরোধিতা করতে পারবেন না। ন্যাশনাল ফ্ল্যাগকে যদি কেউ অপমান করে তাহলে আপনি তাকে কি বলবেন—প্রো-ন্যাশনাল, না, অ্যান্টি-ন্যাশনাল? জাতীয় সঙ্গীত মানব না, ভারতবর্ষ স্বাধীন একথা মানব না, ভারতবর্ষকে ভাগাভাগি করব, সৈন্যদের বলব তোমরা বিপ্লব কর, পুলিশকে বলব সরকারের বিরুদ্ধে বন্দুক চালাও। আপনারা চিন্তা করুন তো এসব কথা। এটাও তো এক ধরনের ট্রেড-ইউনিয়নের নমুনা। এক ধরনের ট্রেড-ইউনিয়নের নমুনা তো আমাদের বিশ্বনাথবাবু জানেন। যেদিন তিনি ইরিগেশন বাজেট অ্যাসেম্বলীতে মুভ করেছিলেন তখন অ্যাসেম্বলীর ভেতর কি ঘটনা ঘটেছিল। আমি সেদিন একটু দেরীতে অ্যাসেম্বলীতে এসেছিলাম এবং এসে দেখলাম কি কাণ্ড ঘটে গেছে অ্যাসেম্বলীর ভেতরে। সমস্ত জিনিসপত্র ভেঙ্গে চুরমার করে দিয়ে গেছে। সেটাও তো ট্রেড-ইউনিয়নের নামেই হয়েছিল। সেইজন্যই বলছিলাম আমাদের ভারতবর্ষকে শক্তিশালী করতে হবে, সমৃদ্ধশালী করতে হবে, দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে, আমাদের এমনভাবে কাজ করতে হবে যাতে ইন্দিরা গান্ধীর নেতৃত্বে এই শতাব্দী পার হতে না হতেই ভারতবর্ষ পৃথিবীর মধ্যে একটি সর্বশ্রেষ্ঠ দেশ হতে পারে। আমরা যদি ঝগড়াঝাটি করে সময় নষ্ট না করি, নিজেরা যদি একসঙ্গে মিলেমিশে কাজ করতে পারি তাহলে আমরা এমন অবস্থা সৃষ্টি করতে পারব যে, এই শতাব্দী পার হতে না হতেই ভারতবর্ষ পৃথিবীর মধ্যে একটা সর্বশ্রেষ্ঠ দেশ হবে। আমি আপনাদের বলছি সংবিধানের এই যে সংশোধন করা হয়েছে এটার খুব দরকার ছিল। বিশ্বনাথবাবু তাঁর ভাষণে পরিষ্কারভাবে বলেছেন কেন এই দরকার ছিল, অন্যান্য সদস্যরাও বলেছেন কেন এই দরকার ছিল, একমাত্র কাশীবাবু ছাড়া।

[6.50—6.58 P. M.]

আমি বলব এই সংবিধান সংশোধন করা হচ্ছে, তার কারণ এর দরকার ছিল। বিশ্বনাথবাবু পরিষ্কার বলে দিয়েছেন কেন দরকার ছিল, অনেক সদস্যও বলেছেন

এটির কেন দরকার। একমাত্র কাশীবাবু ছাড়া আর দু'জন যাঁরা অনুপস্থিত আছেন, আর যাঁরা দু'জন সংগঠন কংগ্রেস তাঁরা আসেনি—এই পাঁচজন ছাড়া—চারজন কিছু বলেন নি, তাঁরা বিরোধিতা করে বেরিয়ে গেছেন, আর দু'জন বিরোধিতা করে রাগ করে এখানে আসেন নি। আর কাশীবাবু এখানে থেকে বিরোধিতা করেছেন। ২৮১ জন সদস্যের ভিতরে পাঁচজন বিরোধিতা করেছেন অ্যাকটিভলি বা প্যাসিভ্যালি, সেই বিরোধিতার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। এই র‍্যাটিফিকেশন মোশনটা আপনারা পাস করে দিন এটাই আমার আপনাদের কাছে আবেদন।

Mr. Speaker: Now I put the Resolution moved by the Hon'ble Chief Minister to vote.

The motion of Shri Siddhartha Shankar Ray that this House ratifies the amendment to the Constitution of India falling within the purview of the proviso to clause (2) of article 368 thereof, proposed to be made by the Constitution (Forty-fourth Amendment) Bill 1976, as passed by the two Houses of Parliament, and the short title of which has been changed into 'The Constitution (Forty-second Amendment) Act, 1976' was then put and a division taken with the following result :

AYES

Abdul Bari Biswas, Shri
Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Choudhury, Shri
Aich, Shri Triptimay
Anwar Ali, Shri Sk.
Baidya, Shri Paresh
Bandopadhaya, Shri Shib Sankar
Bandyopadhyay, Shri Sukumar
Banerjee, Shri Mrityunjoy
Banerjee, Shri Nandalal
Banerjee, Shri Pankaj Kumar
Bapuli, Shri Satya Ranjan
Basu, Shri Ajit Kumar (Mid.)
Basu, Shri Supriyo
Bauri, Shri Durgadas
Bera, Shri Rabindra Nath
Bera, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Keshab Chandra
Bhattacharya, Shri Narayan
Bhattacharyya, Shri Pradip
Bhattacherjee, Shri Susanta
Bijali, Dr. Bhupen
Biswas, Shri Ananda Mohan
Biswas, Shri Kartic Chandra
Bose, Shri Lakshmi Kanta
Chaki, Shri Naresh Chandra
Chakraborty, Shri Gautam
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Shri Kanti Ranjan
Chatterjee, Shri Naba Kumar
Chatterjee, Shri Tapan
Chattopadhay, Shri Sukumar
Chowdhary, Shri Abdul Karim
Das, Shri Barid Baran
Das, Shri Bijoy

Das, Shri Jagadish Chandra
Das, Shri Rajani
Das, Shri Sudhir Chandra
De, Shri Asamanja
De, Prof. Chandra Kumar
Deshmukh, Shri Netai
Dolui, Shri Hari Sadhan
Dutt, Shri Ramendra Nath
Dutta, Shri Adya Charan
Dutta, Shri Hemanta
Ekramul Haque Biswas, Shri
Fazle Haque, Dr. Md.
Ghiasuddin Ahmed, Shri
Ghosh, Shri Lalit Kumar
Ghosh, Shri Nitai Pada
Ghosh, Shri Prafulla Kanti
Ghosh, Shri Tarun Kanti
Ghosh Moulik, Shri Sunil Mohon
Goswami, Shri Paresh Chandra
Goswami, Shri Sambhu Narayan
Gurung, Shri Gajendra
Gyan Singh, Shri Sohanpal
Habibur Rahaman, Shri
Halder, Shri Harendra Nath
Halder, Shri Manoranjan
Hatui, Shri Ganesh
Hembram, Shri Sital Chandra
Hembrom, Shri Patrash
Hemram, Shri Kamala Kanta
Isore, Shri Sisir Kumar
Jana, Shri Amalesh
Kar, Shri Sunil
Khan, Shri Gurupada
Khan, Shri Samsul Alam, Shri
Kolay, Shri Akshay Kumar
Lakra, Shri Denis
Lohar, Shri Gour Chandra
M. Shaukat Ali, Shri
Mahanto, Shri Madan Mohan
Mahato, Shri Satadal
Mahato, Shri Sitaram
Mahapatra, Shri Harish Chanra
Maiti, Shri Braja Kishore
Maity, Shri Prafulla
Majhi, Shri Rup Sing
Maji, Shri Saktipada
Mal, Shri Dhanapati
Malladeb, Shri Birendra Bijoy
Mandal, Shri Arabinda
Mandal, Shri Nrisinha Kumar
Mandal, Shri Santosh Kumar
Mazumdar, Shri Indrajit
Md. Shamsuzzoha, Shri
Misra, Shri Ahindra
Misra, Shri Kashinath
Mitra, Shri Haridas
Mitra, Shri Somendra Nath
Mohammad Dedar Baksh, Shri
Mohammad Idris Ali, Shri
Mohanta, Shri Bijoy Krishna
Moitra, Shri Arun Kumar
Mojumdar, Shri Jyotirmoy
Mondal, Shri Aftabuddin
Mondal, Shri Amarendra
Mondal, Shri Jokhi Lal
Mondal, Shri Khagendra Nath
Moslehuddin Ahmed, Shri
Motahar Hossain, Dr.
Mukherjee, Shri Ananda Gopal
Mukherjee, Shri Sanat Kumar
Mukherjee, Shri Subrata
Mukhopadhyaya, Shri Ajoy
Mundle, Shri Sudhendu
Nag, Dr. Gopal Das
Naskar, Shri Arabinda
Naskar, Shri Ardhendu Sekhar
Nurunnesa Sattar, Shrimati
Paik, Shri Bimal
Panja, Shri Ajit Kumar
Parui, Shri Mohini Mohon
Patra, Shri Kashinath
Paul, Shri Bhawani
Poddar, Shri Deokinandan
Pramanick, Shri Gangadhar

Pramanik, Shri Monoranjan
Pramanik, Shri Puranjoy
Quazi Abdul Gaffar, Shri
Ram, Shri Ram Peyare
Ray, Shri Siddartha Shankar
Roy, Shri Ananda Gopal
Roy, Shri Birendra Nath
Roy, Shri Bireswar
Roy, Shri Debendra Nath
Roy, Shrimati Ila
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Madhu Sudan
Roy, Shri Mrigendra Narayan
Roy, Shri Suvendu
Saha, Shri Dulal
Saha, Shri Dwija Pada
Saha, Shri Nirad Kumar
Saha, Shri Radha Raman
Sahoo, Shri Prasanta Kumar
Sajjad Hussain, Shri Haji
Samanta, Shri Tuhin Kumar
Santra, Shri Sanatan
Saraogi, Shri Ramkrishna
Saren, Shrimati Amala
Saren, Shri Dasarathi
Sarkar, Shri Nil Kamal
Sarker, Shri Jogesh Chandra
Sautya, Shri Basudeb
Sen, Dr. Anupam
Sen, Shri Bholanath
Sen, Shri Sisir Kumar
Sen Gupta, Shri Kumar Dipti
Shamsuddin Amed, Shri
Shaw, Shri Sachi Nandan
Sheth, Shri Balai Lal
Singha, Shri Lal Bahadur
Singha, Shri Satyanarayan
Singhababu, Shri Phuni Bhusan
Singha Roy, Shri Probodh Kumar
Sinha, Shri Atish Chandra
Sinha, Shri Debendra Nath
Sinha, Shri Niren Chandra
Sinha, Shri Panchanan
Sinha Roy, Shri Bhawani Prosad
Ta, Shri Kashinath
Tewary, Shri Sudhanshu Sekhar
Tirkey, Shri Iswar Chandra
Basu, Shri Ajit Kumar (Singur)
Bhattacharjee, Shri Shibapada
Chatterjee, Shri Gobinda
Duley, Shri Krishna Prosad
Ganguly, Shri Ajit Kumar
Ghosal, Shri Satya
Ghosh, Shri Sisir Kumar
Mitra, Shrimati Ila
Mukherjee Shri Biswanath
Mukhopadhyaya, Shri Girija Bhusan
Oraon, Shri Prem
Panda, Shri Bhupal Chandra
Phulmali, Shri Lal Chand
Roy, Shri Aswini Kumar
Roy, Shri Saroj
Sinha, Shri Nirmal Krishna

NOES

Maitra, Shri Kashi Nath
Mandal, Shri Prabhakar

The Ayes being 181 and the Noes 2, the motion was carried.

শ্রীপ্রভাকর মণ্ডল : স্যার, আমি ভুল বাতি টিপে ফেলেছি।

Mr. Speaker : I shall look into it. The House stands adjourned till 1 p.m. on Wednesday, the 1st December, 1976.

Adjournment

The House was accordingly adjourned at 6-58 p.m. till 1 p m. on Wednesday, the 1st December, 1976, at the Assembly House Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 1st December, 1976, at 1 p.m.

Present

Mr. Speaker (**Shri Apurba Lal Majumder**) in the Chair, 7 Ministers, 6 Ministers of State, 1 Deputy Minister and 185 Members.

[1.00—1.10 P. M.]

Oath or Affirmation of Allegiance

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an oath or Affirmation of Allegiance may kindly do so.

(There was none to take Oath)

Mr. Speaker : Today, on two calling attention notices answers will be given—one by the Minister-in-charge of Relief & Welfare Department and the other, by the Minister-in-charge of Land utilisation and Reforms and Land & Land Revenue Department. Today, we are going to discuss the subject on drought situation in some districts of the State. So, with the sense of the House, I like to take up the calling attention matter in respect of the Land Utilisation and Reforms and Land & Land Revenue Department, first. I think, the honourable members will have no objection to it. I now call upon the Minister-in-charge of Land utilisation and Reforms and Land & Land Revenue Department to make a statement on the subject of eviction of bargadars by Jotdars. (Attention called by Shri Monoranjan Pramanik and 3 others on the 30th November, 1976).

Shri Gurupada Khan : Sir, the general policy of the Government to safeguard and protect all genuine bargadars, irrespective of the community to which they may belong, has been reiterated time and again. On the eve of the present harvesting season the Board of Revenue and the Home (Police) Department have issued instructions to the local officers in clear terms to ensure adequate protection to the bargadars, whether recorded or not, against any attempt on the part of unscrupulous land owners to evict them illegally. It was pointed out that with a view to evicting genuine bargadars from the land, the owners might claim that the land was cultivated by them personally or by hired labourers and that the owners might also set up a different person as a bargadar. Whenever such disputes occur, the Revenue officers

are to make an immediate enquiry to ascertain facts. The West Bengal Land Reforms Act gives exclusive jurisdiction to the Revenue Officers to determine whether a person is or is not a bargadar. Sub-section (3) of section 21 lays down that "if any question as to whether a person is or is not a bargadar arises in the course of any proceedings before any Civil or Criminal Court, the Court shall refer it to the officer or authority mentioned in sub-section (1) of section 18 for decision". The Police and Revenue Officers have been directed to work in close co-operation in settlement of disputes over possession of land during the harvesting season as also for protection of bargadars. Particulars of specific cases in which bargadars have been evicted in connivance with the police of fictitious bargadars have been set up with police help would facilitate action not only against the delinquents but also for restoring the lands to the bargadars.

[1.10—1.20 P. M.]

শ্রীসরোজ রায়: যে স্টেটমেন্টের একটা কপি যদি দেওয়া হত প্রত্যেক সদস্যকে ভাল হত। ওই ব্যাপারে মন্ত্রী মহাশয় যদি রাজী হন ভাল হয়।

Mr. Speaker : I will look into it.

Now, there is another calling attention notice that was admitted on which a statement has to be made by the Minister-in-charge of Relief & Welfare Department and after that, I think, the discussion may be started. The presentation of Report and Laying of Reports will take only a few minutes. So, I think, the honourable members will have no objection to the Presentation of Report of the Committee on Public Accounts, 1976-77, and then the Laying of Reports.

Now, I call upon the Minister-in-charge of Relief & Welfare Department to please make a statement on the subject of T. R. and G. R. for the drought-affected people. (Attention called by Shri Kashinath Misra and seven others). A statement will be made and I think that will be the main statement on which the discussion will start.

Shri Ramkrishna Saraogi : Mr. Speaker Sir, I rise to give a statement in reply to the Calling Attention Notice tabled by the Hon'ble Members Shri Kashinath Misra and eight others about T. R. and G. R. in the drought-affected areas of the State.

Sir, Government have so far received information about prevalence of drought conditions in Purulia, Bankura, and in some parts of Midnapore, Birbhum and Burdwan districts of the State. Government are fully aware of

the situation prevailing in those districts and have undertaken necessary measures for mitigation of distress of the affected people of those areas.

Sir, relief operations in this State are generally suspended every year from the middle of November so that Relief Works should not clash with the harvesting operations of aman paddy. After careful consideration of the situation prevailing this year in the rural areas, Government have decided not to close down T. R. operations and have instructed all the District Magistrate and Deputy Commissioners to continue T. R. works in the areas affected by drought, floods, cyclone, etc. provided that harvesting operations are not affected. As a matter of fact, according to latest weakly records received from the above named districts, rest relief and other employment schemes are in operation in those districts, an account of which is given below :

District	Total No. of schemes under execution	Mandays created
Bakura	271	1,0,21,488
Purulia	268	54,840
Midnapore	31	5,22,360
Birbhum	388	5,315
Burdwan	8	13,686
	966	16,17,689

Besides above, 28 schemes under Rural Employment Programme and 15 schemes under Special Employment Programme are under execution in Bankura, Purulia and Birbhum which also provide employment to a considerable number of distressed able bodied labourers.

To replenish stocks of foodgrains for utilisation under "Food for Work Programme" in collaboration with C.A.R.E. Organisation, following stocks of foodgrains have also been placed at the disposal of the District Officers of Midnapore, Purulia and Birbhum very recently, the districtwise allocation is as below :

Midnapore	...	...	150 M.T.
Purulia	...	...	1,500 M.T.
Birbhum	...	...	100 M.T.

Such replenishment will also be made in respect of other districts according to necessity.

Regarding distribution of G.R., Mr. Speaker Sir, you are aware that at present normal G. R. is being distributed in all the districts to cover 0.2 percent of the population of each district. In consideration of the distressed condition prevailing in some districts, ad-hoc G.R. is also being given in the acutely distressed areas right from the beginning of the current financial year. Over and above normal G.R., 75 M.T. of foodgrains are being allotted to each of the District

Officers of Bankura, Purulia, Midnapore, Burdwan and Birbhum as ad-hoc G.R. for distribution in the acutely distressed pockets.

During the current financial year so far, following allotments have been sanctioned to the districts affected by drought for distribution of G.R. and execution of T.R. schemes :

District	Gratuitious relief Rs.	Test relief Rs.
Bankura	9,47,855	32,78,061
Purulia	8,71,981	36,40,290
Midnapore	19,80,250	39,65,285
Birbhum	6,94,992	4,65,000
Burdwan	7,54,814	8,20,000
	52,49,892	1,21,68,636

Mr. Speaker Sir, the Government are also aware of the situation prevailing in the other districts some of which have been affected by floods, cyclone, etc., during this year. For mitigation of distress of the affected persons in those districts, necessary measures have been undertaken by Government. Over and above distribution of normal G.R. @ 0.2 per cent of the population of each district, 50 M.T. of foodgrains is being sanctioned per month to D.C., Cooch Behar, while 25 M.T. to each of the District Officers of Nadia, Malda, Howrah, Jalpaiguri, West Dinajpur and Murshidabad for distribution in the distressed pockets. Execution of T.R. and other employment schemes has also been undertaken in these districts for providing employment to the distressed rural labourers. Latest reports received from these districts indicate that 159 T.R. and other schemes are in execution in all those districts, which created about 1.76 lakhs mandays of employment.

Mr. Speaker Sir, regarding scarcity of drinking water in the areas affected by drought, the Health & Family Planning Deptt. are taking necessary steps for provision of potable water. In the districts of Purulia, Bankura, Birbhum and Midnapore sanctions have been accorded to sink 150 Rig-bored tubewells, and 700 ordinary tubewells and also to dig 280 masonry wells under normal Rural Water Supply Programme against which 114 Rig-bored tubewells and 618 other water sources have been completed.

Under R.W.S. Programme, 10 new sources are be to provided in each of 327 Blocks of the State and 20 re-sinking/re-construction of water sources are to be completed against which 70% of spot sources have already been completed. Maximum efforts are being made to achieve the target.

Additional maintenance squads are being provided in the non-tubewell areas of Purulia district so that supply of drinking water is not disturbed.

For expediting the execution programme of sinking more tubewells, the Health and Family Planning Department have moved the Govt. of India for

supplying 10 more Rigs to this State to meet the urgent requirement. At present the State Govt. have 8 such Rigs out of which 6 are in use in the rocky areas.

Besides, excavation of a large number of new tanks and wells has already been included in the T.R. Programme. Re-excavation of derelict tanks and wells and construction of Jore-bundhs in some districts are also included in the T.R. Programme and are in execution for providing sources of water to people in the scarcity areas.

Sir, I have given in brief a picture of relief work being carried out so far in the drought-affected districts by the Government. Immediately after severe floods and cyclone of high intensity in no less than eight districts, the Government have now to face serious drought in very wide areas affecting a considerable section of the population. The Government are determined to meet the challenge of the Nature and all possible steps will be taken to provide relief to the distressed people and for this, active co-operation and assistance from the Hon'ble Members of this House is very much essential.

It is heartening, Sir, that a full debate on the drought situation is taking place today. The Government are looking forward to the valuable suggestions, the Hon'ble Members would make during the debate, to enable them to tackle the situation more effectively.

Presentation of the Report of the Committee on Public Accounts, 1976-77

The Chairman (Shri Somnath Lahiri) : Sir, I beg to present the Report of the Committee on Public Accounts, 1976-77, Part II.

LAYING OF REPORTS

Annual Report on the working and affairs of the Electro-Medical and Allied Industries Limited for the year 1974-75

Dr Zainal Abedin : Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the Electro-Medical and Allied Industries Limited for the year 1974-75.

Annual Report on the working and affairs of the West Bengal Mineral Development and Trading Corporation Limited for the year 1975-76

Shri Gajendra Gurung : Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the West Bengal Mineral Development and Trading Corporation Limited for the year 1975-76.

Mr. Speaker : Now I call upon Shri Ajit Kumar Panja.

শ্রীঅজিত কুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার মাননীয় সদস্য মহম্মদ সফিউল্লার প্রতি অশালীন এবং অভদ্র আচরণ করা হয়েছে বলে অভিযোগ পাওয়ার পর আমি এই হাউসে অ্যাসিওরেন্স দিয়েছিলাম সম্পূর্ণভাবে এনকোয়ারি করে হাউস চলাকালীন রিপোর্ট দাখিল করব। আমরা নোটিস এবং যা যা করণীয় কাজ ইতিমধ্যেই সেগুলি করেছি। কিন্তু ইতিমধ্যে ৩ জন এমপ্লয়িজের মধ্যে একজন, যিনি সাসপেণ্ড হয়ে আছেন তিনি মহামান্য হাইকোর্টে গিয়ে ইন্‌জাংশন নিয়ে এসেছেন। তাই সেটা দেখার জন্য কতদূর সাবজুডিস আছে, আমরা এল আর-এর কাছে সমস্ত ফাইলটা পাঠাচ্ছি। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসের কাছে আর কিছুদিন টাইম চেয়ে নিচ্ছি—কতটা টাইম লাগবে এখুনি আমি বলতে পারছি না। তবে যত তাড়াতাড়ি সম্ভব আমরা এনকোয়ারি শেষ করব।

Mr. Speaker : Thank you. Time is allowed.

Discussion on the subject of drought situation in some districts of the State

Mr Speaker : I hope you have already got the statement of the Hon'ble Minister on the subject. Copies of the statement have already been circulated amongst the honourable members.

Now I call upon Shri Biswanath Mukherjee.

[1.20—1.30 P. M.]

শ্রীবিশ্বনাথ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খরার উপর আলোচনা প্রসঙ্গে একটি বিবৃতি দেখছি মাননীয় মন্ত্রী মহাশয় দিয়েছেন। এখন সেটা নিয়ে দেখছি একজন মন্তব্য করলেন যে, সেখানে ২৪ পরগনার উল্লেখ পর্যন্ত নেই। কোন্ কোন্ জেলার উল্লেখ নেই কি আছে সে-সব কথা ডিবেটে আসবে, আমি শুধু স্যার, এই প্রসঙ্গে আপনাকে মনে করিয়ে দিচ্ছি যে, আমরা অনেকে মিলে—যাতে প্রথম নাম আমার ছিল, কিন্তু সার্কুলেশনের সময় দেখছি আমার নামটাই বাদ গিয়েছে, একটা প্রস্তাব দিয়েছিলাম আলোচনার জন্য। সেটা হচ্ছে, খরা পরিস্থিতি, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি এবং আমাদের রাজ্যে যে কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে সে বিষয়ে। যাই হোক, ঠিক হয়েছে যে, খরা পরিস্থিতির উপর আলোচনা হবে। দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ে আলোচনা সম্বন্ধে পার্লামেন্টারী অ্যাফেয়ার্সের

মিনিস্টারের আপত্তি ছিল এই কারণে যে, খাদ্য ও সরবরাহমন্ত্রী নাকি অনুপস্থিত থাকবেন, সেইজন্য হবে না। কিন্তু দেখছি খাদ্য ও সরবরাহমন্ত্রী উপস্থিত আছেন এটা আনন্দের কথা। যদি এই সঙ্গে শ্রমমন্ত্রীও উপস্থিত থাকতেন তা হলে সোনায় সোহাগা হত, আমরা যে তিনটি পয়েন্টে আলোচনা করতে চেয়েছিলাম তা করা যেত। এখন স্যার, আমি আশা করব যে, আমাদের এই আলোচনার ভিত্তিতে মন্ত্রী মহাশয় উপযুক্ত ব্যবস্থা নেবেন। আমি প্রধানতঃ খরা পরিস্থিতির উপরই আলোচনাটা সীমাবদ্ধ রাখব। তবে তার আগে শুধু এইটুকু বলে রাখি যে, এর আগে আমি একটা মেনশন করেছিলাম—সেদিন বোধহয় খাদ্যমন্ত্রী ছিলেন না, তাতে বলেছিলাম যে, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের এই যে অগ্নিমূল্য, বিশেষ করে খাওয়ার জিনিস-গুলি—বাদ যাচ্ছে না কোনটা, কিন্তু খাওয়ার জিনিসগুলি এবং তার মধ্যেও বিশেষ করে তেলের দাম যেভাবে বাড়ছে তার প্রতিকার হওয়া দরকার। শুধু স্টেটমেণ্ট দিলেই হবে না বা খবরের কাগজে ঐ যে দেখছি মন্ত্রী মহাশয় সব ব্যবসাদারদের ডাকছেন, ধমকাচ্ছেন, ভয় দেখাচ্ছেন—আমরা ফল চাই। সেই ফল আপনারা সরবরাহের ভেতর দিয়ে করতে পারেন, কি, আপনারা দমন করে করতে পারেন, কি, কিভাবে করতে পারেন সেটা আপনারা আমাদের বলুন। কারণ নিত্যপ্রয়ো-জনীয় জিনিসের দাম যেভাবে বাড়ছে তা পশ্চিমবাংলার জনসাধারণ আর বরদাস্ত করতে পারছে না। আমি আশা করব অন্যরা এবং মন্ত্রী মহাশয় এ বিষয়ে কিছু বলবেন। এখন খরা পরিস্থিতি নিয়ে বলতে গিয়ে প্রথমেই যেটা বলতে চাই সেটা হচ্ছে, আমাদের মন্ত্রী মহাশয়—সারোগী সাহেব, একটা বিবৃতি দিয়েছেন এবং তাতে তিনি কোথায় কত রিলিফ দেওয়া হয়েছে, স্টেট রিলিফে কত টাকা ধার্য হয়েছে, কত লোক কাজ পাচ্ছে ইত্যাদি বলেছেন। সেগুলি খুঁটিয়ে দেখার সময় আমি পাই নি। কত ম্যানডেজ ক্রিয়েটেড হয়েছে বলে যা লেখা আছে তাতে দেখছি লেখা আছে ৫ লক্ষ—এখন ধান কাটা শেষ হয় নি, এটা নতুন ৫ লক্ষ না পুরানো ৫ লক্ষ বুঝতে পারছি না। আবার বীরভূমে দেখছি লেখা আছে ৫ হাজার, সেখানে তিনশোর বেশি স্কীম। এটা মন্ত্রী মহাশয় বুঝে দেখবেন, আমি ডিটেলসে প্রবেশ করতে ইন্টারেস্টেড নই। আমি শুধু বলছি, খরা পশ্চিমবাংলায় যেভাবে হয়েছে—বাঁকুড়া, পুরুলিয়াতে সবচেয়ে বেশী হয়েছে কোন সন্দেহ নেই, তারপর মেদিনীপুর জেলা, তাতেও কোন সন্দেহ নেই, তারপর বীরভূম জেলা, কিন্তু পশ্চিমবাংলার বেশির ভাগ জেলাতেই হয়েছে। কোথাও জেলাব্যাপী হয়েছে, কোথাও জেলাব্যাপী হয় নি, একটা অঞ্চলে হয়েছে। কারণ বৃষ্টিটা এবারে খুব খামখেয়ালীভাবে হয়েছে। বৃষ্টি শুধু কম হয়েছে তাই নয়, যা হয়েছে তাও খুব খামখেয়ালীভাবে হয়েছে। কোথাও আগে

অনেক বৃষ্টি হয়ে গিয়েছে, তারপর হয় নি, কোথাও এখানে বৃষ্টি হচ্ছে, পাশে হচ্ছে না। অত্যন্ত খামখেয়ালী বৃষ্টি, এই রকম আমি অনেকদিন দেখি নি। তার ফলে ব্যাপকভাবে খরা হয়েছে। এখন প্রশ্নটা কি খরার ফলে পীড়িত মানুষ তাকে আপনি রিলিফ দেবেন, সাহায্য করবেন নতুন ধান ওঠা পর্যন্ত? তা নয়। যে-সমস্ত জায়গায় ফসল নষ্ট হয়েছে আমন ইত্যাদি সেখানে তার পরবর্তী পরিস্থিতি কি জেলার সমস্ত প্রতিনিধিরা বলবেন। কত নষ্ট হয়েছে। কোথাও শতকরা ৬০ ভাগ নষ্ট হয়েছে। কোথাও শতকরা ৭০ ভাগ নষ্ট হয়েছে, কোথাও শতকরা ৫০ ভাগ নষ্ট হয়েছে। যার কম নষ্ট হয়েছে তারও শতকরা ২০/৪০ ভাগ নষ্ট হয়েছে। কিন্তু কথাটা এই নয় যে, ফসল ব্যাপকভাবে নষ্ট হয়েছে। কথাটা হচ্ছে এর পরবর্তী ফসল বোরো করবে কি আলু, কি গম তারপর আউশ। আউশটা বর্ষার পরে বোঝা যাবে, কিন্তু বোরো, আলু, গম? এখন যেখানে ডীপ টিউবওয়েল আছে, শ্যালো আছে, কিছু জল পেতে পারে, জলাধারগুলি থেকে জল দিতে পারছে না। আমাদের যে রিভার ভ্যালী স্কীম তার জল নেই। এই রকম অবস্থায় কি হবে? যেখানে যতটুকু বাঁচানো যায় তার জন্য মুখ্যমন্ত্রী মহাশয়কে বিশেষভাবে বলব, এগুলি স্টেটমেন্ট-এর ব্যাপার নয়, একটা ডিটেল ওয়ার্ক আউট করা দরকার। একটা জায়গায় হয়ত পাশের খালে জল আছে, পাম্প দিয়ে কাজ করা যেতে পারে, কোথাও নদীতে জল আছে, সেই জল দিয়ে কিভাবে চাষ করা যেতে পারে, কোথাও তাড়াতাড়ি করে কিছু শ্যালো বসিয়ে বাঁচানো যায় কিনা, কিভাবে কোথা থেকে ফসল রক্ষা করা যায়, আগামী ফসল কিছুটা যাতে বেশি হয় তার জন্য একটা চেষ্টা করা দরকার। কিন্তু যত চেষ্টা করুন, আপনি এখানে তাড়াহুড়া করে ওয়ার-ফুটিং কিছু কিছু বাঁচাতে পারেন, কিছু কিছু বোরো হতে পারে, কিছু কিছু আলু বেঁচে যেতে পারে, কিছু কিছু গম হতে পারে। শুধু যেখানে টিউবওয়েল আছে সেখানে নয়, আরো অন্যান্য যে জলের উৎস আছে সেখান থেকে জল তুলে দেবার চেষ্টা করা যায়, এখুনি তাড়াতাড়ি পাম্প, অন্য উৎস থেকে জল তুলে দাও, যেখানে চ্যানেল আছে, খালে জল আছে, এগুলি হয়ত হতে পারে কিছুটা। কিন্তু তা সত্ত্বেও আমার দৃঢ় ধারণা যে, বোরো প্রচণ্ডভাবে মার খাবে, এমন কি গমও মার খাবে। আউশ ওঠার আগে আমরা বুঝতে পারছি না যে, পশ্চিমবঙ্গের খাদ্যের পরিস্থিতি কি দাঁড়াবে। তারপর আউশ আছে, আমন আছে। তা হলে এই যে লম্বা সময় খরার আগে বহু জায়গায় আমন লোকের বাড়িতে সামান্য উঠবে কি উঠবে না। তারপর যা চলবে পরের আমন পর্যন্ত যাদের আউশ হয় না, আর যাদের আউশ হয় তার পরের আউশ পর্যন্ত এই যে খরা চলবে, এই

দীর্ঘদিন আপনাকে মানুষকে বাঁচিয়ে রাখতে হবে। আমি মনে করি না কোন রাজ্য সরকারের রিসোর্স-এর ভিত্তিতে তা সম্ভব। এত বড় খরা—যদি না আকাশ কৃপা করে, যদি অন্ততঃ চাষের সময় বৃষ্টি হয়ে যায় তা হলে সেটা অন্য কথা। তাছাড়া মানুষকে খাইয়ে বাঁচিয়ে রাখার প্রশ্ন শুধু নয়, তাকে পানীয় জল দেবার প্রশ্ন আছে, আগামী চাষের প্রশ্ন আছে, অনেক কিছুর প্রশ্ন আছে। এর সঙ্গে জড়িত খাজনা, দেনা—এগুলি আদায়ের প্রশ্নও আমি এখানে রাখবো। একটা রাজ্য সরকারের পক্ষে এত বড় আর্থিক বোঝা বহন করা সম্ভব আমি বিশ্বাস করি না। যদি শুধু রাজ্য সরকার রিসোর্স-এর উপর থাকে তাহলে আমি হয়ত দাঁড়িয়ে সমালোচনা করতে পারব। হয়ত পাবলিক মিটিং-এ দাঁড়িয়ে গালাগাল দিতে পারব, কিন্তু তার বেশী প্রতিকার করা সম্ভব হবে না। সেজন্য এই হাউস থেকে প্রস্তাব করা হোক যে, এই খরা পরিস্থিতি এবং তার যে ফলাফল তাকে মোকাবিলা করার জন্য কেন্দ্রীয় সরকার দরাজ হাতে পশ্চিমবঙ্গ সরকারকে আর্থিক সাহায্য করুক। পশ্চিমবঙ্গ সরকারকে বোঝা দরকার যে, এটা ২/১ দিনের ব্যাপার নয়, এটা একটা দীর্ঘস্থায়ী সমস্যা দেখা যাচ্ছে। আমি বলছি বোরো বহু জায়গায় হবে না, গমও অনেক জায়গায় হতে পারবে না। সুতরাং আউশ, আমন নেক্সট ওঠা পর্যন্ত মানুষকে খাওয়াতে হবে, তাছাড়া পানীয় জল দিতে হবে ইত্যাদি এই সমস্ত প্রশ্নও রয়েছে। দ্বিতীয়তঃ আমি বলব শুধু খরচ করলেই হয় না। টাকা কতটা ব্যয় হচ্ছে, কতটা অপব্যয় হচ্ছে, কতটা চুরি হচ্ছে, কতটা লুঠপাট হচ্ছে, কতটা মানুষের কাছে যাচ্ছে সেটা বোঝা দরকার।

[1.30—1.40 P M.]

সেইজন্য বিভিন্ন স্তরে সর্বদলীয় ত্রাণ কমিটি করে সেই ত্রাণ কমিটির উপর সুপারভিশনের ভার, তদারকির ভার দেওয়া উচিত। তৃতীয়তঃ আমি বলব যে, শুধু সাহায্য দেবার প্রশ্ন নয়, যে-সব জায়গাতে ধান শতকরা ৫০/৬০/৭০ ভাগ নষ্ট হয়ে গেছে, ফসল নষ্ট হয়ে গেছে, তারা খাজনা দেবে কি করে? ট্যাক্স দেবে কি করে? ঋণ শোধ করবে কি করে? যদি আমরা মনে রাখি যে খাজনা তিন একর পর্যন্ত ছাড় আছে, কিন্তু তার উপর সেস ছাড় নেই এবং সেস কমপক্ষে ডবল হবে, তিন একরের উপর যাদের এমনকি পাঁচ একর পর্যন্ত, ১৫ বিঘা জমি এমন কিছু নয়—তার উপর খাজনা ডবল হচ্ছে, সেচ এলাকা যেখানে নেই, সেচ হলে তিন গুণ হচ্ছে। তার উপর এই হাউসে আইন পাস করে এমপ্লয়মেন্ট সেস বসিয়েছি। আরও

সারচার্জ বসিয়েছি, এইরকম করে যে পরিমাণ অর্থ দাঁড়াচ্ছে, ছোট চাষী, মাঝারী চাষী, আমাদের ভাষায়, সরকারী ভাষায় মার্জিনাল এবং স্মল ফার্মার্স, সে সেখানে এইগুলো দিচ্ছে কি করে? ইরিগেশন ট্যাক্স—জল পায় নি অথচ ইরিগেশন ট্যাক্স বসিয়ে যাচ্ছেন, কম্যাণ্ড এরিয়া বলে বসে যাচ্ছে। সেই বিপুল ইরিগেশন ট্যাক্স তারা দিচ্ছে কি করে? এবং বিশেষ করে সরকারী ঋণ শোধ, মহাজনী ঋণ শোধ—আইন করেছি আমরা, কিন্তু কোন রুল হয় নি, কোন মেশিনারী চালু হয় নি, মহাজনরা দেদার চালাচ্ছে, আগের মত চালাচ্ছে, আগের চেয়ে জোরসে চালাচ্ছে। কো-অপারেটিভের ঋণ শোধ করতে হবে, ব্যাঙ্কের ঋণ শোধ করতে হবে, সরকারী ঋণ শোধ করতে হবে। সমস্ত দিক থেকে মিলে যে-সব জায়গায় আমন ফসলের উপর ভরসা, সেখানে যে ফসলটা নষ্ট হয়ে গেল, দেড় ভাগ কিংবা তিন ভাগ নষ্ট হয়ে যাক বা চার ভাগের তিন ভাগ নষ্ট হয়ে যাক, বা তিন ভাগের দু' ভাগ নষ্ট হয়ে যাক—এই যে ফসল নষ্ট হয়ে গেল, কি করে তারা বাঁচবে, তাই তারা জানে না। এই অবস্থাতে এই যে টাকার চাপ, সেটা সহ্য করবে কি করে? যদি এই চাপ দেওয়া হয়, নিশ্চিত জানবেন হয় মানুষের পা ধরে, নয় মহাজনের কাছে সর্বস্ব পণ করে, তার পা ধরে কোনরকমে কিছু টাকা নিয়ে এসে সরকারের কাছে তার দায় শোধ করতে পারবে। আমরা যদি এই সামাজিক বিপর্যয়, আমাদের দেশের গ্রামীণ যে জনসমাজ, তার মধ্যে দরিদ্রতম ক্ষেতমজুর ভাগচাষী—শুধু তারা নয়, গ্রামের ফার্মার যারা, গ্রামের যারা কৃষক, প্রান্তিক এবং ক্ষুদ্র চাষী, আজকে যে-সব জায়গায় ব্যাপক ফসলহানি হয়েছে, সেখানে যে দুর্গতির মধ্যে তারা পড়ছে তাদের সমাজজীবনে যদি চূড়ান্ত বিপর্যয় ডেকে না আনতে চাই, তাহলে গভর্নমেণ্টকে এই বিষয়ে একটা ব্যবস্থা অবলম্বন করতে হবে। আমরা ইংরাজ আমল থেকে কংগ্রেস আন্দোলন করেছি, কম্যুনিস্ট আন্দোলন করেছি, একটা জিনিস বাঁধা ছিল, যদি কোথাও বন্যা হয়ে ফসল নষ্ট হয়ে যায়, অথবা যদি শুখা হয়ে ফসল নষ্ট হয়ে যায়, তাহলে খাজনার ক্ষেত্রে হত ছাড়, আর ঋণের ক্ষেত্রে হত আদায় স্থগিত। আমি এটা বলব বর্তমান বছরের খাজনা যেখানে সাংঘাতিক খরা হয়েছে, অর্ধেক বা অর্ধেকের বেশী ফসল নষ্ট হয়ে গেছে, তাদের খরচ ওঠেনি, যে খরচ করে তারা চাষ করেছে সেটা ওঠেনি, সেখানে বর্তমান বছরের খাজনা ছাড় দিন, অতীত বছরের খাজনা আদায় স্থগিত রাখুন। ছাড় দিতে বলছি না। আর ঋণের ব্যাপারে বলছি, যে কথা আগেও বলেছি, যারা গরীব লোক এক হেক্টর পর্যন্ত জমি আছে তাদের ক্ষেত্রে ঋণ মকুব করুন। বিশেষ করে দু' হেক্টর পর্যন্ত যাদের জমি আছে তাদের আদায় স্থগিত রাখুন। কিস্তিবন্দি করে দিন। চাষের পর তারা দেবে। এই জিনিস

যদি না করেন, এই সমগ্র আর্থিক চাপ যদি তাদের উপর পড়ে তা হলে রিলিফ আমরা যা দিই না কেন তারা ছটফট করবে। তা ছাড়া তো ঋণের ব্যবস্থা করতে হবে। যদি নেক্সট চাষবাসের ব্যবস্থা করতে হয়, বিশেষ করে ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী, তাদের দিয়ে যদি পরবর্তী চাষ করাতে হয় তাহলে ব্যাঙ্ক থেকে ঋণের ব্যবস্থা করতে হবে। আমার মনে আছে আমি শঙ্করবাবুকে বলেছিলাম যে, আমরা আইন পাশ করে দিয়েছি, আইন পাশ করে দিলেই হয় না, আমাদের একটা মেশিনারী চাই। পশ্চিমবঙ্গ সরকার একটা মেশিনারী করুন, ব্যাঙ্কের সঙ্গে কো-অর্ডিনেশনের ব্যবস্থা করুন। প্রাদেশিক স্তরে, জেলা স্তরে ব্যাঙ্কের সঙ্গে কো-অর্ডিনেশনের ব্যবস্থা করুন, যাতে ব্যাঙ্কের উপর খানিকটা চাপ দিয়ে আমরা যে আইন পাশ করেছি, সেই আইন অনুসারে যাতে আমাদের গ্রামবাসীরা ব্যাঙ্কের কাছ থেকে পর্যাপ্ত পরিমাণে ঋণ পেতে পারে। খরার বিপদ কোন দলের বিপদ নয়, শুধু গভর্নমেন্টের বিপদ নয়, আমাদের সমগ্র পশ্চিমবাংলার বিপদ এবং ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা অত্যন্ত গুরুত্বপূর্ণ রাজ্য। সুতরাং ভারত সরকার এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন, আমরা সকলে মিলে এই দাবি করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশম্ভু নারায়ণ গোস্বামী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খরা পরিস্থিতির উপর আলোচনায় অংশগ্রহণ করে প্রথমেই আমি আপনাকে, মাননীয় মন্ত্রিসভার সদস্যদের এবং মাননীয় বিধানসভার সদস্যদের একবার বাঁকুড়ায় যাবার জন্য বাঁকুড়া-বাসীদের পক্ষ থেকে বিনীত অনুরোধ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত তিনদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী বাঁকুড়ায় গয়েছিলেন খরা দেখতে। তিনি বাঁকুড়ার প্রতিটি ব্লকে গিয়েছিলেন, মাঠে গিয়েছিলেন, গ্রামের মানুষের কাছে গিয়েছিলেন, গ্রামের চাষীদের ঘরে গিয়েছিলেন, খামারে গিয়েছিলেন। চাষীরা তাঁকে ধান দেখিয়েছে, মাঠ দেখিয়েছে। দেখে মাননীয় মুখ্যমন্ত্রী স্তম্ভিত হয়েছিলেন। তিনি চাষীদের কাছে জানতে চেয়েছিলেন কি করে এই খরার মোকাবিলা করা যায়। বাঁকুড়ার মানুষ তাঁকে অশ্রুরুদ্ধকণ্ঠে বলেছিলেন যে, আপনি বাঁকুড়াবাসীদের খাদ্য দিন, বাঁকুড়ার লোকেদের জল দিন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী বলেছিলেন, আমি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী হিসাবে শুধু একথা বলতে চাই যে, খরা এলাকার কোন মানুষকে আমি না খেয়ে মরতে দেব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বাঁকুড়ার মানুষ হিসাবে তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়ার খরার কথা বলতে শুধুমাত্র শস্যহানির কথাই বলতে চাই না, বাঁকুড়ার বহু মাঠ যদিও ধু ধু করছে। তার সঙ্গে

সারচার্জ বসিয়েছি, এইরকম করে যে পরিমাণ অর্থ দাঁড়াচ্ছে, ছোট চাষী, মাঝারী চাষী, আমাদের ভাষায়, সরকারী ভাষায় মার্জিনাল এবং স্মল ফার্মার্স, সে সেখানে এইগুলো দিচ্ছে কি করে? ইরিগেশন ট্যাক্স—জল পায় নি অথচ ইরিগেশন ট্যাক্স বসিয়ে যাচ্ছেন, কম্যাণ্ড এরিয়া বলে বসে যাচ্ছে। সেই বিপুল ইরিগেশন ট্যাক্স তারা দিচ্ছে কি করে? এবং বিশেষ করে সরকারী ঋণ শোধ, মহাজনী ঋণ শোধ—আইন করেছি আমরা, কিন্তু কোন রুল হয় নি, কোন মেশিনারী চালু হয় নি, মহাজনরা দেদার চালাচ্ছে, আগের মত চালাচ্ছে, আগের চেয়ে জোরসে চালাচ্ছে। কো-অপারেটিভের ঋণ শোধ করতে হবে, ব্যাঙ্কের ঋণ শোধ করতে হবে, সরকারী ঋণ শোধ করতে হবে। সমস্ত দিক থেকে মিলে যে-সব জায়গায় আমন ফসলের উপর ভরসা, সেখানে যে ফসলটা নষ্ট হয়ে গেল, দেড় ভাগ কিংবা তিন ভাগ নষ্ট হয়ে যাক বা চার ভাগের তিন ভাগ নষ্ট হয়ে যাক, বা তিন ভাগের দু' ভাগ নষ্ট হয়ে যাক—এই যে ফসল নষ্ট হয়ে গেল, কি করে তারা বাঁচবে, তাই তারা জানে না। এই অবস্থাতে এই যে টাকার চাপ, সেটা সহ্য করবে কি করে? যদি এই চাপ দেওয়া হয়, নিশ্চিত জানবেন হয় মানুষের পা ধরে, নয় মহাজনের কাছে সর্বস্ব পণ করে, তার পা ধরে কোনরকমে কিছু টাকা নিয়ে এসে সরকারের কাছে তার দায় শোধ করতে পারবে। আমরা যদি এই সামাজিক বিপর্যয়, আমাদের দেশের গ্রামীণ যে জনসমাজ, তার মধ্যে দরিদ্রতম ক্ষেতমজুর ভাগচাষী—শুধু তারা নয়, গ্রামের ফার্মার যারা, গ্রামের যারা কৃষক, প্রান্তিক এবং ক্ষুদ্র চাষী, আজকে যে-সব জায়গায় ব্যাপক ফসলহানি হয়েছে, সেখানে যে দুর্গতির মধ্যে তারা পড়ছে তাদের সমাজজীবনে যদি চূড়ান্ত বিপর্যয় ডেকে না আনতে চাই, তাহলে গভর্নমেণ্টকে এই বিষয়ে একটা ব্যবস্থা অবলম্বন করতে হবে। আমরা ইংরাজ আমল থেকে কংগ্রেস আন্দোলন করেছি, কম্যুনিস্ট আন্দোলন করেছি, একটা জিনিস বাঁধা ছিল, যদি কোথাও বন্যা হয়ে ফসল নষ্ট হয়ে যায়, অথবা যদি শুখা হয়ে ফসল নষ্ট হয়ে যায়, তাহলে খাজনার ক্ষেত্রে হত ছাড়, আর ঋণের ক্ষেত্রে হত আদায় স্থগিত। আমি এটা বলব বর্তমান বছরের খাজনা যেখানে সাংঘাতিক খরা হয়েছে, অর্ধেক বা অর্ধেকের বেশী ফসল নষ্ট হয়ে গেছে, তাদের খরচ ওঠেনি, যে খরচ করে তারা চাষ করেছে সেটা ওঠেনি, সেখানে বর্তমান বছরের খাজনা ছাড় দিন, অতীত বছরের খাজনা আদায় স্থগিত রাখুন। ছাড় দিতে বলছি না। আর ঋণের ব্যাপারে বলছি, যে কথা আগেও বলেছি, যারা গরীব লোক এক হেক্টর পর্যন্ত জমি আছে তাদের ক্ষেত্রে ঋণ মকুব করুন। বিশেষ করে দু' হেক্টর পর্যন্ত যাদের জমি আছে তাদের আদায় স্থগিত রাখুন। কিস্তিবন্দি করে দিন। চাষের পর তারা দেবে। এই জিনিস

বাঁকুড়াতে কৃষি শিল্পের জন্য ব্যাঙ্ক লোন-এর ব্যবস্থা করা হোক। আপনাকে এবং মাননীয় সদস্যদের বাঁকুড়া খরা দেখতে যাবার জন্য অনুরোধ করছি। বাঁকুড়ার খরা ১৯৭৩ সালের মত নয়। সেজন্য অনুরোধ করছি যে, বাঁকুড়া জেলায় খাবারের ব্যবস্থা করা হোক। এই কথা বলে আমি শেষ করছি।

Mr. Speaker : Honourable Members, I would request all of you to sit down when the red light is on because I will have to give chance to other Members also. If an honourable Member encroaches upon the time of another honourable Member then other Members will not get time. So, let there be some respect for the red light.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ ৩ ঘন্টার জায়গায় ৪ ঘন্টা করা হউক। এত অল্প সময়ে কিছু বলা যায় না।

শ্রীশীতলচন্দ্র হেমব্রম ঃ স্যার, আজ খরা সম্বন্ধে আলোচনার জন্য যে সুযোগ দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের পুরুলিয়া জেলা খরা কবলিত জেলা বলে এ সম্বন্ধে ২/১টি কথা বলতে চাই। আমাদের জেলায় কোন শিল্প নেই, সেচের কোন ব্যবস্থা নেই এবং জমি কঙ্করময়। এ বছর বিলম্বে বৃষ্টি হবার জন্য ধান রোপণ বিলম্বে হয়েছে। অনেক জায়গায় ধান রোপণ হয় নি। এবছর পুরুলিয়া জেলায় খাদ্যাভাব ও পানীয় জলের অভাব দেখা দিয়েছে। সুতরাং এই জেলার জন্য একদিকে খাদ্যের ব্যবস্থা করতে হবে, অপর দিকে তেমনি পানীয় জলের ব্যবস্থাও করতে হবে। আজ কোন পুকুর বা কুয়োতে জল নেই। এ বিষয়ে ২/১টি সাজেশন রাখতে চাই। পানীয় জলের জন্য কূপ খনন করতে ২/৩ মাস সময় লাগবে, সেজন্য এখানে পাইকারিভাবে টিউবওয়েল করতে হবে এবং প্রতিটি অঞ্চলে ২টি করে টিউবওয়েল করা দরকার। জোড়-বাঁধের ধারে যাতে যৎসামান্য ফসল উৎপন্ন করতে পারে তার জন্য পাহাড় অঞ্চলে ২টি করে মেশিন দরকার।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুরুলিয়া জেলায় এম আর কার্ড নেই। যাদের এম আর কার্ড নেই তাদের জন্য বিকল্প একটা ব্যবস্থা হওয়া দরকার, সাথে সাথে 'ক' থেকে 'ঙ' পর্যন্ত যত রেশন কার্ড আছে সমস্ত কার্ডে গম, চাল, আটা দেওয়ার ব্যবস্থা করা দরকার। আমাদের ওখানে সরষের তেলের ব্যবস্থা করা দরকার। এবারে আমি স্কীমের কথা বলি। আমাদের যদি খাদ্যাভাব দূর করতে হয় তাহলে পুরুলিয়া জেলার প্রতিটি অঞ্চলে যাতে ৬টি করে স্কীম চালু থাকে তার ব্যবস্থা করা দরকার।

কোন স্কীম স্যাংকশন হতে এক মাস সময় লাগে, স্কীমগুলি যাতে ১০/১৫ দিনের মধ্যে স্যাংকশন হয় সেইভাবে ডি এম-কে নির্দেশ দেওয়া দরকার। পুরুলিয়ায় কুটিরশিল্পের ব্যবস্থা করা দরকার, নর্মাল জি আর, স্পেশাল জি আর-এর ব্যবস্থা করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবছর পুরুলিয়া জেলায় দারুণ অভাব সেখানে এবছরের খাজনা মকুব করা দরকার। আমাদের পুরুলিয়া জেলায় যাতে সহজ সরল কিস্তিতে ঋণ পায়, ডিফল্টাররা যাতে সহজ কিস্তিতে ঋণ পায় তার ব্যবস্থা করা হোক। পুরুলিয়া জেলায় উৎপাদন মাত্র শতকরা ৩০ ভাগ, সেজন্য বলব পুরুলিয়া জেলাকে লেভিমুক্ত করা হোক। তাদের উপর লেভি চাপালে তাদের আদালতের কাঠগড়ায় দাঁড়াতে হবে। শেষে আর একটা অনুরোধ করব—আদিবাসীদের ঋণ মকুব করা দরকার। আমাদের পুরুলিয়াবাসীরা অত্যন্ত গরীব, তারা অর্ধাহারে, অনাহারে, জলের অভাবে যাতে না মারা যায় সেই দিকে লক্ষ্য রাখবেন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভূপালচন্দ্র পাণ্ডা: মিঃ স্পীকার, স্যার, আমি সমগ্র বাংলাদেশের চিত্রের পরিবর্তে আমার মেদিনীপুর জেলার অবস্থা সংক্ষেপে তুলে ধরছি। খরার আক্রমণে আমাদের সমগ্র ঝাড়গ্রাম মহকুমার সদর উত্তর, সদর দক্ষিণ, ঘাটাল, তমলুক, কাঁথি মহকুমার খেজুরী থেকে রামনগর পর্যন্ত একটা বিস্তীর্ণ এলাকা খরাকবলিত শুধু খরার আক্রমণ নয়, তার আগে আমাদের সমুদ্র উপকূলবর্তী থানাগুলি সাইক্লোন এবং বন্যার সমস্ত লবণ জলোচ্ছ্বাসে প্লাবিত হয়ে গেছে। সেই কারণে মাঠ থেকে সমস্ত লোনা জল বার করে দিতে হয়েছে। লোনা জল না বের হওয়া পর্যন্ত ফসলের কোন আশা নেই ভেবে চাষীরা যখন মাঠের জল ছেড়ে দেয় তারপর থেকে কোন বৃষ্টিপাত হয় নি, যার ফলে সমগ্র মেদিনীপুরের দক্ষিণ, পূর্ব, পশ্চিম, সদর, ঝাড়গ্রাম মহকুমা খরার কবলিত হয়ে পড়ে, মেদিনীপুরের তিন-চতুর্থাংশ খরার কবলিত হয়ে বিশেষভাবে ক্ষতিগ্রস্ত। তাই আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি আজকে এই বিরাট ব্যাপক খরার আক্রমণ থেকে গ্রামবাসীদের রক্ষা করার জন্য, লক্ষ লক্ষ মানুষকে রক্ষা করার জন্য জরুরী তৎপরতার সঙ্গে ন্যাশনাল এমারজেন্সী হিসাবে সরকারকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

[1.50—2.00 P.M.]

তারপর দেখছি বোরোর দিক থেকেও আঘাত এসেছে। আমাদের জেলায়

গড়বেতা অঞ্চলে যে আলুর চাষ হয় সেটা বাংলাদেশের একটা বিশেষ সম্পদ। কিন্তু এবছর সেখানে আলু বা গম হওয়া সুদূরপরাহত। তারপর বোরো এবং গম চাষের জন্য কংসাবতী জলাধার থেকে বা মেদিনীপুর ক্যানেল থেকে জল পাবার কথা ছিল, কিন্তু সেটা না পাওয়ায় আমন ফসল নষ্ট হয়েছে এবং রবি ফসলও নষ্ট হবার উপক্রম হয়েছে। কাজেই অবিলম্বে আমাদের জেলাকে খরা এলাকা বলে ঘোষণা করা হোক এবং তার পরিপ্রেক্ষিতে এখানে বিশেষ এমারজেন্সী ব্যবস্থা নেওয়া হোক। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে আপাতত যে-সমস্ত জায়গায় ক্যানেল থেকে এবং পুষ্করিণী থেকে জল সরবরাহের ব্যবস্থা আছে সেখানে লিফট ইরিগেশনের ব্যবস্থা করে যাতে বোরো এবং আগামী ফসল হতে পারে তার ব্যবস্থা করা হোক। অবিলম্বে দুর্গত এলাকায় বিচার-বিবেচনা করে খাজনা এবং ঋণ আদায় সম্পূর্ণ স্থগিত রাখা হোক এবং যে-সমস্ত জায়গায় ঋণের জন্য সার্টিফিকেট ইস্যু করা হয়েছে সেগুলি স্থগিত রাখা হোক। তারপর আমার বক্তব্য হচ্ছে বেকারদের জন্য কাজের ব্যবস্থা করা হোক এবং চাষের জন্য সেচের ব্যবস্থা করা হোক এবং সস্তাদরে খাদ্য সরবরাহের ব্যবস্থা করা হোক। এই কয়টি আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীব্রজকিশোর মাইতি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর জেলার মাননীয় সদস্যরা খরা সম্বন্ধে যে কথা বলেছেন সেটাই যথেষ্ট। আপনারা জানেন পুরুলিয়া লালমাটির অঞ্চল এবং আমাদের মেদিনীপুর জেলা ও ঝাড়গ্রামের অবস্থাও ঠিক সেই রকম। স্যার, আমি লক্ষ্য করেছি সমস্ত জেলায় খরার যে প্রকৃত অবস্থা সে সম্বন্ধে সরকারের কাছে বিভ্রান্ত করে রিপোর্ট পাঠানো হয়েছে। খরার সঠিক চিত্র তুলে ধরে শালবনি ব্লকের বি ডি ও খরা সম্বন্ধে জানালেন যে, এখানে ৬০ পারসেন্ট ফসল ড্যামেজড হয়েছে এবং এখানের অবস্থা শোচনীয়। কিন্তু প্রিন্সিপাল এগ্রিকালচারাল অফিসার বললেন, এত লিখতে পারবে না। আমরা দেখেছি এই এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট মাঝে মাঝে ভুল রিপোর্ট দিয়ে, ভুল তথ্য পরিবেশন করে গভর্নমেন্টকে বিপদে ফেলেছে। কিন্তু আজকেও যদি এই এগ্রিকালচার ডিপার্টমেন্ট এত হয় নি বলে তাহলে সরকার কি পরিপূর্ণ চিত্র জানতে পারবেন? আমি মনে করি মন্ত্রিসভার এই ব্যাপারে তৎপর হওয়া দরকার এবং এরকম বোগাস রিপোর্ট যাতে আর না পাঠায় সে বিষয় সাবধান করে দেওয়া উচিত। আমাদের এক বন্ধু বললেন কন্টাই এবং তমলুক সাবডিভিশনে সাইক্লোন হয় নি। গত ১১ই সেপ্টেম্বর যে সাইক্লোন হয়েছিল তাতে জল হয় নি,

শুধু বাতাস হয়েছিল। কিন্তু তাঁরা পাথার তলায় বসে বলে দিলেন যে, প্রচুর জল হয়েছে এবং ফসল হয়েছে। এইভাবে যদি সরকারী কর্মচারীরা সরকারকে বিভ্রান্ত করে তাহলে অবস্থা খুব খারাপ হবে। আমার সময় নেই, কাজেই বেশি কিছু বলতে পারছি না। সময় থাকলে আমি দেখিয়ে দিতাম কিভাবে এঁরা আমাদের সরকারকে এবং দলকে অপমান করছে। আমাদের মুখ্যমন্ত্রী যেমন বাঁকুড়া জেলা দেখে এসেছেন, আমি মন্ত্রিসভার সদস্যদের অনুরোধ জানাচ্ছি তাঁরা আমাদের জেলা এবং প্রত্যেকটি জেলা ঘুরে দেখে আসুন কি অবস্থা চলছে। আমি কন্টাই এবং তমলুক সম্বন্ধে চ্যালেঞ্জ জানাচ্ছি সেখানে পুরো ফসল হয় নি। আমি চ্যালেঞ্জ জানিয়ে বলছি তাঁরা বলেছেন পুরো ফসল হয়েছে, কি আশ্চর্যের কথা, এইভাবে চলবে না। আমাদের কিভাবে ফসল ফলাতে হবে তারজন্য চেষ্টা করতে হবে। মানুষ কাজ পাচ্ছে না, তাদের কাজ দিতে হবে। আমি নিজে একজন চাষী, আমার একবিঘে জমিতে ধান বুনেছিলাম, তাতে যা ধান পেয়েছি, আমার যারা ধান কাটছিল তাদের খাওয়াতেই সব ধান শেষ হয়ে গেছে। সুতরাং বুঝতেই পারেছেন স্যার কি অবস্থা। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন এই খরা যুদ্ধকালীন অবস্থা হিসাবে এর মোকাবিলা করবেন। আমিও মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে সেই অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী যে স্টেটমেন্ট দিয়েছেন সেটা দেখলাম। উনি বর্ধমানের কথা উল্লেখ করেছেন, কিন্তু এই স্টেটমেন্টে গ্রাভিটি অব দি সিচুয়েশন ইজ নট রিফ্লেকটেড। সেইদিক থেকে আমি বলবো আমার জেলায় পাঁচটি মহকুমা আছে। সেই পাঁচটি মহকুমার মধ্যে দুর্গাপুর এবং আসানসোল মহকুমায় শতকরা ৬৮ ভাগের বেশী ফসলহানি হয়েছে এবং যেখানে জেলার শতকরা ৪২ ভাগ লোক বাস করে। এই বিরাট এলাকাতে বিরাটভাবে ফসলহানি হয়েছে। এটা সিরিয়াসলি দেখা হয় নি, তাছাড়া আমাদের জেলায় কাটোয়া এবং কালনা মহকুমায়, বিশেষতঃ কাটোয়া থানা এলাকায় যেভাবে ফসলহানি হয়েছে, সেখানে ৪০ ভাগ ফসলহানি হয়েছে। কাজেই জেলায় প্রায় ৩০ লক্ষ পপুলেশনের ভিতরে দেখা যাবে ৪০ ভাগ থেকে ৬০ ভাগ ফসলহানি হয়েছে, তার সংখ্যা হচ্ছে প্রায় ১৫ লক্ষ। কাজেই এই স্টেটমেন্ট দেখে আমি বুঝতে পারছি না। খরা সম্বন্ধে আমাদের নেতা বিশ্বনাথবাবু টি আর এবং জি আর প্রভৃতি কতকগুলি সাজেশন দিয়েছেন, সেগুলি আমি সমর্থন করি। কিন্তু এর ব্যাপকতা দেখতে হবে। গলসী, ভাতারে যেখানে ক্যানেলের জল পাওয়া যায় এবারে সেই সমস্ত

এলাকায় ৩০ ভাগের উপর ফসলহানি হয়েছে। এটি আমাদের বুঝতে হবে। এখন এই যে ফসলহানি হলো, সেই ফসল কিভাবে পাওয়া যায় স্টেটমেণ্টে সেই জিনিসটা নেই, সেইদিক থেকে '৬৬-'৬৭ সালে বিহারে প্রচণ্ড খরা হয়েছিল, সেই খরার প্রতিকারের জন্য মন্ত্রীরা দু/তিন মাস করে দুর্গত এলাকায় গ্রামে গ্রামে যেখানে সম্ভাবনা আছে ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল, লিফট ইরিগেশন করে এই খরার মোকাবিলা করেছিলেন, তাঁরা ফসল ফলিয়েছিলেন। আজকে সেইজন্য আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিমণ্ডলীকে বলছি আজকে এটা ওয়ার এমারজেন্সি, ওয়ার মেজারের দৃষ্টিভঙ্গি নিয়ে দ্রুতগতিতে যদি কাজ করা যায় তাহলে পশ্চিমবঙ্গকে বাঁচানো যাবে। সেইদিক থেকে আমার সাজেশন হচ্ছে অবিলম্বে সমস্ত ডিপার্টমেণ্টে ইঞ্জিনীয়ার যাঁরা আছেন তাঁদের কাজে লাগিয়ে এই দুর্গত এলাকায় আমরা যদি টিউবওয়েল বসানোর ব্যবস্থা করতে পারি তাহলে বোরো, আমন এবং রবি এই সমস্ত ফসল ফলাতে পারি এবং এই প্রকল্প নিয়ে ১৫/২০ দিনের মধ্যে গ্রামের দিকে যেতে হবে। আমাদের বর্ধমান জেলায় প্রত্যেক বছরেই উদ্বৃত্ত ফসল হয়। কিন্তু এবারে তার সম্ভাবনা খুব কম, এমনকি ঘাটতিও হতে পারে। সেইদিক থেকে এই ডি ভি সি গত বছর শুধু বর্ধমান, হুগলী, বাঁকুড়ায় যে পরিমাণ জল দিয়েছিল সেই পরিমাণ এলাকা ছাড়া আরও বিস্তীর্ণ এলাকায় জল দেওয়ার জন্য অবিলম্বে তেনুঘাটের জল কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিয়ে দেওয়া উচিত এবং যে-সমস্ত জায়গাতে ফসলের সম্ভবনা আছে সেই সমস্ত জায়গাতে ছোট ছোট চাষীদের লোন, বীজ, সার প্রভৃতি দেওয়া উচিত। যাদের কম জমি আছে তাদের প্যাকেজ ডিল করে সার, লোন, বীজ দেওয়া উচিত। এইরকমভাবে পরিকল্পনা করলে আগামী দিনে যে দুর্দিন আসছে, খাদ্য সংকট দেখা দেবে তাকে মোকাবিলা করতে পারবো। পানীয় জলের যে সঙ্কট দেখা দেবে সেইজন্য গ্রামাঞ্চলে টিউবওয়েলের সংখ্যা বাড়ানো উচিত। বিশেষতঃ আসানসোল, দুর্গাপুর অঞ্চলে যেখানে টিউবওয়েল করা যাবে না সেখানে অন্য কোন ধরনের পানীয় জল সরবরাহ করা যায় কিনা সেটা দেখতে হবে। সেখানে কোল মাইন থেকে যে জল ফেলে দেওয়া হয় সেই জলকে সেচের কাজে আনা যায় কিনা এবং সেই জল শোধন করে পানীয় জলে পরিণত করা যায় কিনা সেটা দেখা উচিত। যুদ্ধকালীন অবস্থা হিসাবে এর মোকাবিলা করতে হবে এবং যে দুর্গতি আসছে তাকে রুখতে গেলে ওয়ার মেজার হিসাবে কাজ করতে হবে। এই কয়টি সাজেশন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.00—2.10 P.M.]

শ্রীনিতাইপদ ঘোষ ঃ মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর কাছে এবং আমাদের মুখ্যমন্ত্রীর কাছে বীরভূম জেলার খরা পরিস্থিতির মোকাবিলা করবার জন্য আবেদন জানাচ্ছি। বীরভূম জেলার ইলামবাজার, দুবরাজপুর, খয়রাশোল, রাজনগর, মহম্মদ বাজার থানার অধিকাংশ স্থানে—এক নম্বর, দু' নম্বর ব্লকের কিয়দংশ ও মুড়াতলার পশ্চিমাংশ আজ খরা কবলিত। তাছাড়া যেখানে ক্যানেল গিয়েছে সেখানকার সব জায়গায় জল পৌঁছায় নি, সেখানে এবার ধান হয় নি। আমি দেখেছি আমাদের বীরভূম জেলা বেশি ধান সাপ্লাই করে বলে সরকারের ধারণা হয়েছে বীরভূম জেলা খুব একটা ধনিক জেলা, কিন্তু আসলে তা নয়, সেখানে একটা মজুরের দৈনিক দাম তিন থেকে চার টাকা। তা হলে কি করে সরকার ধরে নেন আমাদের বীরভূম জেলা কলকাতার চেয়েও ধনিক জেলা? আজ সেখানে ত্রাণমন্ত্রী মহাশয় ত্রাণের জন্য মাত্র ৫ হাজার টাকার বরাদ্দ করেছেন। এর চেয়ে বড় ধাপ্পা আর হয় না? আমাদের হাতে রবারের চুষি কাঠি দেওয়া হয়েছে, তাঁরা সেটা চুষুন। আমার অনুরোধ বীরভূম জেলার লোক না খেয়ে মরে তো মরুক, এইভাবে নামমাত্র ৫ হাজার টাকার ছিটেফোঁটা বরাদ্দ করে বীরভূমের আধিবাসীদের সঙ্গে সরকার পরিহাস করবেন না। বীরভূম জেলার অবস্থা আজকে বাঁকুড়া, পুরুলিয়া জেলার মত হয়েছে। বীরভূমের একাংশে ক্যানেলের ফলে উন্নতি হয়েছে ঠিক কথা, সেখানকার লোক ভাল থাক, আপত্তি করবার কিছু নেই—আনন্দের কথা, কিন্তু অন্যান্য এলাকার লোকের তো তেমন কোন উন্নতি হয় নি। তাদের মধ্যে প্রায় ৩ লক্ষ হাড়ি, ডোম, মাউড়ি, অনুন্নত শ্রেণীর লোক। তারা অত্যন্ত কষ্টের মধ্যে দিন গুজরান করছে, যেহেতু তারা নিম্নশ্রেণীর মানুষ, তারা কোন আন্দোলন করতে পারে না। তারা জানে কেবল নীরবে মরতে।

এই আদিবাসী সম্প্রদায়ের লোকেরা আন্দোলন করতে পারে না, উচ্চারণ করতে পারে না, তারা জানে নীরবে মরতে। আর আমাদের এই সরকার বীরভূমের প্রতি অবিচার করেন, বারবার দেখছি বীরভূমের ত্রাণকার্য এগিয়ে যাচ্ছে না। আমাদের বীরভূমে শিল্প নেই যাতে বেকার যুবকেরা চাকরি করতে পারে। একটাও শিল্প এস্টেট হয় নি। সেখানে অনেক কিছু করা যায়। কিন্তু কিছু করার ব্যবস্থা হচ্ছে না। বীরভূম ছোট জেলা, অল্প কয়েকজন এম এল এ এসেছেন। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করি আপনি বীরভূমে সরেজমিনে তদন্ত করুন আমাদের স্টেটমেন্ট ঠিক কিনা। যেহেতু এখানে বেশি ধান হয়, সেহেতু ত্রাণকার্য হবে না

এটা যেন না হয়। সেইজন্য এই জেলার প্রতি লক্ষ্য রাখতে অনুরোধ করি। এখানে ধান হয় নি অথচ খাজনা আদায়ের জন্য লোক যাচ্ছে। লেভির নোটিস যাচ্ছে। চার একরের উপর লেভির নোটিস যাচ্ছে যাদের ধান হয় নি তাদের উপর। এসবের মানে হয় না। আমরা দেখেছি দুর্ভিক্ষের পদধ্বনি আসছে। ১৯৫০ সালের মত অবস্থা বীরভূমে। অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হোক এই অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করছি।

শ্রীলালচাঁদ ফুলমালি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইবার গোটা বীরভূম জেলাতেই ফসল ভালো হয় নি। কারণ আমাদের বীরভূম জেলাতে যে জমি আছে সেই জমির ৫ ভাগের তিন ভাগ ক্যানেলের সেচ পায়। এইবার ক্যানেলের সেচ ভালভাবে হয় নি। আকাশের জল ঠিকমত পাওয়া যায় নি বর্ষার সময়। যার ফলে জেলাতে গড়ে যে ফসল হয় তার শতকরা ৫০ ভাগের বেশি হয় নি। জেলার সব থানার অবস্থা একরকম নয়। এক একটা থানাতে ভালো ধান হয়েছে অন্য থানার তুলনায়। বীরভূমের রামপুরহাট, খয়রাশোল ইত্যাদি থানাতে কিছু কিছু ধান হয়েছে। কিন্তু ১৪টি থানার প্রতিটি থানাতেই কিছু না কিছু ফসলহানি হয়েছে এবং যেখানে সেচ পেয়েছে সেখানেও ফসলহানি ঘটেছে। সেইজন্য আর একটা মুশকিল হচ্ছে আকাশের জল না পাওয়া এবং ক্যানেলের জল। বৃষ্টি না হওয়ার জন্য পুকুর-পুষ্করিণী একেবারে ভরে নি। যার জন্য সামনের ফসল গম, আলু এবং বোরো ধান হওয়ার কোন সম্ভাবনা নেই খরার জন্য। যার ফলে চাষীরা মাথায় হাত দিয়ে ভাবছে। গম, আলু, বোরো ধানের ফসল হলে আমাদের হাতে যে ক'টি পয়সা আসত সেটা আসবে না। তার ফলে দারুণ সঙ্কট দেখা দেবে। এজন্য চাষীরা মাথায় হাত দিয়ে ভাবছে। এই অবস্থায় খেটে খাওয়া মানুষ ভাবছে বোরো ধানের চাষ হলে কিছু পাই। আমরা কিছুই পাব না, কি করে বাঁচব। এই অবস্থায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে বলব আমাদের জেলায় যে অবস্থা ঘটেছে সেই অবস্থার খবর নিশ্চিতভাবে সরকারের কাছে আসছে। তাঁরা নিশ্চয় খবরের মাধ্যমে, তদন্তের মাধ্যমে এই অবস্থার কথা জানতে পারছেন।

[2.10—2.20 P.M.]

এই অবস্থায় আমি দাবি করছি যাতে ক্ষেতমজুররা সারা বছর কাজ পায় তার ব্যবস্থা করুন। উন্নয়ন খাতে বীরভূম জেলায় এবারে যে টাকা দিয়েছেন সেই

টাকা অত্যন্ত নগণ্য। যাতে আরও বেশি টাকা দেওয়া হয় তার ব্যবস্থা করুন। ইতিমধ্যেই আপনাদের ঋণ আদায়ের জুলুম আরম্ভ হয়েছে, নোটিস দেওয়া শুরু হয়ে গেছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে দাবি করছি গরীব কৃষকদের কাছ থেকে এবারে ঋণ আদায়, খাজনা আদায়, ট্যাক্স আদায় বন্ধ রাখুন। প্রান্তিক চাষী যারা—যাদের এক হেক্টর পর্যন্ত জমি তাদের ঋণ, খাজনা, ট্যাক্স মকুব করুন এবং মধ্যবিত্ত চাষী—যারা খাজনা দিতে পারে না তাদের যাতে এবারে খাজনা, ট্যাক্স, ঋণ না দিতে হয়, যাতে আদায় স্থগিত থাকে তার ব্যবস্থা করুন বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার শস্যভাণ্ডার বর্ধমান জেলায় এবারে যেরকম খরা দেখা দিয়েছে সেই রকম কোনদিন শোনা যায় নি। বর্ধমান জেলায় এমন যে দুর্ঘটনা ঘটেছে যাতে কালনা এবং কাটোয়ায় ২ লক্ষ লোক এবং আসানসোল, দুর্গাপুর অঞ্চলে দেড় লক্ষ লোক খরার কবলে পড়েছে। তারা একটা অনিশ্চয়তার ভবিষ্যতের দিকে দিন গুনছে। বর্ধমান জেলার ৩০ ভাগের বেশি জমিতে ফসল হয় নি। আসানসোল এবং দুর্গাপুর এলাকার ৭০ ভাগ জমিতে কোন ফসল হয় নি। যদি আজকে তেনুঘাট থেকে জল ছাড়া না হয় তাহলে বর্ধমানের যে-সব জমিতে রবিশস্য হয়েছে, গম আলু ইত্যাদি অন্যান্য অর্থকরী ফসল হয়েছে সেগুলি নষ্ট হয়ে যাবে। বিধানসভার সদস্য জানালেন মঙ্গলকোটের ১২টি অঞ্চলের মধ্যে ৫টি অঞ্চলে কোন ক্যানেল নেই। সেখানে খরা ভয়াবহরূপে দেখা দিয়েছে। কাটোয়ার সুব্রত মুখার্জি জানালেন কাটোয়ার ১ নং ব্লকে সম্পূর্ণ খরা, ২ নং ব্লক এলাকাতেও আংশিক খরা। সমস্ত ফসল নষ্ট হয়ে গেছে—জল নেই, সেখানকার অবস্থা ভয়াবহ। মনোরঞ্জন প্রামাণিক বললেন তাঁর খণ্ডঘোষ এলাকায় রায়পুর ২ নং ব্লকে কোনরকম চাষ হয় নি, অবস্থা অত্যন্ত শোচনীয়। তুহিন সামন্ত মহাশয় বললেন তাঁর অঞ্চলে বড় পলাসন, বামুনপাড়া, পুড়শুড়ী, জেনুড়, জামনা, পিলন, পশ্চিম মামুদপুর, পূর্ব মামুদপুর, বাঘাসন, শুশুনি ১ নং এবং ২ নং ব্লক—এই সমস্ত জায়গায় কোন চাষ হয় নি, সম্পূর্ণ খরার কবলে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেমারী ২ নং ব্লকে সেখানেও ফসলহানি দেখা দিয়েছে। মাননীয়া নুরুন্নেসা সাত্তার জানালেন তাঁর অঞ্চল কালনা মহকুমার অংশ এবং কাটোয়া মহকুমার অংশ এবং পূর্বস্থলী যে-সব জায়গায় খুব ভাল ফসল হত সেখানে চাষীরা যে-সব ফসল করেছিল তা সব নষ্ট হয়ে গেছে। তাই আজকে আমার দাবি হচ্ছে বর্ধমান জেলার যে-সমস্ত এলাকা খরাকবলিত, বিশেষ করে দুর্গাপুর এবং আসানসোল এলাকার প্রায় ৭০ ভাগ লোক

ক্ষতিগ্রস্ত, কালনা কাটোয়ার প্রায় ৪০ ভাগ লোক ক্ষতিগ্রস্ত। তাদের সমস্ত খাজনা মকুব করা হোক, ক্যানেল কর আদায় স্থগিত রাখা হোক এবং যে-সব কৃষিঋণ দেওয়া হয়েছে সে-সব ঋণ মকুব করা হোক। জমির উপর লেভি ধার্য না করে উৎপাদনের উপর লেভি ধার্য করা হোক। যে-সমস্ত ক্যানেলে জল দেওয়া যাচ্ছে না সেখানে নদী থেকে ক্ষুদ্রসেচ প্রকল্প করে তার মাধ্যমে জল দেবার ব্যবস্থা করা হোক। তা না হলে কিছু কিছু যে ফসল হয়েছে তা নষ্ট হয়ে যাবে। এইসব ফসলকে রক্ষা করার ব্যবস্থা হোক। কাটোয়া মহকুমায় লেভি আদায়ের ব্যাপারে বাস্তবসম্মত পদ্ধতি গ্রহণ করা হোক। আমরা এই কথা পরিষ্কারভাবে আপনাকে জানিয়ে দিতে চাই, আজকে যখন বর্ধমান জেলার বিরাট অঞ্চল খরাকবলিত হয়েছে তখন সরকারী আমলারা লেভির কাগজ বগলে নিয়ে, খাজনা, কৃষিঋণ আদায়ের কাগজ বগলে নিয়ে মাঠে মাঠে ঘুরে বেড়াচ্ছে এবং গরীব মানুষদের বলছে তোমার ফসল উৎপন্ন হোক, বা না হোক আমাদের সরকারী খাতায় লেখা আছে এত কুইন্টল তোমার লেভি—সেই লেভি দিতে হবে। তুমি খেতে পাও বা না পাও তোমাকে কৃষিঋণ আদায় দিতে হবে, তুমি মরে যাও, জাহান্নামে যাও, আর যেখানেই যাও তোমাকে খাজনা দিতে হবে। আমি তাই আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে জিজ্ঞাসা করি—ত্রাণমন্ত্রী, মুখ্যমন্ত্রী যখন স্বীকার করেছেন পশ্চিমবঙ্গের বাঁকুড়া, পুরুলিয়া, নদীয়া, বীরভূম এবং বর্ধমান জেলার সমস্ত জায়গা খরাকবলিত হয়েছে, তখন কেন সরকারী আমলারা এই খাজনা আদায়ের ফতোয়া নিয়ে, কৃষিঋণ আদায়ের ফতোয়া নিয়ে, ক্যানেল কর আদায়ের ফতোয়া নিয়ে, সেস আদায়ের ফতোয়া নিয়ে মাঠে মাঠে ঘুরে গরীব দুঃখী মানুষদের সন্ত্রস্ত করে বেড়াচ্ছে? একদিকে বিধানসভায় আলোচনার জন্য বলছেন, অপরদিকে আপনার অফিসার আমলাদের লেলিয়ে দিয়েছেন লেভি, ঋণ আদায়ের জন্য, কর আদায়ের জন্য—এতো হতে পারে না—নীতি একই রকম হওয়া উচিত। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে, তিনি অবিলম্বে নির্দেশ পাঠান বিভিন্ন জেলায় যে, যে জেলাগুলির মানুষ প্রচণ্ড খরার মধ্যে পড়েছে সেখানে যেন কোনপ্রকার ট্যাক্স আদায় করা না হয়—মকুব করা যদি সম্ভবপর না হয় তাহলে যেন স্থগিত রাখা হয় এবং সঙ্গে সঙ্গে ব্যাপকহারে স্টেট রিলিফ-এর কাজ, ৫%-এর বেশী যাতে জি আর চালু করা হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি। খরা, অনাবৃষ্টির জন্য এমন অবস্থা দেখা দিয়েছে, পানীয় জলের আশঙ্কা দেখা দিয়েছে, পানীয় জলের সংকট দেখা দিয়েছে। পুরুলিয়া জেলার ২ লক্ষ মানুষ, বাঁকুড়া জেলার ১॥ লক্ষ মানুষ, বর্ধমান জেলার ৪ লক্ষ মানুষ আগামীদিনের জন্য ভাবছেন খাবার জল পাবেন

কিনা—কাজেই এই সমস্ত দিক বিবেচনা করে ত্রাণমন্ত্রী, ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং বিভাগীয় অফিসার সকলে মিলে যেরকমভাবে যুদ্ধের সময়, দুর্ভিক্ষের সময় বাস্তাবানুগ কর্মপন্থা নিয়ে তার মোকাবিলা করা হয় তেমনি এর মোকাবিলা করার জন্য এগিয়ে আসুন, বিধানসভার সদস্যরা সকলেই আপনাদের সমর্থন করবেন এবং দেশের লক্ষ লক্ষ মানুষ আপনাদের আশীর্বাদ দেবেন। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআশুচরণ দত্ত: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুর্শিদাবাদ জেলায় যে খরা দেখা দিয়েছে সেই বিষয়ে ত্রাণমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ত্রাণমন্ত্রীর বিবৃতি পড়ে আমরা মুর্শিদাবাদ জেলার নির্বাচিত প্রতিনিধিরা খুব দুঃখ পেয়েছি। মুর্শিদাবাদ জেলায় খরা দেখা দিয়েছে, অথচ মুর্শিদাবাদ জেলার কোন নাম উল্লেখ করা হয় নি। বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, বর্ধমান, বীরভূম—বর্ধমানের চেয়ে মুর্শিদাবাদের পরিস্থিতি কোন অংশেই কম নয়। এই জেলায় একদিকে পদ্মার ভাঙনে বন্যা দেখা দিয়েছে, আর একদিকে খরা—এই দুই মিলে জেলার অবস্থা ভয়াবহ আকার ধারণ করেছে এবং এর ফলে জেলায় ধানের উৎপাদন হয় নি। আমাদের জেলায় বেশির ভাগই গরীব লোকের বাস। ত্রাণ-মন্ত্রী পদ্মা ভাঙনের এলাকা দেখে এসেছেন। ইতিমধ্যেই লেভি আদায়ের নোটিস, খাজনা আদায়ের নোটিস জারি করা হয়েছে। সেইজন্য গ্রামের মানুষ ভয়ের মধ্যে বাস করছে। সেইজন্য আমার বক্তব্য হল জমির দিকে লক্ষ্য না দিয়ে উৎপন্ন ধানের উপর যাতে লেভি হয় সেদিকে মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রী, খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খরা, বন্যা ইত্যাদি এইসব বিবেচনা করে যেন লেভি হয় সেদিকে নজর রাখবেন, তা না হলে যেকোন লোকের নামে লেভির নোটিশ জারি হয়ে যাবে। মানুষ কিভাবে যে বাস করছে সেটা কল্পনা করা যায় না এবং মুর্শিদাবাদ জেলার রাঢ় এলাকা—কাঁদি, নবগ্রাম, ভগবানগোলা, লালগোলা ইত্যাদি এলাকায় যে খরা দেখা দিয়েছে সেখানে অবিলম্বে যাতে জি আর, টি আর-এর কাজ চালু করা হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি। কিছুদিন আগে আমাদের জেলার মাননীয় কৃষিমন্ত্রী—তিনি জেলার বিভিন্ন এলাকা পরিদর্শন করে এসেছেন। এই বিষয়ে তিনি জানেন। তাঁর কাছে বিভিন্ন এলাকার মানুষ তাঁদের আবেদন রেখেছেন। মুর্শিদাবাদের ব্যাপক খরা দেখা দিয়েছে, যেটা ১৯৭২-৭৩ সালে দেখা দিয়েছিল, তার জন্য মাননীয় ত্রাণমন্ত্রী বিশেষ দৃষ্টি দিয়ে যাতে ব্যবস্থা করেন তার অনুরোধ জানাচ্ছি। এই কয়েকটি কথা বলে আজকে খরাজনিত পরিস্থিতির উপর আলোচনার সুযোগ

দিয়েছেন বলে স্যার, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ, বন্দেমাতরম্।

[2.20—2.30 P.M.]

শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারকে ধন্যবাদ এই কারণে যে, সরকারী কর্মচারীরা যেখানে এই খরাটাকে লোকচক্ষে হেয় করার চেষ্টা গত ৬ মাস ধরে করে আসছে, সেখানে এই সভায় খরা নিয়ে আলোচনার অবকাশ আমাদের হয়েছে। কৃষি দপ্তর থেকে খবরের কাগজের মাধ্যমে যে খবর আমরা পেয়েছি তাতে দেখছি ৩/৪টি জেলাকে খরাপীড়িত এলাকা বলে ঘোষণা করা হয়েছে। আমাদের হুগলী জেলার নাম তাতে নেই। স্যার, বৃষ্টিপাতের পরিমাণের ব্যাপারে যদি আপনি লক্ষ্য করে দেখেন তাহলে আপনি দেখবেন, পশ্চিমবাংলায় গড় বৃষ্টিপাতের পরিমাণ যেখানে আমন সিজনে ৬৫ ইঞ্চির বেশি নয়, সেখানে এবার বৃষ্টি যা হয়েছে তা ছড়ানো। গ্রীষ্মকালে বৃষ্টি বেশি হয়েছে এবং বর্ষাকালে এর পরিমাণ গড়ে ৩৫ ইঞ্চির বেশি নয়। এই চিত্র সর্বত্র। এই হিসাব কিন্তু কৃষি দপ্তরের যাঁরা আমলা তাঁরা করেন নি। তারপর স্যার, আর একটা হিসাবের গোলমাল আছে, সেটা হচ্ছে, যে জমিতে চাষ হয়েছে তার উৎপাদনের হারের ব্যাপারে। সেই উৎপাদনের হার কত তা কিন্তু নির্ধারিত হয় নি, যা অঙ্ক আছে সেটাই লিখে দেওয়া হয়েছে। স্যার, আমাদের হুগলী জেলায় আমন চাষের জমির পরিমাণ হচ্ছে ৪ লক্ষ একরের বেশি। তার এক লক্ষ একরে কোন চাষ হয় নি, এক লক্ষ একরে কাস্তে চলবে না এবং বাকি দু' লক্ষ একর জমিতে যে চাষ হয়েছে সেখানে উৎপাদনের হার—হুগলীতে গড়ে ৮ মন, এবারে বিঘা প্রতি ৪ মনের বেশি হবে না। স্যার, আকাশ যখন খরতাপে দগ্ধ তখন আমাদের এই ডি ভি সি'র কল্যাণে বা ডি ভি সি'র ইরিগেশন সিস্টেমের দৌলতে হুগলী জেলার আরামবাগ মহকুমার এবং শ্রীরামপুর মহকুমার জাঙ্গীপাড়া ব্লক, চণ্ডীতলা ব্লকের কিছু অংশ বন্যায় ভেসে গেল। যেখানে ফসল হয়েছিল সেখানকার ফসল চলে গেল। স্যার, যে জায়গায় গত ৮০ বছরের মধ্যে বন্যার জল আসেনি—২০ সালের বন্যায় যে পুরশুঁড়ায় জল ওঠে নি, সেখানেও এবারে বন্যা হয়েছে। আর তার ফলে লক্ষ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। স্যার, তার কোন হিসাব বা তার কোন পরিমাপ হল না। মাননীয় ত্রাণমন্ত্রী একটি বিবৃতি রেখেছেন, এই প্রসঙ্গে স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে আমি বলব, যখন এই ধরনের বিবৃতি বিধানসভায় রাখা হবে এবং যখন মন্ত্রী মহাশয় জানেন বৃষ্টিপাতের পরিমাণ এই, খরা চলছে তখন যদি দয়া করে মন্ত্রী-

মহাশয়রা নিজের নিজের জেলার ব্যাপারগুলি দেখেন তাহলে ভাল হয়। স্যার, ১৯৭৩-৭৪ সালে যেমন করে এই বিধানসভার সদস্যদের দিয়ে প্রতিটি জেলায় জেলায় তদন্ত করিয়ে ব্যবস্থা করা হয়েছিল, তা যদি এবারে করা হত তা হলে মনে হয় এত বড় অন্যায়টা হত না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ তো গেল খরার অবস্থা। কিন্তু সেই ভাত দেবার ইয়ে নেই, কিল মারবার গোঁসাই তারা। আমি হুগলী জেলার কথা বলছি, তারা আজকে যেভাবে লেভি নোটিস দিয়েছে, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি যে, গত বছর যে লেভি নোটিস সার্ভ করা হয়েছিল, এই বছর লেভি নোটিস হিসাব করা হোক, তার আগের বছর লেভি নোটিস হিসাব করা হোক, দেখা যাবে ফারাক আছে এবং সেখানে জবরদস্তি চলছে। জেলাশাসক মহাশয় একজন আছেন, ভদ্রলোকের ছেলে। আমরা যখন বিধানসভার সদস্য হিসাবে চিঠি দিই, তার উত্তর আমরা চাই, ভদ্রলোকের ছেলে উত্তর দেবার দরকার মনে করেন না। এইরকম যেখানে অন্যায় করে, জবরদস্তি করে লেভি আদায় করার চেষ্টা হয়েছে, এই সরকারকে অপ্রিয় করার চেষ্টা হচ্ছে। একদল সরকারী কর্মচারী আজকে এই সরকারকে অপ্রিয় করার চেষ্টা করছে এবং আমরা যদি নাকে সরষের তেল দিয়ে ঘুমাই, আমরা যদি এদের রিপোর্টের উপর নির্ভর করে থাকি তা হলে গোটা পশ্চিমবাংলা একটা অসহায় অবস্থার মধ্যে দিয়ে যাবে। আজকে সত্যকারের তদন্ত হোক। আজকে মাইনর ইরিগেশন—মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, উনি যাদু করেছেন এই পশ্চিমবাংলায়, আজকে মাইনর ইরিগেশন ডেভেলপমেণ্ট কর্পোরেশন নামে যে একটা জিনিস আছে, সেই জিনিসটা এবং কিছু টাকাও তাদের হাতে আছে, আজকে নূতন অ্যাপ্রোচ নিয়ে এই অবস্থাকে মোকাবিলা করার জন্য যাতে এই মাইনর ইরিগেশনকে ডেভলপ করতে পারা যায়—আমার হুগলি জেলায় মাননীয় অধ্যক্ষ মহাশয় শতকরা ৪২ ভাগ আলু উৎপাদন হয়, আজকে সেই আলু মার খাচ্ছে। আজকে জল নেই, চতুর্দিকে আজ অসহায় অবস্থা। কৃষি দপ্তরে কি রিপোর্ট আসছে জানি না, জেলাশাসক মহাশয় ভদ্রলোকের ছেলে, তিনি কি বলছেন তাও আমরা জানি না, কিন্তু আমি জানি পশ্চিমবাংলার উৎপাদনের শতকরা ৪২ ভাগ আলু যেখানে উৎপন্ন হয়, সেখানে এই সরকারের দায়িত্ব আছে লক্ষ্য দেবার। এই ক্যাশ ক্রপকে বাঁচাবার দায়িত্ব রয়েছে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রীমতী গীতা মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, খরার বিষয়ে আমাদের

অন্যান্য সদস্যরা যা বলেছেন, আমি তাঁদের সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। তাছাড়াও আর একটা বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। খরার বিষয়ে প্রথমতঃ বলতে চাই, মাননীয় মন্ত্রী সারাওগী সাহেব যে ৩॥ পাতার একটা বিবৃতি দিয়েছেন, সেই বিবৃতিতে যতখানি নেই, পুরুলিয়া, বাঁকুড়ার ততখানি লোকের লোকও কিন্তু এখনও পর্যন্ত রিলিফ পাচ্ছে না। গত পরশুদিন পুরুলিয়া থেকে যাঁরা এসেছিলেন তাঁরা একেবারে হাহাকার করে বলছেন যে, কিছু রিলিফ পাওয়া যাচ্ছে না। সেই অবস্থা বাঁকুড়ায়ও, এটা আপনি নোট করে নিন। কবে থেকে খরা আরম্ভ হয়েছে, সেই গরমকালে, এখনও পর্যন্ত ০.৭, এই হচ্ছে আপনারা যা দিচ্ছেন বলে আপনি নিজে দাবি করছেন তাও এখনও পৌঁছয় নি। বলা বাহুল্য, এটা কোন খরা রিলিফ নয়, যে কেউ ভাবলেই এটা বুঝতে পারবেন। এই সূত্রে মেদিনীপুর জেলার সমগ্র যে খরাক্লিষ্ট, যেটা আমাদের জেলা কংগ্রেস প্রেসিডেন্ট ব্রজকিশোর মাইতি বলেছেন, আমার বন্ধু ভূপালদা বলেছেন, আমি তার পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি এবং আরও অপরাপর জেলার বিষয়েও যাঁরা যা বলেছেন তাও আমি সমর্থন জানাচ্ছি। কিন্তু আমি খরার একটা বিশেষ দিকের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, আমি দুঃখিত মুখ্যমন্ত্রী মহাশয় এখন অন্য কাজে উঠে গেছেন, কিন্তু কৃষিমন্ত্রী মহাশয় আছেন, আপনার মারফত তাঁর কর্ণে বিশেষ করে আমার প্রতি নজর আকর্ষণ করছি, একটু দয়া করে শুনবেন। খরা মানে শুধু যেখানে বিগতবার ফসল হয় নি, সেখানে রিলিফ দেওয়া তা শুধু নয়, যদিও তা প্রথম কর্তব্য, খরা মানে শুধু যেখানে পানীয় জল পাওয়া যাচ্ছে না, সেখানে পানীয় জল দেওয়া তাই নয়, সেটা প্রথম কর্তব্য। বাঁকুড়া জেলার বহু জায়গায় পানীয় জলও নেই। দেওয়ার দরকার। কিন্তু খরা মানে সমস্ত পশ্চিমবাংলার আর একটা সমস্যা—যে সমস্যা হচ্ছে তা এক্ষুণি ট্যাকল করা দরকার। তা হচ্ছে আলু থেকে আরম্ভ করে বোরো চাষ, সমস্ত বিপন্ন হয়ে পড়েছে।

[2.30—2.40 P. M.]

সেখানে এবারে ফ্লো ইরিগেশনের উপর আমরা নির্ভরশীল ছিলাম এবং মেদিনীপুর, বাঁকুড়ার একটা অল্প অংশ, ক্যানেল, হুগলীর বিরাট অংশ, বর্ধমানের বিরাট অংশ, বীরভূমের বিরাট অংশ এই ফ্লো ইরিগেশন-এর উপর নির্ভরশীল। বোরো এই জিনিসটা গোটা বিপন্ন। এর আগে যে শর্ট অধিবেশন হয়েছিল সেই সময়ে আমি দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে, এই বিষয়ে কিছু ব্যবস্থা অবলম্বন করুন। ২ মাস

চলে গেছে, বলুন তো মন্ত্রী মহাশয়, এই ফ্লো ইরিগেশন যেখানে ফেলিওর হয়, সেখানে বোরো হবে না জানা কথা। তার জন্য আমাদের মন্ত্রিসভা দয়া করে কি ব্যবস্থা অবলম্বন করেছেন? আজ পর্যন্ত কড়ে আঙ্গুলটিও নাড়েন নি। এই অভিযোগ আপনার মাধ্যমে আমি করছি। আমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে ডেকে আমার জেলায় একটা কনফারেন্স করেছিলাম যে, কি করতে পারেন? আমাদের গোটা কংসাবতীর জল আসবে, পাশকুঁড়া থানার শুধু আশেপাশে মিলে প্রায় ১৫ হাজার একর জমিতে বোরো করা হয়েছিল, কিছু হবে না। এর আগে সরোজ রায় সূত্রে আমাদের ভূপালদা বলেছেন, যে ঐ ব্যাপক এলাকায় আলু হবে না এই ব্যাপারে কি করছেন? অনেক কেঁদে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বললেন, ঐ এলাকায় একটা ব্যাঙ্ক থেকে সাহায্য দেবার চেষ্টা করবে। আমি জিজ্ঞাসা করেছিলাম, এ বছর এরা ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে শ্যালো টিউবওয়েল করার চেষ্টা করবে। কিন্তু ইলেকট্রিক কানেকশন তো এত তাড়াতাড়ি পাবে না। আবার কি এখন একটা ডিজেল কিনবে? তাহলে সেই ব্যাপারে অন্ততঃ গভর্নমেন্ট কিছু টাকা দিতে পারেন? তাতে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বললেন, আপনি গিয়ে মন্ত্রীকে বলুন, আপনি গিয়ে বিধানসভায় বলুন। খরার অনেক আগে এটা সাসপেক্ট করা দরকার ছিল। রবিশস্যকে রক্ষা করার জন্য অ্যাডভান্স প্ল্যানিং-এর দরকার ছিল এবং এখন এই এমারজেন্সি ফুটিং-এ এই রবি-শস্যকে রক্ষা করবার জন্য বিশেষ ব্যবস্থা চাই। জি আর, টি আর-এর অ্যাকাউন্ট-এর মধ্যে হচ্ছে না। আমি সেটা আলাদা করে তুলেছি। আমি আর একটা বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করব। স্যার, এমনিতেই আমাদের গ্যালারির প্রতি নজর আকর্ষণ করার কথা নয়। তবে চোখ আপনারও আছে, আমারও আছে। সেজন্য আপনার নজর আকর্ষণ করতে চাই। আজকে ভিজিটরস গ্যালারির দিকে যদি তাকিয়ে দেখেন তাহলে দেখবেন যে অন্য যে-কোন দিনের চেয়ে মহিলাদের সংখ্যা বেশি। এই মহিলারা কেন আজকে এখানে এসেছেন? আমি যা তাদের সঙ্গে কথা বলে বুঝেছি যে, খরার গরমের পরেও তেলের গরম এমন চড়া চড়েছে—গত একদিনের মধ্যে কলকাতা শহরে সরিষার তেলের দাম ৬০ পয়সা বৃদ্ধি হয়েছে। সেই গরমের গুঁতোও এরা বিধানসভার শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে এসে জিজ্ঞাসা করছেন যে, এর কি কোন প্রতিকার হবে? এর কি কিছু ব্যবস্থা করা যাবে? এই যে দিনের পর দিন জিনিসপত্রের দাম অব্যাহত গতিতে বৃদ্ধি হচ্ছে এটা কে রোধ করবে? আমাদের এখানে আলোচনা হবার কথা ছিল, দুর্ভাগ্যক্রমে সেটা হতে পারে নি। কিন্তু তা সত্ত্বেও তাদের হয়ে সেই আলোচনা আজকে আমি আপনার মাধ্যমে তুলছি। ভারতীয় মহিলা ফেডারেশনের তরফ থেকে মুখ্যমন্ত্রী মহাশয় এবং

আমাদের খাদ্যমন্ত্রী মহাশয়ের কাছে মেমোরেণ্ডাম দিয়েছেন। তাঁরা দাবি করেছেন যে, পাইকারি ব্যবসা রাষ্ট্রায়ত্ত করা হোক। তাছাড়া আর কোন উপায় নেই। খাদ্য শুধু নয়, আরো অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিস সরবরাহ করার ব্যবস্থা করা হোক। কলকাতায় তেল ৯'৮০ টাকা এবং গ্রামাঞ্চলে ১০ টাকার উপর হয়েছে, এমন কি গ্রামাঞ্চলে বহু জায়গায় ১০ টাকা ১৫ পয়সায়, ১০ টাকা ২০ পয়সায়ও হয়েছে—সে খবর আমার কাছে এসেছে। কাজেই আজকে এইরকম একটা পরিস্থিতি হবে কেন সেটা আমরা জানতে চাই। আলু আমরা ১৷৷০ টাকা দামে কিনি। কিন্তু কি দামে বিক্রয় হচ্ছে? আজকে আপনি সরোজদাকে জিজ্ঞাসা করুন, গড়বেতায় আপনার ৩০ পয়সায়, ৫০ পয়সায় চাষীরা আলু বিক্রয় করে। আর আমরা কিনব এক টাকা ৫০ পয়সা করে আলু। বছরের পরে বছর এইরকম অবস্থা যাবে, আর মাঝখানে ফড়েরা মিডলমেনগিরি করবে। এই ব্যাপারে কোন ব্যবস্থা হবে না। পশ্চিমবঙ্গে সরিষার তেলের মত জিনিসকে স্টেট ট্রেডিং কর্পোরেশন হাতে নিতে পারবে না। পশ্চিমবাংলায় নাকি বিশেষ রকমের ব্যবস্থা আছে। সেই কারণে কিছুতেই এই জিনিসটাকে ভাঙ্গা যায় না। আমরা এত টাকা পাব কোথায়—দিনের পর দিন এই সমস্ত কথা শুনে আসছি। আপনারা জানেন সকলে যে, জরুরী অবস্থার সুযোগ নিয়ে আমাদের দেশের শিল্পপতি, বড় বড় মনোপলি, বড় বড় ইণ্ডাস্ট্রিয়াল হাউস এবং বড় বড় ব্যবসাদাররা কি দারুণ মুনাফা লুঠছে। আজকে দেখলাম, আপনি কল্পনাও করতে পারবে না, যে টিসকো এ বছর যখন জরুরী অবস্থা চলছে—১৯৭৬ সালে তার প্রি-ট্যাক্স প্রফিট গত বছর ছিল ৬ কোটি কিছু টাকা, আর এ বছর টিসকোর প্রি-ট্যাক্স প্রফিট হয়েছে ১০ কোটি ৯৭ লক্ষ টাকা। এক বছরের মধ্যে প্রায় ৪ কোটি টাকা মুনাফা বেড়েছে। টাটা আয়রন অ্যাণ্ড স্টীল একা করেছে তা নয়। কথা হচ্ছে বিগেস্ট মনোপলি গ্রুপ কিভাবে প্রফিট বাড়িয়েছে তাই আপনার মাধ্যমে উপস্থিত করছি।

স্যার, খাদ্যশস্যের পাইকারি ব্যবসার দিকটা একটু দেখুন। আমি এখানে আসবার আগে ২/৩ দিন আগের স্টেটসম্যান কাগজটি একটু উল্টে দেখছিলাম। স্টেটসম্যানে ক্লেম করছে এবছর সুগার মিলগুলিতে চিনির রেকর্ড প্রডাকশন হচ্ছে। গত বছর যা প্রডাকশন হয়েছিল তাই ইতিমধ্যে যথেষ্ট বেশি ছিল এবং এবছর বলছে তার চেয়েও বেশি প্রডাকশন হবে। আমরা সুগার মিলগুলি যথেষ্ট প্রফিট রাখে বলছি এবং তারা ৩২০ টাকা কুইন্টাল বিক্রি করছে। তাহলে আমরা স্যার, ৫৫০ টাকায় কেন কিনব? আর সেটা তো খোলা বাজারে, যেটা তলা দিয়ে সেল হল সেটা ৫৮০ টাকা করে কেন কিনব? ৩২০ টাকা যদি এক্স-মিল রেট হয়ে থাকে এবং

তাতে রিলিফ হয়ে থাকে তাহলে আমরা কেন ৫৮০ টাকা করে কিনব, আমি এটা জানতে চাই এবং তার জন্য কি ব্যবস্থা হচ্ছে, কি রাজ্য স্তরে, কি কেন্দ্রীয় সরকারের স্তরে ? সেইজন্য আমি গৃহিণীদের পক্ষ থেকে তাদের বেদনার কথা, ক্রোধের কথা একজন রাজনীতিবিদ হিসাবে, বিধানসভার সদস্যা হিসাবে আপনার মাধ্যমে এই হাউসে উপস্থিত করতে চাই। হাউসে খাদ্যমন্ত্রী আছেন, তিনি তাঁদের বক্তব্যের মধ্যে বলতে পারেন এবিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করছেন। খরা সম্বন্ধে আমি রিলিফের কাজ, পানীয় জল এবং তার সঙ্গে বোরো চাষের জলের দাবি করছি। নতুন নতুন ইরিগেশন ট্যাক্স, খাজনা ইত্যাদি নিয়ে যে-সমস্ত হামলা হচ্ছে সেগুলি ইতিমধ্যেই অন্যান্য সদস্যরা জানিয়েছেন, সেগুলির মোকাবিলারও দাবি জানাচ্ছি। এই সমস্ত অবস্থার মধ্যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকেও বেশি টাকা এনে এবং রাজ্য সরকারের তহবিল থেকে ও এই সঙ্গে দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করবার জন্য কার্যকরী ব্যবস্থা অবলম্বনের দাবি এই বিধানসভায় আপনার মাধ্যমে উপস্থিত করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশিবশংকর বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ত্রাণমন্ত্রী মহাশয় যে স্টেটমেণ্ট দিলেন তাতে খরাপীড়িত অঞ্চল বলতে নদীয়া জেলার নাম উল্লেখ নেই কেন তা বুঝলাম না। এ বছর বৃষ্টিপাতের পরিমাণ এবং তার হিসাব নিশ্চয়ই সরকারের কাছে আছে। সেই হিসাব অনুযায়ী দেখলে তিনি বুঝতে পারতেন যে, নদীয়া জেলায় এ বছর একদম বৃষ্টিপাত হয় নি। বিশেষ করে সদর মহকুমায়, মুর্শিদাবাদ জেলার গায়ে যে অঞ্চল সেই অঞ্চলে একদম বৃষ্টি হয় নি। কালীগঞ্জ, নাকাশীপাড়া, তেহট্ট, করিমপুর, চাপড়া, এবং কৃষ্ণনগর-(২)—এই ব্যাপক অঞ্চলে একদম বৃষ্টি হয় নি। স্যার, আপনি জানেন দেশভাগের সময় নদীয়া জেলার লোক-সংখ্যা ছিল ৭ লক্ষ, আর আজকে হয়েছে ২৩ লক্ষ। এই অঞ্চলে এত লোকসংখ্যা বেড়েছে। সাত্তার সাহেব বলতে পারেন যে, ওখানে অনেক ডিপ টিউবওয়েল হয়েছে, শ্যালো টিউবওয়েল হয়েছে। আমি বলছি শুধু সরকারী ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল এবং রিভার লিফ্‌ট-ই নয়, ইনডিভিজুয়াল শ্যালো টিউবওয়েল নিয়েও মাত্র ১৮ পারসেণ্ট জমিতে ইরিগেশন হচ্ছে। আমার এলাকায় ৩৪টি ডিপ টিউবওয়েল আছে, তার মধ্যে ১৬টি চলে না, এটা আমি দায়িত্ব নিয়ে বলছি। সুতরাং যে অবস্থা আছে সেই অবস্থায় নদীয়া জেলার সদর সাবডিভিসনে হাহাকার অবস্থার সৃষ্টি হয়েছে। আউশ ধান একদম হয় নি, আমন ধানের চাষ হলো না, এই অবস্থায় মুর্শিদাবাদ জেলার প্রান্তে বেলডাঙা প্রভৃতি অঞ্চলে যে অবস্থা ঠিক একই

অবস্থা নদীয়া জেলার কালীগঞ্জ, নাকাশীপাড়া, তেহট্ট, করিমপুর, চাপড়া এবং কৃষ্ণনগর-২ অঞ্চলে। এখানকার ভূমিহীন কৃষকদের কোন কাজ নেই। আপনারা মিনিমাম ওয়েজেস অ্যাক্ট করেছেন ৬ টাকা কিছু পয়সা। কিন্তু তার দরকার নেই। সেখানকার লোকগুলি বলছে, ১ টাকা দাও আমাদের, আমরা কাজ করব। এর ওপর আবার গোদের ওপর বিষফোঁড়া, লোনের লাল কাগজ বাড়ি বাড়ি গিয়ে তাদের ধরিয়ে দেওয়া হচ্ছে। নিশ্চয়ই লোন ফেরত দিতে হবে। কিন্তু এই অবস্থার মধ্যে? লোকগুলি খাবে কি, আর লোনই বা ফেরত দেবে কি করে? এক নদীয়া জেলার সদর সাবডিভিসনেই এই ভয়াবহ অবস্থা চলছে। এই গম চাষের সময় আমি সাত্তার সাহেবের এদিকে দৃষ্টি আকর্ষণ করছি ওখানে এস এফ ডি এফ প্রজেক্ট নেওয়া হয়েছে, আমরা গ্রামের মানুষকে অনেক বুঝিয়ে অনেক শ্যালো টিউবওয়েল এবং ১২২টির ক্লাস্টার করেছিলাম। কিন্তু অ্যাডমিনিসট্রেশনের এমনই অবস্থা যে, আজ পর্যন্ত সেখানে ইলেকট্রিক কানেকশন দেওয়া হয় নি। তাহলে স্যার, গম কবে হবে?

[2.40—2.50 P.M.]

এই অবস্থার মধ্যে তাড়াতাড়ি যে-সব ডিপ টিউবওয়েল এবং রিভার লিফট মেকানিক্যাল ডিফেক্ট-এর জন্য খারাপ হয়ে আছে সে-সব যদি সারানো না হয় তাহলে আরও খারাপ হবে এবং গম উৎপাদন ব্যাহত হবে এবং অবিলম্বে যদি মেরামতের ব্যবস্থা না করা যায় তাহলে সেখানকার লোক খেতে না পেয়ে মারা যাবে। এইসব দিকে দৃষ্টি আকর্ষণ করে আমি শেষ করছি।

শ্রীসত্যরঞ্জন বাপুলী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ত্রাণমন্ত্রী যে লিস্ট বিধানসভায় দিয়েছেন তা অত্যন্ত হতাশাব্যঞ্জক। ২৪ পরগনার কথা কোথাও নেই। এখানে খরা এবং তার সঙ্গে বন্যা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও এরকম স্টেটমেণ্ট তিনি কিভাবে দিলেন তা জানি না। এরকম ভাবে যদি ত্রাণমন্ত্রী কাজ করেন তাহলে কাজ কিভাবে ভাল হবে তা জানি না। ২৪ পরগনায় কয়েক লক্ষ লোক বন্যায় গৃহহারা হয়েছে এবং শতকরা ৮০ ভাগ জায়গায় খরাতে ধান নষ্ট হয়ে গেছে। ২৪ পরগনার কোন্ কোন্ জায়গায় ক্ষতি হয়েছে সেটা তিনি জেনে নিন। কুলপীতে শতকরা ৫০ ভাগ জমিতে ধান হয় নি, মগরাহাটেও তাই, দৌলত আলির এলাকায় শতকরা ৭০ ভাগে ধান হয় নি, রামকৃষ্ণ রায়ের এলাকায় শতকরা ৪০ ভাগে ধান হয় নি,

নীরোদবাবুরও তাই ইত্যাদি। কিন্তু ২৪ পরগনা জেলা হুইচ ইজ দি ½ অব ওয়েস্ট বেঙ্গল, তার নাম তাঁর লিস্টে নেই। এখান থেকে আমরা শহরের খাবার জন্য ধান পাঠাই। এবার সেখানকার লোকের দুরবস্থার কথা সকলেই নিশ্চয় জানেন। সেখানে বন্যার ফলে হাজার হাজার লোক গৃহহারা হয়েছে এবং হাজার হাজার ছাত্র-ছাত্রী খাবার অভাবে স্কুলে পড়তে যেতে পারছে না। এইসব জিনিস মুখ্যমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী এবং তরুণবাবু দেখে এসেছেন। গরুর খাবারের জলও পর্যন্ত সেখানে নেই। অথচ এসব চিত্র বিধানসভায় রাখা হবে না এটা আশ্চর্য কথা। সে চিত্র নিশ্চয়ই থাকা দরকার। কেননা সেটা পশ্চিমবঙ্গের একটা অংশ। সেই অংশের লক্ষ লক্ষ মানুষ আজকে অনাহারে অর্ধাহারে আছে। মাননীয় মন্ত্রী মহাশয়রা যখন গেছেন তখন দেখে এসেছেন হাজার হাজার গরু নদীর জলে ভেসে যাচ্ছে, বাচ্ছা ছেলে মরে নদীতে ভেসে যাচ্ছে। সেই বন্যার ফলে যে খরা হয় সেটা নিশ্চয়ই জানা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কয়েকটি প্রস্তাব রাখতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় খবর পাবার সংগে সংগে আমাদের এলাকায় গিয়েছিলেন। তিনি দেখে এসেছেন, তিনি যখন হাউসে আছেন তখন তাঁর কাছে প্রস্তাবগুলি রাখছি। আজকে সেখানকার লোকদের উপকার করতে গেলে সারা বছর তাদের কাজ করার ব্যবস্থা করতে হবে। লোনা জলের জায়গা, এক-ফসলী দেশ, সেখানে ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল নেই। সেই জায়গায় একটা ফসল লোনা জলে নষ্ট হয়ে গেল, খরাতে নষ্ট হয়ে গেল, সেখানকার লোকের চলবে কি করে। এই সাবজেক্টের উপর ৩ ঘণ্টা আলোচনা হওয়া উচিত ছিল, দুঃখের বিষয় সময় কম দেওয়া হয়েছে। সেখানকার মিডিল ক্লাস পিপল যারা জমিতে কাজ করত, তারা জমিতে লাংগল করতে পারছে না, তাদের পরিবারবর্গ খেতে পাচ্ছে না। তাঁরা ৫০ বিঘা জমির মালিক, তাদের সমস্ত ফসল নষ্ট হয়ে গেছে খরা এবং বন্যায়, তাদের জন্য সরকার থেকে লোনের ব্যবস্থা করতে হবে উইদাউট ইন্টারেস্ট অর অ্যাট মিনিমাম রেট অব ইন্টারেস্ট, তা না হলে তাদের চলবে না। আজকে হাজার হাজার স্কুলের শিক্ষকদের অ্যাডভান্সের ব্যবস্থা করতে হবে। সেখানে ছেলেরা স্কুলে যাচ্ছে না, তাদের মিড ডে মিলের ব্যবস্থা করতে হবে। প্রাইমারী এবং সেকেণ্ডারী স্কুলের শিক্ষকদের অ্যাডভান্সের টাকা দিতে হবে। টি আর স্কীম চালু করতে হবে এবং নদীর বাঁধগুলি ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে না বেঁধে এগুলি টি আর স্কীমে করতে হবে, যাতে সারা বছর লোকে কাজ পায়। 'ক' থেকে 'ঙ' শ্রেণীর সমস্ত লোকের রেশনের ব্যবস্থা করা দরকার। নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্র সস্তা দামে সেখানে পৌঁছে দেওয়া দরকার। খাজনা মকুবের দরকার

আছে। সেখানে লেভি মকুব করতে হবে। লেভির লিস্ট যদি বেরোয় তাহলে হাজার হাজার টাকা নষ্ট করে লোককে আইন-আদালত করতে হবে। আমি মাননীয় ত্রাণমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তাঁরা যেন এই বিষয়ে যথাযথ ব্যবস্থা অবলম্বন করেন।

শ্রীঅজিত কুমার গাঙ্গুলী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনদিন ধরে বক্তৃতা শুনছিলাম যে, দুনিয়ার অবস্থার পরিবর্তন হচ্ছে, সেজন্য সংবিধান পরিবর্তন করতে হচ্ছে। কিন্তু আমলাদের কোন পরিবর্তন হয়নি, আমলারা মন্ত্রী মহাশয়দের মন যুগিয়ে রিপোর্ট পাঠান। তা না হলে ২৪ পরগনার নাম উল্লেখ নেই কেন। ২৪ পরগনা কংগ্রেস রেজলিউশন করে পাঠিয়েছে যে, ২৪ পরগনায় খরা হয়েছে, আমরা এস ডি ও-কে রিপোর্ট পাঠিয়েছি যে, খরা হয়েছে, অথচ একটুও উল্লেখ নেই। এনটায়ার নর্থ ২৪ পরগনা, বারাসাত এনটায়ার সাবডিভিসন, বনগাঁ সাবডিভিসন, বসিরহাট নর্থ, ব্যারাকপুরের ইণ্ডাস্ট্রিয়াল পকেট ছাড়া সমস্ত খরায় শেষ হয়ে গেছে। কোন কোন পকেটে ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল থাকতে পারে, কিন্তু এই জিনিসের উল্লেখ নেই। রিলিফ মিনিস্টার ৩০০টা স্কীম নিয়েছেন, এক একটা স্কীমে ১৫ জন কাজ করলে ৫ হাজার লোকের কাজের ব্যবস্থা হবে, এইরকম একটা ফল্‌স অ্যাণ্ড ফ্যাবরিকেটেড রিপোর্ট গ্রহণ করে অ্যাসেম্বলী হাউসে পড়ছেন কি করে বুঝতে পারছি না। খরা একটা প্রাকৃতিক বিপর্যয়, এটা মানুষের ঠেকাবার ব্যাপার নয়। গভর্নমেণ্ট খরাকে স্বতঃস্ফূর্ততার উপর দেখছেন। স্বতঃস্ফূর্ততার উপর কোন রিলিফের কাজ করা যায় না। পুরান পচা ইংরাজ আমলের ফেমিন কোড, ত্রাণমন্ত্রী সেটার পরিবর্তন করলেন না। আপনারা ০.০২ পার্সেণ্টকে রিলিফ দেবেন, অর্থাৎ হাজারে ২ জনকে দেবেন, এটাকে বাড়িয়ে অ্যাটলিস্ট ৫ পার্সেণ্ট করুন।

[2.50—3.00 P.M.]

এটা দিয়ে রিলিফের কাজ হতে পারে না! গভর্নমেণ্ট একটা পরিকল্পনা নিয়ে চলে এবং চলা উচিত এটাই স্বাভাবিক। ম্যাজিস্ট্রেটরা যে রিপোর্ট পাঠিয়েছেন সেটাই তাঁর সেক্রেটারীরা টাইপ করে পাঠিয়েছেন। আমার বক্তব্য হচ্ছে যেখানে খরা হয়েছে সেখানে শুধু রিলিফ নয়, সামান্য রিলিফ নয়, স্ট্যাটুটরি রেশনিং সেই অঞ্চলে প্রবর্তন করতে হবে। মাননীয় সদস্যা গীতা মুখোপাধ্যায়

বলেছেন, জিনিসপত্রের দাম যেভাবে এসে দাঁড়িয়েছে তাতে ঐ রেটে জি আর করুন, টি আর করুন—আর যাই করুন তাতে কিছু হবে না। আমি পরশুদিন ২৪ পরগনার খরার কথা উল্লেখ করতে গিয়ে বলেছিলাম, ২৪ পরগনা জেলায় ইমিডিয়েটলি অন্ততঃ দু' কোটি টাকা ডেভেলপমেন্টের কাজে দেওয়া হোক। আমি কেন একথাটা বলছি? বন্যা কেন হয় সেটা আপনারা বলতে পারেন না, কিন্তু বন্যার জলকে কাজে লাগাবেন তো, তাকে চ্যানালাইজ করবেন তো। খরা হলে বিভিন্ন জায়গায় সেচের ব্যবস্থা করতে হবে এবং ডেভেলপমেণ্ট স্কীম করতে হবে। সেইজন্যই আমি বলছিলাম, যে-সমস্ত ডেভেলপমেণ্ট স্কীম হচ্ছে তার সঙ্গে আরও দু' কোটি টাকার ব্যবস্থা করা হোক। আপনাদের অফিসাররা যাচ্ছেন খাজনা আদায় করতে, ঋণ আদায় করতে। আমি ত্রাণমন্ত্রী এবং ফাইনান্স মিনিস্টারকে বলছি টাটা এবং বিড়লার কাছে যে ইনকাম ট্যাক্স বাকি রয়েছে সেগুলি কেন আপনারা আদায় করেন না? আপনারা কেন গরীব মানুষের উপর খাড়া তুলে ধরেছেন? আমার বক্তব্য হচ্ছে যে-সমস্ত জায়গায় খরা হয়েছে সেই সমস্ত অঞ্চলের গরীব মানুষদের কাছ থেকে খাজনা আদায় বন্ধ রাখা হোক এবং একবছরের জন্য ঋণ আদায় স্থগিত রাখা হোক। এছাড়া মানুষের কাছে বাঁচার আর কোন রাস্তা খোলা নেই। তারপর আপনারা জানেন এণ্টায়ার ২৪ পরগনা জেলায় ইরিগেশনের জন্য দাবি-দাওয়া পেশ করা হচ্ছে। আপনারা খরাকে উপলক্ষ করে সেখানে এসকাভেশনের কাজ করুন। আপনারা যদি এই কাজ করেন তাহলে বহু লোক কাজ পাবে এবং ঐ অঞ্চল আর কোনদিন খরায় ভুগবে না। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগঙ্গাধর প্রামাণিক: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্ববর্তী বক্তারা প্রতিটি জেলার খরার সম্বন্ধে বলেছেন এবং মন্ত্রিসভাও এ সম্বন্ধে একটা আশংকা প্রকাশ করেছিলেন, যার জন্য তাঁরা কিছু কিছু অঞ্চল পরিদর্শন করে এসেছেন এবং মুখ্যমন্ত্রীও পরিদর্শন করে এসেছেন। আমাদের ২৪ পরগনা হচ্ছে নিয়ারলি ওয়ান ফিফ্‌থ অব দি পপুলেশন অব ওয়েস্ট বেংগল এবং তার চরিত্র হচ্ছে অদ্ভুত। এখানে কলকারখানা আছে, বনজঙ্গল আছে এবং কৃষিজমিও প্রচুর আছে। কিন্তু এই কম্‌পোজিশনে এখানে কোন ক্যাবিনেট মিটিং আজ পর্যন্ত হয় নি, যার জন্য এখানকার অবস্থাটা যে কি সেটা তাঁদের দৃষ্টিগোচর হয় নি। এই দৃষ্টিগোচর না হবার ফলে ২৪ পরগনায় যে ঝড় হয়ে গেল সে সম্পর্কে তাঁরা কোন উল্লেখ করেন নি। এই যে খরা হয়েছে সেটা সম্পূর্ণভাবে বৃষ্টির জলের অভাবের জন্যই হয়েছে, যেখানে মানুষের এবং

সরকারের কোন হাত নেই। বৃষ্টির জলের অভাবের জন্য যে খরা হয়েছে তাকে মোকাবিলা করবার জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে ঠিকই, কিন্তু মানুষের ক্রয়ক্ষমতা যেখানে গিয়ে পৌঁছেছে সেটা কল্পনাও করা যায় না। মানুষের ক্রয়ক্ষমতা যে পর্যায়ে পৌঁছেছে তাতে গম দিয়ে বা অন্যান্য সিরিয়াল দিয়ে সাধারণ মানুষ সেই জিনিস কিনে তাদের পেট ভরাতে পারবে সে ক্ষমতা তাদের নেই। আজকের ক্রয়ক্ষমতা, বিশেষ করে গ্রাম এলাকাতে অত্যন্ত শোচনীয়। গতবারে ফসল হয়েছিল, সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা কিছু বেড়েছিল, তারা কিনে খেতে পেরেছিল। কিন্তু আজকে যে অবস্থা আসছে তাতে এখনই ধানের বস্তার দাম প্রায় ৮০ টাকার মত হয়েছে এবং আমি মনে করি অবস্থা আরো সঙ্গীন হয়ে দাঁড়াবে, ফসল কাটার পর ধানের বস্তা ১২০/১২৫ টাকা দাঁড়াবে। সেই অবস্থায় সাধারণ মানুষের দুর্গতি মোকাবিলা করবার জন্য সরকার এখন থেকে যদি তৈরী না হন এবং এখন থেকে তাঁরা যদি প্র্যাকটিকাল অ্যাসপেক্ট উপলব্ধি না করেন তাহলে সব জেলাতেই শোচনীয় অবস্থা হবে। অত্যন্ত আশ্চর্যের কথা গতবারের ডেভেলপমেন্টের কাজ করবার জন্য, পল্লী উন্নয়নের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল এবারে সেই টাকার পরিমাণ কমে গেছে। আমি মনে করি গতবারের চেয়ে এবারে আরো শতকরা ১০/১৫ টাকা বাড়ানোর প্রয়োজন আছে। ২৪ পরগনা জেলার বনগাঁ, বসিরহাট মহকুমায় এবং দক্ষিণ অঞ্চলের সুন্দরবন সম্পর্কে অনেকেই উল্লেখ্য করেছেন। এই সমস্ত এলাকার অবস্থা অত্যন্ত শোচনীয়। বনগাঁ মহকুমার বাগদা অঞ্চলে যেখানে শ্যালো টিউবওয়েল, ডীপ টিউবওয়েল আছে, তার জলের স্তর এতো নিচুতে নেমে গেছে বৃষ্টির অভাবে, গত বছরে এই সমস্ত টিউবওয়েলে যে ভলিউম অব ওয়াটার বের করতে পেরেছিল এ বছর সেই পরিমাণ জল বেরুচ্ছে না। সেই জন্য রবিশস্যের অবস্থা খুব কাহিল। শীতের অভাবের জন্য শীতকালীন যে শাক-সব্জি পাওয়া যেত তার অভাব দেখা দিয়েছি। কাজেই সিরিয়াল এবং শাক-সব্জির অভাবের জন্য মানুষের দুর্দশা বেড়েছে। এই পরিস্থিতিকে মোকাবিলা করবার জন্য আমি মন্ত্রিসভাকে অনুরোধ করব যে, একটা সুষ্ঠু নীতি নিয়ে যাতে সাধারণ মানুষের কষ্টের লাঘব হয়, তার জন্য তাঁরা ব্যবস্থা গ্রহণ করবেন। তাছাড়া আমার আর একটি বক্তব্য হচ্ছে লেভি যা ধরা হয়েছে তাতে মধ্যবিত্ত লোকেরা তাদের সংসারের খরচ-খরচা পূরণ করে তাদের পক্ষে লেভি দেওয়া সম্ভব হবে না, তার কারণ হচ্ছে লেভির যে রেট ধরা আছে সেটা গতানুগতিক অবস্থায় আছে। জমির পরিমাণ হিসাবে লেভি ধার্য করা হয়। আজকে যদি ক্রপ কাটিং হিসাবে লেভি ধার্য করা হয় তাহলে আমার মনে হয় সুবিচার করা হবে। আজকে

যে-সমস্ত খেটে খাওয়া মানুষ আছে তাদের জন্য কর্মের সংস্থান করতে হবে। স্যার আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন ডেভেলপমেণ্ট ডিপার্টমেণ্টকে যে-সমস্ত কাজ করবার জন্য বরাদ্দ করা হয়েছে এখন পর্যন্ত সেই সমস্ত কাজের ওয়ার্ক অর্ডার ব্লক ডেভেলপমেণ্ট অফিসে পৌঁছায় নি, যার জন্য কাজ আরম্ভ করা যাচ্ছে না।

[3.00—3.10 P.M.]

যেখানে যেখানে কিছু কিছু ধান কাটা হয়েছে, সেখানে কাজ করা সম্ভব। কাজের প্রস্তুতি ব্লক অফিসে তৈরী হয়ে আছে, এখন কেবল ওয়ার্ক অর্ডার না যাওয়ার জন্য কাজ আরম্ভ হতে পারছে না। ইমিডিয়েটলি সেই ওয়ার্ক অর্ডার দিন যাতে করে সেখানে সত্বর টাকা গিয়ে পৌঁছায় এবং ধান কাটার সাথে সাথে কাজ আরম্ভ হতে পারে, তা নাহলে কাজের অসুবিধা হবে। ইমিডিয়েটলি এই সম্পর্কে ব্যবস্থাদি করবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আমি আকর্ষণ করছি।

তারপর লোন রিকভারির জন্য আজকে যে চাপ সৃষ্টি করা হয়েছে তাতে আমি বলব আজকে মানুষের সামগ্রিক অবস্থাটা পর্যালোচনা করে অত্যন্ত নরম মন নিয়ে এই সমস্ত আদায়কারী অফিসাররা যে যতটুকু দিতে পারেন, লোনের টাকা পরিশোধ করতে পারেন সেদিকে লক্ষ্য করে তাঁরা যেন সেই টাকাটা গ্রহণ করেন, আদায় করেন। তা নাহলে সেইসব দুস্থ মানুষদের পক্ষে খুবই অসুবিধা হবে, তা নাহলে শেষ পর্যন্ত হয়ত তাদের ভিটেমাটি ছেড়ে অন্য কোথাও চলে যাওয়া ছাড়া উপায় থাকবে না।

তারপর এই লোন আদায়ের ব্যাপারে এ বছর একটু চাপ কম করে দিয়ে পরের বছর বা তার পরের বছর কিস্তি বন্দী করে যাতে এই লোনের টাকা আদায় করা হয়, তার দিকে সরকার নজর দিন। এজন্য আমি সমগ্র মন্ত্রিসভা তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুশীল কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ত্রাণমন্ত্রীর কাছে কুচবিহার জেলা সম্বন্ধে কিছু তথ্য তুলে ধরতে চাই। ত্রাণমন্ত্রী আমাদের হাউসের সামনে কিছু কিছু জেলার নাম ড্রাউট এলাকা হিসেবে চিহ্নিত করেছেন। অথচ আমাদের কুচবিহার জেলার নাম করলেন না। আমাদের জেলা একমাত্র কৃষির উপর নির্ভরশীল, আমাদের জেলার মোট এগ্রিকালচারাল হোল্ডিংস ১ লক্ষ ৬৬ হাজার—তার মধ্যে ১ লক্ষ ৬৪ হাজার এগ্রিকালচারাল হোল্ডিংস ক্ষুদ্র চাষীর ও

প্রান্তিক চাষীর। অন্যান্য বছর কুচবিহারে পর্যাপ্ত বৃষ্টি হয়। সেখানে বৃষ্টির গড় পরিমাণ প্রায় ৩,২০০ থেকে ৩,৬০০ মিলিমিটার বছরে। সেখানে এবার বৃষ্টি হয়েছে ৩ হাজারেরও কম মিলিমিটার। সেখানকার মাটির যা কমবিনেশন—মাটি সেখানে বেশীর ভাগ বালি মিশ্রিত, জল ধরে রাখবার ক্ষমতা বর্ধমান, মেদিনীপুর জেলার মাটি থেকে অনেক কম। অন্যান্য জেলায় যে জল অনেকক্ষণ স্ট্যাগনান্ট হয়ে থাকে, সেই জল কুচবিহারের মাটিতে খুবই কম সময় থাকে, গ্রীষ্মকালে যেখানে পর্যাপ্ত বৃষ্টি হলে ৪/৫ মন ধান হয়, সেখানে এবার মাত্র ২ মন ধানের ফলন হচ্ছে। ফলে আজ কুচবিহার জেলায় হাহাকার দেখা যাচ্ছে। এখানে শতকরা ৯৮ পারসেন্ট লোক কৃষির উপর নির্ভরশীল। সেখানে সাত্তার সাহেবের দপ্তর আছে। ত্রাণমন্ত্রী ড্রাউট সম্বন্ধে যে স্টেটমেন্ট হাউসে দিলেন তার মধ্যে কুচবিহার জেলার নাম নেই। কৃষি-মজুর আজ এখানে বেকার—কাজ পাচ্ছে না। অন্যান্য জেলায় ২ পারসেন্ট জি আর দেওয়ার কথা বলা হয়েছে। মন্ত্রী মহাশয় কি জানেন এক একটা অঞ্চলে ১৫ হাজার থেকে ১৮ হাজার লোক বাস করে, তার মধ্যে হয়ত ৩০ জন জি আর পাচ্ছে। তাতে কী হবে? এর মধ্যে অনেক অন্ধ, অক্ষম লোক আছে—যারা কাজ করতে পারে না—তারা অসহায়, উইডো। মুখ্যমন্ত্রী মহাশয় কুচবিহারে গিয়েছিলেন, তিনি উইডোদের সমস্যার কথা জেনেছেন। তাদের কাজের কোন সংস্থান নেই। এখানে এমন কোন শিল্প নেই যে, সেখানে এদের কাজের সংস্থান হতে পারে। কাজেই এই-সব কথা চিন্তা করে অবিলম্বে একটা সুব্যবস্থা করা প্রয়োজন। তা না হলে ১৯৭৩-'৭৪ সালের মত কুচবিহারবাসীদের মস্তবড় হাহাকার অবস্থার মধ্যে পড়তে হবে। মুখ্যমন্ত্রী মহাশয় স্বয়ং যে অবস্থা দেখে এসেছিলেন, আবার হয়ত সেই অবস্থার মধ্যে আমাদের পড়তে হবে। তাই আমি মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই, আজকে জি আর, টি আর নিশ্চয় দেওয়া কর্তব্য, কিন্তু লোকগুলোর আগামী ডিসেম্বর পর্যন্ত কুচবিহারে কাজের সুযোগ দেওয়া যায় কিনা সেদিক দেখা উচিত। চাষের কাজ যখন আরম্ভ হবে, সেটার সময় শ্রাবণ-ভাদ্র—সেই সময়ে কাজ কিছু পেতে পারে। আশ্বিন মাসের পর এই লোকগুলো অকর্মণ্য হয়ে থাকবে। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীকে নিবেদন করছি এই ব্যাপারে দৃষ্টি দিতে।

শ্রীনিতাইপদ সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া, পুরুলিয়া বা মেদিনীপুর এইসমস্ত জেলার খরা সম্পর্কে যে আলোচনা হয়েছে নদীয়ার অবস্থা সেইসব জেলার তুলনায় নিশ্চয় কম। কিন্তু নদীয়া জেলায় যে খরা ঘটেছে এই সম্পর্কে আমার বন্ধুবর শিবদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় ইতিপূর্বে বলে গিয়েছেন। আমি কতকগুলো

তথ্য দিয়ে প্রমাণ করব। এখানে কৃষি দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মহাশয় বসে আছেন। নদীয়া জেলার একটা জিনিস ভাল। সেটা হল এর আগেও যিনি কৃষি দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ছিলেন তিনিও নদীয়ার লোক, এখন যিনি আছেন তিনিও নদীয়া জেলার লোক। আমাদের নদীয়া জেলাতে বহু ডিপ টিউবওয়েল হয়েছে—একথা অস্বীকার করি না। তবে বন্ধুবর বন্দ্যোপাধ্যায় মহাশয় যে কথা বলেছেন সেটা ঠিক যে, যে ডিপ টিউবওয়েল আছে, আমাদের স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ক্ষমাহীন অকর্মণ্যতার ফলে অনেকগুলো ডিপ টিউবওয়েল চালু নেই এবং প্রতি এলাকাতে ৭টি কি ১০টি পড়ে রয়েছে। অনেকগুলো ক্লাস্টারের জন্য বা অন্যান্য গাফিলতির জন্য পড়ে রয়েছে। নদীয়াতে ৭ লক্ষ একরেরও বেশি জমিতে চাষ-আবাদ হয়। তার মধ্যে নদীয়ার এক লক্ষ একরের মত জমি সেচ এলাকা। এইসমস্ত সেচসেবিত এলাকাতেডিপ টিউবওয়েল এবং শ্যালো টিউবওয়েল রয়েছে। তার কত পারসেণ্ট অকেজো হয়ে পড়ে রয়েছে তার বিস্তারিত তথ্য দিতে পারব না এখনই। তবে অনেকগুলোইখারাপ হয়ে রয়েছে এবং স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের গাফিলতির জন্য চলছে না এবং সেচ থাকা সত্ত্বেও নদীয়া জেলার অনেক জায়গায় খরার প্রাদুর্ভাব ঘটেছে। নদীয়ায় আউশ ধান ভাল হয়। রাণাঘাটের মহকুমা শাসক বি ডি ও-দের নিয়ে আলোচনায় বসেছিলেন। তাঁরা বলেছেন, আমাদের প্রায় ৪০ ভাগ রাণাঘাটেই নষ্ট হয়েছে এবং কৃষ্ণনগরে ৪৫/৫০ ভাগ নষ্ট হয়েছে বলে আমাদের খবর। তাছাড়া পাটও নদীয়াতে ভাল হয়। সেই পাট এবারের খরার জন্য ২৫/৩০ ভাগ কম হয়েছে এবং সেই পাট অর্থকরী দাম পায় নি। নানাভাবে খরা এবং এইসমস্ত কারণের জন্য দারুণ সঙ্কট রয়েছে। তারপর পুজোর পর থেকে বৃষ্টি হয় নি। যখন পাট হয়েছিল তখন আশা ছিল পুজোর পরে বৃষ্টি হবে। কিন্তু নদীয়াতে সে বৃষ্টি হয় নি। বিভিন্ন জেলার খবর এসেছে—সেখানেও হয় নি, নদীয়াতেও হয় নি। এইবার ট্রাডিশনাল আমনের কথা বলব। যেখানে ডিপ টিউবওয়েল বা শ্যালো টিউবওয়েল হয় নি, ট্রাডিশনাল ওয়েতে চাষ হয়। রাণাঘাট মহকুমার বিভিন্ন এম এল এ বা অন্যান্য ব্যক্তিদের থেকে যে খবর সংগ্রহ করেছি তাতে বলতে পারি প্রায় ৬০ ভাগ আমনের ফলন কম হবে।

[3.10—3.20 P. M.]

চাষ হয়েছে, কিন্তু গাছে যে কিছু ধান বেরিয়েছে তার অর্ধেক চিটে। যেখানে বিঘাপ্রতি ৮ মন ধান হত সেখানে দু' মনও হবে কিনা সন্দেহ। অন্য কিছু এলাকায়

ধান নেই, চাষ হয়েছিল কিন্তু খরায় সেগুলি শুকিয়ে গিয়ে একেবারে মরুভূমির মত হয়ে দাঁড়িয়েছে। অন্যান্য আমন এলাকার দিকে তাকিয়ে দেখলে দুঃখ হয়, গাছ আছে কিন্তু একেবারে শুকিয়ে কাঠ হয়ে গেছে। নদীয়া জেলার উত্তর মহকুমায় সামগ্রিকভাবে এবারে ৫৫ থেকে ৬০ ভাগ ট্রাডিশনাল আমন ধান, যেটা বৃষ্টির জলে হত তার ক্ষতি হয়েছে। চাষীরা আউশে মার খেল, আমনে মার খেল, পাটে মার খেল। কিন্তু দেখা যাচ্ছে ইতিমধ্যে কৃষকদের উপর ঋণ আদায়ের জুলুম চলছে। আমি মুখ্যমন্ত্রীকে বলব বড় কৃষকদের ঋণ মকুব না করুন—তাদের অবস্থা ভাল, তারা দিয়ে দিতে পারবে, কিন্তু দরিদ্র কৃষক যাদের দেবার মত অবস্থা নেই তাদের একটু সময় দিন, কিস্তি করে দিন এবং তাদের কৃষিঋণ মকুব যদি নাও করা যায় সুদটা মকুব করা যায় কিনা একবার ভেবে দেখুন। আর প্রান্তিক চাষীদের ঋণ মকুব করা যায় কিনা সেটা আপনারা একবার বিবেচনা করে দেখবেন। তাদের ক্ষমতা নেই টাকা দেবার। তা না হলে তাদের উপর অত্যাচার হবে। তারপর যে লেভির লিস্ট করা হয়েছে তা ত্রুটিপূর্ণ। আমি নিজে একটি ব্লকের সঙ্গে জড়িত। আমি জানি গতবারে আমাদের সি পি আই-এর পক্ষ থেকে যে সাজেশন দেওয়া হয়েছিল তা গ্রহণ করা হয় নি—মনগড়া লিস্ট করা হয়েছে। আমাদের সঙ্গে বা কংগ্রেসের সঙ্গে, কোন নেতৃস্থানীয় কর্মীদের সঙ্গে বা কোন এম এল এ-র সঙ্গে কোন পরামর্শ করা হয় নি। এদিকে মাঠে খরা চলছে, আর ওদিকে ঋণ আদায়ের জুলুম চলছে। এই জিনিসটি সামগ্রিকভাবে দাবি করা দরকার। শুধু রাজ্য সরকার পারবেন না—এই ব্যাপক অবস্থার মোকাবিলা করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করা দরকার যে, পশ্চিম বাংলার খরা-পীড়িত এলাকার লোকদের বাঁচাবার জন্য ত্রাণের ব্যবস্থা কেন্দ্রীয় সরকার যেন করেন এবং গমের জন্য বিজ্ঞানভিত্তিক পরিকল্পনা গ্রহণ করা দরকার। পরিশেষে আমি মালদা সম্বন্ধে বলব। এই মালদার হবিবপুর, বামনগোলা, ওল্ড মালদা, গাজোল—এইসব থানায় ভীষণ খরা হয়েছে। এদিকে যেন সরকার নজর দেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশরৎচন্দ্র দাস: মাননীয় অধ্যক্ষ মহাশয়, খরা সম্বন্ধে এতক্ষণ ধরে সমস্ত জেলার সম্বন্ধে বক্তব্য শুনলাম। পুরুলিয়া জেলায় মাঝে মাঝে খরা হয় সেকথা সকলেই অবহিত আছে। একটা আশা থাকে যে, পুরুলিয়া জেলা অন্য জেলা থেকে কিছু পাবে। কারণ পুরুলিয়া জেলা বাদে বাকি পশ্চিম বাংলার প্রত্যেক জেলাতেই ফসল হয়। কিন্তু এবারে শঙ্কিত হচ্ছি অন্য জেলা থেকে আমরা কিছু পাব কি না।

কারণ দেখছি প্রায় প্রত্যেক জেলাতেই কিছু কিছু খরা হয়েছে। অন্যান্য বারেও খরা হয়, সেটা একটা বড় আকারে নয়, এবারে একটা ভয়ঙ্কর অবস্থা দেখা দিয়েছে। এবারে ৫টি ব্লকে বর্ষাকাল থেকেই বৃষ্টি না হবার ফলে এখন সেই সমস্ত ব্লকে পানীয় জলের খুব অভাব দেখা দিয়েছে। অবিলম্বে যদি পানীয় জলের ব্যবস্থা না করেন ত হলে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। সরকার খাদ্য দেবেন, বস্ত্র দেবেন, সবই দেবেন কিন্তু পানীয় জল যদি দিতে না পারেন সেখানে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। যতগুলি পশ্চিমবঙ্গ সরকারের রিগ রয়েছে —৬টা রিগ আছে—তাতেও যদি না হয়ে ওঠে তা হলে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব কেন্দ্রীয় সরকারের কাছ থেকে রিগ ধার করে নিয়ে এসে কিংবা প্রতিবেশী রাষ্ট্র, যাদের রিগ আছে তাদের কাছ থেকে রিগ ধার করে এনে যেন পানীয় জলের ব্যবস্থা করেন। আমি জানি ১৯৭২ সালের খরার সময় বিহার, তামিলনাড়ু থেকে রিগ ধার করে নিয়ে টিউবওয়েল বসাবার ব্যবস্থা করা হয়েছিল। যদি এই রিগের ব্যবস্থা না করতে পারেন তা হলে পানীয় জলের ব্যাপারে একটা ভয়াবহ অবস্থা দেখা দিতে পারে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, রুরাল ওয়াটার সাপ্লাই থেকে কিছু কুয়োর ব্যবস্থা হচ্ছে। কিন্তু এই কুয়ো মে মাসের আগে কিছুতেই সম্ভব নয় সম্পূর্ণ করা—একটা রিগ একদিনের প্রচেষ্টায় সম্পূর্ণ হয়ে যেতে পারে। এইভাবে প্রত্যেক অঞ্চলে গ্রামে গ্রামে কিছু কিছু টিউবওয়েল যদি করতে পারি তা হলে ভয়াবহ পানীয় জলের অভাব থেকে আমরা মুক্তি পাব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানি না সরকার থেকে ইতিমধ্যেই লেভির নোটিস প্রস্তুতির জন্য আদেশ গেছে এবং ব্লকে ব্লকে সমস্ত বি ডি ও-রা লেভির লিস্ট তৈরি করছেন। যেখানে ফসলই হয় নি সেখানে লেভির তালিকা করা মানে একটা শক্তির অপচয় করা। ব্লক অফিসার যাঁরা ত্রাণব্যবস্থায় নামবেন, বিপদের সময় মানুষের কাছে গিয়ে দাঁড়াবেন তাঁরা লেভির তালিকা করতে ব্যস্ত রয়েছেন। অতএব পুরুলিয়ার অবস্থা দেখে পুরুলিয়াকে লেভি তালিকার আওতা থেকে বাদ দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এর আগে পুরুলিয়ায় যে বিরাট খরা হয়েছিল সেই সময় ১ কোটি টাকা খরচ হয়েছিল। স্যার, আপনি গত মে মাসে পুরুলিয়ায় গিয়েছিলেন। আপনি দেখে এসেছেন ১ কোটি টাকায় আমরা কোন উৎপাদনভিত্তিক কাজ করতে পারি নি, রাস্তার ধুলোয় ছড়িয়ে দিয়েছি, জলহীন বাঁধ খনন করেছি। এইভাবে খরচ না করে বর্তমান টেস্ট রিলিফের যে পদ্ধতি আছে সেটার পরিবর্তন করা উচিত এবং একটা স্থায়ী জিনিস যদি গড়ে দিতে পারা যায় তা হলে আমরা এই বিপদ থেকে মুক্ত হতে পারব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, বর্তমানে ১২ পারসেন্ট পাকা

কাজ, আর ৭৫ পারসেন্ট কাঁচা কাজ আর্থ ওয়ার্ক হচ্ছে, সেটাকে বাড়িয়ে ৪০ পারসেন্ট, ৬০ পারসেন্ট পাকা কালভার্ট, পাকা জোড়-বাঁধ টেস্ট রিলিফের মাধ্যমে করতে পারা যায় কিনা সেটা দেখবেন। এটা হলে স্যার, সত্যিই একটা স্থায়ী, স্থিতিশীল জিনিস হয়ে থাকবে যে, এই সরকারের আমলে এই জিনিস হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই খরার খবর শুনে মাননীয় মুখ্যমন্ত্রী, ত্রাণমন্ত্রী আমাদের জেলায় সরেজমিনে সমস্ত জিনিস প্রত্যক্ষ করে এসেছেন। তাঁরা গ্রাম-গ্রামান্তরে ঘুরেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় সুন্দরবনে গেছেন বন্যাবিধ্বস্ত অঞ্চল দেখতে—মাননীয় সত্য বাপুলি মহাশয় সেই কথা বললেন। আমি তাই সমস্ত মন্ত্রিসভার সদস্যদের নিবেদন করছি এই দারুণ দুর্দিনে আপনারা পুরুলিয়ার ভাই-বোনদের পাশে এসে দাঁড়ান, তারা বুঝতে পারবে যে, আমাদের নেতারা আমাদের মঙ্গলের জন্য, কল্যাণের জন্য চেষ্টা করছেন, দুঃখের সময় আমাদের পাশে এসে দাঁড়িয়েছেন। এই কথা নিবেদন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহরিশ্চন্দ্র মহাপাত্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খরা পরিস্থিতি নিয়ে আলোচনা করতে গিয়ে মেদিনীপুর জেলার খরা পরিস্থিতি এখানে তুলে ধরতে চাই। বাঁকুড়া, পুরুলিয়ায় যেমন খরা হয়েছে, তেমনি মেদিনীপুরেও আমার অভিজ্ঞতা থেকে বলতে পারি যে, ৪৪ পারসেন্ট এই খরায় অ্যাফেকটেড হয়েছে এবং ৬০ পারসেন্ট ফলন নষ্ট হয়েছে। ঝাড়গ্রাম, কাঁথি, ঘাটাল এবং তমলুক এলাকা খরায় অ্যাফেকটেড হয়েছে। গত ১১ই সেপ্টেম্বরের সাইক্লোনের ফলে ঐসব এলাকার আউশ, আখ এবং পানের যেমন ক্ষতি হয়েছে, তেমনি আর উল্লেখযোগ্য বৃষ্টিপাতও হয় নি। কাজেই ঐসব এলাকায় যতটুকু ফসল হয়েছিল—নিম্ন এলাকায় সেচের জল দ্বারা কিছু কিছু রক্ষা করতে পারা গেছে। সামনে বোরো চাষ অনেক কম হবে। এইরকম আবহাওয়ার ফলে আলুর চাষেরও ভীষণ ক্ষতি হয়েছে। কাজেই এইরকম ভয়াবহ অবস্থার প্রতিকার যদি করতে হয় তা হলে অন্ততঃ পর্যাপ্ত পরিমাণে জি আর, টি আর-এর ব্যবস্থা করতে হবে। আমি অত্যন্ত বিনীতভাবে ত্রাণমন্ত্রী মহাশয়কে বলতে চাই মেদিনীপুর জেলার ৫২টি ব্লকে যে জি আর, টি আর-এর কাজ চালু হয়েছে তা প্রয়োজনের তুলনায় নিতান্ত নগণ্য।

[3.20—3.30 P. M.]

অতএব পর্যাপ্ত টি আর-এ ব্যবস্থা যাতে হয় এবং কৃষি শ্রমিকরা জুন-জুলাই পর্যন্ত যাতে কাজ পেতে পারে সেজন্য সরকারকে উদ্যোগী হতে হবে। এই সংগে

আরো বলতে চাই যে, প্রডিউসার্স লেভি আদায় বন্ধ রাখতে হবে। মিলের উপর যে ৫০ পারসেণ্ট লেভি সেটা আদায় হোক। স্যার, এ বছর ফসলহানির ফলে এখনই ধানের বাজার দর ১১৫/১২০ টাকাতে উঠে গিয়েছে। চালের দর ঝাড়গ্রামে যেখানে এই সময় ১'২৫/৩০ থাকে সেখানে এবারে এখন চালের দর হচ্ছে ১'৯০/ দু' টাকা ছুঁই ছুঁই করছে। সাধারণ মানুষের অবস্থা সাংঘাতিক। এই সময় বিভিন্ন এলাকাতে চুরির হিড়িক পড়ে গিয়েছে, রাত্রে নিরাপদে ঘুমানো যায় না। তাই আমি পর্যাপ্ত রিলিফের ব্যবস্থা, ঋণ ও খাজনা আদায় এ বছর স্থগিত রাখার জন্য বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রী ও মন্ত্রিসভার কাছে অনুরোধ করছি। পরিশেষে দীর্ঘস্থায়ী ব্যবস্থা হিসাবে বিভিন্ন ক্ষুদ্র ও বৃহৎ সেচ প্রকল্প—ডুলুম সেচ প্রকল্প যাতে অগ্রাধিকার পায় এবং জোড়া-বাঁধ ও কনটুর বাঁধ সেগুলি যাতে হয় তার জন্য মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া) : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বর্ধমান জেলার, বিশেষ করে কাটোয়া মহকুমার খরা পরিস্থিতির কথা উল্লেখ করে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এর আগে আমাদের বর্ধমান জেলা থেকে একজন বক্তা শ্রীসুকুমার ব্যানার্জী মহাশয় বিস্তৃতভাবে তাঁর বক্তব্য রেখেছেন এবং বলেছেন যে, কাটোয়া মহকুমায় শতকরা ৬০ ভাগ ফসল এবারে নষ্ট হয়েছে। স্যার, ডি ভি সি ক্যানেলের শেষ প্রান্তে কাটোয়া মহকুমা। যেখানে বর্ধমান জেলার অন্যান্য প্রান্ত ছিঁটেফোঁটা জল পেয়েছে, সেখানে আমাদের মহকুমা একফোঁটা জলও পায় নি। ফলে সবুজ ধানের মাঠ এবারে জ্বলেপুড়ে খাক হয়ে গিয়েছে। স্যার, আজকে চাষীর সমস্ত ধান যখন সেচের অভাবে বা জলের অভাবে নষ্ট হয়ে গেল তখন আমরা আশা করেছিলাম এবারে অন্ততঃপক্ষে সরকারের তরফ থেকে সেই চাষীদের বাঁচানোর জন্য লেভির যখন নোটিস যাবে তখন তা সহানুভূতির সংগে বিবেচনা করে যাবে। স্যার, আমাদের বর্ধমান জেলার মাননীয় মন্ত্রী শ্রীপ্রদীপ ভট্টাচার্য মহাশয় একটি ব্যক্তিগত পত্রে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছেন। সেখানে তিনি বর্ধমান জেলার কোন্ কোন্ এলাকা খরা এলাকার মধ্যে পড়েছে তার উল্লেখ করেছেন। সেখানে তিনি কাটোয়া এক এবং দু' নং ব্লকের কথা উল্লেখ করেছেন। তাছাড়া যে-সমস্ত প্রস্তাব দেওয়া হয়েছিল তা হচ্ছে, যে-সমস্ত ক্যানেল কর আদায় করা হয় তা মকুব করা হোক, চাষীরা যে ঋণ নিয়েছে সেই ঋণ আদায় মকুব করা হোক, এছাড়া যে-সমস্ত খাজনা আদায় করা হয় তা মুকুব করা হোক। একান্তই যদি মকুব করা সম্ভব না হয় তাহলে আদায়টা এ বছর স্থগিত

রাখা হোক। স্যার, অত্যন্ত দুঃখ ও বেদনার কথা এখনও পর্যন্ত এই মর্মে কোন সরকারী নির্দেশ আমাদের মহকুমাতে গিয়ে পৌঁছায় নি, ফলে চাষীরা অত্যন্ত হতাশার মধ্যে দিন কাটাচ্ছে। আজকে তাই এই বিধানসভায় দাঁড়িয়ে এদিকে মাননীয় মুখ্যমন্ত্রী ও ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অবিলম্বে আপনারা আপনাদের বিভাগীয় অফিসারদের নির্দেশ দিন যাতে এই সমস্ত কর ও খাজনা আদায় এ বছর স্থগিত রাখা হয়।

যদি মকুব করা সম্ভব না হয় তাহলে অন্ততঃপক্ষে আদায় যেন স্থগিত হয়। মাননীয় স্পীকার স্যার, এ ছাড়াও আমরা আশা করেছিলাম যে, এবারে লেভির পরিমাণ যেটা ধার্য হবে সেটা অন্ততঃ জমির উপর হবে না, এবারে লেভির পরিমাণ ধার্য হবে ফলনের উপরে। কিন্তু এখনও পর্যন্ত ব্লক অফিসে কোন নির্দেশ যায় নি এবং সেই লেভির নোটিস, সেই লেভির ফতোয়া নিয়ে আজকে ব্লক অফিসের কর্মচারীরা পরিষ্কার করে বলেছেন যে, আমাদের কাছে কোন বিভাগীয় নির্দেশ নেই। সুতরাং আমরা কোন সহানুভূতি বা সমবেদনার কথা জানি না। মাননীয় স্পীকার স্যার, আজকে এই নোটিসগুলি যাবার আগে এই নির্দেশ যদি না যায় তাহলে চাষীদের বাঁচানো সম্ভব হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমাদের এই বর্ধমান জেলার হাজার হাজার মানুষের, কৃষকের অভিনন্দনবার্তা পৌঁছে দিতে চাই। এই কারণে পৌঁছে দিতে চাই যে, মন্ত্রিসভার অনেক সদস্য অন্যান্য নানা কাজে ব্যস্ত এবং কি কাজে ব্যস্ত সেটা আমরা সকলেই জানি, তখন মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর সংবেদনশীল মনের পরিচয় দিয়েছেন। আজকে তিনি বিভিন্ন খরাপীড়িত এলাকায় ছুটে গিয়ে মানুষের মনের কথা শুনেছেন, মানুষকে আশ্বাস দিয়েছেন, মানুষের কথা সহানুভূতির সংগে শুনেছেন। মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে জানাতে চাই যে, বর্ধমান জেলার হাজার হাজার মানুষ আজকে আপনার পিছনে রয়েছে। আজকে বর্ধমান জেলার খরাপীড়িত যে মানুষগুলি আছে সেই মানুষগুলিকে বাঁচাবার জন্য ত্রাণমন্ত্রী এবং শ্রমদপ্তরের বিভিন্ন অফিসারদের নির্দেশ দিন এবং আমাদের যে-সমস্ত এলাকায় ক্যানেলের জল পৌঁছায় নি সেখানে আপনি আশ্বাস দিন সেগুলি অবিলম্বে ক্ষুদ্র সেচ প্রকল্পের আওতায় নিয়ে আসবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহাদেব মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খরা সম্পর্কে যে আলোচনা হচ্ছে, সারা পশ্চিমবাংলায় যে খরা চলেছে—কোথাও বেশি আবার

কোথাও কম। হুগলী জেলার যে পরিস্থিতি, আমার এলাকা পুরশুরা, আরামবাগে যে পরিস্থিতি—বন্যায় ফসল নষ্ট হয়েছে, সেটা আনুমানিক প্রায় ১০ কোটি টাকার মত। বৃষ্টি না হবার জন্য যে ধানের ফসল শুকিয়ে মরে গেছে সেগুলি মাঠ থেকে চাষীরা মুক্ত করার জন্য আগুন লাগিয়ে পুড়িয়ে দিয়েছে। এইরকমভাবে খরা দৃশ্য দেখা দিয়েছে। আমি আমার এলাকার কথা বলছি। সেখানে একটা বিস্তীর্ণ এলাকায় যে ক্ষতি হয়েছে সেটা মারাত্মক। বন্যায় আরামবাগ মহকুমায় দারুণভাবে ক্ষতি হয়েছে, যে ক্ষতি অপূরণীয়। আমাদের জনপ্রিয় সরকার যেভাবে এই ব্যাপারে এগিয়ে এসেছেন তার জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে কো-অপারেটিভ সেক্টর থেকে যেভাবে চাষীদের টাকা দিয়েছে—আমার এলাকায় বেশির ভাগ আলুচাষী, সেখানে কো-অপারেটিভ থেকে যে ঋণ দিয়েছে সেটা প্রায় ৩০ লক্ষ টাকার মত। আজকে কৃষি ব্যাঙ্ক থেকে যে টাকা দিচ্ছে তাতে সত্যিকারের চাষীদের সমস্যা অনেকটা মিটছে, আর্থিক দিক থেকে চাষীদের মুখে হাসি ফোটাবার জন্য সরকার যেভাবে চেষ্টা করছেন তাতে নিশ্চয়ই এই সরকারকে ধন্যবাদ জানাব। কিন্তু যে ক্ষতি হয়েছে তাতে যে সেকশন অব পিপল, যারা দরিদ্র লোক, যারা খেটে খাওয়া মানুষ, তাদের টেস্ট রিলিফ ইত্যাদি কাজের যে রোজ দেওয়া হয় সেটা অত্যন্ত নিম্নমানের, তাদের তাতে একবেলাও চলে না। কাজেই সেটা সংশোধন হওয়া দরকার। আমরা মিনিমাম ওয়েজেস-এর কথা বলি। এই জনপ্রিয় সরকার মিনিমাম ওয়েজেস স্টাণ্ডার্ডে যাতে টেস্ট রিলিফের মান উন্নত করেন, আজকে টেস্ট রিলিফের মাধ্যমে কাজ হচ্ছে। কিন্তু এইভাবে আজকের দিন ফেমিন ম্যানুয়াল থাকা উচিত নয়, এটা সংশোধন হওয়া দরকার। আর লেভি প্রসঙ্গে আমার এলাকার কথা বলতে চাই। এবারে লেভি করা উচিত নয়। লেভির দিক থেকে তাদের ছাড় দেওয়া উচিত। বন্যার ক্ষতি সম্পর্কে এখনও সার্ভে হয় নি। যে ক্ষতি হয়েছে সেটা পূরণ করার জন্য এই সরকার যেভাবে এগিয়ে এসেছেন তার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[3.30—3.40 P. M.]

শ্রীআবদুস সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের আলোচনার বিষয়-বস্তুতে মোটামুটি আমার দপ্তর খানিকটা জড়িত। ১৯৭৫-৭৬ সালে আমাদের আমন ধানের রেকর্ড প্রোডাকশন হয়েছিল। কেবল আমনই হয় নি, গমেরও রেকর্ড প্রোডাকশন হয়েছিল, আলুরও রেকর্ড প্রোডাকশন হয়েছে। কিন্তু এ বছর

আবহাওয়ার কারণে, ফেভারেবল আবহাওয়া না থাকার ফলে এবং বৃষ্টি ঠিক সময়ে ঠিকভাবে না হওয়ার ফলে উৎপাদন কিছুটা অ্যাফেক্টেড হয়েছে। বিশেষ করে বাঁকুড়া ও পুরুলিয়া অ্যাফেক্টেড হয়েছে। স্যার, আজকে বিশেষ করে ড্রাউট সম্বন্ধে আলোচনা হচ্ছে, কিন্তু ড্রাউট হওয়ার আগেও কোন কোন জেলায়, বিশেষ করে সমুদ্রের ধারে যে-সমস্ত জেলা অবস্থিত, কোস্টাল বেল্ট যেগুলি, সেগুলি সাইক্লোনে অ্যাফেক্টেড হয়েছিল। কোন কোন জেলা বন্যায় অ্যাফেক্টেড হয়েছিল। যেমন পশ্চিম দিনাজপুর, মালদহ, মুর্শিদাবাদ, মেদিনীপুরের একটা পার্ট। মেদিনীপুর ইস্টে ওয়টার-লগিং হয়েছে, সাইক্লোন হয়েছে, আবার কিছু ড্রাউটও হয়েছে। তবে সমস্ত এরিয়ায় নয়। কোন কোন এলাকায় হয়েছে। আবার মেদিনীপুর ওয়েস্টও কিছু কিছু অ্যাফেক্টেড হয়েছে, ড্রাউট হয়েছে। বাঁকুড়ায় প্রধানতঃ ড্রাউট হয়েছে, কিছু স্মল এরিয়াতে ফ্লাড হয়েছে। পুরুলিয়াতে ড্রাউট হয়েছে, বীরভূমে ড্রাউট হয়েছে। তবে এগুলির সমস্ত ব্লকেই ড্রাউট হচ্ছে, এটা ঠিক নয়। যেখানে যেখানে জলের অভাব হচ্ছে সেখানে সেখানে হয়েছে। বর্ধমানের একটা স্মল এরিয়াতে বন্যা হয়েছিল, আবার ডি ভি সি এরিয়া বাদ দিয়ে কিছু অংশে ড্রাউট হয়েছে। হুগলীতে ফ্লাড হয়েছে ইন এ স্মল এরিয়া। হাওড়ায় ফ্লাড হয়েছিল ইন এ স্মল এরিয়া। এগুলি খুবই নেগলিজেবল হয়েছিল, সেইজন্য এগুলি ঠিক অ্যাফেক্টেড হয়েছিল বলছি না। ২৪ পরগনা সাউথে সাইক্লোন এবং ড্রাউট হয়েছে। সাইক্লোন হয়েছে ইন এ স্মল এরিয়া, আবার ড্রাউট হয়েছে ইন এ স্মল এরিয়া ২৪ পরগনা নর্থে। মালদহে ড্রাউট, মুর্শিদাবাদে ফ্লাড, ইন এ স্মল এরিয়া ড্রাউট। ওয়েস্ট দিনাজপুরে ফ্লাড হয়েছে ইন এ স্মল এরিয়া। জলপাইগুড়িতে, কুচবিহারে, দার্জিলিং-এ যতটা বৃষ্টি হওয়া দরকার ততটা হয় নি। বৃষ্টির হিসাব যদি দেখা যায় তাহলে দেখা যাবে জুন-জুলাই, আগস্ট-সেপ্টেম্বর মাসে বাঁকুড়ায় '৭৫ সালে যেখানে ৮৪ সি এম বৃষ্টি হয়েছিল, সেখানে এবছর '৭৬ সালের সেই ৪ মাসে ৬৪ সি এম হয়েছে।

পুরুলিয়াতে '৭৫-এর জুন, জুলাই, আগস্ট, সেপ্টেম্বর—এই চার মাসে ১১৮ সেন্টিমিটার, এই বছর হয়েছে ৮৯ সেন্টিমিটার এবং প্রত্যেক জেলাতে প্রায়—কয়েকটা জেলা বাদ দিয়ে বৃষ্টিপাতের হার কম। বৃষ্টিপাত আবার যতটুকু হয়েছে, তা ঠিক সময়ে হয় নি। অর্থাৎ ট্রান্সপ্লানটেশনের সময় যখন বৃষ্টিপাত দরকার তখন হয় নি, কিছু আগে হয়ে গেছে। আর ট্রান্সপ্লানটেশনের পরে বৃষ্টিপাত হয়েছে, কিন্তু যখন ফ্লাওয়ারিং-এর সময় দরকার তখন বৃষ্টিপাত হয় নি। এইভাবে কোন কোন জায়গাতে বৃষ্টিপাতের ফলে খানিকটা অ্যাফেক্টেড হয়েছে। আমাদের ওভারঅল

ক্যালকুলেশন, যতটা অ্যালার্মিং-এর কথা বলা হয়েছে ততটা নয়, কোন কোন জায়গা অ্যালার্মিং, কিন্তু কোন কোন পকেট, খুব লো পকেট, বেসিন এরিয়া, কিংবা ডি ভি সি-র জল পেয়েছে যেখানে, অথচ টেল এণ্ডে পায় নি, কিন্তু যেখানে পেয়েছে সেখানে ডিপ টিউবওয়েল আছে, রিভার লিফট আছে, যেখানে শ্যালো টিউবওয়েল আছে, সেখানে ফসল ভাল হয়েছে। ওভার অল পজিশন এইগুলো হিসাব করলে দেখা যাবে, আমরা আন্দাজ করছি আমাদের ২০ পার্সেণ্ট প্রডাকশন হ্যামপার হতে পারে। যেমন মেদিনীপুর ওয়াটার লগিং এরিয়া, সেখানে ফসল ভাল হয়েছে। ওয়াটার লগিং এরিয়াতে এই সময় ডুবে থাকে, ফসল পায় না, কিন্তু এই বছর পাবে। ওয়াটার লগিং এরিয়া, বিরাট একটা এরিয়া, যেখানে আপনি ধান পেয়েছেন। এখনকার ক্যালকুলেশন-এ এটা বলছি, কিন্তু যতক্ষণ পর্যন্ত না ক্রপ কাটিং করব, ততক্ষণ পর্যন্ত বিশেষ কিছু বলা যায় না। কারণ এর আগে বাগড়ী এলাকায় আউশ যখন ভাল হয়েছিল, কিন্তু ফ্লাওয়ারিং-এর সময় বৃষ্টি না হবার ফলে সেখানকার ঈল্ডটা কিছু কম হতে পারে। ফলে এই বছর বৃষ্টির অবস্থা যেহেতু ইরাটিক, ঠিক সময়ে হয় নি, তার ফলে কিছু ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু আমরা এই ব্যাপারে কিছু মেজার নিয়েছি, যাতে এই লস মেকআপ করতে পারে। রবিতে সেইজন্য আমরা আমার বিভাগ থেকে ৪৭·৫ লাাক টাকা দিয়েছি। এটা দিয়েছি আমরা ফার্টিলাইজার, পেস্টিসাইডের জন্য এবং ইরিগেশন তো আলাদা আছে। এ ছাড়া যেখানে সাইক্লোন হয়েছিল, ফ্লাড হয়েছিল, সেখানে ক্রেডিট গ্রুপ লোন দেওয়া হয়েছে, যেটা আমাদের রিলিফ মিনিস্টার বলছেন এবং বলবেন। তিনি রিলিফ মেদিনীপুর ইস্ট, বীরভূম এবং অন্যান্য জেলাতে দিয়েছেন, সেটা তিনি বলবেন। এই মোটামুটি অবস্থা, আমাদের মুখ্যমন্ত্রী স্বয়ং বীরভূম, বাঁকুড়া গিয়েছিলেন। তিনি দেখেছেন, কতকগুলো ব্যাডলি অ্যাফেক্টেড এরিয়াজ, তারপর তিনি একটা স্টেটমেণ্ট করেছেন, ওভার অল পজিশন অব ওয়েস্ট বেঙ্গলের আমি আপনাদের কাছে তুলে ধরলাম। গত বছর যেমন বাম্পার ক্রপ হয়েছিল, এই বছর সে রকম হয় নি, ফসলের একটু ক্ষতি হয়েছে, কিন্তু অনেকে আবার আমরা বেশি করে প্রচার করছি, তাতে বোধহয় জোতদারদের হাত আরও আমরা শক্ত করছি। জোতদারেরা বেশি দামে বিক্রি করবে বলে ফসল বিক্রীর জন্য ছাড়ছে না। আমাদের শরৎ দাস মহাশয় এবং অন্যান্য বাঁকুড়া, পুরুলিয়ার যাঁরা অধিবাসী, তাঁরা পানীয় জলের কথা বলেছেন, আমার মনে হয়, পানীয় জল এবার আমরা প্রতি ব্লকে ১০টি করে টিউবওয়েল নূতন রিসিংকিং ২০, অর্থাৎ ৩০ করেছি।

আবহাওয়ার কারণে, ফেভারেবল আবহাওয়া না থাকার ফলে এবং বৃষ্টি ঠিক সময়ে ঠিকভাবে না হওয়ার ফলে উৎপাদন কিছুটা অ্যাফেক্টেড হয়েছে। বিশেষ করে বাঁকুড়া ও পুরুলিয়া অ্যাফেক্টেড হয়েছে। স্যার, আজকে বিশেষ করে ড্রাউট সম্বন্ধে আলোচনা হচ্ছে, কিন্তু ড্রাউট হওয়ার আগেও কোন কোন জেলায়, বিশেষ করে সমুদ্রের ধারে যে-সমস্ত জেলা অবস্থিত, কোস্টাল বেল্ট যেগুলি, সেগুলি সাইক্লোনে অ্যাফেক্টেড হয়েছিল। কোন কোন জেলা বন্যায় অ্যাফেক্টেড হয়েছিল। যেমন পশ্চিম দিনাজপুর, মালদহ, মুর্শিদাবাদ, মেদিনীপুরের একটা পার্ট। মেদিনীপুর ইস্টে ওয়টার-লগিং হয়েছে, সাইক্লোন হয়েছে, আবার কিছু ড্রাউটও হয়েছে। তবে সমস্ত এরিয়ায় নয়। কোন কোন এলাকায় হয়েছে। আবার মেদিনীপুর ওয়েস্টও কিছু কিছু অ্যাফেক্টেড হয়েছে, ড্রাউট হয়েছে। বাঁকুড়ায় প্রধানতঃ ড্রাউট হয়েছে, কিছু স্মল এরিয়াতে ফ্লাড হয়েছে। পুরুলিয়াতে ড্রাউট হয়েছে, বীরভূমে ড্রাউট হয়েছে। তবে এগুলির সমস্ত ব্লকেই ড্রাউট হচ্ছে, এটা ঠিক নয়। যেখানে যেখানে জলের অভাব হচ্ছে সেখানে সেখানে হয়েছে। বর্ধমানের একটা স্মল এরিয়াতে বন্যা হয়েছিল, আবার ডি ভি সি এরিয়া বাদ দিয়ে কিছু অংশে ড্রাউট হয়েছে। হুগলীতে ফ্লাড হয়েছে ইন এ স্মল এরিয়া। হাওড়ায় ফ্লাড হয়েছিল ইন এ স্মল এরিয়া। এগুলি খুবই নেগলিজেবল হয়েছিল, সেইজন্য এগুলি ঠিক অ্যাফেক্টেড হয়েছিল বলছি না। ২৪ পরগনা সাউথে সাইক্লোন এবং ড্রাউট হয়েছে। সাইক্লোন হয়েছে ইন এ স্মল এরিয়া, আবার ড্রাউট হয়েছে ইন এ স্মল এরিয়া ২৪ পরগনা নর্থে। মালদহে ড্রাউট, মুর্শিদাবাদে ফ্লাড, ইন এ স্মল এরিয়া ড্রাউট। ওয়েস্ট দিনাজপুরে ফ্লাড হয়েছে ইন এ স্মল এরিয়া। জলপাইগুড়িতে, কুচবিহারে, দার্জিলিং-এ যতটা বৃষ্টি হওয়া দরকার ততটা হয় নি। বৃষ্টির হিসাব যদি দেখা যায় তাহলে দেখা যাবে জুন-জুলাই, আগস্ট-সেপ্টেম্বর মাসে বাঁকুড়ায় '৭৫ সালে যেখানে ৮৪ সি এম বৃষ্টি হয়েছিল, সেখানে এবছর '৭৬ সালের সেই ৪ মাসে ৬৪ সি এম হয়েছে।

পুরুলিয়াতে '৭৫-এর জুন, জুলাই, আগস্ট, সেপ্টেম্বর—এই চার মাসে ১১৮ সেন্টিমিটার, এই বছর হয়েছে ৮৯ সেন্টিমিটার এবং প্রত্যেক জেলাতে প্রায়—কয়েকটা জেলা বাদ দিয়ে বৃষ্টিপাতের হার কম। বৃষ্টিপাত আবার যতটুকু হয়েছে, তা ঠিক সময়ে হয় নি। অর্থাৎ ট্রান্সপ্লানটেশনের সময় যখন বৃষ্টিপাত দরকার তখন হয় নি, কিছু আগে হয়ে গেছে। আর ট্রান্সপ্লানটেশনের পরে বৃষ্টিপাত হয়েছে, কিন্তু যখন ফ্লাওয়ারিং-এর সময় দরকার তখন বৃষ্টিপাত হয় নি। এইভাবে কোন কোন জায়গাতে বৃষ্টিপাতের ফলে খানিকটা অ্যাফেক্টেড হয়েছে। আমাদের ওভারঅল

১৩।১১।৭৬ তারিখ পর্যন্ত ২৪ পরগনার জন্য ৩৯টি টি আর স্কীম হাতে নেওয়া হয়েছিল, আর ওখানে ম্যানডেজ ক্রিয়েট করা হয়েছিল ২৬ হাজার ৫৮। কুচবিহার সম্পর্কে কোন কোন মাননীয় সদস্য বলেছেন যে, স্টেট রিলিফের কাজ হচ্ছে না, কিংবা খুব কম হচ্ছে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, গত সপ্তাহে ২০।১১।৭৬ পর্যন্ত ৩২টি টেস্ট রিলিফ স্কীমে হাতে দেওয়া হয়েছে। ওখানে ৩১ হাজার ৫০০ লোককে প্রোভাইড করা হয়েছিল। হুগলী জেলা সম্পর্কে বলা হয়েছে, ওখানে ১৩।১১।৭৬ তারিখ পর্যন্ত ১৯টি স্কীম হাতে নেওয়া হয়েছিল এবং ৫৩ হাজার ২৫০ ম্যানডে ক্রিয়েট করা হয়েছিল। আমি এটা নিশ্চয়ই স্বীকার করব যে, ভয়াবহ খরা আমাদের সামনে একটা চ্যালেঞ্জ হিসাবে এসে গেছে, তার তুলনায় বেশি টি আর-এর কাজ করতে হবে। যে যে এলাকা সম্পর্কে মাননীয় সদস্যরা সাজেস্ট করেছেন আমরা নিশ্চয়ই সেখানে পরিস্থিতি দেখে কাজ করাবার চেষ্টা করব। ইতিমধ্যে আমি কুচবিহার, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলা ভিজিট করে এসেছি। এই মাসের শেষে আমি যাচ্ছি এবং আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী স্বীকৃতি দিয়েছেন যে, তিনিও অনেক জেলা ভিজিট করবেন। সরকার এই চ্যালেঞ্জের মোকাবেলা করবেন। কিন্তু মাননীয় সদস্যরা যদি মনে করেন যে, জি আর দিয়ে খরার মোকাবেলা হতে পারে তাহলে আমি তাঁদের সঙ্গে একমত নই। জি আর বাড়িয়ে দিয়ে খরার মোকাবেলা হতে পারে না। কোন কোন মাননীয় সদস্য বলেছেন জি আর-এর বর্তমানে যে রেট আছে ০·২ সেটাকে বাড়িয়ে দিয়ে ৫ করা হোক। কিন্তু লক্ষ লক্ষ লোক খরাতে প্রপীড়িত হয়েছে, জি আর দিয়ে আর একটা পরিস্থিতি প্রস্তুত করে দেব যার মোকাবেলা করা মুশকিল। আমরা টি আর সি পি সি স্কীম ইনট্রোডিউস করব। ওখানে বেশি দরকার পি ডবলু ডি, এগ্রিকালচার ডিপার্টমেণ্ট, ইরিগেশন ডিপার্টমেণ্ট, হেলথ ডিপার্টমেণ্টের কাজ করার। জি আর স্মল পার্সেনটেজকে সাহায্য করতে পারবে, খুব বেশি সংখ্যক মানুষ সাহায্য পেতে পারবে না।

[3.50—4.00 P.M.]

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য শরৎ দাস মহাশয় একটা অভিমত ব্যক্ত করে বলেছেন যে, আমাদের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ আনা প্রয়োজন। আমরা অলরেডি কেন্দ্রীয় সরকারকে রিগস-এর জন্য জানিয়েছি এবং সেই ম্যাটারটা পার্সু করছি। রিলিফ সম্বন্ধে আমি বেশি কিছু না বলে শুধু এটাই বলতে চাই যে, আমরা কাজ শুরু করেছি। আমরা চেষ্টা করব প্রত্যেক জেলায়,

প্রত্যেক অঞ্চলে যেখানে খরা আছে সেখানে সাহায্য করতে। আমরা কোন বড় প্রতিশ্রুতিতে বিশ্বাস করি না, শুধু এই প্রতিশ্রুতিটুকু দিয়ে গেলাম যে, আমরা সাহায্য করতে চেষ্টা করব। আমরা বলতেও পারি যে আমরা কাজ করব এবং মাননীয় সদস্যদের বলতে চাই যেখানে যতটা সাহায্য দেওয়া দরকার সেটা দেবার চেষ্টা দরকার নিশ্চয়ই করবেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিতর্কে মন্ত্রীরা ছাড়া ২২ জন মাননীয় সদস্য অংশ গ্রহণ করেছেন। আমি লক্ষ্য করেছি তাঁরা তাঁদের বক্তব্য যথার্থ ভাবে রেখেছেন। আমি বিভিন্ন জেলা থেকে যে-সমস্ত খবর পেয়েছি, বাঁকুড়া জেলার অবস্থা নিজের চোখে যেটা দেখেছি এবং অন্যান্য জেলা থেকে যে-সমস্ত খবর পেয়েছি, আমি দেখলাম মাননীয় সদস্যরা সেটাই হাউসে রেখেছেন—অর্থাৎ তাঁরা প্রকৃত চিত্রই হাউসের সামনে তুলে ধরেছেন। ৫টি প্রধান বিষয়ের প্রতি তাঁরা সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। প্রথমতঃ তাঁরা বলেছেন জলের ব্যাপারে—অর্থাৎ পানীয় জল এবং সেচের জল। দ্বিতীয়তঃ ত্রাণকার্যের জন্য আবেদন জানিয়েছেন। জি আর-এর কথাও বলা হয়েছে এবং সঙ্গে সঙ্গে আরও কাজকর্মের কথা বলা হয়েছে। তৃতীয়তঃ, লেভি আদায় এবং ঋণ আদায় সম্বন্ধে সরকারকে পুনর্বিবেচনা করতে বলা হয়েছে। চতুর্থতঃ, রবিশস্য যাতে হয় তার জন্য চেষ্টা করতে বলা হয়েছে। পঞ্চমতঃ, সর্ষের তেলের দাম যে বেড়ে গেছে সে সম্বন্ধে আশঙ্কা প্রকাশ করা হয়েছে। আজকে মাননীয় সদস্যরা এখানে যে বক্তব্য রাখলেন আমি সেটা মনযোগ সহকারে এখানে বসে শুনেছি এবং ১৫ মিনিটের জন্য যখন বাইরে গিয়েছিলাম তখন আমার ঘরে বসে মাননীয়া সদস্যা গীতা মুখার্জী এবং সত্যরঞ্জন বাপুলি এবং অন্য সদস্যদের বক্তৃতা শুনেছি। আমাদের অনেকগুলো কাজ করতে হবে। আমি সরকারের তরফ থেকে আপনাদের এই আশ্বাস দিতে পারি যে, আমরা অনাহারে একজন মানুষকেও মরতে দেব না। সমস্ত জায়গায় যাতে খাদ্য বিশেষ করে গম পাঠানো যায় তার চেষ্টা আমরা করব। আমি প্রত্যেক মন্ত্রীকে কাজ করাবার জন্য আদেশ দিয়ে বলেছি যে, তাঁদের বিভিন্ন বিভাগে যে-সমস্ত কাজ হয়, যার দ্বারা মানুষকে অর্থ দেওয়া যেতে পারে, যার দ্বারা মানুষকে ব্যস্ত রাখা যেতে পারে এবং গ্রামাঞ্চলে যাদের মাঠের কাজ হয়ে গেছে তাদের দিয়ে গ্রামাঞ্চলে যে-সমস্ত কাজ বাকি আছে সেগুলো করানো যেতে পারে তার ব্যবস্থা করুন।

আমি ৬ তারিখে এবং ৭ তারিখে পুরুলিয়া জেলাতে থাকব এবং ১১/১২/১৩

তারিখে বীরভূম জেলায় থাকব এবং তারপরে সুন্দরবনে যাব এবং অন্যান্য জেলাতে এক এক করে যাব। আশা করছি ১৫ দিনের ভিতর অনেক খরা অঞ্চল নিজে উপস্থিত থেকে দেখতে পাব। কিন্তু আমি উপস্থিত না থাকলেও আগেও বলেছি আজকেও বলছি সমস্ত রিপোর্ট আমার কাছে আসছে এবং ডি এম-রা আমার কাছে রিপোর্ট পাঠাচ্ছে। সেই রিপোর্ট দেখে আমি বাঁকুড়া জেলায় প্রোগ্রাম করেছিলাম এবং মাননীয় স্পীকার মহাশয় আমি আপনাকে অনুরোধ করেছিলাম যে, এই হাউসে একটা বিতর্ক হোক। লেভি এবং ঋণ আদায় সম্বন্ধে মাননীয় সদস্যরা যা বলেছেন তা আমরা অত্যন্ত মনযোগ সহকারে বিবেচনা করবো। আসছে সপ্তাহে একটা বিশেষ মন্ত্রিসভার বৈঠক ডাকা হচ্ছে, এটা আগে ডাকিনি এই কারণে, যখন বিধানসভা বসছে তখন মাননীয় সদস্যদের বক্তব্য শুনে তারপরে মন্ত্রিসভার বৈঠক করলে সুবিধা হবে এইজন্য। আপনারা যে বক্তব্য এখানে রাখলেন সেই বক্তব্যগুলি বিবেচনা করা হবে এবং কিভাবে মানুষের পাশে সকলেই দাঁড়াতে পারি তার একটা সিদ্ধান্ত নেওয়া হবে। ১৯৭৩-৭৪ সালে যে রকম ভাবে আমরা তৎকালীন অবস্থা দেখে ব্যবস্থা গ্রহণ করেছিলাম এবারো ঠিক সেইরকম ভাবে আমরা ব্যবস্থা গ্রহণ করব, এই প্রতিশ্রুতি আমি আপনাদের দিতে পারি সরকারের তরফ থেকে। আমি সমস্ত মাননীয় সদস্যদের অনুরোধ করব আজকে বিধানসভা শেষ হয়ে যাবে, আপনারা নিজের নিজের এলাকায় চলে যাবেন এবং দেখবেন যে ঠিকমত কাজ হচ্ছে কিনা। যদি দেখেন ঠিকমত কাজকর্ম হচ্ছে না, আমাকে আপনারা জানাবেন তখন আমি ব্যবস্থা করব। মানুষের সঙ্গে আমরা থাকব, আমাদের শত্রুপক্ষরা যে যাই বলুক। তাদের মুখে ছাই দিয়ে আমরা মানুষের কাছে থাকব এবং মানুষের সমর্থনে কাজ নিশ্চয় করব। যতদিন যাবে আমি প্রত্যেক জেলায় ঘুরব, কারণ আমার ব্যক্তিগত ধারণা যে, জানুয়ারি মাসের মাঝামাঝি দিক থেকে অবস্থাটা খুবই সঙ্কটজনক হওয়ার সম্ভাবনা আছে। তাই এখন থেকে যদি যুদ্ধকালীন ভিত্তিতে আমরা ব্যবস্থা গ্রহণ না করি তা হলে আমরা দেখব বিপদের সময় আমরা অপ্রস্তুত আছি। সেই অপ্রস্তুত থাকা আমাদের চলবে না। এ ছাড়াও আমাদের মন্ত্রিসভার বিশেষ বৈঠক হয়ে যাওয়ার পরে কেন্দ্রীয় সরকারের কাছে একটা আবেদন পাঠাব, তাঁরা যেন একটা স্টাডিটিম পাঠান যাতে তাঁরা সরেজমিনে দেখে যান যে অবস্থাটা কি। বিশ্বনাথবাবু যে কথা বললেন সেটা খুবই গুরুত্বপূর্ণ কথা, কারণ অবস্থা এমন হতে পারে যে একটা প্রাদেশিক সরকারের পক্ষে অর্থের দিক দিয়ে এই অবস্থার মোকাবিলা করা শক্ত হতে পারে। কিন্তু তা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকারের যা শক্তি আছে, সামর্থ্য আছে—সেই শক্তি এবং সামর্থ্য

দিয়ে আমরা যে-কোন অবস্থা হোক না কেন তার মোকাবিলা করবই করব—এই প্রতিশ্রুতি আপনাদের দিতে পারি।

[4.00—4.10 P. M.]

শুধু চাই আপনারা মাননীয় সদস্য যাঁরা আছেন তাঁদের সহযোগিতা এবং সাহায্য। তাঁদের সহযোগিতা এবং সাহায্য যদি পাই তাহলে আমি নিশ্চয়ই কাজ করে যেতে পারব। কেউ কেউ রেশন কার্ডের কথা বলেছেন, আমি বাঁকুড়ায়ও দেখে এসেছি রেশন কার্ডের অনেক গোলমাল। আমি ওখান থেকে ফিরে আসামাত্র ফুড কমিশনারকে ডেকে পাঠিয়েছিলাম, ফুড মিনিস্টারের সঙ্গেও এ নিয়ে আমি কথাবার্তা বলেছি এবং এ সম্বন্ধে তাঁদের প্রয়োজনীয় ব্যবস্থাদি করবার জন্য বলেছি।

এছাড়াও আরো কিছু বক্তব্য আপনারা করেছেন তার সমস্ত আমি লিখি নি—কিন্তু নোট করা আছে। মডিফায়েড রেশনিং-এ কোন কোন জায়গায়—সমস্ত জায়গায় নয়, অল ক্যাটিগরিস অব পার্সনসকে খাদ্য দিতে হবে—এটা বোধহয় পরিষ্কার এ সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়া দরকার, খালি এ ক্লাস, বি ক্লাসকে দিলে চলবে না, নিম্নমধ্যবিত্ত সম্প্রদায়ের অবস্থাও শোচনীয় হতে পারে। তাই তারা যাতে মডিফায়েড রেশন পায়, তাদের সম্বন্ধেও আমাদের চিন্তা করতে হবে, তবে আমাদের খাদ্যের এখন যে স্টক আছে, তাতে আমাদের ঘাবড়াবার কিছু নেই, সেই স্টকের সদ্ব্যবহার আমরা নিশ্চয়ই করব, যাতে এর অপব্যবহার না হয়, সেটা আপনারা সকলে দেখবেন। এই টি আর-এ যাতে প্রডাকটিভ এবং পার্মানেন্ট নেচার-এর কাজ হয় সেটা আপনারা লক্ষ্য রাখবেন, সেটা যেন এমপ্লয়মেন্ট ওরিয়েন্টেড হয়, প্রডাকশন ওরিয়েন্টেড হয়, পার্মানেন্ট নেচার-এর হয়, সেটা আপনাদের দেখতে হবে, এই টি আর সম্বন্ধে মাননীয় সদস্যদের জানাচ্ছি, এই টি আর নিয়ে অনেক সময় অনেক দুর্নীতির অভিযোগ আসে। সেটা যাতে না হতে পারে সে সম্বন্ধে আপনাদের সজাগ থাকতে হবে। এই টি আর-এ যে অর্থ ও খাদ্যসামগ্রী ব্যবহার হয়, সেটা নিয়ে যাতে কোনরকম চুরি-জুয়াচুরি-বাটপাড়ি ইত্যাদি না হয় সেটা দেখবেন। আমার এম এল এ ভাই যাঁরা আছেন, বোন যাঁরা আছেন টি আর-এর কাজ যাতে ঠিকমত হয়, সেদিকেও লক্ষ্য তাঁরা রাখবেন।

জি আর কিছু কিছু বাড়াতে হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমাদের মন্ত্রিসভার বিশেষ অধিবেশনে এ সম্বন্ধে আমরা সিদ্ধান্ত নেব। কোথাও কোথাও এটা বাড়াতে হবে ঠিকই, কিন্তু জি আর সব জায়গায় বাড়ানো যায় না, আমাদের

রিলিফ মন্ত্রী মহাশয় বললেন, এই জি আর-এর মাধ্যমে সব জায়গা মোকাবেলা করা যায় না, কিছু কিছু জায়গায় এটা দিতে হয়—যারা শারীরিক অক্ষমতায় বা দুর্বলতায় ভুগছে, যারা কাজ করতে পারে না তাদের কিছু কিছু জি আর নিশ্চয়ই দিতে হবে, তবে সব জায়গায় এর পার্সেন্টেজ বাড়ানো যায় না, তবে টি আর-এর কাজ বাড়াতে হবে। রুরাল প্রডাকশন প্রোগ্রাম, স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রাম যেখানে যেখানে নেওয়া হয়েছে আমরা সেখান থেকে রিপোর্ট চেয়ে পাঠিয়েছি কোন্ কোন্ জেলায় কত কি এ বাবদ খরচ হয়েছে—কত টাকা আর হাতে আছে, সেখানে সেই টাকা যাতে ৩১শে ডিসেম্বরের মধ্যে সমস্ত জেলায় খরচ হয় সেটা দেখতে হবে। আপনারা জানেন যে, স্কীম পাশ হয় ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি থেকে, তা ভেটিং হতে দেরি হয়, হাতে বিলম্ব কম হয় সেজন্য আমাদের ব্যবস্থা করতে হবে। কোন স্কীম না এলে টাকা ল্যাপ্স হয়ে গিয়ে থাকে, এই টাকা কোনক্রমে ল্যাপ্স হতে দেওয়া যাবে না, অন্য কাজে প্ল্যানিং-এর টাকা মানুষের সেবার কাজে অন্য জায়গায় চলে যাবে। আপনারা দেখবেন ৩১শে ডিসেম্বরের ভেতর যে টাকা আছে তার এগেনস্ট-এ স্কীমগুলি আসে। আর বেশি কিছু এখন বলব না। অবস্থা সম্পর্কে মন্ত্রিসভা ও সরকার খুবই সচেতন। চার বছর নয় মাস প্রায় হতে চলল, আমরা এই দীর্ঘদিন সাধারণ মানুষের পাশে দাঁড়িয়ে আছি। তাই মানুষ বিপদে পড়লে আমরা পরিষ্কার বুঝতে পারি, এমনকি বিপদ দূরে থাকতেও বুঝতে পারি যে, বিপদ আসছে। আমরা অনেকদিন আগে এই সিদ্ধান্তে এলাম যে, আগামীতে দারুণ পানীয় জলের কষ্ট হবে, তার জন্য প্রত্যেক ব্লকে ব্লকে ৩০টা থেকে ১০০ টা টিউবওয়েল করা হয়েছিল, আপনি জানেন এবারে প্রকৃতির লীলা একটা অদ্ভুত লীলা—ফ্লাড হয়েছে, সাইক্লোন হয়েছে, খরা হয়েছে, প্রকৃতির ভাণ্ডারে যত রকম অস্ত্র ছিল, তার সমস্ত রকম অস্ত্রই নিক্ষিপ্ত হয়েছে এবার পশ্চিমবাংলার দিকে।

[4.10—4.40 P. M., বিরতি সহ]

সেই অস্ত্রে জর্জরিত হয়ে আছি আমরা সকলেই। সেই তীরগুলি, বানগুলি তুলতে হবে শরীর থেকে। সেগুলো শরীর থেকে বের করতে হবে পশ্চিমবঙ্গে এবং পশ্চিমবঙ্গকে সুস্থ করা হবে, সবল করা হবে—এই আশ্বাস দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Discussion on drought is over. Mr. Bapuli, you wanted to draw the attention of the House. You may speak now.

শ্রীসত্যরঞ্জন বাপুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি একটা বিষয়ের প্রতি আকর্ষণ করছি। আজকের হাউস শেষ হবার আগে এটা করা দরকার। আমি একটা টেলিগ্রাম পেয়েছি সাগর থেকে। সাগর জনকল্যাণ বিদ্যালয় যে আছে সেখানে তার শিক্ষকরা অনশন ধর্মঘট করছেন এবং সেখানে হেড মাস্টার এবং ছাত্ররা গুণ্ডা নিয়ে মেরেছে এবং জখম করেছেন। এই প্রসঙ্গে আমি জানাতে চাই সাগর, পাথরপ্রতিমা, কাকদ্বীপ-এর শিক্ষকরা তাঁরা তাঁদের দুরবস্থার কথা জানাতে এখানে এসেছেন এবং বাইরে অপেক্ষা করছেন। এডুকেশন মিনিস্টার যেন তাঁদের সঙ্গে দেখা করেন। সেখানে ছাত্ররা মাইনে দিতে পারছে না। তাঁরা স্কুল চালাতে পারছেন না। আজকের দৈনিক বসুমতীতে একটা বিরাট সংবাদ বেরিয়েছে, এতে শিক্ষা দপ্তরের যিনি রাষ্ট্রমন্ত্রী তাঁর সম্পর্কে বক্তব্য রয়েছে। আমি এই কাগজ এবং টেলিগ্রাম আপনার কাছে দিচ্ছি। আপনার মাধ্যমে এটা মন্ত্রি-সভার কাছে দিচ্ছি। এর সুরাহা করবার ব্যবস্থা করলে সারা সুন্দরবনের লোক আপনাদের কাছে কৃতজ্ঞ থাকবে।

(At this stage the House was adjourned for half an hour)

(After adjournment)

The Calcutta Tramways Company (Acquisition of Undertaking) Bill, 1976

Shri Gyan Sing Sohanpal : Sir, I beg to introduce the Calcutta Tramways Company (Acquisition of Undertaking) Bill, 1976, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

[4.40—4.50 P. M.]

Shri Gyan Sing Sohanpal : Sir, I beg to move that the Calcutta Tramways Company (Acquisition of Undertaking) Bill, 1976, be taken into consideration.

Sir, with a view to ultimately acquiring the undertaking of the Calcutta Tramways Company Limited for the purpose of providing better transport facilities to the Commuters, the State Government entered into an agreement with the Company on the 30th August, 1951 and enacted the Calcutta Tramways Act, 1951.

In 1967, on the ground that the Calcutta Tramways Company Limited

had not been managing its affairs properly, the State Government enacted the Calcutta Tramways Company (Taking over of Management) Act, 1967 and took over its management with effect from the 19th July, 1967. As it was not desirable to revert the management of the C.T.C. to the foreign company, steps were initiated for its acquisition by the State Government and the matter was referred to the Government of India for settling this issue. As a result of high-level discussions held between the Government of India and the representatives of the company, the cost of acquisition of the C. T. C. Ltd. was ultimately settled by the Government of India at Rs. 218 lakhs in January 1974. Since finalisation of a deed of conveyance for acquisition was getting delayed because of various legal and technical difficulties, it became imperatively necessary to complete the deal by acquisition of the C. T. C. through suitable legislative measures.

As the State Legislature was not in session and the matter was considered to be extremely urgent necessitating immediate action, it was decided to promulgate an Ordinance for the purpose. Accordingly, an Ordinance, namely, the Calcutta Tramways Company (Acquisition of Undertaking) Ordinance, 1976 was promulgated by ths Governor on the 31st October, 1976 and published in the "Calcutta Gazette" on the 8th November, 1976 after obtaining instructions from the President. It is now necessary to have the Ordinance replaced by a suitable Act. The present Bill seeks to achieve to above purpose.

I would like to take this opportunity to make a special mention of the personal interest taken by our Chief Minister Shri Siddhartha Shankar Ray in this matter. His constant guidance in solving various legal and technical difficulties has been of immense help to my Department in pushing the matter through. We are also grateful to the Government of India for helping us to conclude the negotiations successfully and also for the generous financial assistance for the acquisition of the undertaking. The undertaking now gets the status of national property. I do sincerely hope that with the co-operation of all those who are associated with its operation and of the people in general, a new chapter in the history of the undertaking will be opened up.

Sir, with these words, I commend my motion for the consideration of the House.

Mr. Speaker : now, I call upon Shri Somnath Lahiri.

শ্রীসোমনাথ লাহিড়ী ঃ শ্রীযুক্ত অধ্যক্ষ মহাশয়, কলকাতা ট্রামওয়েজ কোম্পানী অধিগ্রহণের পর অন্ততঃ ৯ বছরের মধ্যে এই ট্রাম কোম্পানীকে জাতীয়করণ করতে পারলেন, লেট হলেও তার জন্য ধন্যবাদ জানাই। কিন্তু এর আগে মন্ত্রী মহাশয় যখন অধিগ্রহণের মেয়াদ বৃদ্ধির বিল এনেছিলেন তখন তাঁকে আমি একটা প্রশ্ন জিজ্ঞাসা

করেছিলাম যে, এই ট্রাম কোম্পানীর কাছে গভর্নমেণ্ট এবং সি এম ডি এ দু'জনে মিলে ১৯৭৩ সাল পর্যন্ত লোন, ওয়েজ এবং মিন্স ইত্যাদি মিলে প্রায় সাড়ে পনেরো কোটি টাকা পাওনা। তার পরে আরও বেড়েছে কিনা জানি না। কারণ তার পরে এখনও পর্যন্ত কোন হিসাব বেরোয় নি।

সেই সময় আমি ওঁকে জিজ্ঞাসা করেছিলাম যেখানে গভনমেণ্টের পাওনা ১৫ কোটি টাকা সেখানে ট্রামওয়েজ অ্যাক্ট অনুসারে ট্রাম নিয়ে নিতে হলে যেখানে মাত্র আজকালকার হিসাবে ৪॥ কোটি টাকার মত দিতে হয় তাহলে সেখানে আবার তার উপর ২ কোটি / ২॥ কোটি টাকা কেন তাদের দিতে হবে—সেই সময় তিনি অবশ্য এই প্রশ্নের কোন জবাব দেওয়ার দরকার মনে করেন নি, আজকে আমি আবার তাঁর কাছে সেই প্রশ্নটাই রাখছি—আশা করি এইবারে অন্ততঃ এই সামান্য কথাটার জবাব দেবেন যে, যেখানে আমরা হলাম ১৫ কোটি টাকার উত্তমর্ণ সেখানে অধমর্ণকে কেন ২ কোটি ১৮ লক্ষ টাকা দিতে হবে—এর কারণ দয়া করে আমাদের একটু বুঝিয়ে দেবেন। যাই হোক ট্রাম কোম্পানী জাতীয়করণ হল—এই জাতীয়-করণের প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে আমাদের মন্ত্রী মহাশয়, গভর্নমেণ্ট এবং ট্রামওয়ে কর্তৃপক্ষ ভবিষ্যৎ সম্বন্ধে কি ভাবছেন সেটা যদি একটু পরিষ্কার করে বলে দেন তাহলে আমরা উপকৃত হতাম এবং কি যাত্রীসাধারণ, কি শ্রমিকগণ, সকলেই জানতে পারতেন যে, গভর্নমেণ্ট জাতীয়করণের পরে এক প্রেরণায় কতদূর এগোচ্ছেন। কিন্তু দুর্ভাগ্য-ক্রমে মন্ত্রী মহাশয় তাঁর গ্রাভিটি ইজ দি সোল অব উইট—কেবল উইটের মধ্যেই থাকছেন, আর খবরা-খবরের দিকে বিশেষ নজর দেন নি। কাজেই স্টেটমেণ্ট অব অবজেক্টস অ্যাণ্ড রিজনস, রিডিং পড়ে, আর সিদ্ধার্থ রায়কে প্রণাম জানিয়ে চাকরি রক্ষা করলেন তাঁর বক্তৃতার মধ্য দিয়ে। আমরা জানতে চাই তাঁরা কি ভাবছেন—কি রকম ভাবেন আমরা তার একটা নমুনা দিই। কয়েক বছর আগে ঐ ট্রামওয়ে কোম্পানীর কর্তৃত্বে যাঁরা ছিলেন এখনও তাঁরাই আছেন। তাঁদের পক্ষ থেকে বলা হয়েছিল—সম্ভবতঃ কোন একটি বছরের রিপোর্টে, সেটা আমার ঠিক মনে নেই—বোধহয় ১৯৭১ সাল হবে কিংবা বক্তৃতায় যে আমরা ১৯৮১ সালে ট্রামের গ্লোরিয়াস সেঞ্চুরি করব, তারপরে ট্রাম বিদায় নেবে কলকাতা থেকে। তার ভবিষ্যৎ যাঁরা চালনা করেছিলেন তাঁরা বোধহয় ভেবে রেখেছিলেন যে, গ্লোরিয়াস সেঞ্চুরি হবার পর ট্রাম কোম্পানির আর দরকার থাকবে না। এখন কি আমাদের মন্ত্রী মহাশয় জাতীয়করণের পরে সেইরকম গ্লোরিয়াস সেঞ্চুরির কথাই ভাবছেন, না অন্য কোনরকম কিছু ভাবছেন সেটা যেন আমাদের জানান। আমি খুব বিনীতভাবে দু/একটি সাজেশনস রাখছি—মন্ত্রী মহাশয়ের জবাব না দেওয়ারই স্বভাব—সেটা বর্জন করে

যদি একটু-আধটু জবাব দেন তা হলে আমরা উপকৃত হব। রুট ন্যাশনালাইজেশন কমিটি, বিভিন্ন স্টাডি ইত্যাদি থেকে এইরকম একটা সিদ্ধান্ত হয়েছিল যে, কলকাতায় ৫০০টি ট্রাম গাড়ি লাগবে—এমনকি এম টি পি ইত্যাদি যদি হয়েও যায় তা হলেও কলকাতার যে-রকম যানবাহন সমস্যা তাতে অন্ততঃ ৫০০টি ট্রাম গাড়ি যাতে চালু রাখা যায় তার জন্য কর্তৃপক্ষ—গভর্নমেন্ট যে রুট ন্যাশনালাইজেশন কমিটি করেছিলেন, মাঝে মাঝে যে স্টাডি টিম হয়, তাদের এইরকম মতামত। কোম্পানি যখন অধিগ্রহণ করা হয় তখন কোম্পানির গাড়ির সংখ্যা ছিল অ্যাপ্রক্সিমেটলি ৪৮০ খানা। আজকে সেই গাড়ির সংখ্যা মন্ত্রী মহাশয়ের সেপ্টেম্বর মাসের বক্তব্য থেকে দেখলাম ২৮০ খানায় দাঁড়িয়েছে, যদিও শ্রমিকরা বলেন প্রকৃতপক্ষে আরো কম আমি ধরেই নিলাম ২৮০ খানা, কিন্তু তা হলেও বলছি ৪৮০ থেকে ২৮০-তে এসে দাঁড়িয়েছে। তা হলে আমরা ৫০০-র দিকে এগোচ্ছি, না ৪৮০ থেকে পিছোচ্ছি ? অর্থাৎ যে গ্লোরিয়াস সেঞ্চুরির পরে ট্রাম তুলে দেওয়ার এত সুবিজ্ঞ পরিকল্পনার উচ্ছ্বাসের বশে ট্রাম কর্তৃপক্ষ ঘোষণা করেছিলেন সেদিকে যাওয়ার ইচ্ছা আমাদের আছে, না জাতীয়করণের প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে যাতে ৫০০ গাড়ি হয় সেদিকে যাব এবং গেলে কিভাবে যাব সেটা যদি মন্ত্রী মহাশয় আমাদের একটু বলেন তা হলে আমরা বুঝতে পারি।

[4.50—5.00 P. M]

এখন ধরুন, আপনাদের দু'/একটি বিষয়ে কাজ এগুচ্ছে ঠিকই—যেমন মোটর তৈরির জন্য ভূপাল হেভি ইলেকট্রিকালসের সঙ্গে একটা ব্যবস্থা হয়েছে যাতে কিছু কিছু কাজ আরম্ভ হয়েছে। সেই কাজটা যদি আপনারা শক্তিশালী করেন—স্যাক্সবি কোম্পানির সঙ্গে যে-সমস্ত ইলেকট্রিকাল কম্পোনেন্টস, স্পেয়ারস ইত্যাদির বিষয় যে-সমস্ত ব্যবস্থা আরম্ভ হয়েছে সেগুলিকে যদি আরো স্ট্রেনদেন করেন এবং এইভাবে অন্যান্য পন্থা গ্রহণ করেন তা হলে ভাল হয়। বিশেষ করে আপনাদের পারচেস পলিসি যেটার সম্বন্ধে মল্লিক কমিশন বলেছিলেন যে, ইমাজিনেটিভ পারচেস পলিসি দরকার, অর্থাৎ ব্লাক পারচেসের জন্য নিয়ম নির্ধারণ করা দরকার, যাতে এখানকার কারখানাওয়ালারা সেইরকম কারখানা করতে বা সেইরকম জিনিস করতে উৎসাহী হয়। তার ফলে বিদেশ থেকে ইমপোর্ট করার বদলে আমরা এখানে নিজেরাই ব্যবস্থা করতে পারব। সেদিকে অগ্রগতি অবশ্য খুব সামান্যই হয়েছে যা হয়েছে তা প্রয়োজনের তুলনায় খুব সামান্য, যার ফলে এই ২৮০টি গাড়ি কমে

দিকে যাবে, না, কি হবে তা এখনই বলা খুব শক্ত। আপনি ট্রামের খবর হয়ত আমার চেয়ে বেশি রাখেন, কিন্তু আমি যেটুকু রাখি তাতে বলতে পারি যে, আগে যেগুলি বললাম সেগুলিকে স্ট্রেনদেন করা দরকার যাতে মোটর, পার্টস ইত্যাদি জিনিসগুলি এখানে তৈরি হতে পারে। আমাদের কলকাতার ট্রান্সপোর্ট প্রবলেমটা যেরকম ভীষণ সমস্যা হয়ে রয়েছে তা তো দিন দিন বাড়ছে, কমের দিক যাচ্ছে না। আপনারা মিনিবাস, ডিলাক্স ইত্যাদি যত রকমই করুন না কেন যাত্রীদের দুর্ভোগ, বিশেষ করে অফিস যাত্রীদের দুর্ভোগ কিছুই কমছে না। সেইজন্য নতুন গাড়ির দরকার তো বটেই, কিন্তু তার চেয়েও বেশি যেটা দরকার তাড়াতাড়ি করার জন্য সেটা হচ্ছে যে-সমস্ত অচল গাড়ি আছে সেগুলিকে বেশি সংখ্যায় তাড়াতাড়ি সচল করা। সুতরাং রিপেয়ার অ্যাণ্ড রিনোভেশানের উপর সবচেয়ে বেশি এমফ্যাসিস দেওয়া দরকার, তাতে কোন সন্দেহ থাকতে পারে না। কিন্তু আসল অবস্থাটা কি? কোম্পানির আমলে বার্ষিক ২৪০ খানা গাড়ি রিপেয়ার, রিনোভেটেড ইত্যাদি হত, আর বর্তমান আমলে কিছুকাল আগে ১৬০ খানার মতন হত, এখন বোধহয় তার চেয়েও কমে গিয়েছে, ১০০-র তলায় সংখ্যাটা নেমে গিয়েছে। তা হলে এই ক্ষেত্রে আমার মনে হচ্ছে, আমরা পেছন দিকেই যাচ্ছি। সেই গ্লোরিয়াস সেঞ্চুরি করে আউট হয়ে বিদায় নেবার মতন পথই আমরা গ্রহণ করছি। এ বিষয়ে মন্ত্রী মহাশয় কি ভাবছেন সেটা যদি আমাদের একটু জানান তা হলে ভাল হয়। আমার মনে হয় ট্রামের শ্রমিকদের পরিচালনার মধ্যে ভালোভাবে টেনে আনতে পারলেই একমাত্র এই সমস্যার সমাধান হতে পারে। এ বিষয়ে কি চেষ্টা করেছেন বা করবেন এই নতুন আইন হয়ে যাবার পরে বা জাতীয়করণের পরে সেটা আমাদের একটু বলবেন। নতুন যে ব্যবস্থা হয়েছে তাতে কিন্তু আমরা দেখছি মোটামুটি আগের অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যবস্থাই বজায় রাখা হয়েছে। আপনাদের অর্ডিন্যান্স আর এই আইন হুবহু এক। যখন অর্ডিন্যান্স পাস হল তখন তাতে দেখলাম অন্যান্য সমস্ত বিষয়—কিভাবে কোম্পানি গঠিত হবে, চলবে ইত্যাদি সব বিষয়ে রুলস তৈরি করা হবে। আইনের মধ্যে লেখেন নি যে, স্ট্রাকচার কি হবে, কিভাবে চলবে—কিছুই লেখেন নি।

শুধু বলেছেন যে, একজন পারসনের হাতে ভেস্ট অন বিহাফ অব দি গভর্নমেণ্ট এবং আর সমস্ত রুলসের দ্বারা প্রেসক্রাইবড হবে। অর্ডিন্যান্স যখন চালু ছিল তখন রুলস করা হয়েছে। সেই রুলসই এখন অ্যাক্টে পরিণত হল এবং এটা বোধহয় থাকবে বলে মনে হচ্ছে। সেই রুলসে কি করেছেন? আপনার আগে যা ছিল সেই সিস্টেমই রেখেছেন। কোম্পানির যে রুলস তৈরি হয়েছে তাতে পরিচালনার

ভার সেই আগেকার মত : The State Govt. may by order publish in the official gazette appoint a person not being an officer below the rank of Dy. Secretary to the State Government to be called an administrator for managing undertaking of the Calcutta Tramways Co. Ltd. on behalf of the State Government. অর্থাৎ এখন যা আছে তাই থাকবে। সেই অ্যাডমিনিস্ট্রেটর সিস্টেম এবং সেই একজন অ্যাডমিনিস্ট্রেটর এবং তিনি মোটের উপর কর্তা, রুলসেও তাই করেছেন। কাজেই অ্যাক্ট অতীতেও কোন পরিবর্তন হবে তার কোন আন্দাজ অন্ততঃ পাওয়া যাচ্ছে না। এখন যে ব্যবস্থা, অতীতেও চলেছে, আমার মনে হয় ভবিষ্যতেও চলবে। সেই ব্যবস্থার ফল কি দাঁড়িয়েছে সেটা আপনি ফাইনান্সিয়াল মেমোরাণ্ডাম-এ বলেছেন। সেখানে বলা হয়েছে যে, এই ব্যবস্থাতে গত এক বছরে—সেপ্টেম্বর '৭১ থেকে অক্টোবর '৭৬-এর মধ্যে কত দিয়েছেন ? দেখা যাচ্ছে এক বছরে প্রতি মাসে ১৩ লক্ষ টাকা গভর্নমেণ্টকে ঘর থেকে ট্রাম কোম্পানিকে দিতে হয়েছে। অর্থাৎ বছরে দেড় কোটি টাকারও বেশি সরকারকে গুনতে হয়েছে। তার আগেও আমি আপনাকে অলরেডি বলেছি যে, ১৯৭৩ সালে হিসাব করে দেখা যায় যে ১৭½ কোটি টাকা সরকারের বেরিয়ে গেছে। কাজেই যে ব্যবস্থা চলছিল সেই ব্যবস্থা বদলাবার কোন লক্ষণ দেখছি না। একেবারে অ্যাডমিনিস্ট্রেশনে যা আছে সেটাই থাকবে, সেই কথাই বলা হয়েছে। সুতরাং এই অ্যাডমিনিস্ট্রেশনেও ১৩ লক্ষ টাকা মাসিক গুনতে হবে সরকার থেকে। এই অ্যাডমিনিস্ট্রেশনের ফাইনান্সিয়াল ডিসিপ্লিন কি রকম ? অর্থাৎ তার ফাইনান্সিয়াল যোগ্যতা কি সেটা দেখুন। তার ফাইনান্সিয়াল যোগ্যতা হচ্ছে ১৯৭২ সালের অ্যাকাউণ্ট ক্লোজ করা হয়েছে—সেদিন আমাদের অ্যাকাউণ্ট যেটা ডিস্ট্রিবিউট করা হয়েছে, যেটা অনেক আগে করা উচিত ছিল, অন্ততঃ অডিন্যান্স আলোচনার দিন করা উচিত ছিল—তাতে ১৯৭২-৭৩ সালের অ্যাকাউণ্ট ক্লোজ করা হয়েছে—কিন্তু তারপর ১৯৭৩-৭৪, '৭৪-'৭৫, '৭৫-'৭৬-এর এখনও অ্যাকাউণ্ট ক্লোজ করা হয় নি। কাজেই সেই কোম্পানির ফাইনান্সিয়াল অবস্থা কি করে বোঝা যাবে যদি তার অ্যাকাউণ্ট ক্লোজ করা না হয়, যদি ৩ বছরের এরিয়ার পড়ে থাকে ? কাজেই কিরকম ফাইনান্সিয়াল ডিসিপ্লিন সেই অথরিটির সেটা অনায়াসে আন্দাজ করা যায়। আপনি সেই অথরিটি, সেই অর্গানাইজেশন, সেই ব্যবস্থা তাদের হাতে আবার জাতীয়করণ করার পরে রেখে দিচ্ছেন। সুতরাং ভুলও সেইরকম পাবেন। এখন নূতন রুলে সেই অ্যাডমিনিস্ট্রেটর গভর্নমেণ্টের পক্ষ থেকে ম্যানেজ করবেন। তবে একটা লাইন যোগ করা হয়েছে। প্রথমে হল অ্যাডমিনিস্ট্রেটর

উইল ম্যানেজ দি আণ্ডারটেকিংস। তারপর বলা হয়েছে : "The State Government may constitute a Board of Management consisting of the Administrator as the Chairman and such number of other members as the State Government may think fit to appoint to assist the Administrator in managing the undertaking of the Calcutta Tramways Company Ltd."

[5.00—5.10 P.M.]

অর্থাৎ ম্যানেজিং কমিটির কোন কর্তৃত্ব নেই, অথরিটি নেই। ম্যানেজিং কমিটি গভর্নমেন্ট করতে পারেন, অ্যাডমিনিস্ট্রেটার যিনি গভর্নমেন্টের অন বিহাফে ভার নিলেন, তাঁকে সাহায্য পরামর্শ ইত্যাদির জন্য। কিন্তু শেষ পর্যন্ত অ্যাডমিনিস্ট্রেটারই মালিক, তিনি যা ডিসাইড করবেন তাই হবে। আর এই ২০ দফা কর্মসূচী, এই শুনে শুনে কান পচে যায়, সেই ২০ দফা কার্যক্রমে আছে যে শিল্পের ম্যানেজমেন্টে ওয়ার্কারদের অংশ গ্রহণের ব্যবস্থা করতে হবে। দু/এক জায়গায় হয়েছে, সামান্য নামকা ওয়াস্তে আপনি ট্রাম কোম্পানি জাতীয়করণ করলেন, রুল্‌স তৈরী করলেন, আইন লিখলেন, একটা নামকা ওয়াস্তে ম্যানেজিং কমিটি করলেন, এইজন্য নামকা ওয়াস্তে বলছি, তার কোন কর্তৃত্ব নেই, কর্তৃত্ব অ্যাডমিনিস্ট্রেটারের। কিন্তু এমনকি সেই নামকা ওয়াস্তে ম্যানেজিং কমিটিতেও ওয়ার্কারদের রিপ্রেজেন্টেটিভ থাকবে এই কথাটা আপনি বলতে পারলেন না। যাই হোক আমরা যা পেয়েছি, আমাদের কোম্পানি যা দিয়েছে তার মধ্যে কোথাও লেখা নেই। এখন আপনি দয়াপরবশ হয়ে এক/আধজনকে নিতে পারেন, কিন্তু তাতে হবে না। নামকা ওয়াস্তে নমঃ নমঃ-তে হবে না। করতে হলে ওয়ার্কারদের সাবস্ট্যানশিয়াল রিপ্রেজেনটেশন দরকার, যাতে তারা তাদের দায়িত্ব অনুভব করে এবং তাদের দায়িত্ব দ্বারা অ্যাডমিনিস্ট্রেশন লাভবান হয় এবং গাড়ি চলার উন্নতি যদি অ্যাট অল কেউ করতে পারে শ্রমিকরাই পারবে। আপনি নিজেই বলেছেন যে, ট্রাম কোম্পানির জিনিস-পত্রের অবস্থা প্রায় জাংকের মত, সেই জাংক নিয়ে আমাদের শ্রমিকরা অচল হলেও চালিয়ে যাচ্ছে। গত বক্তৃতাতে আপনি এই কথা বলেছেন। সত্য কথা, কিন্তু তা সত্ত্বেও এই শ্রমিকদের অ্যাডমিনিস্ট্রেশনের সমান পর্যায়ে, সমান অধিকারে বসাতে এখনও আপনি ইতস্তত করছেন। তা হলে এর বিশেষ ভবিষ্যৎ থাকবে না। কাজেই আপনি পরিষ্কার করে বলে দিন। আপনার ম্যানেজিং কমিটির বিশেষ

কোন সার্থকতা নেই আমার মতে। যা করতে হয় তা হচ্ছে একটা স্ট্যাচুটারি অথরিটি করতে হবে এবং সেই স্ট্যাচুটারি অথরিটি, তাতে গভর্নমেণ্ট নিশ্চয়ই লোক দেবেন, কিন্তু তাতে ওয়ার্কারদের চোজেন রিপ্রেজেণ্টেটিভ অন্যদের সঙ্গে প্রায় সমান সংখ্যায় থাকলে তবেই ওয়ার্কারদের সেই দায়িত্ব এবং সেই ক্ষমতা এর উপর আরোপিত হতে পারে। যার দ্বারা অ্যাডমিনিস্ট্রেশন লাভবান হতে পারবে। কিন্তু আসলে আপনি হয়তো রুলসে বলবেন একজন ওয়ার্কার নেওয়া হবে ম্যানেজিং কমিটিতে, তাতে কোন লাভ নেই। কারণ ম্যানেজিং কমিটি কর্তা নয়, কর্তা অ্যাডমিনিস্ট্রেটার। দ্বিতীয়তঃ নামকা ওয়াস্তে একজন ওয়ার্কারকে ঢুকিয়ে দিয়ে আর ১৫ জন অফিসারের সঙ্গে, আই এ এস, ডেপুটি সেক্রেটারীর সঙ্গে তাতে যে বিশেষ উপকার হবে তা আমার মনে হয় না। উল্টো আমরা দেখতে পাচ্ছি ওয়ার্কারকে নতুন জ্ঞান দিয়ে, তাদের সম্পূর্ণ দায়িত্বে ট্রাম কোম্পানির পক্ষে টেনে আনবার জন্য তাদের যা জ্ঞান আছে, সেই জ্ঞানটা ট্রামের উন্নতির কাজে পুরোপুরি লাগানোর জন্য আজকালকার দুনিয়ার উপযোগীভাবে অংশ গ্রহণে তাদের অধিকার দিয়ে, ইনসেনটিভ দিয়ে, টেনে আনার চেষ্টার বদলে বরং ওয়ার্কারদের অধিকারহানির ব্যবস্থা হয়েছে। যেমন ধরুন আপনার এই আইনের ৪(৩) ধারাতে আপনি বলছেন : Any contract, whether express or implied, or other arrangament whether under any statute or otherwise, in so far as it relates to the affairs of the Company in relation to its undertaking and in force immediately before the appointed day shall be deemed to have terminated on the appointed day, অর্থাৎ যখন ব্যাপকভাবে এই ধারা তৈরি হয়েছে তখন তাতে শ্রমিকদের সঙ্গে যে-সমস্ত কনট্রাক্ট হয়েছে সেগুলি এর আওতায়, ইচ্ছে করলে বলতে পারা যায়। আপনি অবশ্য আপনার ১০(১) ধারায় বলেছেন যে, প্রত্যেক লোক, যারা আণ্ডারটেকিং অব দি কোম্পানি আছে, তাদের rigths regarding pay, leave, pension, gratuity and all other matters বজায় থাকবে। কিন্তু ১০(১), এই রেখেও ৪(৩), ঐ রেখে আপনি শুধু শুধু জটিলতার সৃষ্টি করবেন। আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে, এটা ঘটেছিল যখন বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন অ্যাক্ট, ১৯৬১ সালে অ্যামেণ্ডেড হল, তখন তাতে আপনার ১৪(৩) ধারায় লেখা ছিল যে, ওয়ার্কার, যারা কাজ করে তাদের অধিকার বজায় থাকবে। আবার ঠিক এই ৪ ধারার মত লেখা ছিল যে, কণ্ট্রাক্ট উইল বি টারমিনেটেড। ফলে বিশ্বনাথ ব্যানার্জী, ফর্মার সেক্রেটারী, ওয়েষ্ট বেঙ্গল বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশন, সেই বিশ্বনাথ ব্যানার্জীকে ডিসমিস

করা হল। সে তখন কোর্টে যায় যে, আমাদের অধিকার সংরক্ষিত হবে, সুতরাং আমাকে ডিসমিস করবার কোন অধিকার নেই। কিন্তু হাইকোর্ট রায় দেয় যে, কণ্ট্রাক্ট শ্যাল বি ডিমড টু হ্যাভ টারমিনেটেড, তাতে বলা আছে। তাই তুমি এখন আর এমপ্লয়ী প্রপার নও। সেই রায়টা হল : you are no longer an employee proper, but only a statutory employee. সুতরাং তোমাকে ডিসমিস করা যেতে পারে। ঠিক এই ধরনের ভেন্টিলেশন আপনার টার্মের ক্ষেত্রেও উঠতে পারে। তখন আপনার ঐ ২ ধারার কণ্ট্রাডিকশনের মধ্যে দিয়ে শ্রমিকদের অধিকারহানি হওয়ার যথেষ্ট সম্ভাবনা থেকে যাচ্ছে। কাজেই আমি বলছি যে, এই কণ্ট্রাডিকশনের ভেতর না গিয়ে আমরা এব্যাপারে যে অ্যামেণ্ডমেণ্ট দেব সেটা গ্রহণ করা যায় কিনা বিচার করে দেখুন। তা ছাড়া ১০(১), একটা নতুন রুল করে বলছেন যে, রাইটস থাকবে এবং ততদিন পর্যন্ত থাকবে যতদিন না গভর্নমেণ্ট কোন নতুন রুল করছেন। তার মানে রাইটস বদলানোর ক্ষমতা গভর্নমেণ্ট তাঁর নিজের হাতে রাখলেন। কাজেই ভার্চুয়ালি রাইটস থাকল না। আপনি দেখুন ১০(১) ধারার শেষে আছে তাদের অধিকার বজায় থাকবে until his recommendation or other terms and conditions of employment are altered by the State Government in accordance with such rules as may be made in this behalf. সুতরাং গভর্নমেণ্টের হাতে শ্রমিকদের অধিকার কেড়ে নেবার সম্পূর্ণ অধিকার এই আইনে আপনি নিয়ে নিয়েছেন। এক-দিকে কনট্রাক্ট টারমিনেটেড এই চক্রে শ্রমিকরা পড়ছে, আর একদিকে গভর্নমেণ্ট ইচ্ছে করলে গভর্নমেণ্ট রুল করে রাইটস কেড়ে নিতে পারবে, সেই চক্রে শ্রমিকরা পড়ছে।

[5.10—5.20 P.M.]

সুতরাং শ্রমিকদের অধিকার দেবার বদলে এখানে তা কেটে নিলেন। এ ছাড়াও অন্যান্য অধিকারহানি সম্প্রতি হয়েছে। যেমন কাস্টমারি বোনাস ট্রামের শ্রমিকরা চিরকাল পেয়ে আসছিল, কিন্তু এ বছর থেকে আপনারা বন্ধ করে দিলেন। সম্প্রতি কেন্দ্রীয় সরকার এই মত প্রকাশ করেছেন যে, বোনাস প্রোডাকশন বেসড নয়—এই বোনাস কাস্টমারি এবং এটা দেওয়া যেতে পারে। লেবার মিনিস্টার এই যে কাস্টমারি বোনাস যেটা কেটে দেওয়া হল সেটা দেয়া যায় কিনা সে বিষয়ে এটা ট্রাইবুনাল-এ দিতে রাজি হয়েছিলেন। কিন্তু আপনি অ্যাডভান্স কাটা বন্ধ করেন নি। এ বিষয়ে আলোচনা চলছে। সুতরাং অ্যাডভান্স কাটা বন্ধ রেখে যাতে ট্রাইবুনাল-এ যেতে পারে তার ব্যবস্থা করুন। এই অধিকার দেওয়া যায় কিনা দেখুন। এইরকম

ভাবে ড্রাইভার, কনডাকটর রিক্রুটমেণ্ট হয় না। এর ফলে ওভারটাইম যা বছরে হয়েছে সেটা প্রায় ১ হাজার জনের কাজের মাইনের সমান। কাজেই ঘুরিয়ে পয়সা খরচ হচ্ছে, কিন্তু রিক্রুটমেণ্ট বন্ধ হবার ফলে লোক কাজের সুযোগ পাচ্ছে না। তারপর গ্র্যাচুইটি সম্বন্ধে সেণ্ট্রাল গভর্নমেণ্ট বলে দিয়েছেন। এ ব্যাপারে ডি. এ. ধরা হবে মাইনের সঙ্গে। এ বিষয়ে ফাইল কোথায় আটকে আছে তা জানি না, কিন্তু সেই অধিকার রেস্টোর করুন যে, গ্র্যাচুইটি উইথ ডি.এ. ধরা হবে। এইভাবে যদি আইন করেন তা হলে শুধু পরাজয়ের পুনরাবৃত্তি হবে, কিন্তু ওর মধ্য দিয়ে যদি নতুন কোন রিনোভেশন বা গাড়ি বাড়াতে না পারেন তা হলে কিছুই হবে না এবং শ্রমিকদের টেনে এনে যদি তাদের কর্তৃত্ব দিতে না পারেন এবং তাদের যদি টেনে আনার পরিবর্তে অধিকার কেড়ে নেন তা হলে আপনারা যা চান তা পাবেন না। বরং সেই যে ঘোষণা হয়েছে ১৯৮০ সালে ট্রাম তুলে দেওয়া হবে, তাই শেষ পর্যন্ত হবে। সেজন্য এসব কথা বললাম।

শ্রীসত্য ঘোষাল: স্যার, এখানে বাংলার একটু ব্যাখ্যা হওয়া দরকার—"কোম্পানি বলিতে কোন নিগলিতনিকায় বুঝাইবে এবং কোন ফার্ম বা অন্য কোন ব্যক্তি পরিমেল অন্তর্ভাবিত করিবে"—এর বাংলা না বুঝলে কোন আলোচনাই করা সম্ভব নয়।

মিঃ স্পীকার: পরিভাষা বোঝা খুব অসুবিধে—It is very difficult to understand—"কোম্পানি বলিতে কোন নিগলিতনিকায় বুঝাইবে এবং কোন ফার্ম বা অন্য কোন ব্যক্তি পরিমেল অন্তর্ভাবিত করিবে।"

শ্রীনন্দদুলাল ব্যানার্জি: মিঃ স্পীকার, স্যার, আজকে ট্রাম অধিগ্রহণের যে বিল নিয়ে এসেছেন আমাদের পরিবহণমন্ত্রী তাকে স্বাগত জানিয়ে সমর্থন করছি। এটা একটা ঐতিহাসিক ব্যাপার এই কারণে যে, ১৮৮০ সালে কোম্পানি অ্যাক্টে এই ট্রামের জন্ম হয়েছিল। এটা হল ১৯৭৬ সাল, ৪ বছর হয়ে গেলেই এক শতাব্দী পূর্ণ হবে। ট্রামের পিছনে অনেক ইতিহাস, একে নিয়ে অনেক ছবি, অনেক কিছু আছে। তখন পালকি করে মানুষ চলত, কলকাতা শহরে ছাউনি দেওয়া গরুর গাড়িতে বর-বধূ যাত্রা করত, সেই সময়ে লোকে হেঁটে বা নৌকা করে পয়সা খরচ করে দেখতে আসত ট্রাম গাড়ি ঘোড়ায় টানছে। সেই ঘোড়ায় টানা ট্রাম তৎকালীন যুগে পরিবহণ ব্যবস্থাকে সাহায্য করেছে। তারপর আস্তে আস্তে এল

উটপাখি ট্রাম, যাতে বসলে বাড়িতে ছারপোকা নিয়ে আসতে হত। সেই ট্রামও নিশ্চয়ই পরিবহণ ব্যবস্থাকে সাহায্য করেছে। কিন্তু তার পিছনে যে একটা কায়েমী বৈদেশিক স্বার্থ ছিল এবং তার সঙ্গে শোষণ নীতি ছিল সেটা আমাদের পরিবহণ ব্যবস্থাকে সাহায্য করলেও আমাদের রাজনৈতিক এবং সামাজিক জীবনে একটা উৎকণ্ঠা সৃষ্টি করেছিল। ১৯৫১ সালে যখন ২০ বছরের জন্য ট্রাম কোম্পানিকে লিজ দেওয়া হয় এবং ১৯৬৭ সালে যখন গভনমেণ্ট এই কোম্পানির ম্যানেজমেণ্টের ভার নিলেন সেদিনের প্রোসিডিংস আমি পড়ছিলাম। ১৯৫১ সালের, ১৯৬৭ সালের সোমনাথবাবুর বক্তৃতা পড়ছিলাম, শৈলবাবুরও পড়লাম এবং শ্রদ্ধেয় নলিনাক্ষ সান্যাল মহাশয়ের বক্তৃতাও পড়লাম। সেদিন ডাঃ বিধান রায় সম্বন্ধে শ্রদ্ধেয় সোমনাথবাবু কয়েকটি বক্রোক্তি করেছিলেন যে, ৩৭॥ লক্ষ পাউণ্ড দিয়ে এই ট্রাম কোম্পানিকে নিতে হল—নেওয়াও হয়ত হবে না। তখনকার ৭ কোটি টাকার এখন দাম অনেক বেশি, কিন্তু সেই ট্রাম কোম্পানিকে আমরা নিলাম। ১৯৬৭ সালে সেদিন শুধু ম্যানেজমেণ্ট নেওয়াতে যত আলো জ্বলেছিল, যত টেবিল চাপড়ানো হয়েছিল —যেদিন নেওয়া হয় সেদিন আমি দেখেছিলাম ট্রাম কোম্পানির অফিসের সামনে কর্মীদের কি উল্লাস, কি আনন্দ, কি নৃত্য, যেন সত্যই একটা পরিবর্তন হয়ে গেছে, যেন সযত্নে লালিত বহু দিনের পুরানো একটা আকাঙ্ক্ষা পরিপূর্ণ হয়েছে, আজকে আমরা নিয়েছি সেই ট্রাম কোম্পানিকে, টাকা দিতে হচ্ছে ২১৮ লক্ষ। সেটেলমেণ্ট করেছেন কেন্দ্রীয় সরকার, জানুয়ারি ১৯৭৪ সালে রিপ্রেজেনটেটিভ অব দি ট্রাম কোম্পানির সঙ্গে অনেক সিটিং করে ২১৮ লক্ষ টাকায় হয়েছে।

[5.20—5.30 P.M.]

আমি ১৯৬৭ সালের ১৪ই জুলাইর প্রসিডিংস পড়ে দেখলাম, তাতে আছে ট্রাম কোম্পানির কর্মকর্তারা বসতে চান না। তাঁরা বললেন এর মধ্যে পলিটিক্স আমদানি করা হয়েছে। বৃটিশ শেয়ার হোল্ডাররা সেদিন উষ্মায় ফেটে পড়েছিলেন, কিন্তু সোমনাথদা সেদিন বলেছিলেন আবার পিছিয়ে গেল আইন করতে বিগার টেকনিকাল ডিফিকালটিস থাকার দরুন। কাজেই আবার অর্ডিন্যান্স করে ডিসেম্বর মাস পর্যন্ত সময় দেওয়া হল। সিটি সিভিল কোর্টে টাকা জমা দেওয়া হবে। আমাদের অনেক দিনের আশা-আকাঙ্ক্ষা পূর্ণ হল এবং আমরা দেখলাম তাদের যে-সমস্ত কায়েমী স্বার্থ ছিল তা এক এক করে চলে যাচ্ছে। আমরা দেখলাম

ট্রাম কোম্পানি চলে যাচ্ছে, ইঞ্জিনীয়ারিং ফার্ম চলে যাচ্ছে, চা-বাগান যাচ্ছে। ট্রাম কোম্পানি যে চলে যাবে সেটা অনেকেই হয়ত চিন্তা করতে পারে নি। এত বড় একটা সংস্থা কি চলে যেতে পারে? কিন্তু দেখলাম তাদের যেতেই হবে। আমরা দেখেছি এই ট্রামকে কেন্দ্র করে কত রাজনীতি হয়ে গেছে। আমরা দেখেছি ছাত্র মুভমেণ্টে ট্রাম পুড়েছে। তারপর কি কারণে জানি না সেদিন দেখলাম গ্যারেজের মধ্যে ৩৫টি ট্রাম পুড়ে গেল। এটা যদি না পুড়ত তা হলে ঐ ৪৮০ থেকে ২৮০ যেটা দেখিয়েছেন তার সঙ্গে আরও ৩৫টি ট্রাম যোগ হত। আমি সেদিন বলেছিলাম কলকাতা কর্পোরেশনের লরি হচ্ছে ৫৭২ খানা, কিন্তু চলে মাত্র ১৮০ খানা। বুক রেকর্ডে যেটা লেখা থাকে আসলে অন দি রোড সেটা নয়। আমি লক্ষ্য করেছি প্রচুর উল্লাস নিয়ে কর্মচারীরা সেদিন অভিনন্দন জানিয়েছিল এবং তারা চেয়েছিল ম্যানেজমেণ্টকে সুন্দর করতে। আমি আজকে জানতে চাই আমাদের পরিবহণ ব্যবস্থার উন্নতি হবে, না সেখানে সেই গয়ং গচ্ছ নীতিই চলবে? আমাদের পরিবহণমন্ত্রী হয়ত বলবেন কর্মীরা ভালভাবে কাজ করলে অবস্থার উন্নতি হবে। আমি সেকথাটা অনুভব করে জিজ্ঞাসা করছি ইণ্ডিয়ান লিডার্স যাঁরা আছেন, দেশের নেতা যাঁরা আছেন তাঁরা কর্মীদের মনের মধ্যে সেই অনুপ্রেরণা জাগাবেন কি? আমি দেখেছি ট্রাম মানুষকে দ্বিখণ্ডিত করেছে, ট্রাম-এর ট্রাকে গাড়ির চাকা পাংচার হয়েছে এবং সেইজন্য কর্পোরেশন এক সময় মনে করেছিল ট্রাম তুলে দিতে হবে। নিত্য নিত্য অ্যাকসিডেণ্ট হয় বলেই কর্পোরেশন এই সিদ্ধান্ত নিয়েছিল। কিন্তু আমরা লক্ষ্য করছি আমাদের পরিবহণ সমস্যা যেটা রয়েছে তাতে ট্রামকে বিদায় দিলে চলবে না, বরং এই ট্রামকে আরও দূরে নিয়ে যেতে হবে। ট্রামের জার্নি খুব পিসফুল, এতে মিনিবাস-এর মত ইনসিওর করে যেতে হয় না। আজকে ট্রামের শ্রমিকরা যদি ম্যানেজমেণ্টে অংশ গ্রহণ করতে পারেন তা হলে তাঁরা তাঁদের বহুদিনের আকাঙ্ক্ষা পূর্ণ করতে পারবেন। একথা বলে আমাদের শ্রদ্ধেয় পরিবহণ-মন্ত্রী যে বিল এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডা: কানাইলাল সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহণমন্ত্রী ক্যালকাটা ট্রামওয়েজ অ্যাক্ট একুইজিশান বিলটি যে এনেছেন তার জন্য আমি মন্ত্রী মহাশয়কে আমার তরফ থেকে আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি। আমরা জানি আমরা এই হাউসে আসার পরে ১৯৭১ সাল থেকে '৭৬ সালে পর্যন্ত বারবার অধিগ্রহণ করার চেষ্টা হয়েছে এবং প্রত্যেক বারই আমরা এই কথা বলেছিলাম যে, আমরা ট্রাম কোম্পানিকে ন্যাশনালাইজ করব এবং ট্রামের যাতে সর্বাঙ্গীণ উন্নতি হয়

তার ব্যবস্থা গ্রহণ করব। আজকে এতদিন পরে সেই অধিগ্রহণ হওয়ার জন্য আমি আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি। একটু আগে নন্দলালবাবু ট্রাম কোম্পানির ইতিহাস ভাল করে বলেছেন। তাঁরা কলকাতার লোক, তাঁরা নিশ্চয় জানেন যে, আমাদের এখানে পরিবহণ সমস্যা কি দুরূহ। আজকে কলকাতায় যাতায়াতের যে কি কষ্ট, সেই কষ্টের যদি লাঘব না হয় তা হলে কাজ করার সন্তুষ্টি থাকে না। তাই আমাদের পরিবহণ সমস্যাকে উন্নতি করবার জন্য ট্রাম কোম্পানিকে ঢেলে সাজানোর জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। মাননীয় সোমনাথবাবু বলেছেন ২১৮ লক্ষ টাকা দিয়ে ট্রাম কোম্পানি নেওয়ার কোন যুক্তি নেই, তার কারণ আমরা ট্রাম কোম্পানির কাছ থেকে আরও বেশী টাকা পাই। আমাদের এখানে বক্তব্য যে এই দরটা ভারত সরকার ঠিক করে দিয়েছেন। তাঁরা অনেক দিন বসে যেভাবেই হোক এই দর নির্ণয় করে দিয়েছেন। সেখানে আমাদের কিছু বলার আছে বলে আমরা মনে করি না। অবশ্য ভারত সরকার ১৬৪ লক্ষ ৫০ হাজার টাকা দেবার প্রস্তাব দিয়েছেন, তার জন্য ভারত সরকারকে স্বাগত জানাচ্ছি। ১৯৫১ সালে ট্রাম কোম্পানির সঙ্গে যে চুক্তি হয়েছিল সেই চুক্তির মাধ্যমে ট্রামের ইম্প্রুভমেণ্ট, যাত্রীদের সুবিধা এইসমস্ত দেখা হবে বলে চুক্তি হয়েছিল। যে কারণেই হোক ট্রাম কোম্পানি সেই চুক্তি পালন না করার জন্য ১৯৬৭ সালে যুক্তফ্রণ্ট সরকারের সময় ট্রাম কোম্পানিকে অধিগ্রহণ করা হয়, তার অ্যাডমিনিস্ট্রেশান নিয়ে নেওয়া হয়। আমরা জানি ট্রাম ক্রমশঃ নিম্নস্তরে চলে গিয়েছিল এবং এমন নিম্নস্তরে চলে গিয়েছিল যে, আমরা প্রায়ই দেখতাম ট্রাম প্রায়ই লাইনের বাইরে চলে যেত, যার ফলে বহু অ্যাকসিডেণ্ট দেখা দিত। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই ট্রাম সার্ভিস যাতে আরও উন্নতি করা হয় তার জন্য তিনি ব্যবস্থা গ্রহণ করবেন। কারণ এই ট্রাম সার্ভিস অত্যন্ত পিসফুল সার্ভিস। আমি আর একটি কথা বলব যে-সব রাস্তা চওড়া হয়েছে সেই সব জায়গায় ট্রাম ট্রাক নিয়ে যেতে পারেন। যেমন ডায়মণ্ডহারবার রোডে ঠাকুরপুকুর পর্যন্ত, তারপর সি আই টি রোডে এবং সাদার্ন অ্যাভিনিউতে চওড়া রাস্তায় ট্রাম ট্রাক নিয়ে যেতে পারেন। যে-সমস্ত সরু সরু রাস্তায় ট্রাম চলাচল করে, যেমন চিৎপুর রোড, কলেজ স্ট্রীট এইসব জায়গা থেকে ট্রাম তুলে নিয়ে গিয়ে চওড়া রাস্তায় নিয়ে গেলে সবদিক থেকে সুবিধা হয়। যেমন হাওড়ায় ট্রাম তুলে দিয়েছে সেইরূপ। ট্রাম সংখ্যা কমে গিয়েছে, সেটাকে বাড়ানো উচিত। আমি মনে করি পরিবহণ সমস্যা আরও সুন্দর হতে পারে যদি ট্রাম অ্যাডমিনিস্ট্রেশানের মধ্যে ট্রামের কর্মচারীদের যুক্ত করা যায়। তা হলে যে-সমস্ত ট্রামের ইউনিয়ন লিডাররা

আছেন তাঁরা সাধারণ যাত্রীদের কথা ভাববেন এবং ট্রাম যাতে সুষ্ঠুভাবে চলতে পারে সেদিকে তাঁরা নজর দেবেন।

[5.30—5.40 P. M.]

আমাদের যে-সমস্ত শ্রমিক ইউনিয়ন লীডার আছেন, তাঁরা যেমন শ্রমিকদের কথা ভাববেন, তেমনি সাধারণ মানুষ যাঁরা যাত্রী আছেন, তাঁদের কথাও একটু চিন্তা করবেন এবং যাতে সুষ্ঠু ভাবে ট্রাম চলতে পারে, সেদিকে তাঁরা লক্ষ্য রাখবেন। আমি নিশ্চয়ই আশা করবো ট্রাম অ্যাকুইজিশন করবার ফলে আমাদের দেশ থেকে বিদেশী লগ্নি চলে গেল—যারা চিরকাল লুণ্ঠন করেছে। তখন ট্রাম কোম্পানি কর্পোরেশনকে ৮ হাজার টাকা দেবে চুক্তি ছিল, তার জন্য কলকাতা শহরের সমস্ত রাস্তা কোম্পানি ব্যবহার করবে। সেই চুক্তির দিন থেকে আজ পর্যন্ত সেই টাকা তারা কর্পোরেশনকে দিয়ে আসছে। সেই সঙ্গে সেই রাস্তা ও ট্রাম ট্রাক কোম্পানি মেনটেন করবেন কথা ছিল। কিন্তু কোম্পানি তা মেনটেন করেন নি। অতীতে কেবল তারা মুনাফাই লুট করে নিয়েছে। আজকে যে বিল এখানে এসেছে, তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি এবং ট্রাম কোম্পানিকে জাতীয়করণ করবার জন্য এই সরকারকেও সমর্থন করছি।

শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় পরিবহণমন্ত্রী মহাশয় এই যে ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানি (অ্যাকুইজিশন অব আণ্ডারটেকিং) বিল, ১৯৭৬ এনেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি, স্বাগত জানাচ্ছি। স্বাগত জানাচ্ছি এইজন্য—১৮৮০ সালে ট্রাম কোম্পানি স্থাপিত হবার প্রায় একশো বছর পরে আজ এটা জাতীয়করণ করা হচ্ছে। ১৯৪১ সালে ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে সরকার এই ট্রাম কোম্পানি জাতীয়করণ করবার জন্য ইচ্ছা প্রকাশ করেছিলেন। কিন্তু অর্থনৈতিক অভাব অনটনের জন্য তখন তা করা সম্ভব হয় নি। তখন এগ্রিমেন্ট করা হয়েছিল ২০ বছরের জন্য লীজ নেওয়ার ব্যবস্থা হয়েছিল। তারপর ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের আমলে জ্যোতি বসু ছিলেন ট্রান্সপোর্ট মন্ত্রী। তিনি দেখলেন জাতীয়করণ করবার ক্ষমতা যখন নেই, তখন তিনি ট্রাম কোম্পানি অধিগ্রহণ করলেন ও ভাড়া বাড়াবার নোটিস দিলেন। আমরা তখন বিরোধী দলের সদস্য হলেও আমরা সেটা সমর্থন করেছিলাম এই কারণে যে, একটা বিদেশী কোম্পানি কোটি কোটি টাকা ভারতবর্ষ থেকে মুনাফা লুট করে বিদেশে

নিয়ে যাচ্ছে—সেটা যাতে বন্ধ হয়। তখন ভাড়া বাড়াবার বিরুদ্ধে হাইকোর্টে মামলা হয়—ইনজাংশন হয়। আমাদের সোমনাথবাবু তখন যুক্তফ্রন্ট আমলের মন্ত্রী, তাঁরা তখন ইচ্ছে করলে এটা ন্যাশনালাইজ করতে পারতেন। তা করতে পারেন নি মন্ত্রিসভার সদস্য হয়েও। তখন এমন অবস্থা—অধিগ্রহণ করা দূরের কথা—ন্যাশনালাইজেশন করবেন কী করে। তখন আবার যখন অধিগ্রহণের মেয়াদ বাড়ান হল তখন যে-রকম বক্তৃতা তিনি করেন, আজকের বক্তৃতায় সে-সব কোন কথা নেই। আজকে যে এটা সাধারণের সম্পত্তি হল, তার জন্য একবারও তিনি সরকারকে ধন্যবাদ দিলেন না।

Mr. Speaker : The time will expire at 5.37 p.m., and I think, it will take some more time because there are number of amendments to be moved and the Hon'ble Minister will give his reply. So, with the sense of the House, under rule 290, may I extend the time by half an hour ?

(Voice : Make it fifteen minutes, Sir)

I ask for half an hour because I think that this will be required. If it is finished within fifteen minutes that is good—it does not mean that it will continue up to half an hour. So, with the sense of the House I extend the time by half an hour.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ট্রাম ন্যাশনালাইজেশন বিলে বলার সময় আমাদের শ্রদ্ধেয় সোমনাথবাবু বললেন, কর্মচারীদের ম্যানেজমেন্টে যেন রাখা হয়। ম্যানেজমেন্টের যে খসড়া দিয়েছেন, আপনি জানেন এটা ৩১-১০ তারিখে হয়েছে, মাত্র এক মাসও হয় নি ন্যাশনালাইজেশন হয়েছে। এই এক মাসের কম সময়েও গঠনতন্ত্র কি হবে সেটা ঠিক করা সম্ভব নয়। উনি যে বলেছেন অর্ডিন্যান্সের যে রুল হয়েছে সেটাতে এখনই থাকা উচিত ছিল। আমরা দেখেছি অর্ডিন্যান্সের যে রুল হয় আইনে পরিণত হবার সময়ে তার অনেক পরিবর্তন হয়। সেটা যে করা যায় তাও আমরা দেখেছি। আমাদের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর ২০ দফা কর্মসূচীতে কর্মচারীদের ম্যানেজমেন্টে অংশগ্রহণ থাকবে—একথা বলা হয়েছে এবং এটা কেউ অস্বীকার করবে না। নিশ্চয় গঠনতন্ত্রে সেটা থাকবে। কিন্তু তাঁদের বলব যাঁরা সরকারী কর্মচারী ভাই হলেন এবং হলেন বলে উল্লসিত হলেন, নিশ্চয় সেজন্য আমরা তাঁদের কাছে কৃতজ্ঞ। কিন্তু তাঁরা রাজাবাজারে যে ট্রাম

